## তালি বেইল মের **জীবন পথের পাথেয়**

সাইয়েদ আবুল হাসান আলী নাদাবী (রাহঃ)

অনুবাদ- আবু তাহের মেসবাহ
শিক্ষক, আরবী ভাষা ও সাহিত্য
মাদরাসাতুল মাদীনাহ আশ্রাকাবাদ
লালবাগ, ঢাকা – ১৩১০

#### প্রকাশনায়

## দারুল কলম

মাদরাসাতুল মাদীনাহ্ আশ্রাফাবাদ লালবাগ, ঢাকা – ১৩১০ ফোনঃ ৭৩২০২২০

## প্রকাশক-

দারুল কলম মাদবাসাতল মা

মাদরাসাতুল মাদীনাহ্ আশ্রাফাবাদ লালবাগ, ঢাকা – ১৩১০

(সর্বস্থত্ব অনুবাদকের)

#### প্ৰথম প্ৰকাশ-

রজব, ১৪২৩ হিজরী সেপ্টেম্বর, ২০০২ ঈসাঈ

**প্রচ্ছ**দ- বশির মিছবাহ

মুদ্রণে– মোহাম্মদী প্রিন্টিং প্রেস ৪৯, হরনাথ ঘোষ রোড, ঢাকা- ১২১১

কম্পিউটার কম্পোল–

দারুজ কলম কম্পিউটার মাদরাসাতুল মাদীনাহ্ আশ্রাফাবাদ, লালবাগ, ঢাকা-১৩১০

ফোলেঃ ৭৩২০২২০।।

যেখাৰে পাৰে ব

## মাওলানা ইয়াহয়া ছাহেব/

ইমাম জামেয়া শারইয়া মালিবাগ মসজিদ, মালিবাণ, ঢাকা

## মোহামদী লাইব্রেরী

চকবাজার, ঢাকা, ১২১১

মোহাম্মদী কুত্বখানা ৩৯/১ নর্থ ক্রক হল রোড বাংলাবাজার, ঢাকা

## আহসান পাবলিকেশঙ্গ

কাঁটাবন মসজিদ ক্যাম্পাস, ঢাকা ১০০০ ১৯১, ওয়ারলেস রেলগেইট, মগবাজার, ঢাকা ১২১৭

# কোহিনুর লাইব্রেরী

পাঠকবন্ধু মার্কেট, ৫০ বাংলাবাজার

মীর পাবলিকেশঙ্গ বাইতুল মুকাররম, ঢাকা

করীম ইন্টার ন্যাশনাল মনিপুরী পড়ো, তেজগাঁও, ঢাকা ফোন– ৯১৩০৪৫৭

# ויחץ נולה נותכינו נותכית

## ति (च प त

আশা-আব্বাকে, যারা নিজেদেরকে তিলে তিলে ক্ষয় করে আমাকে লালন-পালন করেছেন, শিক্ষা দিয়েছেন এবং মানুষ করার চেষ্টা করেছেন।

আব্বা দুনিয়া থেকে বিদায় নিয়েছেন। কবরে আল্লাহ তাঁকে আরামে রাখুন। কবরের উপরে যেমন ফুল ফুটে আছে, কবরের ভিতরে যেন জান্নাতের ফুল ফুটে থাকে।


আমার মমতার ছায়া এখনো আছে আমার মাথার উপরে। আল্লাহ তাঁকে নিরাপদ ও দীর্ঘ জীবন দান করুন।

আমার বাবার কবর যেন শান্ত পাকে, আমার মায়ের রুদর যেন প্রশাত থাকে। হে আল্লাহ! তোমার কাছে এই আমার মিনতি, এই আমার থার্কন। আর বান্দার ভাক ভূমি শোনো এই আমার 'ধারণা'।



## मुहीपच

মাদরাসার লক্ষ্য ও উদ্বেশা/১৭
সম্পর্ক, সাধনা ও আন্বাহ-বেন্ন্য/২৫
ইবলাছ, আছাত্যাগ ও আন্ধযোগ্যতা/০১
মূহামনী নবুরত তোমাকে ডাকছে। হে জাব্যান হও আধ্যান/০৯
ইবলাছ ও ইবভিছাছ (বিশেষজ্ঞতা)৫০
অধ্যান হ কক্ষ্ম ও সঠিক পছা/৬৩
আধ্যান হ কক্ষ্ম ও সঠিক পছা/৬৬
আধ্যান হ কক্ষ্ম (এ বাগাতা ব, আরো সাধনাব/৫৯
আধ্যানিক মূগের চাালেঞ্জ ও তার জবাব/১১৯
যামানা তথ্ বোঝে যোগ্যতা ও অধিকারের ভাষা/১৪৪
মাদরাসার প্রকৃত পরিচয়/১৬৭
ভোমানের বড় হতে হবৈ/১৮৮
পরিশিক্ষ
ক্ষ্মিন্যনানদের অপ্তিত্ত্ ছীনী ভাশীমের উপর নির্ভরশীল/১৯২
বাল্যাভাষার নেতত্ত্ব গ্রহণ কক্ষ্ম/২১৪



## কিছু কথা, কিছু ব্যথা

একটা সময় আসে যথন ঝিনুক সমুদ্রের তলদেশ থেকে উঠে আসে এবং ষ্টিনিদুর জন্য উন্মুখ থাকে। সেই পরম মুহূর্তে যদি সে লাভ করে এক ফোঁটা বৃষ্টি, সহলেই জন্মলাভ করে একটি মুজা।

মানবহনর যেন সমুদ্রের তলদেশের সেই মুকা-স্থিনক। হনয় যথন উন্মুখ হয় খন আলোর সামান্য পরশেই তাতে সত্যের উদ্ধাস হয়, ভালোবাসার অন্ধুরোপাম হয় কং সৌভাগোর উলেষ হয়।

হঠাৎ একদিন আমারও স্কন্য তেমনি উনুথ হয়েছিলো কোন আলোকিত মানুদের তেটু হাতদ্যনির জন্য। কেননা হৃদয় অনুস্তত করেছিলো, অৰুকারের মধ্য দিয়ে জীবনের প্রমাণ্ডন চলতে হলে আলোকনির্দেশের প্রয়োজন, আর তথনই আমি ওলতে পেলাম কেট্টনাম- মাঞ্জানা সেয়দ আবদ হাসান আলী নাদাবী।

হৃদয় উনুথ ছিলো, তাই হৃদয়ের কোমল মটিতে ভালোবাসার অঙ্কুরোদাম হলো বিং সেই ধীরে তা সবুজ বৃক্ষ হয়ে আমার সমগ্র হৃদয় জুড়ে ছায়া বিস্তার করলো।

আমি ভালোবাসলাম এই নামটিকে এবং এই নামের মহান মানুষটিক। ভার রানের কথা, ওণের কথা; তাঁর প্রতিভাল কথা, গুঞার কথা; তাঁর চিন্তার কথা, চতনার কথা; সর্বোপরি ভার আছার ও আছাতির কথা কিছুই আমার জানা ছিলো া, জানবার খোগাতাও ছিলো না। তবু ভালোবাসার অন্ধুরোলাম হয়েছিলো, কেননা দয় তকন উন্মুখ ছিলো। নিনুক যখন উন্মুখ হয় এবং বৃষ্টি-বিনুদ্ধ বর্ধণ হয় তখন ভোর জন্ম হয়। হসন্ত যখন ব্যানুল হয় এবং বীঞ্চ প্রক্রিপ্ত হয় তখন ভালোবাসার মন্তরোলাম হয়।

ধীরে ধীরে তাঁর বিশাল ব্যাপ্ত জীবনের কথা জানলাম, তাঁর কলমের, তাঁর চিত্তার বং তাঁর ফ্রনরের পরিচয় পোলাম – একজন ক্ষুদ্র মানুষের পক্ষে যতটুকু সম্বর – তথন মামি আমার চিত্তার জগতে, কর্মের জগতে এবং ফ্রন্মেরর জগতে তাঁকে আলোর নিরাররপে গ্রহণ করলাম এবং তাঁর চিত্তার আলোক-রেখা অনুসরণ করে পথ চলা শুরু রলাম।

তারপর সৌভাগ্যের দিগন্ত আরো বিন্তৃত হলো। দুর্ভাগা বাংলাদেশ একদিন তাঁর ভাগমনে আলোকিত হলো। তাঁর নুরানী চেহারা দেখে, তাঁর মোবারক হাত ছুঁয়ে মামি ধন্য হলাম। তিনি আমাকে চিনলেন। মিশ্ব হাসি ও কোমল উপদেশ উপহার দিলেন এবং মধুর করে বললেন, 'মুঝে আপসে দিলী মুহাব্বত হায়'। আমি অভিচূ হলাম। কৃতজ্ঞতার দু'ফোঁটা অশ্রু' নিবেদন করে তথু বলতে পারলাম, স্কাযাকাল্লাহ!

উমাহর চিন্তার জগতে, কর্মের জগতে এবং ক্ষান্মরে জগতে তিনি আলোর মিন হয়ে বিরাজ করলেন। মুবের কথা দিয়ে, কলমের লেখা দিয়ে আমাদের পথ নেধালে পাথের যোগালেন। চিন্তার ফসল দিয়ে, চেতনার সম্পদ দিয়ে আমাদের সমৃদ্ধ করলে এবং আছার সান্নিধ্য দিয়ে, ক্ষান্মের উত্তাপ দিয়ে আমাদের উম্পিঙ করলেন। তারপ চিরবিদার গ্রহণ করলেন। তিনি পান্তির সরোবরে অবগাহণ করলেন, আমরা শোকে সাগরে নিমজ্জিত হলাম। আল্লাহ তাঁকে পান্তি দান কর্মন এবং আমাদের সান্ত্বনা দা রক্ষা। আমীন

\*\*\*

উখাহের প্রতি তাঁর বহুমুখী ও সুদূরপ্রসারী অবদানের একটি অবিশ্বরণীয় দিক এ যে, আকাবিরে উখাহর সমগ্র জ্ঞান-ভাগার মন্থুন করে এর সারনির্বাস তিনি রেং গোহেন তাঁর রচনানজারে। তিনি ছিলেন আকাবিরে উখাহর সর্বজনবাঁকৃত মুখপার বড়দের প্রেহভালা, সহযোগ্রীদের আস্থাভাজন এবং ছোটদের প্রশ্নভাজন একমার বাণিছ ছিলেন তিনি। আররে আজমে সমান বহুগযোগাতা ছিলো তথু তাঁর। আমরা যদি তাঁরে এহণ কবি চিতার ও কর্মের এবং পথের ও মঞ্জিলের রাহবাররন্ধে তাহনে ছিলা-ভাগাদের এ যাণে নিরাপন হতে পারি সক্রম স্থান ও বাপন্ধান থাকে।

তালিবানে উলুমে নবুয়তকে তিনি মনে করতেন উত্থাহর আগামী দিনের সঞ্জাবনা তাই তাদের সম্পর্কে তাঁর ভারনার অন্ধ ছিলো না । তিনি বলতেন–

'তালিবানে ইলমের কর্তবা হলো আত্মপরিচয় সম্পর্কে অবগত হওয়া, লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে সঠিক ধারণা অর্জন করা এবং নির্ভূল পথে সাধনা ও মোজাহাদা আত্মনিয়োগ করা। তাহলেই তারা মঞ্জিলে মকছুদে উপনীত হতে পারে। পারে সময় ও সমাজের রকে তাদের নির্ধায়িত ভূমিক। পালন করতে।

কিন্তু আফসোস, আজকের তালিবানে ইলম যেন আত্মপরিচয়হীন এক জামাত লক্ষ্য ও উদ্দেশ্যহীন এক কাফেলা। তারা জানে না, কী তাদের মাকছাদে হায়াভা বঁ তাদের বর্তমানের কর্তব্য এবং ভবিষয়তের দায়িত্ব; তাদের ও অন্যানক মাঞে কেখা পার্বক্যা কোথায় তাদের শ্রেষ্ঠত্ব; নিজেদের শিক্ষা ও শিক্ষা-জীবন সম্পর্কে নেই কো আর্বন্তি ও ইতমিনান, আছে তপু হতাশা ও অস্থিরতা। ফলে সহজেই তারা বিভিন্ন আং চিত্তায় আক্রান্ত হয়ে পড়ে; এমনকি একসময় তালিবে ইলমের কাফেলা থেকে

এ বেদনাদায়ক অবস্থা হয়রত আলী নাদাবীকে সারা জীবন চিন্তিত, বিচলিত ৎ বাধিত করেছে। তাই বারবার তাদের সামনে তিনি তার বাণী ও বক্তব্য তুলে ধরেছেন লক্ষ্য ও উদ্দেশ্য এবং দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে তাদের সচেতন করেছেন। বিজ্ঞ ও প্রাষ্ট চিকিৎসকের মত তিনি তালের শিরায় হাত রেখে ব্যাধি চিহ্নিত করেছেন এবং চিকিৎসা দিয়েছেন।

বিভিন্ন উপলক্ষে তালিবানে ইলমের উদ্দেশ্যে প্রদন্ত তাঁর কয়েকটি মূল্যবান বক্তৃতা 'পা-জা সুরা-গে যিন্দেগী' নামে বেশ কয়েকবছর আগে গ্রন্থাকারে প্রকাশিত হয়েছে এবং বিদপ্ত মহলে বিপুলভাবে সমাদৃত হয়েছে।

আমার 'ছ্যেজীবনের' শেষদিকে বইটি যেদিন হাতে এলো এবং পড়ার সৌভাগ্য হলো সেদিনকার অনুভূতি প্রকাশ করার সাধ্য আমার নেই। মনে হলো, দৃষ্টির সামনে চিন্তার নতুন দিশন্ত উন্মোচিত হলো। অজানা বহু রহস্য উদ্যাতিত হলো। আমি যেন আমার আম্বাপরিসর অবিভাৱে করনাম এবং জীবনের লক্ষ্য ও উদ্দেশ্য খুঁজে পেলাম। আছসোস হলো যে, এতদিন কেন এ সম্পদের সন্ধান পোলাম না! আরো আগে কেন এ পাশ্যে আমার হাতে এলো না!

\*\*\*

দীর্ঘ পাঁচিশ বছরের শিক্ষক জীবন থেকে যে বেদনানায়ক সত্য আমি উপলব্ধি করেছি তা এই যে, আমরা আমানের ছাত্রানের ৬ প্রাক্ষার ও পিকের শিক্ষক, আফরার ও ডিব্রা পিক্ষক, নই। আমানের মাথে আনের সম্পর্ক ৩৭ দবেরের ও কিতাবের। দিন-রাতের পরিসরে এবং চিত্তা-চেতনার জগতে আমানের মাথে কোন বন্ধন নেই। পরশার আমানের মাথে কোন বন্ধন নেই। পরশার আমানের কোন বাধে আজনবী- অপরিচিত। এই দিছি হয় অবস্থা তাহলে আমানের শিক্ষায়ারের ফলাফল কীঃ আমানের কাওমী মাদরাসার ভবিষাত কীঃ ভবিষাত্র ফলাফল তো চোথের সামনেই দেখতে পাছি। আর এ চিত্রা স্বাসময় আমাকে যন্ত্রপান করে । আমার মনে হয়, শিক্ষক ও শিক্ষার্থী কেউ আমরা এবন তালিবে ইলমান নই, যেমন ছিলেন আমানের প্রবিভীগণ। আমানের বর্তমান অবন্ধন ও প্রতিনির ইলমানির প্রথাকি বিভিন্ন আমানের বর্তমান অবন্ধন ও প্রতিনির কোন আর্থানেই নির্মিত।

এ থেকে উদ্ধার পেতে হলে আমাদেরকে আবার সত্যিকার অর্থে তালিবে ইলম হতে হবে এবং তালিবে ইলমের ছিফাত ও গুণাবলী অর্জন করতে হবে। আর ক্রমেরে বাথা ও লরদ এবং আবেশ ও তড়প নিয়ে দেদিকেই আমাদের ভেকেছেন আল্লামা নাদাবী (রাহ) তার বকুতা সংকলদে। শাক-ভারত উপমহাদেশের জ্ঞানী ও অস্তর্জানী সকলেই বলেছেন, পা-জা সুরা-গে যিন্দোগী কিতাবটি হলো তালিবানে উল্মেন্বর্রাতের জীবন পথের অমুদা পাথেষ। সুতরাং শিক্ষক ও শিক্ষার্থী আমাদের উভয়েরই কর্তবা হবে কিতাবটিকে পাথেষ্যরূপে এহণ করা এবং সেভাবে নিজেদের গড়ে তোলার সাধনায় আভ্যনিয়োগ করা।

এ প্রেরণা থেকেই কিছুদিন আগে কিতাবটির তরজমা ওক করেছিলাম। আল্লাহর রহমতে তরজমা শেষ হয়েছে এবং আমার সম্পাদিত 'পুম্পে' ধারাবাহিকভাবে প্রকাশিত হয়ে সর্বমহলে সমাদৃত হয়েছে। আল্লাহর শোকর, এখন তা গ্রন্থাকারে আত্মপ্রকাশ করতে যাচ্ছে। অতীব প্রয়োজনীয় মনে হওয়ায় হযরত মাওলানার আরো দু'টি মূল্যবান বক্তৃতা পরিশিষ্টে যোগ করা হয়েছে। দ্বিতীয় বক্তৃতাটি হযরত মাওলানা বাংলাদেশ সফ্যবকালে বাংলাদেশের তালিবানে ইলমেন উল্লেশ্যেই করেছিলেন।

আমার ফদুর সাধ্য ছিলো, আমি তধু ভাষার 'জাতিয়তা' এবং শব্দের 'পোত্র' পরিবর্তন করেছি। অর্থাং উর্দু থেকে বাংলায় অনুবাদ করেছি। ভাষা ও শব্দের ভিতরের যে প্রাণ ও রহু তা আমি কোধায় পারো। তাই তধু দু'আ করি, ছাইবে কিতাবের ইখলাছ ও পিল্লাহিয়াত এবং জহানিয়াত ও দুরানিয়াত অনুবাদেও যেন আল্লাহ দান করেন এবং আরো বৃদ্ধি করেন, ১৯৯ এই। ১১ ১১ ১

হার! আনি, তুমি, দে- আমরা সকলে এ পরম সাত্য যদি উপলব্ধি করতে পারতাম যে, দুনিয়ার জীবন তথু একবার, এ সুযোগ ফিরে আসে না ছিতীরবার। তদুপরি তালিবে ইন্দরের 'ছাত্রজীবন' হলো শাহী থামানা। যা কিছু অর্জন করার, করতে হবে একবই; কনাথায় আফসোন করতে হবে সারা জীবন। এ সতর্কবাধী হবরত যাওলানা তাঁর প্রতিটি বক্তৃতায় বারবার উচারণ করেছেন এবং তিনি বলেছেন- 'সম্বহলে আমি আমার দিল-কলিজা খুলে তোমাদের সামনে রেখে দিতাম যাতে বুঝতে পারো আমার দরদ-ব্যথা ও অন্তর্জালা, কিছু তা তো সম্বব নয়, কেননা ভাব প্রকাশের জন্য ভাবাকিই আল্লাহ মাধাম বানিয়েছেন।'

কিন্তু আমার হ্বদরে তো সেই দরদ-বাথা নেই, সেই তড়প ও বাাকুলতা নেই। আমি কী করবো! আমি শুধু আল্লাহর কাছে মিনতি নিবেদন করি, আল্লাহ যেন আমাকে, আমার প্রিয় ছাত্রদেরকে এবং সমন্ত তালেবানে ইলমকে ইলমী ও আমলী মিন্দোগির সঠিক পথ ও পাথেয় এবং করার এবং মৃত্যু পর্যন্ত মাকছানে হায়াতের উপর অবিচল থাকার ভারকীক দান করেন। আমীন।

আল্লাহর এক বান্দা যিনি আল্লাহর ওয়ান্তে আমাকে মুহাব্বত করেন, কিতাবটি প্রকাশ করার ব্যাপারে তাওফীক মত খিদমত করেছেন। আল্লাহ যেন তাকে এবং তার পবিবারের সকলকে আগন শান যোতাকে আলব ও ছাংযোর দান করেন। আমীন।

> তালিবে ইলম আবু তাহের মিছবাহ মাদরাসাতল মাদীনাহ, আশ্রাফাবাদ, ঢাকা

## পূৰ্বকথা

'পা-জা দুবা-পে যিপেপী' এখন আমরা যে বইটি আপনার হাতে তুলে দিতে যাছি তা মুলত আমাদের পরম শ্রম্কের মুক্রবাী হয়বত মাওলানা সাইয়ের আরুল হাসান আলী নদবী (মুঃ যিং আঃ) এর একটি বক্তৃতা-সংকলন। বিভিন্ন উপলক্ষে এবং সাধারণত দাকল উন্দুম নাদওয়াতুল উলামার শিক্ষাবের্গত উয়োবাই মন্তলিসে ছামেনের সামনে হয়বত মাওলানা এ সকল বক্তৃতা প্রদানকরেছেন। প্রতিটি বক্তৃতা বড় দরদ-বাধার সাথে ক্রমের ভাষায় করা হয়েছে এবং আশা করি, উপস্থিত শ্রোভাগণ করনেরে কানেই তা প্রবণ করেছেন। সব ক'টি বক্তৃতার মূল বক্তব্য ও কেন্দ্রীর চিন্তা ছিলো অভিন্ন। আরু তা এই যে, একজন তালিবে ইলমের দৃষ্টি কী কী মহান লক্ষা ও উদ্যোগ্য প্রতি নিবদ্ধ থাকা উটিতঃ এবং এই সীমাবদ্ধ পরিবেশ্য থেকেও নিজেনেরকে তারা কত সর্বাধি সুন্দর ভাবে গড়ে ভূলতে পারে এবং আছা। তাদের মামের যেওঁতি তা ও যোগ্যতা গঞ্চিতে বেবেছেন সেওকার উদ্ধাস ও বিকাশ ঘটিয়ে ইলম ও আমালের এবং ক্রম্বালয়ত ও আমালিকভার কোন সুক্টম ভূলত তারা আরোহণ করতে পারে

হযরত মাওলানা যে দরদ-বাথা নিয়ে এ বক্তৃতাগুলো প্রদান করেছেন এবং যে তড়পা ও ব্যাকুলতা নিয়ে দীর্ঘ জীবনের সুগভীর জ্ঞান ও প্রজ্ঞা এবং অধ্যয়ন ও অভিজ্ঞতার সারনির্দাস তুলে ধরেছেন তা কিতাবের ছক্সে যুধ্বকাশিত রয়েছে। যেন কবির ভাষাত্

ھے رگ ساز میں رواں صاحب ساز کا لھو

'বীণার তন্ত্রীতে তন্ত্রীতে বাদকের হৃদয়ের শোণিতধারা প্রবাহিত।'

মুগলিম বিশ্বের অধঃগতন ও অবক্ষয়ের এ কঠিন সময়ে ওলামারে উত্যাতের কর্তত্ত্বা ও দাম-দায়িত্ব সম্পর্কে ইব্যবত মাওলানার সূতীব্র অবৃত্তৃতি, সেই সঙ্গে কর্তব্য পালনে তালের ব্যর্কভার কারণে উবার সীমাইনি হদর-মন্ত্রণা, সর্বেগারি নানওয়াত্বল ভালামার ব্যাক্ষ-বিজ্বত ও সুদ্রক্রসারী চিন্তাধারার তরুত্ব ও নাযুকতা সম্পর্কে তার গাড়ীর ও বে-জারার করেছে, আর এক সুন্দর ভবিষাতের আশাবানে উদ্ধুর হয়ে তিনি তাঁর থিয় তালিবানে করেছে, আর এক সুন্দর ভবিষাতের আশাবানে উদ্ধুর হয়ে তিনি তাঁর থিয় তালিবানে করেমে সামনে সারা ভীবনের জ্ঞান-সম্পদ ও অভিজ্ঞতা-সন্তার পূর্ণ ইংলাছ ও আন্তরিকতার সাথে রেখে দিয়েছেন এবং ইলমী হিন্দেগীর সুদীর্ঘ সাধনা ও গবেষধার পর যে দিয়ান্তে উপনীত হয়েছেন সেকলোর সারনির্মাপত ভাকের সামনে তুলে ধরেছেন, এ আশায় যে, হয়ত কারো হদর-সমুদ্রে আলোড়ন ও তরঙ্গ-জোয়ার সৃষ্টি হবে এবং উচ্ছাহ্রর আগায়ী দিনের রাহবার হত্ত্বার সাধনায় সো আর্থনিয়োগ করবে।

ইনশাআল্লাহ একটু পরেই একে একে সবক'টি বজৃতা আপনার নথরে আসবে এবং অধ্যয়ন করে আপনি অবশাই পরিতৃপ্ত হবেন। কিছু বাস্তব সত্য এই যে, বক্তব্যের আসল ভাব ও প্রভাব এবং বজার ফ্রনরের ভাপ ও উত্তাপ কাগজের পাতা ও কালির হরক থেকে অনুভব করা সম্বন সম। কেননা এর সম্পর্ক ইকো বজা ও শ্রোভার জীবর সান্ধিপ্রের এবং মুই হনরের প্রতাক সংযোগের সঙ্গে । পরে কালির আঁচড়ে কাগজে যা লেখা হয় ভাতে হয়ত ছবি আনে, কিন্তু প্রাণনা না, বকরা আনে, কিন্তু আবেন না। কিংবা যা আসে তা অতি সামান্য। তারে মুসলিম উম্মাহর অভীতের গৌরব, বর্তমানের হতাশা এবং ভবিষয়তের প্রভাগোর উপর যিনি তার কাব্যজগত নির্মাণ করেছেন সেই আন্নামা হা তার কবিতা এবানে আমি উদ্ধৃত করবো। তাতে বা বাকুলতা ও অস্থিরতা, যে আকুলিও ও মিনতি এবং যে দহন ও অক্তপ্তালার কথা বলা হয়েছে তা কিন্তুটা হলেও আমানের হয়বত মাওলানার ক্রম্য-জ্বালার প্রতিনিধিত্ব করে

'সাকী। আবার পিলাও সেই শরাব মদিরা। তপ্ত ঠোঁটের ফাঁকে আবার তুলে ধরো সেই পেয়ালা।

ইশক ও প্রেমের ডানা মেলে উড়াও আমাকে। লক্ষ কোটি জোনাকি বানিয়ে আমাকে আঁধারে দাও ছডিয়ে।

হুদয়ের তরে বৃদ্ধির দাসত্ থেকে মুক্তি দাও। টগবগে তরুণদেরকে আদর্শ বানাও বিমিয়ে পড়া বুড়োদের।

ৰতে নাঁৰ নাম দ্বৰ ভাৰত কৰা এক কৰা কৰে। মিল্লাডের জীবন-বঞ্চের শাখা সজীব বয়েছে ভোমাবই কৰুণায়।

তাওফীক দাও আবার উদ্দীপ্ত হওয়ার, আন্দোলিত হওয়ার। আলী মোরতাযার স্কুদয় দাও, দাও ছিদ্দীকে আকবারের দহন-যক্তপা।

সেই তীর আবার বিদ্ধ হোক এই বুকে, সেই তামান্না আবার জাগ্রত করো এই দিলে।

তোমার আসমানের ভারারা আবার ঝলমল করুক। যমীনে তোমার 'রাভ জাগা' বাদ্যারা আবার ক্রন্দন করুক।

তরুপদের দান করো হে খোদা হৃদয়ের ব্যথা। দান করো আমায় প্রেমের দহন

এবং দৃষ্টির ব্যাকুলতা।

দেখন ইকবালের আরেকটি কবিতা -

مریر دیده ترکی بیر خوابیان مریر دل کی پوشیده بیر تابیان

আমার কিছু নেই, আছে তথু অশ্রু-ডেজা চোখের বিনিদ্রতা, আছে হৃদয়ের কিছু পুত বাধা।

مرے نالہ نیم شب کا نیاز ۔ مری خلوت و انجمن کا گذاز

আমার কিছু নেই আছে তথু নির্জন রাতের আহাজারি এবং নিরবে ও সরবে কিছু হরিয়াদ ও রোনাযারি।

امنگین مری آرزوئیں مری امیدیں میری جستجوئیں مری

আমার কিছু নেই, আছে ওধু ভগ্ন হৃদয়ের কিছু আশা-আকাজ্জা এবং কিছু মিনতি ও ব্যাকুলতা।

مری فطرت آئینه روزگار غزالان افکار کا مرغ زار

আমার স্বভাব ও ফিডরত, সে ভো যুগের দর্পণ এবং চিতার হরিণীদের সরুজ সরণভমি।

مرا دل مری رزم گاه حیات گمانوں کے لشکر بقیں کا ثبات ،

আমার হৃদয়, সে তো আমার জীবন-যুদ্ধের ক্ষেত্র, যেখানে আছে বিশ্বাসের অটপতা নিয়ে প্রত্যাশার সৈনিক।

্রফুর <mark>১কুর এ</mark> আন্তর্গার ভার্যন্ত । *আজ্জার জ্বরুর একা বহু কথে বাবে বাহু বধু সম্পদ আমি অভাবীর। তাই শত অভাবেও নিজেকে ভাবি রানশাহ-আমীর।* 

مری قافلے میں لٹا دے اسے کٹادے ٹھکانے لگا دے اس

আমাদের প্রিয় ভালিবানে উপুমে নবুয়ত, যারা এখন ইলমের বাপিচা সাজানোর রবং জ্ঞান-উল্যানের পুশ্দ-কলি ফোটানোর সাধনার নিমমু তারা হয়বত মাওলানার রিডিটি বজ্তার ভাব-ভরঙ্গে, আবেগের উফ্লেডায় এবং বক্তব্যের পত্তীবতায় অবশাই রবুত্তব করতে সক্ষম হবেন বে, কত বড় বড় আশা ও প্রত্যাশা করা হয়েছে ভানের চাহে এবং কী বিপুল ও বিশাল দায়িত্ব পালনের যোগ্য মনে করা হয়েছে ভানেরকে। রুদয়ের বদ্ধ দুয়ার পুলে দিয়ে জাগত অবুস্থৃতি নিয়ে যদি তারা এ বক্তৃতাশক্ষেদন রধায়ন করে তাহলে তাদেরও মাবে অকুনক উন্ধীপনা সৃষ্টি হবে, মাদরাসার শিষ্ম জীবন থেকে কিছু অর্জন করের অস্থনে প্রবেশ করার এবং দুনিয়াতে ইগলাম ও ওলামায়ে ইসলামের নাম রৌশন করার।

মাদরাসার পরিচয় ও বৈশিষ্ট্য, ভালিবানে ইলমের দায়িত্ব ও কর্তব্য, তাদের কাছে বর্তমান সময় ও সমাজের দাবী ও চাহিলা, মানবসমাজে তাদের অবস্থান ও ভূমিকা, মানবতার প্রতি তাদের বেবা ও আগ্বনিবেদন, তাদের সুমহান ইলমী ও দাবটো জিহল ও উদ্দেশ্যের ওঞ্চত্ব – এই সব বিষয় যদি আমরা হৃদয়ক্ষ করতে না পারি তাহলে উল্মে নরুয়তের তালিবানদের কাছে কাওম ও মিল্লাতের কী আশা ও প্রত্যাশা এবং কী কামনা ও প্রার্থন সেইটাও আমরা পূর্ণরূপে উপলব্ধি করতে পারবো না। এ প্রসঙ্গে আমরা স্বাং ইথরত মাওগানার একটি লিখিত বক্তৃতার উদ্ধৃতি তুলে ধরাই সঙ্গত মনেকতিন

'মাদরাসাকে আমি মনে করি সবতে' সুরক্ষিত ও শক্তিশালী কেন্দ্র এবং গতি ও প্রগতির উচ্ছলতায় এবং উদাস ও প্রাণ্ডাঞ্জলো পরিপূর্ব একটি প্রতিষ্ঠান। এর এক প্রান্তের সংযোগ হলো নর্বয়তে মুহাম্মনির সন্তে, অন্য প্রান্তের সংযোগ হলো জীবন ও জাণতের সাথে। মাদরাসা একদিকে ন্বয়তে মুহাম্মনীর চিত্রক ব্যবনাধারা থেকে 'জলসঞ্চয়' করে, অন্যদিকে জীবনের ফসলভূমিতে 'জলসিঞ্চন' করে। এটা দ্বীনী মাদরাসার সর্বজণের সায় ও দারিলু । মুহূর্তের জন্ম যদি সে তার দায়িত্ব ও কর্তব্য অবহলো করে তাহলে জীবনের কসলভূমি তকিয়ে যাবে, মানুষ ও মানবভা নিজীব হয়ে পত্রের এবং জীবন ও ক্রণতের সব কিছুতে ত্রবিতা দেবা দেবে।

লবৃহতে মুহাম্মনীর ঝবনাধারা যেমন কথনো ভাকোবে না তেমনি মানবভার পিপাগত কথনো দূর হবে না। নুবৃহত্তে মুহাম্মনির কলাগত ক্ষায়বানে যেমন কৃপথলা ও দানির্মুখতা নেই তেমনি মানবভার প্রয়োজন ও প্রার্থনারও বিরাম নেই। এদিব থেকে বারবার গুনিত হয় 'আল্লাহ দেন, আমি বিতরণ করি' এই আশ্লাস বাদী, ওদিক থেকে ভাগরিত হয় 'দাও, আরো দাও' - চাহিদার কাতর মানি। দুনিয়াতে মানবাগার তারে কর্মচঞ্চল ও বাস্ত সচল প্রতিষ্ঠান আর কী হতে পারে। জীবনের সমস্যা। ও প্রয়োজন অসংখা, জীবনের সমস্যা। ও প্রয়োজন অসংখা, জীবনের সিহিন ও পদম্বদান অসংখা, জীবনের ক্রিয়াল অসংখা, জীবনের ক্রিয়াল ক্রমণ্ডা, জীবনের ভাগর প্রত্যাল ক্রমণ্ডা, জীবনের ক্রমণ্ডা এবং জীবনের ক্রমণ্ডার এথক অসংখা । মানরাগা যবন এমন সমস্যাসংকৃদ ও প্রয়োজনবছল জীবনের নিয়য়ণভার থংপ করেছে ভব্ব ভার বন্ধর বাপানের অবলগনে ক্রমণ্ডার এথক করেছে

দুনিয়াতে যে কোন মানুষ কাজ হেড়ে আরাম করতে পারে, যে কোন প্রতিষ্ঠান অবসর যাপন করতে পারে। পৃথিবীতে সবার ছুটি ভোগ করার অধিকার আছে, কিছু মাদরাসার নেই কোন ছুট। প্রতিদিন তার কর্মদিন, প্রতিমুহূর্ত তার বাস্ততার মুহূর্ত। দুনিয়ার যে কোন মুসাধিক চাইতে পারে একট্ আরাম, একট্ বিশ্রাম, কিছু জীবনের সদা চপামান কাফেলায় মাদরাসা নামের যে মুসাধিক, তার কপালে নেই কোন আরাম, তাকে চলতে হবে অবিরাম।

যদি আমরা এই অনুভূতি ও উপলক্ষিকে ফ্রন্মে ধারণ করে বক্তৃতা-মাছটি অধ্যয়ন করি তাহলে ইলমের ময়দানে কামাল ও পূর্ণতা, আখলাকের ময়দানে জামাল ও সৌন্মর্থ এবং আমলের ময়দানে ইখলাছ ও লিল্লাহিয়াতের ওণ অর্জনের যে উদান্ত আহনান হথরত মাওলাতা তাঁর প্রতিটি বক্তৃতায় অত্যন্ত আস্থা ও বিশ্বাস এবং দুর্বার আবেগ ও উক্ষাসের সঙ্গে উপস্থাপন করেছেন তার হাকীকত ও স্বত্রপ অবশাই আমরা উপলক্ষি করতে গারবো।

পাশ্চাত্য সন্ধাতা ও ধর্মবীনতার সর্ব্বাসী সায়নাবের মোকাবেলায় সাধারণভাবে সকল মাদরাসার এবং বিশেষভাবে দারল উন্ম নাদওয়াত্বল উলামার ভালেবানদের বিশ্বাদারি ও দায়-দায়িত্ব আৰু অতীতের যে কোন সময়ের চেয়ে অনেক কৌ। নাদওয়ার দায়-দায়িত্ব কৌ হওয়ার কারণ এই যে, নাদওয়া তার জলুলপু থেকেই ধর্ম ও আধুনিক জ্ঞান-বিজ্ঞানের সুসমন্বর সাধন এবং সুন্ধিবৃত্তি ও সাহিত্যের অঙ্গনে প্রতিপক্ষের উপর প্রেক্তির তার্মান কর্মানিক ক্রাপ্তর প্রত্তিপক্ষ ও প্রত্তির প্রত্তার আহবান কর্মানির এবং শিক্ষা ও সংস্কৃতির মদানানে সর্বাহ্ননিক অল্প্রে সক্ষিত হওয়ার আহবান জানিয়ে এসেছে। এবং এ আহবান ভাব মৌল চেতনা ও বুনিয়ালি উদ্দেশ্যের অন্তর্ভুক্ত ছিলো, বরং এটাই ছিলো নাদওয়ার অব্বিত্তের ভিত্তি।

আন্ধ এই নাযুক সময়ে আমবা যদি কল্পনার স্বর্ণরাজ্যে বিচরণ করি, কিংবা সাগর 
তীরের নিরব দর্শক সেজে দাড়িয়ে থাকি তাহলে জ্ঞান ও বৃদ্ধিনৃতি, সাহিত্য ও সংস্কৃতি 
এবং রাজনীতি ও পচ্চিত্র এই পৃথিবীতে কিছুতেই আমবা যোগাতার স্থাকর রাধতে 
সক্ষম হবো না। এ জন্য আমাদের প্রয়োচন জ্ঞান্ত হৃদরের, সুনৃচ্ ইপান ও ইয়ার্বীনের, 
উন্নত আখলাক ও চরিত্রের, ইলমী ও বৃদ্ধিনৃত্তিক গভীরতার এবং নিরবন্ধিন্দ্র 
চেষ্টা,সাধনা ও মেহলত-মোজায়েদার। ভার এ মহাপবিত্র গারিস্থ ও কর্তবা সূচাক রূপে 
পালন করতে পারে তথু সেই সকজ খোশান্তীত ও সাহমী নওজোন্ধান্ম যামেন বিদামা 
রয়েছে ইলমে ন্রুয়তের নৃর, যাদের বৃকে রয়েছে সময়ের গতি বদলে দেয়ার সাহস ও 
হিখ্যত, যাদের ধমনীতে রয়েছে জীবনের চাজালো পরিপূর্ণ উচ্চা রতের প্রবাহ, যাদের 
পদক্ষেপে রয়েছে অভিযাত্রীর অপরাজেয় আত্মবিধাস, যাদের চোবের তারায় রয়েছে 
প্রতিজ্ঞা ও প্রভারের আলো এবং যাদের পলাটে জুল জুল করছে পৌভাগোর তারকা।

বিভিন্ন রোগ-ব্যাধিতে বিপর্যন্ত এবং সমস্যা ও সংকটে জর্জরিত আজকের মুসলিম বিশ্বের এমন সাহনী ডক্রণদেরই প্রয়োজন। যদি আমাদের মাদারেসের খোপশন্তীয় তরুপ শিক্ষার্থীরা এই বৃদ্ধিবৃত্তিক ও সাংস্কৃতিক মহাসংয়াকের জনা নিজেদেরকে প্রকৃত করতে পারে, যদি পারে ইখলাছ ও আথানিবেদন এবং আপ্তরিক প্রচেষ্টা ও সুউচ্ছ মনোবলের সংস্কৃত তারেল আজ এই সীমাবক উপায়-উপকরণ এবং সংখ্যাক্ষতা ও দুর্বল যোগ্যতা সংস্কৃত এমন অসাধারণ গারবী মদদ নেমে আসতে পারে এবং এমন বিশ্বয়কর পরিবর্তন ঘটতে পারে এবং ইদমী সৌতাগোর এমন রাজপথ তানের সামনে খুলে খেতে পারে, বর্তমান অবস্থায় যা ক্ষমনা করাও সহজ নয়।

এ গ্রন্থের ভূমিকা লেখক হিনাবে আমার সৌভাগ্য এই যে, আলোচ্য সংকলনের অধিকাংশ বক্তৃতায় উপস্থিত থাকার সুযোগ আমার হয়েছিলো। নিজের চোঝে আমি নেকেছি বকার ভার-উদ্দীপলা ও আবেগ-উদ্বেশতা। নিজের কানে আমি থানেছি বক্তৃতার তরঙ্গময়তা ও শব্দের কল্লোলত। বিশ্ব প্রসারতা।

আলোচ্য সংকলনের অধিকাংশ বক্তৃতা নদওয়া থেকে প্রকাশিত পান্ধিক আমারে হায়াত-এ প্রকাশিত হয়েছে। আমরা এখন প্রয়োজনীয় পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্ভনিমহ দেওলোকে সংকলন আনার কৃত্যক্তিরে আপলাদের সামলে পেশ করছি, সংকলনের দৃটি বক্তৃতা দাকশ উলুম দেওবন্দের দৃটি ছাত্র-শিক্ষক মজলিলে পঠিত হয়েছিলো। একটি হলো 'তালিবানে ইলমের দায়িত্ব ও কর্তব্য'। এটি হয়বক্ত মাওলালার প্রেষ্ঠ আবেদনপূর্ণ ও মর্মশশলী রচনারপে পরিগণিত। বিজীয়টির নাম 'আধুনিক মুপের চালজে ও তার জগুরাব'। দেখা দিকে আরো দৃটি ভাষণ সংযুক্ত হয়েছে যা হ্যাক মাওলকার পরিকাশিক মার্কাশিক সামবেশে এবং জানেয়াত্র তার পর্বাহিন মুপের বান্ধক মাকোন বাবাক্তমে জামোর রাহমানিয়া মোন্ধর-এর এক ছাত্র-শিক্ষক সাবেশন এবং জানেয়াত্রত হেলছে এ ভিত্তিপ্রপ্তর অনুষ্ঠানে প্রদান করেছিলেন। এভাবে সংকলন প্রস্থুটি মানে ও পরিমাণে মথেষ্ট সমৃত্ব হয়ে উঠছে।

যাই হোক, এই বিনীত ভূমিকার মাধ্যমে আলোচ্য মহামূল্যবান বক্তা-সংকলনটি পা-জা সুরা-গে বিব্দেগী নামে দারুল উল্ম ননওয়াতুল ওলামা এবং উপমহাদেশের সকল ঘীনী মাদরাদার তালিবানের বিদমতে পেশ করা হলো। আল্লাহ কব্দন তারা যেন এটিকে জীবনের মূল্যবান পাথেয় ও আলোর মিনার রূপে এহণ করেন এবং নিজেদের দায়িত্ব ও কর্তব্য পূর্ণরূপে উপলব্ধি করতে ও পালন করতে পারেন। আলাচ্যা আমীন।

> ্ মুহাম্মদ আলহাসানী ৩৭/ গোইন রোড লৌখনো ১১ই জুমাদাল আধিরাহ ১৩৯৯ হিঃ ৮ই মে ১৯৭৯ খঃ

## মাদরাসার লক্ষা ও উদ্দেশ্য

১২ই মার্চ, ১৯৬৪ ইংরেজীতে
দারুল উলুম নদওয়াতৃল উলামার
সুপপ্রস্ত মসজিদে নতৃন শিক্ষাবর্ধের
উলোধন উপলক্ষে হ্যরত মাওলানা
সৈয়দ আবুল হাসান আলী নাদাবীর
মূল্যবান ভাষণ। তাতে তিনি
মাদরাসার লক্ষ্য ও উদ্দেশ্য এবং এ
যুগের তালিবানে ইলমের করণীয়
সম্পর্কের।
করেছেন।

তালিবানে ইলমের জীবন গঠনের ব্যাপারে হবরত মাওলানার অস্তরে যে দরদ-ব্যথা সর্বদা ক্রিয়াশীল তারই সুশ্লষ্ট প্রতিফল বেটেছে আলোচ্য ভাষণের প্রতিটি শব্দে, প্রতিটি ছবে। আলাহ কবল কঞ্চন। আমীন।

#### আমার প্রিয় তালিবানে ইলম!

আল্লাহর রহমতে আজ আমাদের নতুন শিক্ষাবর্ষ গুরু হতে চলেছে। এ সময় আপনাদের সাথে পরিচিত হওয়া এবং নিজের জীৱনের কিছু অভিজ্ঞতা তুলে ধরা নিঃসন্দেথে একটি সময়োপযোগী ও প্রয়োজনীয় কাজ। এ জন্যই আজ শিক্ষাবর্ধের উদ্বোধনী জলসায় আমি উপস্থিত হয়েছি। আপনাদের দু'টি কথা জনবো এবং আপনাদের দৃ'টি কথা বলবো এ-ই আমার ইছা।

আমার অনুভূতি এই যে, আপনাদের সঙ্গে কথা বলা যেমন সহজ তেমনি কঠিন, যেমন সরল তেমনি জটিল। সহজ ও সরল এ জন্য যে, আমার ও আপনাদের মাঝে লৌকিকতার কোন আড়াল এবং কৃত্রিমতার বেড়াজাল নেই। মনের কথা আমি মন খুলেই আপনাদের বলতে পারি। যার পিতা ও পুত্রের আলোচনার, কিংবা অন্তরঙ্গ পরিবেশে প্রিয়জনদের আলাপচারিতায় কি কোন আভাল থাকেঃ ধিয়া-সংকোচের বাগা থাকেঃ

থাকে না। আমার এবং আপনাদের মাঝেও নেই। সুতরাং কী প্রয়োজন ধিধা সংকোচের কিংবা ওরুগঞ্জীর ভাষা ও শব্দ ব্যবহারের! আমি তো চিরকালের জানা-শোনা কথাই বলবো এবং আমার প্রিয়জনদের কাছে বলবো। আমি তো আমার জীবন-সফরের বিভিন্ন চড়াই-উত্তরাই ও অভিজ্ঞতা তুলে ধরবো এবং আমার সজানদের কাছে তুলে ধরবো। সুতরাং খুব সহজ কথা এবং একান্ত সরল আলোচনা, যার জন্য বিশেষ চিন্তা-ভাবনার যেমন দরকার নেই তেমনি দীর্ঘ ভূমিকারও প্রয়োজন নেই।

এটা আমার ক্ষেত্রে যেমন সত্য, আপনাদের সকল আসাতেখা কেরামের ক্ষেত্রেও একই রকম সতা। তারাও আপনাদের সঙ্গে একই ভাষার, একই ধারায় কথা কাবেন। কেননা তাদেরও সঙ্গে আপনাদের ক্রমর ও আত্মার সম্পর্ক। এবং তাদেরও জীবন জ্ঞানে, প্রজ্ঞায় ও অভিজ্ঞতায় সুসমৃদ্ধ। কবির ভাষায়-

## عمر گذری هیر اسی دشت کی سیاحی میں

'এ উপত্যকায় সফর করে করেই তো কেটেছে সারাটা জীবন।'

কিন্তু একই সঙ্গে আপনাদের সামনে কথা বলা খুবই কঠিন ও জটিল দায়িত্ব। কেননা আপনাদের মজলিসে যখন দাঁড়াই, আপনাদের সংগ্রাধন করে যখন কিছু বলতে চাই তখন হৃদয় এমনই আবেণ উদ্বেশিত হয়ে ওঠে এবং কথার অথৈ সমূদ্র এমনই তেউ তোলে যে, কী বলে তথা কৰবো, কী বলে শেষ করবো এবং কোন কথা রেখে কোন কথা বলবো বুখে উঠতে পারি না। তাই মন চায়, জীবনের সমগ্র অভিজ্ঞতা এবং পঞ্চাশ বছরের ইনমী সফরের সম্পূর্ণ সারনির্যাস একত্রে আপনাদের হাতে সোপদ করি এবং আপনাদের আমানত আপনাদের হাতে সোপদ করি এবং আপনাদের আমানত অপনাদের হাতে উল্লে দিয়ে দায়মূক্ত হয়ে যাই। কেননা মৃত্যুর ডাক কথন এসে গড়বে কেউ জানে না। মউতের পরোয়ানা কাউকে মুহলত দেয় না।

কিন্তু সারা জীবনের সব কথা, সারা জীবনের সব অভিজ্ঞতা এক সাথে তো বলা যায় না, ধারণ করাও যায় না। তাই সময় ও পরিবেশের আলোকে অতি সংক্রেপে দু'চারটি কথাই তথু এখন বলবা। যিন্দেগী যদি মুহলত কোতাহলে আবার আমি আপনাদের সামনে দাঁড়াবো এবং আরো অনেক কথা বলবো, ইনশাআল্লাহ। বলার মত অনেক কথাই আছে আমার হৃদয়ের ভাগারে।

\*\*

সর্বপ্রথম আমি আপনাদের আন্তরিক মোবারকবাদ জানাই। বিগত বছরের তাদিবানে ইলম যারা, তাদেরকে মোবারকবাদ এ জন্য যে, যুগের দুর্যোগ ও 
যামানার গার্দিশ মোকাবেলা করে এখনো তারা টিকে আছেন এবং ইলমের 
সাধনা ও মোজাহাদা অব্যাহত রেখেছেন। সর্বোপরি জীবনের সুমহান লক্ষ্য ও 
উদ্দেশ্য অর্জনের পথে আত্মনিবেদিত রয়েছেন। পরিবেশ-পরিস্থিতির শত 
প্রতিকৃত্যতা এবং সময়ের কঠিন ঝড়-ঝাপটা তাদের হিম্বতহারা করতে পারে 
নি। আলহামদু লিব্রাহ।

আর ইলমে নববীর এ কাফেলায় নবাগত যারা, তাদেরকে মোবারাকবাদ এ জন্য যে, ফেতনা ফাসাদের এ ঘোর অন্ধকার যুগেও তারা ইলমে দ্বীন হাছিলের পথ গ্রহণ করেছেন এবং মাদরাসার 'কিশতিয়ে নৃহ'-এ সওয়ার হয়েছেন।

আল্লাহ তা'আলার কী অসীম অনুগ্রহ ও করুণা যে তিনি আপনার আশা-আবাকে তাওফীক দিয়েছেন, আর ঘীন শিক্ষার জন্য তারা আপনাকে দ্বীনী মাদরাসায় পাঠিয়েছেন। অবশ্য এমন তালিবও আছে যারা বেজ্ঞায় আদেনি, পারিবারের চাপের মুখে এসেছে। তাদেরও আমি আদর করি, তাদেরও আমি সমাদর করি। কেননা তারাও আল্লাহর আদরের এবং সমাদরের। হাদীছ শরীক্ষে আছে-

'এমন কিছু লোকও জান্লাতে যাবে, যাদের পায়ে থাকবে শেকল ।'

অর্থাৎ তারা আল্লাহ্ তা'আলার এমনই 'চাহতা বান্দা' ও প্রিরপাত্র যে, স্বেচ্ছায় তারা জান্নাতের পথে আগুয়ান নয়, ববং জাহান্নামের পথে ধাবমান। কিন্তু আল্লাহ্ তাদের শেকল-বাঁধা করে হলেও জাহান্নাম থেকে ফিরিয়ে জান্নাতে নিয়ে যাবেন।

তদ্ধ্রপ ইলমে খীন এমনই বিরাট নেয়ামত যে, বাধ্য হয়েও যারা তা এহণ করে এবং উদ্দেশ্য না বুঝেও মাদরাসার নূরানী পরিমঞ্জল এসে পড়ে তারাও আমাদের মোবারাকবাদ লাতের যোগ্য। ইয়ত না বোঝার কারণে আজ এ মহা নেয়ামতের কদর হলো না, কিছু আল্লাহ যেদিন অন্তর্চকু বুলে দেবেন এবং ইলমের হাকীকত ও ফ্যীলত তাদের সামনে উদ্ধাসিত করবেন সেদিন চোখের পানি ক্ষেলে কেলে তারা মা-বাবার জন্য দু'আ করবে এবং আসাতেয়া কেরামকে জায়াকমন্তাহ' বনবে।

মোটকথা, যে যেভাবেই দ্বীনী মাদরাসায় এসেছে এবং ইলমের নূরানী পরিবেশে দাখিল হরেছে সে এবং তার মা-বাবা আমাদের হৃদয় নিংড়ানো মোরাবাকবাদ লাভের যোগা।

k sk sk

এখন প্রশু হলো, এখানে ইলমের ময়দানে কী আপনারা পাবেনং কোন মহাসম্পদের অধিকারী হবেনং

এটা অবশ্য বিশন আলোচনা ও ব্যাপক আলোকপাতের বিষয়, যার সময় ও সুযোগ এখন নেই। যুগশ্রেষ্ঠ দার্শনিক ও আধ্যান্ত্রিক পুরুষ হজ্জাতুল ইসলাম ইমাম শাঘ্যালী (বহ) বিরচিত ইহয়াউল উল্ম হচ্ছে এ বিষয়ের সর্বোত্তম গ্রন্থ। সময়-সুযোগ করে উন্তাদের তত্ত্বাবধানে এর নির্বাচিত অংশ পড়ুন। সেখানে আপনার প্রশ্নের সজ্জোকক সমাধান হাছে। একটি দ্বীনী শিক্ষা প্রতিষ্ঠান তার শিক্ষাবীকৈ কী অমুল্য সম্পাদ দান করে এবং সে কোন মহাসৌভাগ্যের অধিকারী হয়, অবশান্ত্র আপনি তা বরতে পারবেন।

#### আল্লাহর কালামের নেয়ামত

একটু আপে কারী সাহেবের মুখে আল্লাহর কালামের তেলাওয়াত শ্রবণকালে পুরু থেকে শেষ পর্যন্ত আমার সমগ্র সত্তা এ ভাব ও ভাবনায় তনায় ছিলো যে, আমাকে ও মানব জাতিকে যিনি সৃষ্টি করেছেন এবং বিশ্বজগতের যিনি দ্রষ্টা তাঁর কালাম এক ভূচ্ছ মানুষ তেলাওয়াত করছে আর আমি এক ভূচ্ছতম মানুষ তা শ্রবণ করাই। সুবহানাল্লাহ। আমার আপনার মত গান্দা ইনসানের কী যোগ্যতা আছে যে 'পবিত্র স্রষ্টার পবিত্র বাণী' উচ্চারণ করতে পারি, শ্রবণ করতে পারি এবং ফ্রদয়সম করতে পারি!

আমার আল্লাহ আমাকে সম্বোধন করে কালাম করছেন, আর আমি তা প্রবণ করছি এবং অনুভব করছি! মাটির মানুষের জন্য এ কোন্ আসমানী মর্যানা ও সৌতাপায় 'চুচ্ছ মানুষ এ অত্যুক্ত নেয়ামত লাত করে কেন আনন্দে আত্মহার হয়ে যায় নাঃ আল্লাহর কালাম বুঝতে পারা তো এমন নেয়ামত যে, মনুষ যদি পুনিতে মাতোয়ারা এবং আনন্দে আত্মহারা হয়, আর লায়লার প্রেমে পাগল মজনুর মত দেওয়ানা হয়ে যায় তাহলেও অবাক হওয়ার কিছু নেই।

কিন্তু দুর্ভাগ্যের কথা কী বলবো! আমাদের না আছে সে ফুনয়, না আছে সেই অনুভূতি।

ছাহাবী হয়রত উবাঈ ইবনে কা'অবের ঘটনা কি ভূলে গেছেন? ইতিহাসের পাতায় আবার নয়র বুলিয়ে দেখুন। রাস্লুল্লাহ ছাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেন–

'আল্লাহ তোমার নাম নিয়ে আমাকে বলেছেন যে, তাকে দিয়ে আমার কালাম পভিয়ে তরন।'

এ খোশখবর শুনে তিনি এমনই আত্মহারা হলেন যে, নবী ছাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লামের সামনেই খুশিতে চিৎকার করে বলে উঠলেন–

## اً و سمانی ربی ؟!

সতি৷ আমার আল্লাহ আমার নাম নিয়েছেন! সতি৷ আমার আল্লাহ উবাঈ বিন কা'অব বলে আমায় ডেকেছেন!

সুবহানাল্লাহ। ইশকে ইলাহী ও ইশকে নবীর কেমন দিওয়ানা ছিলেন তারা। এর হাজার ভাগের একভাগও কি আছে আমাদের কলবে, আমাদের অনুভবে?

## আমার প্রিয় তালেবানে ইলম!

দ্বীনী মাদারেসে এসে আর কিছু যদি ভাগো নাও জোটে, জীবনের সমস্ত সময় ও সম্পদ বায় করে ওধু এই একটি নেয়ামত যদি নদ্বীব হয়, যদি আল্লাহর কালানের 'সম্বোধনাত্র' হওয়ার এবং তা বোঝার উপযুক্ত হয়ে যেতে পারি তাহলে বিশ্বাস করুন, সুনিয়ার সব সাজসজ্জা, আরাম-আয়েশ ও ভোগ-বিলাস তৃচ্ছ, অতি তৃচ্ছ। এ 'নেয়ামত-মহান' যদি দান করেন আল্লাহ মেহেবান, ভাহলে জীবনের সবকিছু তাঁর জন্য কোরবান! তাহলে আপনার সাধনা ও অধ্যবসায় সফল, আপনার মা-বাবার ত্যাগ ও আত্মত্যাগ সার্থক । আপনি ধন্য, আপনার পরিবার ধন্য।

\*\*\*

প্রিয় বন্ধুশণ! এ কথা ভালোভাবে হৃদয়প্তম করুন যে, এখানে আপনারা কী জন্য এনেছেন্দ্র কোন্ প্রাপ্তির আশায় জড়ো হয়েছেন্ শিক্ষা জীবনের শুরুতেই নিজেনের লক্ষ্য ও উদ্দেশ্যকে হৃদয়ে বন্ধুনুল করুন এবং চিস্তা ও চেতনাকে জাগ্রত করুন।

এই দ্বীনী মাদরাসায় তোমরা স্বেচ্ছায় এসেছো না অনিচ্ছায় সেটা বড় কথা নয়। বড় কথা এই যে, তোমাদের মাঝে এবং তোমাদের খালিক ও সূষ্টার মাঝে রয়েছে এক 'বর্ণ-শৃভাবা', যার এক প্রান্ত তোমাদের খাডে, অন্য প্রান্ত আন্তাহ রাব্দুল উক্তাতের কুদরতি কবায়। অর্থাৎ তোমাদের মাঝে এবং আল্লাহর মাঝে এমন এক নুরানী রিশতা কায়েম হয়েছে যার বদৌলতে তোমরা তাঁর পাক কালাম বুবতে এবং হৃদয়ক্ষ করতে পারো, এমনকি আল্লাহর সঙ্গে কালাম করার তবীকাও জনতে পারো।

44

সবার আপে আমাদের জানতে হবে যে, মাদরাসার পরিচয় কী এবং তার লক্ষ্য ও উদ্দেশ্য কীঃ কোন মাদরাসার এ পরিচয় আমি মেনে নিতে রাজী নই যে, এবানে আরবী ভাষা শেখানো হয়, যাতে আরবী কিতাব পড়া যায় কিংবা দুনিয়ার কোন ফায়না হাসিল করা যায়। এটা কোন দ্বীনী মাদরাসার পরিচয় হতে পারে না। মাদরাসা তো সেই পরিত্র স্থান যেখানে – আগেও আমি বলেছি – তালিবে ইলমে মাঝে এবং আরাহর মাঝে একটি প্রত্যক্ষ ও সুদৃঢ় সংযোগস্ত্র সৃষ্টি হয়, যার একপ্রান্ত এদিকে, অন্য প্রান্ত বন্ধ আলাহার রাম্বুল আলামীনের কদরতি হাতে।

## আমাদের করণীয

আমার প্রিয় তালিবানে ইলম। ভালো করে বুঝে নাও যে, এ মহান নেয়ামতের উপযুক্ত হতে হলে কী কী গুণ অর্জন করা এবং ন্যুনতম কোন্ কোন্ চাহিদা পরণ করা দরকারঃ

প্রথমত নিজের মাঝে শোকর ও কৃতজ্ঞতার অনুভূতি সৃষ্টি করো। নির্জনে আত্মসমাহিত হয়ে চিন্তা করো যে, আল্লাহ তোমাকে নবীওয়ালা পথে এনেছেন। এখন তুমি যদি আগের অন্ধকারে ফিরে যাও কিংবা এখানে থেকেও আলো গ্রহণে ব্যর্থ হও তাহলে এ তোমার দুর্ভাগ্য ছাড়া আর কি বলো?

এ পথে ভূমি প্রিয় নবীর পুণ্য পদচিহ্ন দেখতে পাবে এবং ইলমে নবুওয়তের আলো ও নুরের অধিকারী হবে। সবচে' বড় কথা, এ পথে ভূমি তোমার আল্লাহর রিযা ও সম্ভুষ্টি লাভে ধন্য হবে।

দ্বিতীয়ত নিজেকে যথাসাধ্য মাদরাসার পরিবেশ মতে গড়ে তোলার চেষ্টা করো। জীবনের প্রতিটি ক্ষেত্রের নিজস্ব কিছু চাহিদা আছে এবং প্রতিটি পথের নিজস্ব কিছু বৈশিষ্ট্য আছে। সফলতা লাতের জন্য সেই চাহিদা পূরণ করা এবং সেই বৈশিষ্ট্য অর্জন আপরিহার্য। মাদরাসায় এসেও যারা মাহরূম হয় তারা অরুনাই মাহরূম হয়। মাদরাসার পরিবেশ থেকে তারা কিছু গ্রহণ করে না, বরং পরিবেশকে দ্বিত করে।

ভূমি যে দ্বীন শিখতে এসেছো, এ পথের দাবী ও চাহিদা এই যে, ফরয ও গুয়াজিব আমলগুলো পাবন্দির সাথে আদায় করবে। নামাযের প্রতি ভালোবাসা ও যত্ন পোষণ করবে। জামাতের বেশ আগে মসজিদে এসে নামাযের ইনভিযার করবে। যিকির ও নফল ইবাদাতের শওক এবং আল্লাহর কাছে চাওয়ার ও দু'আ মুনাজ্যতের যাওক পদ্বদা করবে।

তৃতীয়ত আখলাক ও চরিত্রকে ইলমের স্বভাব অনুযায়ী গড়ে তোলার চেষ্টা করো। ইলমের স্বভাব হলো ছবর ও ধৈর্য, বিনয় ও আগ্রবিলোপ, যুহদ ও নির্মোহতা এবং গিনা ও আল্লাহ-নির্ভরতা। সূতরাং এই ভাব ও হুভাব যত বেশী পারে নিজের মাঝে অর্জন করো। হিংসা ও হাসাদ, অহংকার ও ক্রোধ, কৃপণতা ও সংকীর্ণতা ইত্যাদি হলো ইলমের বিরোধী স্বভাব। সূতরাং এগুলো সম্পূর্ণরূপে পরিচার করো।

চতুর্থত তোমার চাল-চলন ও আচার-আচরণ সুনুতের পূর্ণ অনুগত করো। এ পথের ইমাম ও রাহবার যারা তাঁদেরই মত যেন হয় তোমার বাহ্যিক বেশভ্যা।

এসকল দাবী ও চাহিদা পূরণ করে দেখে। দুনিয়া ও আথেরাতে তোমার মাকাম ও মর্যাদা কোথায় নির্ধারিত হয়। আল্লাহর কসম, তোমাদের সম্পর্কে আমার এ আশংকা নেই বে, রীনী মাদরাসা থেকে ফারিণ হয়ে তোমরা অন্তাব ও দারিদ্রোর শিকার হবে। আমার ভয় ও আশংকা ববং এই বে, আল্লাহর দেয়া নেয়ামতের বে-কদরীর কারণে বিমুখতা ও বঞ্চনার আধাব না এসে পড়ে!

পক্ষান্তরে তোমরা যদি এ নেয়ামতের যথাযোগ্য কদর করে৷ এবং পূর্ণ শোকর আদায় করে৷ তাহলে প্রতিদান রূপে তোমাদের যোগ্যতা ও প্রাপ্তি বহগুণ বেড়ে যাবে। দেখো আল্লাহ কত মযবুত ভাবে বলছেন-

لئن شكرتم لأزيدنكم و لئن كفرتم إن عذابي لشديد \*

যদি ভোমরা শোকর করে। তাহলে অবশ্যই আমি বাড়িয়ে দেবো, আর যদি কতন্ত্র হও তাহলে মনে রেখো, আমার আয়াব অতি কঠিন।

আর শোনো, ভোমার মাঝে এবং সবার মাঝে আল্লাহ রেখে দিয়েছেন কিছু
সুপ্ত প্রতিভা ও ঘুমন্ত যোগ্যতা। ত্যাগ ও আত্মত্যাগ এবং নিরবচ্ছিন সাধনার
মাধ্যমে ভূমি যদি সেই আত্মপ্রতিভার ক্ষুবণ না ঘটাও এবং ইলমী যোগ্যতায়
পরিপল্পতা অর্জনে সচেষ্ট না হও তাহলে ভূমি কোন পদার্থ বলেই গণ্য হবে না
এবং দুনিয়ার কোথাও ভোমার কোন সমাদর হবে না। ভূমি কোন কাজেরই
হবে না।

...

অবশেষে আবার আমি পরিকার ভাষায় তোমাদের বলতে চাই যে, শিক্ষা জীবনের গুরুতেই নিজেদের লক্ষ্য ও উদ্দেশ্য বুঝে নাও এবং নিজেদের মাকাম ও মর্যাদা চিনে নাও। ইলমের সাধানায় আত্মনিমাগ্রতা এবং প্রতিকাও খোগাতার বিকাশ সাধনে ঐকান্তিকতা— এই যেন হয় তোমার একমার পরিকার। আল্লাহর সন্মৃষ্টি লাতই যেন হয় তোমার একমার উদ্দেশ্য। এছাড়া অন্যাদিকে চোখ তুলতে তার্কিয়ো না। অনানিক চোখ তুলতে তার্কিয়ো না। অনানিক্ছতে মন দিয়ে বজিত হয়ো না। জীবন-কাম্পোর বৃদ্ধ মুসাফিরের এ উপদেশ যদি গ্রহণ করে। ইনশাআল্লাহ দূনিয়াতেও সফল হবে, সৌভাগ্য তোমাদের পদমুখন করবে। এরপর আল্লাহ রাব্দুল ইয্যতের দরবারে যথন হামির হবে তখন তোমাদের চেহারা নুবে-খলমল হবে। আল্লাহ তোমাদের কামিয়াব কর্জন। আমীন। ওয়া আখিক দাওয়ানা আনিল হামদু দিলাটি বার্কিল আল্লামীন।

# সম্পর্ক, সাধনা ও আল্লাহ-প্রেম

১৩৮৫ হিজরীতে দারুল উলুম নদওয়াতুল উলামার বিদায়ী ছাত্রদের উদ্দেশ্যে হবরত মাওলানা সৈরদ আবুল হাসান আলী নাদানা (রহঃ) প্রদত্ত মূল্যবান ভাষণ। একজন ভালিবে ইলম তার তলবে ইলমের সাধনায় কীভাবে, কোন্ পথে সফলতা লাভ করতে পারে সেস্পর্কে তিনি তার নিজের জীবনের অভিজ্ঞভার আবোকে করেকটি উপদেশ দিয়েছেন। আল্লাহ করার ভাওফীক দান করন আমীন।

#### আমার প্রিয় তালিবানে ইলম!

আমাদের প্রাচ্য সংস্কৃতির বহু যুগের প্রচলিত রীতি এই যে, আপন ও প্রিয়জনদের ছেড়ে মানুষ যখন দূরের সফরে যায় তখন যাত্রার প্রাক্কালে সে খান্দানের বা সমাজের কোন মুক্তবী রাক্তি – যিনি বয়নে, জ্ঞানে, প্রজ্ঞায় ও অভিজ্ঞাতায় বড় – তাঁর কাছে গিয়ে বসে এবং কিছু অছিয়াত-নত্তীহত ও আদেল-উপদেশ গ্রহণ করে এবং কিছু বিশ্ব ও জগত খেকে যে দীর্ঘ অভিজ্ঞতা তিনি সক্ষয় করেছেন সে আলোকে কিছু দিকনির্দেশ লাভ করে, যেন সকরে ও প্রবাস জীবনে তা থেকে সে উপকত হতে পারে।

সুতরাং প্রাচ্য-সংস্কৃতির সন্তান হিসাবে আজ বিদায় কালে, জীবন-সফরের নবঅধ্যায়ের সূচনা-লগ্নে আপনাদের অন্তরে আমার কাছ থেকে কিছু উপলেশ ও দিকনির্দেশ লাভের এ আকাক্ষা ও আকৃতি খুবই স্বাভাবিক এবং প্রশংসার মোগা

আমি বা অন্য কেউ এ উপলক্ষে যদি কিছু আদেশ-উপদেশ ও দিকনির্দেশ দান করেন, যা গ্রহণ ও পালন করে আপনারা কামিয়াবির মঞ্জিলের দিকে আগুয়ান হতে পারেন এবং আগামী জীবনের কর্ম ও কর্মপস্থা নির্ধারণের ক্ষেত্রে তা থাকে আলোক গ্রহণ করতে পারেন, তাহলে আমি বলবো, এ আদেশ, উপদেশ ও দিকনির্দেশ প্রদান করা হবে খুবই সঙ্গত ও যুক্তিযুক্ত। এটা সময়েরই দাবী এবং প্রবীগনের উপর নবীবানের চিরন্তন অহিকার।

কিছু আমার প্রিয় তালিবানে ইলম! এত অল্প সময়ে এবং এমন ব্যথিত হৃদয়ে আমি ভেবে পাই না যে, কী বলবোঃ কী ভাবে বলবোঃ এবং কোন্ বিষয়ে কোন্ উপায়ে তোমাদেৱ দৃষ্টি আকর্ষণ করবোঃ

তবু দায়িত্বের তাগিদে এবং হৃদয়ের সান্ত্রনা হিসাবে সংক্ষেপে দু'টি কথা বলি। যদিও এটা হবে বিসমিন্নাহিত রহমানির-রাহীম-এর স্থলে ৭৮৬ লেখার মত। এ সংখ্যা কি বিসমিন্নাহিত রবজন্ন হতে পারের এবং বিসমিন্নাহর অব্যেষ বরকত কি ৭৮৬ লিখে হাছিলহে বতে পারে পারে না। ভারপান্ত বদি চনতে চান তাহলে খুব সংক্ষেপে তিনটি কথা আমি আপুনাদের বলতে পারি। হৃদয়ের মণিকোঠার তা মুদ্রিত করে নিন এবং দিল-দিমাগের আমানাতখানায় তা হিফাযত করে রাখুন।

আমি মনে করি, এ ক্ষেত্রে আমার নিজের জীবনের অভিজ্ঞতা ভূলে ধরাই ভালো হবে এবং আমিও আছা ও নির্ভরতার সাথে বলতে পারবো, কেননা জীবনের অভিজ্ঞতায় ভূল-বিহ্যুতি ও দ্বিধা-সন্দেহের খুব কম সম্ভাবনা থাকে। তাই আমি আমার জীবন থেকে লদ্ধ কিছু অভিজ্ঞতাই আপনাদের সামনে পেশ করবো।

#### তা'আলুক ও সম্পর্ক

আল্লাহের রহমতে আমার জীবনের যা কিছু অর্জন ও প্রাপ্তি তার জন্য প্রথম উপাদান হলো উসতাদের সঙ্গে আমার সব সময়ের গভীর ও নিবিত্ব সম্পর্ক।
নিয়ম ও সৌজনা রক্ষার গাধারণ সম্পর্ক নয়, ববং হৃদয়ের সঙ্গে হৃদয়ের সম্পর্ক
এবং আস্থার সঙ্গে আস্থার বন্ধন। এ সম্পর্ক ছিলো দিন-রাতের এবং
সকাল-সন্ধাার। ব বন্ধন ছিলো চিপ্তা ও চেতনার এবং ভাব ও ভাবনার।
সম্পর্কের ও বন্ধনের এ গভীরতা ও নিবিত্ততা আমি যেমন অনুভন করতাম
আমার মথলিছ অসাতিয়া কেরামও তেমনি ভ্রমন্ডব করতেন।

এটাই হলো আমার ইলমী ও আমলী যিন্দেগীর উন্মেষ ও বিকাশের প্রথম মৌলিক উপাদান, যা আমার জীবনের চলার পথে অশেষ কল্যাণ বয়ে এনেছে। আল্লাহর রহমতে যা কিছু আমি পেরেছি; যা কিছু আমি দেখেছি, তনেছি এবং শিখেছি তা এই সম্পর্কেরই অবদান। আর সৌডাগ্যক্রমে আমার শিক্ষা-দীক্ষার আয়োজন ও ব্যবস্থাই ছিলো এম মাতে শিক্ষকের সংখ্যা ছিলো অয়। ফলে তাঁদের সঙ্গে দিবিড় সম্পর্ক বজায় রাখা, এবং তাঁদের প্রতি আঞ্চানিবদিত হওয়া এবং তাঁদের প্রতি আগ্বানিবদিত হওয়া এবং তাঁদের প্রতি আগ্বানিবদিত হওয়া এবং তাঁদের মৃদ্যায়ম ও কদর করা আমার জন্য অপেক্ষাক্ত সহজ ছিলো।

একজন তালিবে ইলমের উনুতি ও অগ্রগতির জন্য একান্ত অপরিহার্য হলো মাহির ও প্রাক্ত উসতাদের ছোহবত ও পান্নিধ্য গ্রহণ করা। যে ফন ও শাব্রের প্রতি শিক্ষার্থীর সহজাত অনুরাগ ও মায়বানা রয়েছে, তার কর্তব্য হলো সেই ফন ও শাব্রের মাহির ও বিশেষজ্ঞ উসতাদের ছোহবতে পড়ে থেকে যোগ্যতা অনুযায়ী তা আত্মস্থ করার সাধনায় লোগে থাকা। উসতাদের সঙ্গে এমন অন্তরঙ্গ সংযোগ ছাড়া কথনই কাঙিক্ষত ফায়না হালিল হতে পারে না।

আপনি যদি সাহিত্যিক হতে চান তাহলে এমন কাউকে আদর্শ রূপে গ্রহণ

ও অনুসরণ করুন যার সাহিত্য আপনার জন্য অধিক কল্যাণপ্রস্থা। তদ্ধুপ যদি হাদীছ-ভাষ্ণসীর কিংবা অন্য কোন শাস্ত্রের প্রতি আপনার মায়লান থাকে ভাহলে সেই শাস্ত্রের প্রাক্ত ব্যক্তির নিকট-সান্রিধ্য গ্রহণ করুন।

\*\*\*

এখন আমি আপনাদের সামনে এমন কিছু কথা তুলে ধরবো যার আলোকে আপনারা জ্ঞান-সাধনা ও কর্ম-সাধনার সুদীর্ঘ জীবন-সফর সুন্দর ভাবে গুরু করতে পারেন।

সর্বপ্রথম কথা এই যে, জীবনের জন্য এবং হৃদয় ও আত্মার জন্য একজন রাহবার ও পথপ্রদর্শক গ্রহণ করুন। কেননা মোম থেকে মোম আলো গ্রহণ করে এবং প্রদীপ থেকে প্রদীপ প্রজলিত হয়, এটাই হলো চিরন্তন সভা। এ জন্য একান্ত কর্তব্য হলো, আল্লাহর যমীনে, যে কোন স্থানে আল্লাহর কোন মখলিছ বান্দাকে আপনি যদি খুঁজে পান - এবং আপনাকে পেতেই হবে - তাহলে তাঁকে, আল্লাহর সেই নেক বান্দাকে আপনার রাহনুমা ও পথপ্রদর্শকরূপে গ্রহণ করুন এবং তাঁর নির্দেশিত পথে জীবন গঠন শুরু করুন। অবশ্য নির্বাচনের পূর্ণ স্বাধীনতা আপনার রয়েছে। নির্ধারিত শর্তের আলোকে যাকে ইচ্ছা গ্রহণ করুন এবং যেখানে ইচ্ছা গমন করুন। দুনিয়ার যেখানেই তিনি থাকুন, খুঁজে খুঁজে তার দয়ারে গিয়ে হাজির হোন। আমি তো এতদর বলতে চাই যে, জীবিতদের মাঝে না পেলে বিগতদের মাঝে তাঁর খোঁজ করুন। মোটকথা, মাটির উপরে কিংবা মাটির নীচে যেখানেই আল্লাহর সেই বান্দার সন্ধান পাবেন তাঁর করতলে নিজেকে অর্পণ করুন, এবং তাঁর পদতলে নিজেকে উৎসর্গ করুন। একটা নির্ধারিত সময় পর্যন্ত তাঁর জীবন ও চরিত্রের এবং চিন্তা ও কর্মের স্বকিছ নিজের দেহ-সত্তায় এবং হৃদয় ও আত্মায় পূর্ণ রূপে ধারণ করুন। অন্তত সাধ্যমত চেষ্টা ককন :

মানুষের সংজ্ঞাত প্রবণতা এই যে, খাকে সে ভালোবাসে তাকে সে আদর্শ রূপে অনুকরণ করে, এমনকি নিজেকে তার প্রতিচ্ছবি রূপে গড়ে তোলার সাধনা করে। চিন্তা ও বৃদ্ধিবৃত্তির কেত্রে এবং হৃদয় ও আত্মার জগতে আপনিও তাই করুন। আমলে, আখলাকে, চিন্তায় ও বিশ্বাসে পদে পদে প্রতিটি কেত্রে তাঁকে অনুকরণ করুন এবং নিজের ভিতরে তাঁর পূর্ণ ছবি এহণ করুন।

এটা যদি করেন তাহলেই আপনি বড় হতে পারেন, এমনকি তাঁকে ছাড়িয়ে বছ উর্চ্চে তেওে পারেন। সেই সর্বোচ্চ শিখরৈও আপনার উত্তরণ হতে পারে যেখানে সম্পর্কের প্রয়োজন এবং অনুসরণের দারবন্ধতা আর থাকে না। মানুষ নিজেই যেখানে আপো হয়ে আপো ছড়ায় বাতির প্রয়োজন বোধ করে না। অবশ্য খুব কম মানুষের ক্ষেত্রেই এমন হয়ে থাকে।

#### চেষ্টা ও সাধনা

দ্বিভীয় যে কথাটি আমি আপনাকে বলতে চাই তা এই যে, ইতিহাসের যে কোন বরণীয় ব্যক্তির জীবন-চরিত পাঠ করুন এবং তাঁর সফলতা ও কামিয়াবির নিগৃত রহস্য জানার চেষ্টা করুন, আপনার নিজেরই এ বতঃক্ষুর্ভ উপলজি হবে যে, তাঁর বিশাল বাউভেব্বের বিনির্মাণ ও পোভা-সৌন্দর্যের পিছনে সবচে তরুন্তুপূর্ণ ও মৌলিক উপাদান ছিলো – অন্য কিছু নয় – তাঁর নিজ্ঞা করুন্তুপূর্ণ ও মৌলিক উপাদান ছিলো – অন্য কিছু নয় – তাঁর নিজ্ঞা চৌ-সাধনা এবং লক্ষ্য ও উদ্দেশ্যের প্রতি তাঁর ঐকান্তিকতা ও একার্যতা। এ অমূল্য সম্পদ যদি ভোমার না থাকে তাহলে সুবিজ্ঞ ও সুপ্রাক্ত শিক্ষকমঙ্গী তোমাকে গড়ে তোলার যত চেষ্টাই করুন এবং স্থনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান তোমার উন্নতির জন্য যত উদ্যোগ আয়োজনই গ্রহণ করুক, ব্যর্থতা ও দুর্ভাগ্যের সম্বন্ধ ববে না।

যিনিই গড়ে উঠেছেন এবং আপন কীর্তি ও কর্মে প্রোচ্ছল হয়েছেন, নিজের চেষ্টা-সাধনা ও পরিশ্রমের বিরাট বিনিয়োগের মাধ্যমেই হয়েছেন। অলস, কর্মবিশ্বখ ও নিস্কেষ্ট মানুষের জন্য সাধনার এই পথিবীতে কোন স্থান নেই।

নিঃসন্দেহে আল্লাহর তাওফীক ও মদদই হলো সফলতার প্রথম শর্ভ, কিন্তু আল্লাহর অনুশ্রহ তো তাদেরই জন্য যারা মেহনতের পর দু'আ করে।

তদ্রুপ সামনে চলার পাথেয়রপে আসাতেযা কেরামের পথনির্দেশও অপরিহার্য, কিন্তু বারুন্দ ছাড়া বন্দুক যেমন বেকার তেমনি তোমার চেষ্টা সাধনা ছাড়া সবই নিক্ষণ।

আল্লাহর তাওফীক যদি শামিলে হাল হয় তাহলে নিজের চেষ্টা সাধনা দ্বারা মানুষ যা ইচ্ছা তাই হতে পারে, যা ইচ্ছা তাই করতে পারে।

## আল্লাহ-প্ৰেম

তৃতীয় ও শেষ যে কথাটি আমি বলতে চাই তা এই যে, মানুবের কর্তব্য হলো, যে উদ্দেশ্যে তাকে সৃষ্টি করা হয়েছে সে সম্পর্কে সর্বদা সজাপ থাকা। তোমার জীবন গঠনে এবং জীবনের লক্ষ্য ও উদ্দেশ্য সাধনে প্রকৃতপক্ষে যা কাজে আসবে তা হলো আধেরাতের চিন্তা এবং আল্লাহর রিয়া ও সৃষ্টি লাতের জাযবা ও ব্যাকুলতা। বলাবাছলা যে, আল্লাহর প্রতি প্রেম ও আত্মনিবেদনের প্রাণ ও রহ যদি মানুরের ভিতরে না থাকে ভারলে মানুষ যত বড় দেখক, সাহিত্যিক ও বাগ্মী হোক না কেন, যত বড় মুফাস্সির, মুহাদিছ ও ফকীহ হোক না কেন, এই মহাসম্পদ থোকে সে মান্তরমূষ্ট থেকে থাবে।

হতে পারে কিছু দিনের জন্য বিমুদ্ধ মানুষের করতালি ও বাহবা সে পেলো এবং কিছু জুতি ও সুখ্যাতি ভোগ করলো। কিছু এর বেদী কিছু প্রাপ্তি তার কিসমতে নেই। হাকীকতে যে জিনিস ভোমার কাজে আসবে তা হলো আন্নাহর ভয়, আধোরতের চিন্তা এবং আন্নাহর বিষা ও সম্ভৃতি লাভের চেটা।

মাওলানা ফযলুর-রহমান গাঞ্জে মুরাদাবাদী (রহঃ) এক তালিবে ইলমকে জিজ্ঞাসা করলেন, কী পড়োঃ সে বললো, (ভর্কশাস্ত্রের কিতাব) কাযী মোবারাক পড়ি।

হ্যরত মুরাদাবাদী বললেন-

আসতাগন্ধিরুল্পাং! এসব পড়ে কী লাভং ধরো, মানতিক পড়ে তুমি কামী মোবারাকের মতই মানতেকী হয়ে গেলে, কিন্তু তার পর কী হবেং কামী মোবারাকের কবর খুলে দেখো, কী তাঁর অবস্থা! আর এমন কোন কবরের সামনে দাড়িয়ে দেখো যার ইলম তেমন ছিলো না, কিন্তু আল্লাহর সঙ্গে সম্পর্কের দৌলত ছিলো, দেখো সেখানে আনওয়ার ও বারাকাতের কেমন ফায়খান ও উচ্ছলতা।

মেনে নিলাম যে, তুমি বড় মাপের লেখক সাহিত্যিক হয়ে গেলে ( যদিও আমি সাহিত্যচর্চা ও সাহিত্য-কুশলতার জোরদার সমর্থক এবং দাওয়াতের ময়দানে সাহিত্য থেকে আমি নিজেও বিরাট সেবা গ্রহণ করেছি।)

কিন্তু তোমার সাহিত্য-প্রতিভা তথনই সার্থক হবে যখন উদ্দেশ্য হবে আল্লাহর রিযা ও সন্তুষ্টি। অন্যথায় তা হবে নফসের বাহন এবং বরবাদীর কারণ।

সুতরাং প্রিয় বন্ধুগণ। আল্লাহর রিযা ও সন্তুষ্টিকেই সবার আগে রাখো এবং এটাকেই মাকছাদে হায়াত রূপে গ্রহণ করো।

## ইখলাছ, আত্মত্যাগ ও আত্মযোগ্যতা

২৫ ডিসেম্বর ১৯৬৩ ইংরেজি।
দারুল উল্ম নাদওয়াতুল উলামার
শিক্ষা সমাপনকারী তালিবানের
বিদায়ী অনুষ্ঠান। হযরত মাওলান
সাইয়েদ আবুল হাসান আলী
নাদাবী (রহ) বিদায়ী তালিবানের
উদ্দেশ্যে এ ভাষণ প্রদান করেন।
তাতে তিনি ঐসকল গুণ ও বৈশিষ্ট্য
আলোচনা করেছেন যা ছাড়া তানের
জীবনের উদ্দেশ্য সফল হতে পারে
না।

এ মৃল্যবান ভাষণে রয়েছে এমন কিছু দিকনির্দেশনা যা তালিবে ইলমের ইলমী জীবনের জন্য আলোকবর্ভিকা হতে পারে, হতে পারে অমৃল্য পাথের।। সমস্ত প্রশংসা আল্লাহর। তিনি ছাড়া কোন ইলাহ নেই। তিনি ছাড়া কোন সহায় নেই। এবং দুরূদ ও সালাম তাঁর হাবীবের প্রতি, সারা জাহানের জন্য যিনি করুণা ও রহমত, যার আনুগতাই হলো মুক্তির একমাত্র পথ।

#### আমার প্রিয় তালিবানে ইলম!

এখন বিদায়ের সময় এবং সবাই দুঃখ ভারাক্রান্ত। এটাই স্বাভাবিক। কেননা বিদায় আনন্দ-বেদনার মিশ্র অনুভৃতিরই মুহূর্ত। আনন্দ হলো সামনের সঞ্জাবনাময় কর্মজীবনের জন্য এবং বেদনা হলো বর্তমানের প্রিয়জনদের বিচ্ছেবেদর জন্য। কিন্তু বিদায় তো সময়েরই অনিবার্য প্রয়োজন! সারা জীবন তো তথু বিদায়েরই আনিবার্য ক্রান্তিকর বিদায়ে, তারপর একবার চিকরালের বিদায়। সুত্রাং বিদায়কে অনিবার্য সত্যরূপে বরণ করে নেয়াই হলো বিজিমানের কাজ।

যে মা সন্তানকে ওধু বুকে আগলে রাখেন, আঁচলে ঢেকে রাখেন। কখনো চোধের আড়াল করতে রাজী নন, তাকে যতই মমতাময়ী বলুন- তিনি আদর্শ মা নন। তার সন্তান কখনো বড় হতে পারে না। জীবন সংগ্রামে জয়ী হতে পারে না। অব কালত বুকে মাথ উঁচু করে দাঁড়াতে পারে না। কেননা সে তো মায়ের নিরাপদ আঁচলেই লুকিয়ে ছিলো, জগতের বান্তবতা এবং সময়ের তিকতা থেকে শিক্ষা গ্রহণের স্থাোগ তো সে পায়নি।

মায়ের স্নেহ-মমতায় প্রতিপালিত হওয়ার জন্য রয়েছে একটা নির্ধারিত সময়। ততক্রণ মা তাকে আঁচলের ছায়া দিয়ে, বুকের উত্তাপ দিয়ে পরম মমতায়-লালন পালন করে থাকেন। তারপর সেই মমতায়য়ী মা-ই বুকের মানিককে বুক থেকে আলগ করে দেন এবং শিক্ষার জন্য, দীক্ষার জন্য চোবের আড়ালে দূরে বহু দূরে পাঠিয়ে দেন। যাতে সভান তার বড় হয়, জনী হয়, তবী হয় এবং মানুষ হয়। তাহলেই না এ সন্তান বার্ধক্যে তার চোবের আলো হবে, বুকের বল হবে এবং মুগু পর্যন্ত তার সকল দুঃসমন্তের সহায় হবে।

#### আমার প্রিয় তালিবানে ইলম!

আপনার জ্ঞান-সতার জন্য মাদরাসাও তেমনি এক মমতাময়ী মা। মাদরাসার প্রশান্ত, পবিত্র ও জ্ঞানগঞ্জীর পরিবেশে আপনার জীবনের দীর্ঘ সময় কেটেছে। সূতরাং এর প্রতিটি ইট-পাধরের সাধে এবং এখানকার প্রত্যেক মানুষের সাথে ভালোবাসার নিবিড় সম্পর্ক গড়ে ওঠা খুবই স্বাতারিক। এটা মানব স্বভাবের স্বঃতক্ষুর্ত চাহিদা। সকল সৃষ্টির মাঝেই আল্লাহ ভালোবাসা ও অন্তরঙ্গতার তুপ রেখেছেন। তবে মানুষের মাঝে এ গুণের প্রকাশ আরো গড়ীর ও নিবিড়।

তধু ভাষা বিজ্ঞানই নয়, বরং মনোবিজ্ঞানেরও বড় বড় বিশারদ বলে থাকেন যে, স্বয়ং 'ইনসান' শব্দের ধাড়ুগত অর্থও হচ্ছে ভাব ও ভালোবাসা এবং অনুরাগ ও অত্তরস্কৃতা।

যাই হোক, এদিক থেকে তে। এখন আমাদের অন্তরে যথেষ্ট বেদনা ও 
যন্ত্রণা আছে যে, আমাদের মাঝে আজ বিদায়ের ও বিচ্ছেদের ডাক এদেছে।
দীর্ঘদিনের একত্র জীবনের ইতি হতে চলেছে। কত কথা, কত শৃতি মনের
মণিকোঠায় জমা হয়ে আছে। অথত কঠিন সতা এই যে, হয়ত অধনেক দিন,
কিংবা কোনদিন আমাদের আর দেখা হবে না। কিল্পু অন্য দিক থেকে আমরা
অশেষ আনদিক যে, আপনারা সুষ্টু সুন্দর ভাবে আপনাদের শিক্ষাকাল পূর্ণ
করেছেন। এমন এক নায়ুক ও সঙ্গিন সময়ে আপনারা ছীনের ইলম হাছিল
করেছেন থমন পরিবেশ সম্পূর্ণ ধৈরী। সমাজ থেকে স্বস্তি ও স্থিতি যখন অপস্ত
এবং ঘাত-প্রতিঘাতে সবাই যখন বিপর্যত। তারপরো আপনারা টিকে ছিলেন
এবং শিক্ষাজীবনের নির্ধারিত পর্যায়ে উপনীত হয়েছেন। এ জন্য আপনারা
অবংশাই আগুরিক অভিনন্দন লাভের যোগ।

## শিক্ষার সমাপ্তি নেই

এ ক্ষেত্রে 'শিক্ষা-সমান্তি' পরিভাষার বহল ব্যবহার হয়ে থাকে। কিছু এর অর্থ ও মর্ম অনুধাবনে অনেকেই ভূল করে থাকেন। শিক্ষা প্রতিষ্ঠানকে অবলাই একটি শিক্ষাকাল নির্ধারণ করতে হবে এবং শিক্ষাবিকেও তা সমাপ্ত করতে হবে। কিছু এখানে আমরা যে মহাগুকুত্বপূর্ণ কথাটি আপনাকে বলতে চাই তা এই যে, শিক্ষাবিশি কাজীর শিক্ষাজীবন কথনো 'সমাপ্ত' হতে পারে না এবং তালিবে ইলম কথনো তলবে ইলম থেকে 'ফারিপ' হতে পারে না।

আল্লাহ না করুন, আপনি যদি 'শিক্ষা-সমাপ্তি'র অর্থ এই মনে করে থাকেন যে, তালিম ও শিক্ষা অর্জন থেকে আপনি ফারিগ হয়ে গেছেন। অধিক তালিম ও তারবিয়াতের আপনার প্রয়োজন নেই। শিক্ষায় দীক্ষায় আপনি এখন সম্পূর্ণ। কেননা আপনি 'শিক্ষা সমাপ্ত' করেছেন, তাহলে কোন রকম দ্বিধা সংকোচ ছাড়া পরিষার ভাষায় আমি বলবো যে, আপনি কিছুই শিক্ষা লাভ করেন নি। আপনাদের প্রিয় প্রতিষ্ঠান তার উদ্দেশ্যের পথে সম্পূর্ণ বার্থ হয়েছে। আর আমরা যারা আপনাদের সেবায় নিয়োজিত ছিলাম, আমরা হয়েছি সর্বস্থাত্ত।

কিন্তু আমি আগেও বলেছি যে, আপনাদের প্রতি আমার পূর্ণ আস্থা রয়েছে। আমার বিশ্বাস, শিক্ষাসমান্তির এবং তালিম থেকে ফারাগতের এই গলন অর্থ আপনারা গ্রহণ করেন নি, ববং আপনাদের মহান পূর্ববর্তীদের কাছে এর যে অর্থ ও মর্ম ছিলো আপনারাত তাই ব্রুক্তেন এবং বিশ্বাস করেছেন।

সুযোগ্য পূর্বসূরীর সুযোগ্য উত্তরসূরী হিসাবে আপনারাও নিশ্যর বিশ্বাস করেন যে, ফারিশ হওয়ার অর্থ হলো, শিকা লাতের এমন এক স্তরে আপনারা উপনীত হয়েছেন যে, এখন যে কোন বিষয়ে কিতাব হাতে নিতে পারেন এবং সাহস করে জ্ঞান সমূদ্রে ভূব দিয়ে প্রয়োজনীয় মণি-মুকা ভূকে আনতে পারেন বরং এভাবে বলা অধিক সঙ্গত যে, জ্ঞান-ভাগ্যারের চাবিওঞ্চ আপনার হাতে ভূকে দেয়া হয়েছে। আপনি এখন যে কোন ভালা বুলতে পারেন এবং যত ইঞ্চে জ্ঞান-সম্পদ আহবণ করতে পারেন। এই চাবিওঞ্চ আপনি যত বেশী ব্যবহার কর্ষবেন তও বেশী লাভযান মনে, তত বেশী বিশ্বন ও বিওবান হবেন।

যে কোন নিছাব ও পাঠ্যব্যবস্থার একটি নিজস্ব বৈশিষ্ট্য থাকে। আমাদের দ্বীনী মাদারেদের নিছাব ও পাঠাব্যবস্থা যদি তার শিক্ষার্থীর মাঝে 'আমি কিছু জানি না' – এই অজ্ঞতাবোধ সৃষ্টি করে দিতে পারে তাহলেই নিছাবের উদ্দেশ্য সফল।' তাহলেই এতো সব উদ্যোগ আয়োজন এবং এতো সব শ্রম ও পরিশ্রম সার্থক।

'অজ্ঞতা' শব্দটি হয়ত অনেকের কাছে অল্পত মনে হবে। কিন্তু পূর্ণ সচেতনভাবেই শব্দটির উপর আমি জোর দিতে চাই। আধুনিক যুগের মানুষ 'সশীল' ভাষায় এটাকেই 'জ্ঞানমনকতা' বলে।

এই অজ্ঞতারোধ কিংবা জ্ঞানমনস্কতা যদি আপনার মাঝে জার্যত হয়ে থাকে তাহদেই আপনি সফল। আপনার শিক্ষাজীবন সার্থক। আমি আপনাকে, আপনার শিক্ষাপ্রতিষ্ঠানকে এবং আপনাকে গড়ে তোলার কারিগর যারা তানেরকে অভিনন্দন ও মোবারকবাদ জানাবো।

এই ভূমিকা নিবেদনের পর সংক্ষিপ্ত সময়ে আমি আমার বিদায়ী ভাইদের উদ্দেশ্যে ভিনটি কথা আরয করবো এবং আপনাদের সজাগ দৃষ্টি ও পূর্ব মনসংযোগ আশা করবো।

## ইখলাছ ও লিল্লাহিয়াত

মুসলমানের যিন্দেগির কামিয়াবির প্রথম কথা হলো ইখলাছ ও লিল্লাহিয়াত। বড় বড় ব্যুর্গানে হীন, ইমাম ও মুজতাহিদীন এবং জ্ঞানসাধক ও যুগসংস্কারক, পৃথিবীতে যারা অমর হয়েছেন এবং ইতিহাদের পাতায় যানের নাম বংগাজ্জ্প হয়েছে, যদি তাঁদের জীবনের বিভাগ্যন করেন তাহলে দেখতে পাবেন যে, ইখলাছই ছিলো তাঁদের জীবনের বিনির্মাণের ক্ষেত্রে অন্যতম গুরুত্বপূর্ণ উপাদান। লিল্লাহিয়াত ও আল্লাহর প্রতি আত্মনিবেদনই তাঁদের প্রতিটি কর্ম ও কীর্তিকে এমন অমরও দান করেছে।

দরসে নিযামীর 'বানী' ও প্রবর্তক মোল্লা নিযামুদ্দীনের কথাই ধকন। দ্বীনী শিক্ষাব্যবস্থা হিসাবে দরসে নিয়ামীর অপ্রতিহত প্রভাব মুগ মুগ ধরে তথু পাক-ভারতে নয়, পৃথিবীর আরো দূর দূরাঞ্চলেও অব্যাহত রয়েছে। এত এত সংকার প্রচেষ্টা সত্ত্বেও তাকে 'টস থেকে মস' করা সম্ভব হয়নি। কিসের জোরে, কিসের বলে? ৩খু জান-প্রতিভা ও বুদ্ধি-প্রজার বলে নয়। কেননা তাঁর সমকলে বহু ব্যক্তি ও ব্যক্তিত্ব এমন ছিলো যারা মেধায় ও প্রতিভায় এবং জ্ঞানে ও গুণে তাঁর থেকে অপ্রসর না হলেও সমকক্ষ অবশাই ছিলেন। কিন্তু লুকিয়ে আছে কী এমন রহস্য যে, মোল্লা নিয়ামুদ্দীন তো আগুও জীবত্ব, অথচ অন্যদের আলোচনা পর্যন্ত বিহু বাহ তাদের নাম উচ্চারিত হয় এই সুবাদে যে, তারা ছিলেন তাঁর সমসমায়িত।

আমাদের দ্বীনী মাদরাসার শিক্ষার্থীদের জন্য এটা খুবই আফসোসের বিষয় হবে যে, আজকের এই গতির যুগে আমরা আধুনিক জ্ঞান-বিজ্ঞানের সাধারণ পরিচয় থেকেও অক্ক থেকে যাবো, যা সময়ের অপরিহার্য প্রয়োজন। সুতরাং আধুনিক ক্লান-বিজ্ঞানের আসরেও আমাদের অংশ গ্রহণ এবং প্রয়োজনীয় জ্ঞান ও তথা আহবণ করা উচিত।

আমি আহলে ইলমের সামান্য কয়েকটি মজলিসই এমন দেখেছি যাকে বলা যায় নিডেঁজাল ইলমী মজলিস। যেখানে বক্ত থেকে শেষ পর্যন্ত তথু ইলমের আলোচনা হতো। মাওলানা সৈয়দ পোলায়মান নাদাবী, শাহ হালীম আতা এবং আলোমা ইকবালের মজলিস। অবদা আল্লামা ইকবালকে দেখার সুযোগ হয়েছে আমার মাত্র দু'বার। আমি খুবই আনন্দিত হবো যদি এখানে জানী-গুলীদের আগমন হয়, আর আপনাদের সামনে তারা তাদের মন উজাড় করে দেন এবং তাদের দীর্ঘ জীবনের সঞ্চিত ইলমের নির্মাস তুলে ধরেন। কিছু তারপরও যদি আপনাদের মাঝে কোন গরিবর্তন না আলে এবং জীবনে কোন বিপ্লব সূচিত না হয় ভারলে তা রুবে চরম সভাগোর বাপার।

এখানে যদি ইসলামী জ্ঞান ও শান্তের বিভিন্ন শাখার বিশিষ্ট ব্যক্তিদের দাওয়াত দেয়া হয় তাহলে আমার বিবেচনায় আধুনিক জ্ঞান-বিজ্ঞানের বিদম্ভকনদেরও আমন্ত্রপ জানানো উচিত, যারা আপনাদের সামনে আধুনিক জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখার উপর সারগর্গত ও তথ্যপূর্ব বৃক্তৃতা দান করবেন। একইভাবে কবি-সাহিত্যিক ও ভাষাবিদদেরও আহ্বান জানানো উচিত, যারা ভাষা ও সাহিত্য চর্চার ক্ষেত্রে তাদের দীর্ঘ জীবনের অভিজ্ঞাতা আপনাদের সামনে তুলে ধরবেন।

আজকের যুগ হলো সর্ববিষয়ে প্রয়োজনীয় জ্ঞান লাভের এবং কোন এক বিষয়ে বিশেষজ্ঞতা অর্জনের যুগ। সুভরাং আপনাদেরকে অবশ্যই পর্যাপ্ত পরি মাণে বহুমুখী জ্ঞানের অধিকারী হতে হবে, যাতে আপনারা বিশ্ব-বিদ্যালয়ের শিক্ষার্থী তো বটেই, এমনকি শিক্ষকদের সামনেও যেন স্বতঃক্ষুর্তভাবে কথা বলতে পারেন। কোন রকম দ্বিধা-জড়তা ও হীনমন্যতা যেন আপনাদের দুর্বল করতে না পারে। নাদওয়াতুল উলামার ছাত্রদের সাংস্কৃতিক মজলিস 'আল-ইছলাহ' এর মূল উদ্দেশ্যও কিন্তু এটাই যে, আপনাদের মাথে ইলমী যাওক ও জ্ঞানমনন্ধতা সৃষ্টি হবে, আপনাদের চিন্তার দিগন্ত প্রসারিত হবে এবং মূগ ও সমাজের গতিধারা সম্পর্কে আপনারা বা-খবর হবেন।

কিতাব মুতালা'আ ও গ্রন্থ অধ্যয়নের যে কথা আগে আমি বলেছি সে ক্ষেত্রে কিতাব ও গ্রন্থ নির্বাচন অতি গুরুত্বপূর্ণ বিষয়। কোন্ বিষয় আপনি অধ্যয়ন করবেন এবং ঐ বিষয়ের কোন্ কোন্ কিতাব কোন্ পর্যায়ক্রমে অধ্যয়ন করবেন তা খুব চিন্তাভাবনার সাথে নির্বারণ করতে হবে, সেই সঙ্গে আহলে ইলমের মজলিস ও ছোহবত থেকে ফায়না হাছিল করতে হবে। কবি সুন্দর বলেছেন এবং সতা বালেছেন-

# بنتي نهيں هے باده و ساغر كھے بغير

আসে না তো 'পান-ক্রচি' পানশালায় না গেলে এবং সাকীর সঙ্গ না পেলে। তদ্দপ দ্বীনের যাওক ও সহজাত রুচিবোধও তৈরী হয়, যারা আহলুব্রাহ

তাদের মজলিসে বসে এবং তাদের সান্নিধ্যে থেকে।

কন্ট-সাধনার পরই লাভ হয়।

থাকে।

যাওক বা ক্রচিবোধ কী? এটা ব্যাখ্যা করে বোঝানো সম্ভব নয়। আল্লাহ যাকে দান করেন সেই তথু বুঝতে পারে। প্রত্যেক জিনিসের একটি ক্রচিবোধ আছে এবং তা তথু 'ক্রচিবানদের' সান্নিধ্য থেকেই লাভ হয় এবং বেশ-

পৃথিবীতে আজ মানব-জীবনের স্বভাব প্রচিবোধ বিলুপ্ত হয়ে গেছে।
প্রচি-ডন্ন ও নির্মল-পবিত্র জীবন যাপানের ক্রুচিবোধ হারিয়ে পেছে, তাই জীবন
হয়ে পড়েছে জ্বলন্ত আযাব। বিজ্ঞান ও প্রযুক্তির এতো উন্নতি সত্ত্বেও
ইউরোপ-আমেরিকা মানবীয় জীবনের সুন্দর ও নির্মল ক্রুচি টেঙ্কী করতে পারে
নি। তাই যন্ত্রের এমন সর্বব্যাপী আধিপতা সত্ত্বেও সেখানে এখনো তারা
স্বিত্যকার মানুষের প্রয়োজন অনুভব করে এবং মানুষকেই প্রধান শুরুক্ত

\*\*\*

আমার প্রিয় বন্ধুগণ। ভালোভাবে মনে রাখুন, যারা আপনাদের শিক্ষক তাদের ঘারাই আপনাদের কাজ হবে। এই নিভূ নিভূ বাতি দিয়েই আপনাদের জ্ঞীবন-প্রদীপ প্রস্তৃলিত হবে এবং হন্য ও মন্তিরু আলোকিত হবে। কিন্তু যদি মনে করেন যে, অন্য কোন উপায়ে, অন্য কোন বাতি থেকে জ্ঞীবনের এবং হৃদয়ের প্রদীপ প্রস্তৃপিত করবেন ভাহলে ক্ষতি ও খাছারাই হবে শেষ পরিণতি। কেননা সব আহন আলো দেয় না, কিছু আহন জ্ঞালিয়ে দেয়।

খুব ভালোভাবে বুঝে নিন, এই আসাতিয়া কেরামের মজলিসে বসেই এবং 
তাদের সান্নিধ্য থেকেই আপনারা দ্বীনের এবং ইলমের বিশুদ্ধ রুচিরোধ ও 
অনুরাগ অর্জন করতে পারবেন। তবে পর্ত এই যে, আস্থা ও বিশ্বাসের সাথে 
এবং কিছুটা হলেও ভক্তি ও একাছতার সাথে তাদের সঙ্গ লাভ করতে হবে। 
মনে রাখবেন স্বার্থপর ও নিঃস্বার্থ এবং ভালো ও মন্দ, এমনকি মানুষ ও 
অমানুষের মাবেও পার্থকা বোঝার জন্য কোখাও কোন নিয়ম ও বিধি-বিধান । 
লেখা নেই। এটা ভশ্ব অনুভব ও ক্রাচিবোধ দ্বারাই জানা যায়।

\*\*\*

সমন্ত মাদরাসায় এখন একটি ভয়াবহ শূন্যতা বিরাজ করছে। তা এই যে,
আসাতিয়া ও তালাবা— এ দুইরের মাঝে কোন সম্পর্ক নেই, এমনকি দূন্যতম
যোগাযোগও নেই। বরং উভয়ের মাঝে বিরাট ফারাক ও ব্যবধান সৃষ্টি হয়ে
শিয়েছে। তারা এখন শুধু দরসের ছাত্র এবং দরসের আসাভেয়া হয়ে পড়েছেন।
এই সম্পর্কহীনতা ও ব্যবধান অবশাই দূর করতে হবে। উভয়ের মাঝে আছার
সম্পর্ক এবং ক্রমেরে বাঁধন সৃষ্টি করতে হবে, মাদারিসের অভিজু, ইলমের
অগ্রগতি এবং ডালিরে ইলমের কামিয়ারি এখানেই বয়েছে নিহিত।

# আজ প্রয়োজন আরো যোগ্যতার, আরো সাধনার

দারুল উল্ম নাদওয়াতুল উলামা-এর ছাত্রদের সাংকৃতিক সংগঠন বিদ্যালয় বাংলাল কর্মান্ত কর্মান্ত কর্মান্ত কর্মান আলী নাদাবী (বহঃ)- এর ভাষণ, যার সারমর্ম এই মে, আজকের পরিবর্তিত সময়ে সমাজকে সঠিক নেতৃত্ব ও দিকনির্দেশনা দিতে হলে তালিবানে ইলমকে আর্জার করতে হবে এবং বহুছবী যোগাতার পরিচয় দিতে হবে।

নাহমাদুহ্ ওয়া নুছাল্লী আলা রাস্লিহিল কারীম, আন্মা বাদ~ আমার পিয় তালিবানে ইলমণ

দারুল উল্মের একটি বড় উদ্দেশ্য ছিলো এই যে, এখানকার শিক্ষা-জীবন শেষ করে বের হওয়া ভালিবে ইশম বাইরের দুনিয়ায় যেন অপরিচিত ও অপাংকেয় না হয়। তাকে যেন সময় ও সমাজের সাথে 'খাপ না বাওয়া' ভিনু মুলের, ভিনু জগতের মানুষ ভাবা না হয়।

এমন যেন না হয় যে, দারুল উলুমের ইলমী পরিবেশে কয়েক বছর জীবন ও জগত থেকে বিচ্ছিন্ন এবং সময় ও সমাজ থেকে বেখবর থেকে হঠাৎ কর্মের মহানানে হাজির হলো, অার দিশেহারা অবস্থায় পড়ে গোলো, বরং এমন যেন হয় যে, এখানে থাকা অবস্থায়ও নিয়মিতভাবে (এবং নিয়ন্ত্রিভভাবে) বাইরের আলো-বাভাস সে এইণ করতে পারে এবং উন্যুক্ত বাভায়ন পথে ভিতর থেকে বাইবের জগত অবলোকন ও পর্যবেকণ করতে পাবে।

### যামানা এখন বদলে গেছে

দাকল উল্মের যখন প্রতিষ্ঠা, তখন আমাদের দ্বীনী মাদারেসে পঠন-পাঠনের একটি বিশেষ আষা ও পরিভাষা প্রচলিত ছিলো এবং চিত্তা-ভাবনা প্রকাশের জন্যও ছিলো আলাদার রীতি ও শেলী। এটা ছিলো আমাদের প্রাচীন দিক্ষা-ব্যবস্থার অবশাদ্ধারী আলাদার রীতি ও পদ্ধতি, স্বকিছু সে যুগের প্রচলিত দিক্ষা-ব্যবস্থা খারা প্রতাক ছিলো। তখন মাদরাসায় পত্র-পত্রিকার তেমন প্রচলন ছিলো।, ববং দামাদরাসায় পত্র-পত্রিকার তেমন প্রচলন ছিলো।, ববং দামাদরাসায় পত্র-পত্রিকার তেমন প্রচলন ছিলো।, ববং দামাদরীর বিষয় ছিলো। সেই সময়ে সেই পরিবেশে দারুল উলুমের ছাত্রাকর এমন একটি সংগঠনের ভিত্তি স্থাপন করা খার আলাদা পাঠাগার থাকরে, পত্র-পত্রিকার বিভাগ থাকরে, সাপ্তাহিক বক্তৃতা ও রচনা প্রতিযোগিতার অনুষ্ঠান থাকরে এবং এর যাবতীয় আয়োজন ও বাবস্থাপনা, এমনকি সংগঠনের পরিকারনার সাবিক দায়িত্ব ছাত্রদের হাতে থাকরে এটা ছিলো অত্যন্ত বাত্রবাদী ভিত্তা এবং সময়ের সাহসী পদক্ষেপ।

এখন তো এই 'সাংস্কৃতিক চিন্তা' আমাদের মাদরাসা-জীবনে এমনভাবে

মিশে গেছে যে তাতে 'অভিনবড্ব' কিছু নেই। কিছু আজ থেকে সন্তর বছর আগে আঠারো শতকের একেবারে শেষ দিকে সদ্যপ্রতিষ্ঠিত দারুল উলুমের বিচক্ষণ শিক্ষক ও শিক্ষাপাঁদের 'জমইয়াছুল ইছলাহ' প্রতিষ্ঠার এই সাহসী পদক্ষেপ আহলে মাদারেসের জন্য ছিলো চমকে ওঠার মত ঘটনা। মে যুগ খারা দেখছেন এবং ইলমী মহলের মন-মানস ও চিন্তা-চেতনার লাথে যাদের পরিচয় ছিলো তারাই ওধু আমার কথার ওক্ষত্ব ও গভীরতা অনুধাবন করতে পারবেন।

সে মূপের সে পরিবেশের বিচারে এটা ছিলো অত্যন্ত কল্যাগপ্রসূ একটি পদক্ষেপ। এবং কোন সন্দেহ নেই মে, আল-ইছলাহ যুগ ও সময়ের জন্য তথন দিশারীর ভূমিকা পালন করেছে, এখনো করে চলেছে। এখানে যারা শিক্ষা লাভ করেছেন, অনুশীলন করেছেন এবং অভিজ্ঞতা সঞ্চয় করেছেন সমাজের কর্মেক্রের দেমে তারা তা বেশ কাজে লাগিয়েছেন। এখানে তাদের যোগ্যতা ও প্রতিভার এমন পরিচর্যা হয়েছে যে, পরবর্তীতে সময় ও সমাজের সামনে দাঁড়াতে তাদের কোন রকম দ্বিধা-সংকোচের সন্থুখীন হতে হয় নি। সূতরাং আল-ইছলাহ যারা প্রতিষ্ঠা করেছিলেন, দারুল উপ্নের সেই সুসন্তানদের কীর্তি ও অবাদানেং যত উদ্ধ প্রশালই করা হোক এবং তাদের স্মৃতির উদ্দেশ্যে যত কৃতজ্ঞতাই নিবেদন করা হোক, তা সামান।

\*\*\*

# কিন্তু আমার প্রিয় বন্ধুগণ!

যে কোন কাজের এবং যে কোন পদক্ষেপের মূল্যায়ন ইয় সমকালের চাহিদা
ও প্রয়োজনের মানদঙে। আল-ইছলাহ-এর অভিটা যে সময়ের ঘটনা ওখনকার
জন্য সেটা ছিলো আদিন সমাজের প্রাথসর চিন্তার উজ্জ্বল দৃষ্টান্ত এবং
নিরুপন্দেরে দারুল উল্ম ছিলো এই চিন্তার দিশারী ও পবিকৃত। কিন্তু সামনে
এপিয়ে চলাই হলো সময়ের ধর্ম। সময় সদা গতিনীল, মূরুতের জন্য তার যাত্রা
বিরতি নেই। তাই সময়ের ব্যবধানে চিন্তা-ভাবনার পরিবর্তন হয় এবং চাহিদা
ও প্রয়োজনের রুপবদল হয়। সামনে আসে নতুন নতুন সমস্যা ও জিজ্ঞাসা।
তৈরী হয় কর্ম ও পরীক্ষার নতুন নতুন কর এবং উলামায়ে উম্পত্তকে দীড়াতে
হয় জন্য রকম কিছু চ্যালেঞ্জের সামনে, যার সফল মোকাবেলার উপর নির্ভর
করে ইলম ও আহলে ইল্নের অন্তিজ্ব। এখন তো সাধারণ মাদরালায়ও
লেখালেশ্বির চর্চা এবং বজুতা-বিতর্কের অনুনীলন হয়, দেয়ালিকা, এমনকি
নির্য়মিত পত্র-প্রিকাণ্ড প্রকাশিত হয়। কিন্তু বন্ধুরা। সময় এখন অন্য অন্য অনিক্র, এমনকি

গেছে। পরিবেশ-পরিস্থিতি আমূল পাল্টে গেছে। এখন শুধু পত্র-পত্রিকার পাতার বিচরণ, বন্ধূনা-বিতর্কে অংশগ্রহণ এবং মুখে বা কলমে চিন্তার পুৰিন্যন্ত ও পরিমার্ক্তিত উপস্থাপন যোগ্যতা প্রমাণের জন্য যথেষ্ট নয়। এগুলো এখন বৈশিষ্ট্যের বিষয় নয়, বং বিগত যুগের স্থিতিহিন্সাত্র, যা শুধু এজন্য বহাল রাখা হয়েছে যে, হয়ত আ চাতার প্রসার এবং মুগের চাহিদ্যা পুরণের ক্ষেত্রে সহায়ক হবে। নচেৎ বান্তবতা এই যে, পরিবর্তিত সময়ের বিচারে এসবে কোন চমক বা অনক নেই, কীর্তি বা কৃতিগ্র নেই। সময় এখন আবো কিছু চায়, সমাজ এখন অন কিছু চায়, সমাজ এখন

# সাধারণ যোগ্যতা যথেষ্ট নয়

একটা যুগ ছিলো যথন চলমান রীতি ও শেলী অনুসরণ করে একটা কিতাব শিখে ফেলাই ছিলো বড় কামাল। কেননা আদিম সমাজের অবস্থা ছিলো এই যে, মনের চিন্তার গোছালো প্রকাশ ও বিন্যন্ত উপস্থাপনের সামর্থাও তাদের ছিলো না। পিছনের অচল ভাষা ও পরিভাষাই ছিলো তাদের চিন্তার বাহন। তাই তখন একজন নাদাবী আলিমের এ অবদানই যথেষ্ট ছিলো যে, তিনি ইসলামী ইতিহাসের কোন বিষয়ে কলম ধরলেন এবং প্রাচীন উৎসগ্রহের তথ্য-উপাত্ত দত্তন বিন্যাগে ও নব আঙ্গিকে উপস্থাপন করলেন। বিংবা মুসন্মিম সভ্যতা ও সংস্কৃতির বিভিন্ন উজ্জ্বল দিক, মুসন্মিম জানী-বিজ্ঞানীদের বহুমূবী অবদান এবং মুসন্মিম শাসক ও তানের পানসকালের সোনালী অধ্যায় সম্পর্কে সাধারণ মানের একটা গবেষণাপত্র পেশ করলেন যাতে চিন্তা-গবেষণার ছাপ না থাকলেও বিন্যাসলৌকর্ম ও তথা প্রাচুর্য রয়েছে, যাতে আধুনিক পাঠকের কাচি-বিস্থাদ' এবং অপরিচয়ের অবসাদ দূর হয়ে যায়। সে মুলে যে কোন প্রাচীন শিকা প্রতিষ্ঠানের পর্ব ও গৌরবের জন্য এতউক্টই যথেষ্ঠ ছিলো।

কিন্তু আমার প্রিয় বন্ধুগণ! এও দিনে সময় ও সমাজ এবং পরিবেশ ও পরিস্থিতি অনেক বনলে গেছে। এখন যদি আমাদের দুখন্দি এই উদ্দেশ্য হয় ওপু মাঝারি মানের কিছু লেখক-গবেষক উৎপাদন, যাঝা সময়ের পরিবর্তন ও প্রবণতা অনুসরণ করে এবং সমকালীন বৃদ্ধিজীবীদের কলমের লেখা ও চিন্তার রেখা অনুধাবন করে তার মোকাবেলার কিছু বলতে বা লিখতে পরে, তাহলে আমার কাছে ওলুন, চলমান সময়ের জন্য তা মোটেই পর্যাও নয়। সময়ের লাবী ও চাহিদা এখন অনেক ব্যাপক ও বিভূত।

সময়ের দাবী ও চাহিদা সর্বদা একই মানে ও পরিমাণে স্থির থাকে না,

বরং পরিবেশ-পরিস্থিতি, মানুমের যোগ্যতা ও সামর্থ্য এবং রাজনৈতিক ও সামাজিক পরিবর্তনের বিচারে চাহিদার মান ও পরিমাণ নির্ধারিক হয়ে থাকে এবং সে অনুমায়ী উলামায়ে উত্মতের কাছে পথের দিশা ও দিকনির্দেশনা দাবী করে থাকে। সময় এখন কোন স্বীনী শিক্ষাপ্রতিষ্ঠানকে শুধু এ জন্য ছাতুপত্র দিতে প্রস্তুত নয় যে, এখানে উর্দু ভালো বেগক বাকল তৈরী হচ্ছে এবং মার্ঝারি মানের সাহিত্যিক, চিন্তাবিদ ও আলিম তৈরী হচ্ছে।

#### প্রয়োজন আরো বেশী যোগ্যতার ও প্রস্তুতির

শোনো ভাই। মুসলিম সমাজের চিন্তা-জগতে আজ এক ব্যাপক নৈরাজ্য ও নৈরাশ্য ছড়িয়ে পড়ছে। এই উম্মাহ এবং এই ম্বীনের মাঝে যে চিরন্তন যোগাতা গৃছিত্ব রাখা হয়েছে সেই যোগাতা ও ভবিষ্যত সম্বাবনা সম্পর্কে যুবসমাজ এবং আধুনিক শিক্ষিত মহলে ভয়ানক জনাস্থা-জনিক্য়তা দানা বৈধে উঠছে, সর্বোপরি ম্বীনের ধারক-বাহক আলিমদের নড়ন প্রজন্ম মারাম্বক হতাশা ও হীনমান্তা পিকে গোড়ে বসছে। এগুলো দূর করে হুগ ও সমাজের লাগাম টেনে ধরার জন্য এবং দ্বীন ও শরীয়তকে নয়া যামানার নয়া তৃষ্ণান থেকে রক্ষা করার জন্য এখন আনেক বেদী প্রকৃতি হুলোর স্থায়তান আরো বেশী আখানিবেদনের, আপ্রবিসর্ভাবর এয়াজান। এখন প্রয়োজন আরো বেশী আখানিবেদনের, আপ্রবিসর্ভাবর এয়া জারা উঞ্জীকাশে উভ্জয়নের।

এতে কোন সন্দেহ নেই যে, আমাদের পূর্বসূরীগণ অনেক কালজয়ী কীর্তি ও অবদান বেখে গেছেল, বিশেষত আমাদের নাদওয়াতুল উলামার প্রথম কাতারের পেবং নত্ন কৈছে দিয়েছেন প্রথম কাতারের পেবং নত্ন কৈছে দিয়েছেন প্রথম কালেক ইসলাম ও ইসলামী উত্থাহর ভবিষ্যুত সম্ভাবনা সন্দর্ক যথেষ্ট আম্বন্ত করতে পেরেছেন। যে সব সমস্যা ও জিজায়া তখন 'জুলপ্ত' ছিলো সেওলোর উপর চিন্তা-গবেষণার যে ফমল এবং যে বৃদ্ধিবৃত্তিক অবদান তারা রেখে গেছেল তা সে মুগের জন্ম পুরই কার্যকর ও যুগান্তকর ছিলো, কিছু সেওলোর চর্বিত চর্বল এমন বিশেষ কোন কৃতিত্ব বলে গণ্য হবে না এবং তাতে যুগ ও সমাজের ২তাশা দূর হবৈ না

## অধ্যয়নের ক্ষেত্র-বিস্তৃতি

জ্ঞান ও গবেষণার ক্ষেত্র এখন অনেক ব্যাপক ও বিস্তৃত হয়ে পড়েছে। ইলমের যে প্রাচীন ভাগার ও গুপ্ত সম্পদ পূর্ববর্তী আলিমদের কল্পনায়ও ছিলো না, আধুনিক প্রকাশনা বিপ্লবের কল্যাণে এবং বৃহৎ প্রকাশনা সংস্থান্তলার নিরঙ্গস
প্রচেষ্টার তা এখন দিনের আলোতে চলে এনেছে। আগে যে সর কিডাবের তথু
নাম শুনেছি এবন তা গ্রন্থাগারের তাকে তাকে লাগে পায়। তাহাণ্ডা চিন্তার পথ
ও পত্ম। এবং অস্থির চিত্তকে আশ্বন্ত করার উপায়-উপকরণে এত পরিবর্তন
ঘটেছে যে, পুরোনো ধারার অনুকরণ এবন কিছুতেই সরব নয়। সে মুগের বহ্
আলোচনা এখন তার গুরুত্ব হারিয়ে ফেলেছে। একটা সময় ছিলো যখন
আল্লামা শিবলীর আল-বিষয়া ফিল ইসলাম' কে মনে করা হতো মহাআলেড্রন
স্ক্রিকারী কিতাব। 'এক নজরে আওরঙ্গকের' তো ছিলো রীতিমত বৃদ্ধিবৃত্তিক
বিজয়। একইভাবে 'আলেভ্জান্তিয়ার গ্রন্থাগার' ছিলো ইসলামের শত্রুদের
বিরুদ্ধে দাঁতভাঙ্গা জবাব। কিছু এখন তা এতই গুরুত্বহীন যে, এ সম্পর্কে বলার
বা লেখার নতুন কিছু নেই এবং যুগ ও সমাজের ভাতে তেমন আরাহ নেই। এ
মুগে কোন কীর্তি ও কর্ম রেখে যেতে হলে এবং প্রতিভা ও যোগ্যতার বীকৃতি
প্রতে কোনা কারেক ও বিত্তুত জ্ঞান-গবৈষণা ও ইলমী সাধনার প্রয়োজন।
কলনা সময়ের কাফেলা অনেক পথ পাতি দিয়ে চলে গেছে অনেক সামনে।

## সময় সহজে স্বীকৃতি দেয় না

পূর্ববর্তীদের রেখে যাওয়া জ্ঞানসম্পদ অবশ্যই শ্রন্ধার সাথে খরণযোগ্য । এর সাথে জড়িয়ে আছে মূল্যবান শুভি এবং ইতিহাস-ঐতিহ্য । এওলো এখন আমাদের অন্তিত্বেরই অংশ । কিন্তু সময় বড় নির্মণ্ড মামানা বড় বে-রহম । ব্যক্তির বাঞ্জির ব্যক্তিত্ব যত বিশাল হোক, প্রতিভার প্রভা যত সমুজ্জুল হোক এবং জামাত ও সম্পুজ্জুল হোক এবং আলে বালের বাজ নিয়াতে রাজী নয় । যুগের স্বভাবধর্ম এই যে, যোগ্যভার দাবীতে স্বীকৃতি আদায় না করলে আগে বেড়ে সে কাউকে স্বীকার করে না । কোন কিছুর ধারাবাহিকতা বা প্রাচীনতা সময়ের শ্রন্ধা লাভের জন্য যথেষ্ট নয় । সময় এমনই বান্তবেবানী, এমনই শীতল ও নিরপ্রেক যে, তার হাতে নতুন কিছু তুলে না দিলে এবং তার ঘাড়ে ভারী কেন বোঝা চাপিয়ে না দিলে স মাথা নোয়াতে চায় না । সময়ের স্বীকৃতি ও শ্রদ্ধাঞ্জলি লাভ করা এও সহজ নয় এবং তধু ঐতিহ্যের দোহাই যথেষ্ট নয় । সুত্রাই সময়ের স্বীকৃতি পেতে হলে, বাজিত্বের প্রভাব বিবার করতে হলে এবং আত্বার্থী সমাজের মা-সংগত্তি হথাবোগাতার আরো বড় প্রমাণ দিতে হবে এবং বাজিত্বের উচ্চতা ছাড়িয়ে যাবে হিমালয়ের পুসক্রে ।

আরেকটা কথা আপনাকে মনে রাখতে হবে সমান গুরুত্বের সাথে। তা এই যে, জ্ঞান ও বৃদ্ধিবৃত্তি এখন খদিও উৎকর্ষের চরমে পৌছে পেছে এবং চিস্তা-গ্রেবধার বঁর নতুন ক্ষেত্র তৈরী হয়ে গেছে, সর্বোপরি তার ওজতু ও রাগ্যকতা দিন দিন বৃদ্ধি পেয়ে চলেছে। কিন্তু সেই সঙ্গে মানবজাতির জ্ঞান ও বৃদ্ধিবৃত্তিক জ্ঞীবনে বেশ কিছু সমস্যা ও জটিলতারও সৃষ্টি হয়েছে। সময় এখন এমন নতুন মোড় পরিবর্তন করেছে এবং এমন সব উলট-পালট ও বিপ্লব দেখা দিয়েছে যে, তথু জ্ঞানের ব্যাতি, ডিস্তার উচ্চতা, মতবাদের অভিনবত্ব এবং লেখার যাদু এখন সময়ের 'আশীর্বাদ' ও যামানার নেকন্যর লাতের জন্ম যথেষ্ট মা। সেই সঙ্গে এখন প্রয়োজন উন্নত চরিত্রের, দরদী হৃদয়ের এবং অশ্রুত তেজা চেপ্রের।

হয়ত আমার কথা আপনাদের কাছে মনে হবে অবান্তব। হয়ত বলা হবে যে, আমার বন্ধবে। সময়ের চরিত্রের সঠিক চিত্র নেই। কেননা সাদা চোথে দেখা যায়, এক কালে যে সকল আদর্শ ও মূল্যবোধ আমাদের প্রাণপ্রিয় ছিলো এবং যে সকল নীতি ও বিধান শরীয়তের 'প্রণাণ্ড' ছিলো আধুনিক যুগ গে সবের কিন্তুরে বিল্রোহের আওয়াঞ্জ ভুলেছে। সুতরাং মনে হওয়া স্বাভাবিক যে, হৃদরের ও চরিত্রের এবং দরদের ও অশুক্ষদের এখন আর তেমন মলা নেই।

কিন্তু এ ধারণা তুল। কেননা সবকিছুর পরও একথা সভ্য যে, মহৎ বাজিহের প্রতি, উন্নত চরিত্রের প্রতি এবং কর্মের, শুভভার প্রতি সমাজ ও মানুমের শ্রদ্ধা ও ভালোবাসা দুর্বল হওয়ার পরিবর্ধে দিন নি নেতৃত্ব চলেছে। যে কোন সংস্কার ও বিপ্রবের পিছনে প্রাণপুরুষ দ্ধাপে আপনি এমন কোন না কোন ব্যক্তিকে অবশাই দেখতে পারেন যিনি তার বিপুল সংখ্যক সাথী ও অনুগামীকে আপন ব্যক্তিত্ব দ্বারা প্রভাবিত করেছেন, তাদের চিন্তার, চেতনায় এবং তাব ও ভাবনায় পরিবর্তন কেনেছেন এবং তাদের মাঝে এক নতুন চিন্তাধারা সৃষ্টি করেছেন। মোটকথা তুণসমৃদ্ধ কোন ব্যক্তিত্বকে কেন্দ্র করেই নতুন আদর্শরি এবং নতুন বিপ্রবের আবির্ভাব ঘটিছে।

\*\*\*

যে কোন বিপ্লবের গোড়ায়, যেখান থেকে বিপ্লবের নতুন স্রোতধারা উৎসারিত ২য় এবং দেশ ও সমাজের সর্বন্ধরের ছড়িয়ের পড়ে সেখানে অবশাই আপনি একজন কেন্দ্রীয় ব্যক্তিত্ব দেখতে পাবেন, বিশ্বানে শিকড় খার হৃদরের গভীরে প্রোথিত এবং বিপ্লবের চেডনায় যার মন-মডিক আচ্চ্বা। বিশ্বাসের এই গভীরতা এবং চেডনার এই আচ্ছ্রত্বতা তার ব্যক্তিত্বে চৌধুক শক্তি ও বিদ্যুৎ প্রবাহ সৃষ্টি করে লক্ষ লক্ষ মানুষকে দূর থেকে আকৃষ্ট করে কাছে টেনে আনে। তথু বজ্তা ও বাগিতাল, তথু কলমের ধার ও তার, তথু চিন্তার চমক ও গবেষণার চটক এবং তথু মনীযা ও জ্ঞানবৈদদ্ধ দ্বারা যুগ ও সমাজের বুকে নতুন বিপ্রব সৃষ্টি করা যার না। বিপ্রব তো বড় কথা, সালামাটা পরিবর্ডনিও আনা যায় না। সূত্রাং নৈতিকতা ও মূল্যবোধের অবক্ষরের এ যুগে আরো বেশী প্রয়োজন উনুত চরিত্রের, হুদায় ও আত্মার সূতীর দহনের এবং এমন তাপ ও উত্তাপের যা ভিতরে ভিতরে জনা দেয় প্রবল এক আগ্নেয়গিরির, যার লাভা উদ্দীবার সমাজের বিদামান সব জ্ঞাল মুহূর্তে ক্রমীভূত করে এবং লক্ষ কোটি মানুষের হুদায় একই ভাবে উত্তপ্ত করে। আজ দরকার সেই রকম কিছু মানুষের, কিছু জীবত্ত হৃদয়ের এবং কিছু অনুস্থানিত চাথের। আর সেজনা সময় ও সামাজ তাকিয়ে আছে আপনাদেরই পানে ব্যাকুল দৃষ্টিত। কারণ মখমলের গালিচার অভাব সেই, অভাব খেছুর পাতার ছিন্ন চাটাইয়ের।

শুক্ত থেকে আমি ইভিহাদের ছাত্র, এবং ইভিহাস অধ্যয়নের পরিমাণ আমার অল্প লয়। আমি পূর্ণ দায়িত্বে সাথে বলতে পারি যে, অন্তত ইসলামের সুনীর্ঘ ইভিহাদের সীমানায় এমন কোন বিপ্লব বা সংস্কার আন্দোলনের অন্তিত্ব নেই, যা শুধু কথার যালুতে এবং কলমের কারিশমায় সক্ষল হয়েছে।

বর্তমান যুগের অতি গুরুত্বপূর্ণ একটি চিন্তা-দর্শনের দিকে অতি সংক্ষেপে আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আল্লামা ইকবাল এই চিন্তা-দর্শন কাওম ও মিল্লাডের সামনে পেশ করেছিলেন। তিনি বলেছেন-

(এ মুপে) থামানার মুজান্দিল তাকেই বলা যাবে যিনি ইসলামী দরীয়তের শ্রেষ্ঠতু প্রমাণে এবং জীবনের সঙ্গে তার সংযোগ সাধনে সক্ষম হবেন। সময় ও সমাজকে যিনি এ সভাের উপর আশ্বন্ড করতে পারবেন যে, ইসলামের আইন ও দরীয়ত এবং নীতি ও বিধান মানব-মতিয়পুত সকল আইন ও বিধানের চেয়ে উনুও এবং প্রাথস ব। এটা সময় থেকে এত অগ্রবর্তী যে, সময় কথানো তাকে ছাড়িয়ে যেতে পারে না। দুনিয়া যতই উনুতি করুক এবং সময় যতই আপো বাড়ুক ইসলামের দরীয়ত ও জীবনবিধান মানুবের সমাজ ও সভ্যতাকে এবনো পথ নেখাতে পারে এবং সকল যুগজিজাসার সন্তোযজনক জবাব দিতে পারে। মানব জীবনে যত রকম সমস্যার উদ্ধর হতে পারে ইসলামী দরীয়তে রয়েছে তার পূর্ণ সমাধান। সবযুগেই তার মাঝে রয়েছে একটি সর্বোত্তম আদর্শ সমাজ গঠনের সর্বোত্তম বাগ্রাতা

এ চিন্তা-দর্শন আল্লামা ইকবাল জাতির সামনে তুলে ধরেছিলেন এবং তাঁর

আজীবন স্বপ্ন ছিলো যে, এসত্য তিনি প্রমাণ করে দেখাবেন। এ প্রসঙ্গে তিনি পরযোগে আল্লামা সৈয়দ সোলায়মান নাদাবী (রহং) এর সাহায্য প্রার্থনা করেছিলেন। ইসলামী জাহানের জ্ঞানজ্যোতিছ, আল্লামা শিবলী নোমানীর সুযোগ্য উত্তরসূরী আল্লামা সৈহদ সোলায়মান নাদাবী ছাভা এ কাজের যোগ্য। আর কেই বা হতে পারতেন!

এ প্রশ্ন এখনো একইভাবে, ববং আরো জোরালোভাবে উমাহর সামনে বিদ্যমান এবং সন্তোষজনক জবাবের জন্য অপেক্ষমাণ। আজকের ভালিবানে ইলম যারা, আগামীতে তাদের নামতে হবে ইসলামের আইন ও বিধানের শ্রেষ্ঠত্ব প্রমাধের ইলমী ও বৃদ্ধিবৃত্তিক জিহাদে।

## সবচে' ভয়ঙ্কর চিন্তা-যুদ্ধ

একইভাবে বর্তমান মুগে ইসলামী বিশ্বে যে চূড়ান্ত ভাগানির্ধারণী লড়াই তব্ধ হয়েছে তা হলো ইসলাম ও পাছাত্য সভ্যতার লড়াই। এ পর্যন্ত বহু মুসলিম দেশ ও জনপদ পাছাত্য সভ্যতার পূর্ণবির্দ্ধে নিক্ষিপ্ত হয়ে অধঃপাতের এমন অতলে গিয়ে পৌচেছে যা কল্পনা করলেও আমাদের মহান পূর্ববর্তীদের আরাম হারাম হয়ে থেতা। সেই একই ধংগের পথে দ্রুভ ধাবমান রয়েছে আরো বহু মুসলিম দেশ, কিছু আফসোস, আমাদের গাফলতের সুবন্দ্রার ভাতে কোন বাাঘাত ঘটেন।

যাদের হাতে মুসলিম বিশ্বের শাসন ক্ষমতা, সেই অভিজাত শ্রেণী এবং বিপুল সংখ্যাগরিষ্ঠ সাধারণ মুসলমানদের মাঝে এখন এক ভয়াবহ চিন্তানৈতিক হন্দ্র বিরক্তমান শাসকরণ এবং অভিজাত শ্রেণী পাণতাত সভাতাকেই মনে করে উন্নতির চূড়ান্ত প্তর এবং সর্বোন্ধত সমাজব্যবস্থা ও জীবন বিধান লাভের সকলতম মানবীয় প্রচ্টো, যার পর অন্ধ জনুকরণ ছাড়া আর কোন পথ নেই। তাদের বিশ্বাস এই যে, পাশ্চাত্য জীবন-দর্শন হলো ইসলামী জীবন-ব্যবস্থার আধুনিক বিকল্প। কেননা আধুনিক বিশ্বে ইসলামী জীবন-ব্যবস্থা তার সকল কার্যকারিতা হারিয়ে ফেলেছে। সুভরাং এখন আর জীবন-মঞ্চে তার ফিরে আসার চিন্তা করাও উচিত নয়া। এটাই হলো সেই জ্লেজ প্রশ্ন যার প্রলিহান পিখা গোটা ইসলামী জাবনে আঞ্জ ছড়িয়ে পড়েছে, যার ধ্বংসফ্জ থেকে সমাজের কোন শ্রেণী এবং আধুনিক শিক্ষায় শিক্ষিত কোন শ্রেণী এবং আধুনিক বিশ্বাস্থা শিক্ষিত কোন শ্রেণী এবং আধুনিক শিক্ষার্থ শিক্ষিত কোন শ্রেণী এবং আধুনিক শিক্ষায় শিক্ষিত কোন শ্রেণী বন্ধ আধুনিক শিক্ষার্থ শিক্ষিত কোন শ্রেণী বন্ধ আধুনিক শিক্ষার্থ শিক্ষিত কোন শ্রেণী বন্ধ আধুনিক শিক্ষার্থ শিক্ষিত কোন শ্রাম্ব মুক্ত কয়।

সূতরাং আমি মনে করি, দারুল উলুম নাদওয়াতুল উলামার প্রধানতম লক্ষ্য ও উদ্দেশ্য হওয়া উচিত এই সর্বগ্রাসী অগ্নি-ঝড়ের মোকাবেলায় ময়দানে নেমে আসা। এটাই হলো আমানের কাছে মহান পূর্বপূরীদের অবিশ্বরণীয় সাধনা ও মোজাহাদা এবং ত্যাগ ও কোরবানির দাবী। এবং এটাই হবে সময়ের সবচেয়ে বড় সংধ্যারম্বাক কাজ, বরং এটাই হবে স্থারে নদওয়ার অন্তিত্ত্বের বড় সংধ্যারম্বাজ্ঞার সারতের বড় বঙ্গারার্ক্তার সবচেয়ে বড় প্রমাণ। সুতরাঃ মুসলিম কিংবা অমুসলিম বিশ্বের যেখানে যত নানাবী ফোযালা রয়েছেন এবং নাদওয়ার চিন্তা ও আদর্শের ধারক বাহক রয়েছেন তানের কর্তব্য হলো এ প্রশ্নের এমন সার্ভোষকানক জবার পেশ করা, যা যুগের অশান্ত চিন্তকে শান্ত করতে পারে। তাদের কর্তব্য হলো পাশ্যাতা সভ্যাত। ও জীবন-দর্শনের সর্বশাশা প্রোতের মুখে বাধার এমন প্রাচীর গড়ে তোলা, যা ভিদিয়ে কোন টেউ উন্মাহকে আঘাত করতে না পারে। এ লড়াইয়ের জয়-পরাজ্যের মাধ্যায়ই ইসলাম ও মুসলিম জন্মত লাগোর গায়সালা হতে চিন্তে । এবং কমবেশী প্রতিটি ইসলামী দেশ ও মুসনিয় জনপদ এ সর্বনাশা এড়বঙ্গ্রায় করলিত হয়ে গরেছে গরেছে

#### এই চ্যালেঞ্জ গ্রহণ করুন

আমার প্রিয় তালিবানে ইলম!

যুগের এ চ্যালেঞ্জ আপনাদের আজ গ্রহণ করতে হবে এবং এ মানদণ্ডেই বর্তমান শিক্ষাজীবনে নিজেদের গড়ে তুলতে হবে।

এখন আপনাদেরকে মেধা ও যোগ্যতা এবং প্রতিভা ও প্রজ্ঞার প্রমাণ দিতে 
হবে। সমাজের সামনে ইলমের এমন সমুক মান উপস্থাপন করতে হবে যা ভাষা 
ও সাহিত্যের বিচারে, তবু ও তথ্যের বিচারে এবং ইসলাম ও অন্যান্য মতবাদের 
তুলনামূলক অধ্যারের বিচারে, মোটকথা সর্ববিচারে যা হবে অনন্য ও 
অতুলনীয়, যা দেখে সভাতাগরী মুগ ও সমাজ অবনত মন্তরে বলতে বাধ্য হবে 
যে, আপনার সিদ্ধান্তের অকটোতা বীকার না করে উপায় নেই।

পিছনের সেই কথা আমি আবার বলবো এবং বারবার বলবো, নতুন মুগ আপনাদের কাছে বহু নতুন কিছু চায়। আমাদের মহান পূর্বসূরীদের কাছে যা চেয়েছে তার চেয়ে অনেক বেশী নাযুক ও সংবেদনশীল বিষয় আপনাদের কাছে চায়। আর মুগের ন্যায়। সহিদা যারা পুরা করে না তাদের টিকে থাকার কোন অধিকার থাকে না।

সময়ের সেই দাবী ও চাহিদা গুলুন আল্লামা ইকবালের কবিতায়-

نگہ بلند سخن دلنواز ، جاں پر سوز یھی ھے رخت سفر میر کارواں کے لئے 'সুউচ্চ দৃষ্টি, সুমিষ্ট ভাষা, আর হৃদয়ের দহন ও উত্তাপ। হে কাঞ্চেলার রাহবার! এ-ই হলো তোমার পাথেয়।'

এখন তো সুমিষ্ট ভাষাও আমাদের দখলে নেই, অথচ ইকবালের দাবী, সুমিষ্ট ভাষাই যথেষ্ট নয়, তার সঙ্গে চাই দৃষ্টির উচ্চতা, যা দুনিয়ার 'দৃশ্যকে' অতিক্রম করে দেখাত পায় আবোরতো 'অদুশ্য'কে। আর চাই হৃদরের দহন, যা আরাহ্র সাথে বালার সম্পর্কের (এবং মানুষের হৃদয়-রাজ্যে অধিকার বিতারেও) একমাত্র মাধ্যম। এছাড়া যা কিছু সবই মরীচিকা, ওপুই মরীচিকা,

## যথেচ্ছা অধ্যয়ন মহাক্ষতিকর

যে মহান পূর্বপুরুষদের পরিচয়ে আপনাদের পরিচিতি, যাদের রেখে যাওয়া মীরাছ পেয়ে আজ আপনারা সম্পদশালী, আমি বলি না যে, তাঁরা আসমান থেকে সেতারা নামিয়ে আনার যোগ্যতা দেখিয়েছেন, কিন্তু সমকালের রুচি ও মান অনুযায়ী নিজেদের শান তারা বজায় রেখেছেন। যুগ ও সমাজের চোখে তারা একটা স্বাতন্ত্র্য ও বৈশিষ্ট্য অর্জন করেছেন এবং আগামী প্রজনোর হাতে তা সোপর্দ করেছেন। ঐতিহ্যের এ ধারাবাহিকতা রক্ষা করার জন্য আপনাদের অনেক বেশী মেহনত মোজাহাদা করতে হবে. আরো বর্ধিত চেষ্টা-সাধনায় আত্মনিয়োগ করতে হবে। ভাষা ও সাহিত্যের মান উন্নত করুন। বক্ততায় জাদুময়তা আনুন এবং লেখায় সন্মোহন সৃষ্টি করুন, বিপুল ও বিস্তৃত অধ্যয়নের মাধামে জ্ঞান-গভীরতা অর্জন করুন। তবে সাবধান! নিজের কাঁচা বৃদ্ধি ও অপরিপক্ক চিন্তার উপর ভর করে নয়: যা কিছ করার আসাতেয়া কেরামের তবাবধানের নিরাপদ ছায়ায় থেকে করুন। বিশেষ করে 'আল-ইছলাহ'-এর মরুব্বী এবং যে উসতাদের সঙ্গে আপনার সম্পর্ক রয়েছে তার নির্দেশনা অন্যায়ী করুন। পঠন ও অধ্যয়ন এত সহজ ও মজাদার জিনিস নয় যে, যখন যা পেলাম তাই লুফে নিলাম, তাই চেখে দেখলাম। কোন নিৰ্বাচন নেই, কোন পর্যায়ক্রম নেই. মাত্রা ও পরিমিতি নেই।

দরদী বন্ধুর সাবধানবাধী মনে রেখো! অধ্যয়ন হলো দোধারী তলোয়ার। সঠিক বাবহার না হলে তা সর্বনাশেরও কারণ হতে পারে। এটা ইলমী যিনেপীর এক পোলাহরাত, বা অত্যন্ত সতর্কতার সাথে পার হতে হবে এবং আপের যাত্রীনের কাছ থেকে আলো নিতে হবে, নইলে নীচে অতল গহরের পড়ে যাওয়ার আশংকা থেকেই যাবে। তাই আসাতেষা কেরানের পরামর্শ ও দিকনির্দেশনা এইণ করুন। সময় কম, কাজ বেশী এবং অনকে বেশী। পড়ার বিষয়ও দিন দিন বেড়েই চলেছে। ছাপাখানা থেকে বন্যার মত মুদ্রিত 'পদার্থ' বের হয়ে আসছে। কিন্তু ছাপা কাগজমাত্রই পড়ার যোগ্য নয় এবং যে কোন বই ও পত্রিকা আপনার টেবিলে আসার উপযক্ত নয়।

আপনাদের এ মাদরাসা হলো ইলমের, আমলের, চিন্তার, চেতনার, আদর্শের এবং লক্ষ্য ও উলেন্দ্যের 'হারাম' বা পবিত্র ভূমি। এই হারামে এমন কিছুই গুধু প্রবেশের অনুমতি পাবে যা আপনার জীবনের লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সঞ্জতি এবং এই মহান শিক্ষাগনের প্রতিষ্ঠাতাদের ত্যাগ ও কোরবানির সাথে সঞ্জতা বন্ধা করে।

বাইরের কোন গণীয় নাজাসাত যেমন এর ভিতরে আনা যায় না, তেমনি আপনার টেবিলে এমন কোন বই-পত্রও রাখা যায় না যা গণীয় নাজাসাতের চেয়ে বেশী ক্ষতি করে, সুর্গন্ধ ছড়ায় এবং পরিবেশের পরিত্রতা নষ্ট করে।

আপনার পড়ার টেবিল কোন পাবলিক লাইব্রেরীর টেবিল নয়। এটা এক পবিত্র শিক্ষাঙ্গনের টেবিল, এক উচ্চ গবেষণাগারের টেবিল যেখানে আগামী দিনের মানুষ তৈরী হয়, যে মন-মতিঙ্ক উষ্মাহকে পথ নেখাবে তা শোধন করা হয়। এখানে পাঠাগারের আলমারীতে এবং পড়ার টেবিলে এমন কোন বই-পত্রের থাকার অধিকার নেই যার দুর্গন্ধ পরিবেশকে দৃষিত করে, যা একবার পড়ার পর মানুষ দিনের পর দিন চিত্রবিক্ষেপের শিকার হয়ে পড়ে এবং যে চিন্তা-চেতনার বুদিয়ানের উপর এই প্রতিষ্ঠান অন্তিত্ব লাভ করেছে তার সাথে বিক্সতো ভক্ষ হয়ে যায়।

তবে আমি আপনাদের উপর পূর্ণ আস্থা রেখে বলতে চাই যে, এক্ষেত্রে আমাদের পক্ষ হতে শাসন ও নিয়ন্ত্রণ এবং নিয়মকানুনের প্রহরা আরোপের প্রয়োজন নেই। আপনার বিবেকের প্রহরাই যথেষ্ট। কেননা এ বিশ্বাস তো আপনার থাকা উচিত যে, আমরা আপনার কল্যাণ চাই এবং আমাদের। অভিজ্ঞতা আপনার চেয়ে বেলী।

# তালিবে ইলমের মর্যাদা ও দায়িত্ব

এ প্রবন্ধ ১৯৫৪ সালের মার্চ মানে
দারুল উলুম দেওবদের এক ছাত্র
মজলিসে পঠিত হ্রেছিলো। তাতে দ্বীনী
মাদরাসার প্রকৃত পরিচয় ও মর্যাদা এবং
মাদরাসার শিক্ষাবীদের দায়িত্ব ও
কর্তব্য আলোচনা করা হয়েছে এবং এ
মর্মে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে বেং
তালিবানে ইল্মের বাছে বর্তমান মুগের
দাবী ও চাহিদা কী? এবং দ্বীনের
জনা ওব বেংনমত আক্সাম দেয়ার
জনা তাবের কী কী প্রতির প্রয়োজন?

সমন্ত প্রশংসা আল্লাহর যিনি বিশ্বজাহানের প্রতিণালক এবং যিনি সকল জানের আধার। দুব্ধন ও সালাম তাঁর পেয়ারা রাস্বের উপর যিনি রাহমাতুল্লিল 'আলামীন, যার সিনা থেকে উপৎসারিত হয়েছে উল্মে নবুমতের ঝরনা-ধারা

্দ। নিন্দু দু এনং ত এনং ত এব বিধিয় এইনে বা দানাৰ্য্য এইনমূৰ বিধ্ (হে আমার প্রতিপালক। আপনি আমার বক্ষ প্রসন্ন করে দিন এবং আমার যাবতীয় বিষয় সহজ করে দিন এবং আমার মুখের জড়তা দূর করে দিন, যেন তারা আমার কথা বোঝে।)

#### আমার প্রিয় তালিবানে ইলম!

আপনাদের সাথে আমার আজকের আলোচনার পরিচয়-সূত্র এই যে, 
আপনারা দ্বীনী মাদরাসার তালিবে ইলমা, আর আমি দীর্ঘ দিনের এক খাদিমে 
ইলম। আজ থেকে চৌদশ বছর আগে ইলমের যে মোবারক কাফেলা 
মাজদুররীর ছুফ্চা থেকে যাত্রা করেছে এবং মূর্ণ যুগ ধরে যে সফর অব্যাহত 
রয়েছে, আমারা সবাই সেই কাফেলার সহযাত্রী ও সফরসঙ্গী। বিষয়বস্তুর গুফ্কু 
এবং সময়ের নাযুকতার দাবী এই যে, কোন রকম দ্বিধা-সংকোচ ছাড়া আমি 
আমার সুদীর্ঘ জীবনের অভিজ্ঞতা ও চিন্তাভাবনা এবং আমার সীমিত অধ্যয়ন ও 
পবেষণার ফলাফল আপনানের সামনে পেশ করবো আমার সীমিত অধ্যয়ন ও 
সবচে মলাবান ও প্রিয় উপহার আপনানের হাতে ভলে দেবো।

এখানে সমবেত হয়ে এবং আলোচনার সুযোগ দিয়ে আপনারা আমাকে সন্মানিত করেছেন এবং আমার উপর আস্থা প্রকাশ করেছেন। সুতরাং আমার কর্তব্য হবে নিজেকে এই আস্থা ও সন্মাননার যোগ্য প্রমাণিত করা এবং এই সামান্য সময় থেকে সর্বোচ্চ ফসল তুলে আনার চেষ্টা করা। কেননা বড় মূল্যবান ব্যস্তা থেকে এ সমুক্তি আপনারা বের করেছেন। এটা তো এমন জীবন থেকে কেটে আনা সময়, যার প্রতিটি মুহূর্ত মাস ও বছরের হিসাবে পরিমাপ্রোধ্য।

## মাদরাসার পরিচয় ও মর্যাদা

বন্ধগণ! সর্বপ্রথম আমাদের জানা দরকার, একটি দ্বীনী মাদরাসার প্রকত প্রিচ্য ও মর্যাদা কী? মাদরাসা হলো এক মহান কর্মশালা, যেখানে মান্ষ গভার সাধনা হয়, যেখানে দ্বীনের দা'ঈ এবং ইসলামের সিপাহী তৈরী হয়। মাদবাসা হলো ইসলামী বিশ্বের বিদাৎকেল যেখান থেকে ইসলামী জনপদে ববং সমগ্র মানব বসতিতে বিদাৎ সরবরাহ করা হয়। মাদরাসা হলো মন ও মস্তিঙ্ক এবং অন্তর ও অন্তর্দষ্টি তৈরীর কারখানা। মাদরাসা হলো গোটা বিশ্বের গতি-প্রকৃতি নির্ধারণ এবং সমগ্র মানব জীবনের কর্মকাণ্ড নিয়ন্ত্রণের মহান কেল। সমগ্র বিশ্বের উপর মাদরাসার সিদ্ধান্ত কার্যকর হয়, বিশ্বের কোন সিদ্ধান্ত তার উপর কার্যকর হয় না। মাদরাসার সম্পর্ক বিশেষ কোন যুগ, সমাজ এবং বিশেষ কোন ভাষা ও সংস্কৃতির সঙ্গে নয়, নয় বিশেষ কোন কৃষ্টি ও সভ্যতার সঙ্গে। সতরাং যগ ও সমাজের পরিবর্তন, ভাষা ও সংস্কৃতির বিলপ্তি, কিংবা সভাতার প্রাচীনতা মাদরাসার গতি ও ব্যাপ্তিকে কখনো প্রভাবিত করতে পারে না। আমরা যাকে মাদরাসা বলি, একদিকে তার সম্পর্ক হলো সরাসরি মহামদী নবয়তের সঙ্গে যা বিশ্বজ্ঞনীন, সার্বজ্ঞনীন ও সর্বকালীন। অন্যদিকে তার সম্পর্ক হলো মানষ ও মানবতার সাথে এবং সেই গতিশীল জীবনের সাথে যা সাগরমখী নদীর মৃতই চিরপ্রবাহমান।

মাদরাসা হলো নবৃষ্যতে মুহামাদীর চিরস্তনতা এবং মানবজীবনের গতিশীলতার মিলন মোহনা। সূতরাং আধুনিক ও প্রাচীনের বিতর্ক এবং পরিবেশ ও প্রতিবেশের সীমাবদ্ধতা এখানে কল্পনা করাও সম্বব নর।

বন্ধুগণ! মাদরাসার পরিচয় প্রসঙ্গে যদি বলা হয় যে, তা বিগত যুগের স্বারক কিংবা ইতিহাসের ধারক তাহলে এর চেয়ে আপত্তিকর ও অপমানজনক বিষয় আর কিছু হতে পারে না। আমি তো এটাকে মাদরাসার 'পরিচয়-সন্তার' বিলুপ্তি সাধন মনে করি। মাদরাসারে আমি মনে করি সবচে' সুরক্ষিত ও পার্জিশালী কেন্দ্র এবং গতিও প্রগতির উচ্ছলতায় এবং উদ্যুম ও প্রাণচাঞ্চলো পরিপূর্ণ একটি প্রতিষ্ঠান। এর এক প্রাণ্ডের সংযোগ হলো নরুয়তে মুহামদীর সঙ্গে, অন্য প্রান্তের সংযোগ হলো জীবন ও জগতের সাথে। মাদরাসা একদিকে নরুয়তে মুহামদীর চিরন্তন ধরনাধারা থেকে 'জলসঞ্চয়' করে, অন্যদিকে জীবনের ফসলভূমিতে 'জলসিঞ্চন' করে। এটা দ্বীনী মাদরাসার সর্বন্ধবের দায় ও নারিত্ব। মুহুর্তের জনা যদি সে তার দায়িত্ব ও কর্তরো অবহেলা করে তাহলে জীবনের ফসলভূমিত 'জনসিঞ্চন' করে। যার দায়িত্ব ও কর্তরো অবহেলা করে তাহলে জীবনের ফসলভূমিত 'জনসিঞ্চন' যান ও মানবতা নির্জীব হয়ে পতরে এবং

জীবন ও জগতের সব কিছুতে স্থবিরতা দেখা দেবে।

#### মাদরাসার নেই কোন ছুটি

নবুয়তে মুহান্দণীর ঝরনাধারা থেমন কখনো অকোবে না তেমনি মানবতার পিপাসাও কখনো দূর হবে না। নবুয়তে মুহাখদীর কল্যাও ও ফায়েযানে যেমন কৃপণতা ও পানবিমুখতা নেই তেমনি মানবতার প্রয়োজন ও প্রার্থনারও বিরাম নেই। এদিক থেকে বারবার ধ্বনিত হয় 'আল্লাহ দেন, আমি বিতরণ করি' – এই আশ্বাসবাণী, ওদিক থেকে উচ্চারিত হয় 'দাও, আরো দাও' – চাহিদার কাতর ধ্বনি। দুনিয়াতে মাদরাসার চেয়ে কর্মচঞ্চল ও ব্যক্ত সচল প্রতিষ্ঠান আর কী হতে পারে! জীবনের সমস্যা ও প্রয়োজন অসংখ্য, জীবনের চাহিদা ও পরিবর্তন অসংখ্য, জীবনের বিয়ুতি ও পদস্থলন অসংখ্য, জীবনের আশা ও উচ্চালা অসংখ্য এবং জীবনের প্রত্যাও ও পারস্কল অসংখ্য। মাদরাসা যথন এমন সমস্যাসংকুল ও প্রয়োজনবহন্দ জীবনের নিয়ন্ত্রণভার গ্রহণ করেছে তথন তার অবসর যাপনের অবসাল বোধায়ে

দুনিয়াতে যে কোন মানুষ কাজ ছেড়ে আরাম করতে পারে, যে কোন প্রতিষ্ঠান অবসর যাপন করতে পারে। পৃথিবীতে সবার ছুটি ভোগ করার অধিকার আছে, কিন্তু মাদরাসার নেই কোন ছটি। প্রতিদিন তার কর্মদিন, প্রতিমহর্ত তার ব্যস্ততার মহর্ত। দনিয়ার যে কোন মসাফির চাইতে পারে একট আরাম, একট বিশ্রাম, কিন্ত জীবনের সদা চলমান কাফেলায় মাদরাসা নামের যে মুসাফির, তার কপালে নেই কোন আরাম, তাকে চলতে হবে অবিরাম। জীবনের গতি কখনো যদি মুহুর্তের জন্য থেমে যেতো, চাহিদা ও প্রয়োজনের সাময়িক অবসান হতো তাহলে মাদরাসারও সুযোগ ছিলো চলার পথে একট দম ফেলার, একটু জিরিয়ে নেয়ার। কিন্তু জীবন যেখানে সদা গতিশীল, জীবনের চাহিদা ও প্রয়োজন যেখানে পরিবর্তনশীল সেখানে মাদরাসার কর্মচঞ্চলতায় স্থিরতা ও স্থবিরতার অবকাশ কোথায়া তাকে তো পদে পদে জীবনকে শাসন করতে হবে, জীবনের ভূল-বিচ্যুতি নিয়ন্ত্রণ করতে হবে। নতুন নতুন সমস্যা ও জিজ্ঞাসার সমাধান দিতে হবে। পরিবর্তিত পরিস্থিতির সামনে স্থির হয়ে দাঁডাতে হবে এবং নতুন নতুন ফেতনার সঞ্চল মোকাবেলা করতে হবে। মাদরাসা যদি জীবন-কাফেলা থেকে পিছিয়ে পড়ে, কিংবা কোন মঞ্জিলে এসে ক্লান্ত হয়ে বসে পড়ে এবং তন্ত্রায় ঢুলে পড়ে তাহলে জীবনকে সঙ্গ দেবে কেঃ মানবতাকে পথ দেখাবে কেং ঝড-তফানের অন্ধকারে নবয়তের আলো দেখাবে কেং হতাশা ও নিরাশার মুখে পায়গামে মোহামদীর চিরন্তন সান্তনাবাণী শোনাবে কেং

মদরাসা যদি কর্মে অবহেলা ও দায়িত্বে শিথিলতা করে, মাদরাসা যদি জীবনের নেতৃত্ব ত্যাগ করে এবং গতিহীন ও স্থবির হয়ে পড়ে তাহলে তা হবে জীবন ও জগতের সাথে এবং মানুষ ও মানবতার সাথে বিশ্বাসভঙ্গের শামিল, যা দায়িত্বশীল ও কর্তব্য সচেতন কোন মাদারাসা কল্পনাও করতে পারে না।

# তালিবানে ইলমের মহান দায়িত্ব

বন্ধুগণ! মাদরামার ভালিবে ইলম হিসাবে আপনাদের দায়িত্ব ও কর্তব্য যেমন অতি মর্থাদাপূর্ণ তেমনি অতি ওক্ষত্বপূর্ণ। আমি জানি না, দুনিয়ার কোন দল বা সম্প্রলারের দায়িত্ব ও কর্তব্য এত ব্যাপক ও ওক্ষত্বপূর্ণ এবং এলাযুক ও সংবেদনদীল কি না। আমার শব্দহলো আবার চিন্তা করুন, 'আপনার এক প্রস্তাতর মূহোম্মীর সঙ্গে যুক্ত, অন্য প্রান্ত জীবন ও জ্ঞপত এবং সমাজ ও সভ্যতার সঙ্গে যুক্ত।' এটাই আপনার দায়িত্ব-নাযুক্তার কারণ এবং এটাই আপনার মর্থাদা ও সৌভাগোর উৎস। নবুয়তে মুহাম্মীর সঙ্গে সম্পর্ক ও সম্পৃত্তি থেমন গর্ব ও গৌরবের এবং মর্থাদা ও সৌভাগোর বিষয় তেমনি তা অতি নাযুক ও গুক্তবার দায়িত্বেরও বিষয়।

আপনার কাছে রয়েছে ঈমান ও বিশ্বাসের এবং হাকীকাত ও হাক্বানিয়াতের সবচে মূল্যবান সম্পদ। এ পরিচিতি-গৌরব ও সম্পদ-অধিকার অনিবার্থ ভাবে কিছু কর্তর্য ও দায়-দায়িত্বও আপনার উপর 'আরোণ' করে আপনার অন্তরের ঈমান ও বিশ্বাস হবে এমন অটল এবং আপনার হিন্তুত ও মনোবল হবে এমন অবিকাল যে, দূনিয়ার কোন লোভ ও প্রলোভন ঈমান ও বিশ্বাসের কোন বিশ্ব থেকেও আপনাকে টলাতে পারবে না। এই ঈমান ও বিশ্বাসের কোন বিশ্ব থেকেও আপনাকে টলাতে পারবে না। এই ঈমান ও বিশ্বাসের কার করার অন্তর্হীন জাখবা ও উম্মীপনা যেন আপনার অন্তরে জাগরুক থাকে। এই অমূল্য সম্পাদের গর্বে ও গৌরবে এবং কৃতজ্ঞতায় ও দুরুত্বলভার এবং যোগত্বত ও কিরন্তনভার এবং শ্রেষ্ঠত্ব ও সর্বভালীনতায় আপনার বেন বিশ্বামার সন্দেহ না থাকে। এর বিশ্বাস্তি পর্বক্রিকালীনতায় আপনার যেন বিশ্বামার সন্দেহ না থাকে। এবং বিশ্বাত সর্বক্রিকুকে আপনি যেন নির্দ্ধিধায় জারেগিয়াত এবং জারহের আহকাম ও বিধান এবং ইসলামের শিক্ষা ও আদর্শকে আপনি যেন নির্দ্ধিধার ভারেগের আহকাম ও বিধান এবং ইসলামের শিক্ষা ও আদর্শকে আপনি যেন নির্দ্ধিধা আরাহের আহকাম ও বিধান এবং ইসলামের শিক্ষা ও আদর্শকে আপনি যেন না একিনকে আরাহের আহকাম ও বিধান এবং ইসলামের শিক্ষা ও আদর্শকৈ আপনি যেন না ক্রিকিল তার ক্রাক্তিক আরাহির আহকাম ও বিধান এবং ইসলামের শিক্ষা ও আদর্শকে আপনি যেন করি ক্রাক্তিক আরাহের আহকাম ও বিধান এবং ইসলামের শিক্ষা ও আদর্শকে আপনি যেন করি ক্রেনিক আরাহের আহকাম ও বিধান এবং ইসলামের শিক্ষা ও আদর্শকের আবল বিদ্বান্ধিক আরাহের আহকাম বিধান এবং ইসলামের শিক্ষা ও আদর্শকের আবল বিবান বিদ্বান্ধিক আরাহের আহকামের উদ্যোধ্য সাম্বান্ধিক আরাহের উল্লেখ্য আপনার উদাও ব্যোষ্ঠা করের উল্লেখ্য আপনার উদাও ব্যোষ্ঠা করের বিদ্বান্ধিক আরাহের উল্লেখ্য আপনার উদাও ব্যোষ্ঠা করের বিদ্বান্ধিক আরাহের উল্লেখ্য প্রস্থাক করের বিশ্বাক্র বিশ্বাক্র বিশ্বাক্র বিশ্বান্ধ বিশ্বাক্র বিশ্বাক্র বিশ্বাক্র বিশ্বাক্র বিশ্বাক্র বিশ্বাক্য বিশ্বাক্র বিশ্বাক্য বিশ্বাক্র বিশ্বাক্র বিশ্বাক্র বিশ্বাক্র বিশ্বাক্র বিশ্বাক্র বিশ

كفرنا بكم و بدا بيننا و بينكم العداوة و البغضاء أبدا حتى تؤمنوا بالله وحده

(আমরা তোমাদের প্রত্যাখ্যান করছি। তোমাদের ও আমাদের মাঝে ওঞ্চ হলো চিরস্তায়ী শক্রতা, যতক্ষণ না তোমরা এক আল্লাহর প্রতি ঈমান আনো।)

আপনার অবিচল বিশ্বাস হবে এই যে, ইসলামের পথনির্দেশনা এবং নববী শিক্ষার অনুপ্রেরণার মাঝেই রয়েছে ইহ-প্রকালের সফলতা ও শান্তি এবং যামানার নয়া তৃফানের মোকাবেলায় সাফীনায়ে মুহাম্মনীতেই রয়েছে নাজাত ও মকি।

আপনার আরো বিশ্বাস হবে এই যে, ব্যক্তি ও জাতির উনুতি-অগ্রগতি এবং ইজ্জত ও বুলন্দির একমাত্র শর্ত হলো মুহাম্মদ ছারারাহ আলাইহি ওয়াসারামের পূর্ব অনুসরণ ও নিঃশর্ত আনুপতা। যেমন কবি বলেছেন-

کسے که خاك درش نيست خاك بر سراو 'আমাদের সৌভাগ্যের উৎস মুহামদে আরাবী/ লাঞ্ছনা তার ভাগ্যলিপি, যার জটেনি তাঁর পদধলি।

নবুয়তের শিক্ষা-দীক্ষাকেই আপনি ইলমের সারনির্ধাস এবং সব সত্যের পরম সত্য রূপে গ্রহণ করবেন এবং এর মোকাবেলায় দূনিয়ার সমস্ত শিক্ষা ও দর্শন এবং চিন্তা ও যুক্তিকে আপনি ঘৃণান্তরে প্রত্যাখ্যান করবেন। তাওহীদের হাকীকত ও মর্মকে হনরের গভীরে পরম যত্নের সঙ্গে আপনি লালন করবেন এবং যাবাতীয় শিরক ও প্রতিমাতত্ত্বকে – যত আড়ম্বরপূর্ণ বৃদ্ধিবৃত্তিক ভাষা ও দার্শনিক পরিভাষায় তা উপস্থাপন করা হোক— তুচ্ছ বাগাড়ম্বর বলে আপনি তা উপেক্ষা করবেন এবং যাব্দুটি ক্রিকার্টি ক্রিকার্টি ক্রিকার প্রতারণা) বলে উড়িয়ে

সুন্নতের ইত্তেবা হবে আপনার জীবনের চরম ও পরম লক্ষ্য এবং আপনার স্থির বিশ্বাস হবে এই যে, মুহামদী তরীকাই হলো শ্রেষ্ঠ তরীকা এবং বিদ'আও হলো সমস্ত গোমরাহীর গোডা।

মোটকথা আকীদা-বিশ্বাস, চিন্তা-চেতনা, মন-মানস, রুচি ও স্বভাব এবং ইলম ও আমল সর্বক্ষেত্রে আপনি হবেন নবুয়তে মুহাম্মনীর চিরন্তনতা, সার্বজনীনতা ও যুগোপযোগিতার প্রবক্তা এবং তার বাস্তব নমনা।

#### তালিবে ইলমের বৈশিষ্ট্য ও ভিন্নতা

প্রিয় বন্ধুণণ! উত্মাহর সাধারণ লোকদের তুলনায় আপনাদের বৈশিষ্ট্য ও স্বকীয়তা এই যে, এ সকল হাকীকত ও সত্যের উপর অন্যদের সাধারণ ঈমান এবং মোটা দাগের বিশ্বাসই যথেষ্ট। কিন্তু আপনাদের থাকতে হবে পূর্ণ চিন্তাগত আশ্বন্ধি ও চিত্তপ্রসন্মতা। আপনাদের তথু বিশ্বাসী হওয়া যথেষ্ট নম, বরং বিশ্বাসের দাস্টি ও প্রবজা হওয়া জরুরী। অনাদের ঈমান ও বিশ্বাস আশ্বমূরী হতে পারে, কিন্তু আপনাদের ঈমান ও বিশ্বাস বাজারা লাখো ইনসানকে ঈমান ও বিশ্বাসের বলে বলীয়ান করবে। কিন্তু তা তথু তখনই সম্ভব যথকা আপনার ঈমান ও বিশ্বাস আবেগ ও উদ্দীপনার সীমানা স্পর্শ করবে এবং চিন্তা ও চেতনার কোষে কোষে কেবে । বখন আপনার করবা হবে এইং তথা ও চেতনার কোষে কোষে প্রবেশ করবে। যখন আপনার অবস্থা হবে এই যে—

'কুফুরিতে ফিরে যাওয়া তার কাছে এমনই ভয়ঙ্কর যেমন জ্বলন্ত আগুনে নিক্ষিপ্ত হওয়া'।

নবুয়তের ইলম ও শিক্ষার সাধারণ জ্ঞান অন্যদের জন্য যথেষ্ট হতে পারে, কিছু আপনার জন্য প্রয়োজন ইলমে নবুয়তের 'ফায়যান' ও প্রবাহ এবং নববী জ্ঞান ও প্রজার সঙ্গে মহম্য ও আখ্যার মিলন। এক্ষেত্রে আপনাকে অবশাই অর্জন করতে হবে 'ফানা' ও আখ্যবিলীনতার সর্বোচ্চ মাকাম। তা না হলে দাওয়াতি দায়িত্ব পালনের কথা কল্পনাও করা সম্ভব নয়, বরং বাভিলের শতমুখী আন্দোলন ও আলোড্নবে এই ভূফানি মূলে ইলমে নবুয়তের প্রেম ও প্রজা ছাড়া নিজেনের স্বকীয় বৈশিষ্ট্য ও সম্পদ রক্ষা করাও হবে সক্রবিন।

## আত্মিক গুণবৈশিষ্ট্য ও আত্মার আলোকময়তা

আমার প্রিয় তালিবানে ইলম! একথাও আপনাদের মনে রাখতে হবে যে, নবুয়তে মুহামনী উন্মতের জন্য একদিকে যেমন ইলম ও শিক্ষা এবং আহকাম ও বিধানের অভূলনীয় সম্পদ ভাগুর রেখে গেছে –

ট্টা দিন্দু। দিনু দ্বিত্য কর্মান বিধন করে। ৫ তিওঁ চুর্বাধন নি করে। এই করে। (নবীগপ দিরহাম-দীনারের মীরাছ রেখে যান নি, রেখে পেছেন ইলমের মীরাছ।)

এবং এই সম্পদভাগার তাফসীর, হাদীছ, উছুল, ফিকাহ ও ইলমুল কালামের আকারে উম্বভের কাছে এখনো সুসংরক্ষিত রয়েছে। তেমনি অন্য দিকে নবুয়তে মুহাম্মনী কিছু ৩৭ ও বৈশিষ্টা, অনুতব ও উপলন্ধি এবং আত্মিক কিছজতা ও পবিত্রতার সম্পদনও উম্বভের কাছে আমানত রেখে গেছে। ইলমী সম্পদ যোমন গুজনা পরম্পরায় চলে আসছে এবং আল্লাহ তা'আলা উলামায়ে উম্বভের মেহনত ও মোজাহাদার মাধ্যমে তার হেফাবাত ও সংরক্ষণের ব্যবস্থা করেছেন তেমনি আত্মিক সম্পদও নিরবচ্ছিন্ন ভাবে হৃদয় থেকে হৃদয়ে বহমান রূপে চলে আসছে। আল্লাহ তা'আলা তার প্রিয় বান্দাদের মাধ্যমে সেওলোরও হিফাযাত ও সংরক্ষণের ব্যবস্থা করেছেন।

কী সেই গুণ ও বৈশিষ্ট্য হ্বদয় ও আত্মার কী সেই নূর ও আলো?

তার নাম ইয়াকীন ও ইথলাছ, ইশক ও মুহব্বত, তাকওয়া ও তাওয়াকুল, দু'আ ও রোনাযারি, আত্মবিলোপ ও আত্মনিবেদন, দুনিয়ার প্রতি মোহমুক্তি ও নিবাসক্তি ইতাদি।

নবুয়তে মুহাম্মদী ছিলো ইলম ও আমল, জ্ঞানসাধনা ও আত্মসাধনা তথা যাহির ও বাতিন উভয়ের সম্মিলিত উৎস–

তিনি ঐ সপ্তা যিনি উষী জাতির মাঝে পাঠিরেছেন তাদেরই মধ্য হতে একজন রাসূল যিনি তাদেরকে তার আয়াত ও বিধান তিলাওয়াত করে শোনান এবং তাদেরকে পরিতন্ধ করেন এবং তাদেরকে কিতাব ও হিকমত শিক্ষা দান করেন।

সুতরাং নবৃষ্ণতে মুহাম্মনীর গুধু যাহির গ্রহণ করা এবং বাতিন সম্পর্কে উদাসীন থাকা, গুধু ইম্মা ও আহকাম চর্চা করা এবং ইহ্নান ও তার্যকিয়া তথা আছতজির প্রয়োজন উপেক্ষান করা নায়েবেন নবীর দান হতে পারে না । এটা তো হবে পতিও ও অসম্পূর্ণ মীরাছ বা উত্তরাধিকার। নবৃষ্ণতের ওয়ারিছ ও নবীর নামের রূপে পৃথিবীতে মুগে যুগে যারা মীন-ঈমানের হেফোথাত করেছেন এই ইন্যানের রামের আমানত আমানের পর্যন্ত পৌছিয়েছেন তারা নবৃষ্ণতের গুধু একাংশের ধারক ও বাহক ছিলেন না। নবৃষ্ণতের উচ্চা সম্পদেই তারা ছিলেন সমান সম্পদশালী। ইল্ম ও আমল এবং জ্ঞান ও অন্তর্জান এক সাথে ধারণ করেই তারা উম্মতের ইমামাত এবং যামানার বিদ্যালাত করেছেন। ফিলাও তুজানের মোকাবেলা করেছেন এবং ইসলাম ও ইসলামী উ্যান্থত করেছেন।

এ যুগেও ইসলামেহ দাওয়াত, উষতের হিদায়াত এবং যুগের সংকার ও বিপ্লব সাধন নৃত্যুতে মুখ্যদ্দীর শুধু প্রথম অংশ দ্বারা কিছুতেই সম্বর হতে পারে না। যে সকল মহান পূর্বপূক্ষধের সাথে সম্পর্ক ও পরিচয়ের গর্বে আপনারা গর্বিত তাঁরাও ছিলেন নৃত্যুতে মুখ্যদ্দীর উভয় বৈশিষ্ট্যের ধারক ও বাহক। দিনে ভারা কলমের কালি ঝরাতেন, আর রাতে ঝরাতেন চোঝের অন্দ্রং। দিনের আলোতে তাদের ইন্সম চর্চার মজানিস হতো সজীব ও জীবন্ত, আর রাতের নির্জনতার আল্লাহর সাথে হতো তাদের মিলন ও প্রেমনিবেদন সুতরাং থবার্থ নির্যারাত' ও প্রতিনিধিত্ব এবং 'বিরাহাত' ও উপ্রেমিকারের সর্বোচ্চ মাকাম লাভ করতে হলে আপনাদেবও আত্মনিরোগ করতে হবে সর্বাদীনতা অর্তনের সাধনার। জান ও অন্তর্জানের তভ মিলন হাড়া তবু ইনমের বাহার হবে কাগজি ফুলের বাহার, যাতে না আছে সজীবতা, না আছে সুবাস। দুনিয়ার বাজারে কাগজি ফুলের অভাব নেই। আমি-আপনি তাতে বিশেষ কোন অবদান রাখতে পারেরে মানে তো প্রয়োজন নবুয়তের চিরসবৃক্ত উদ্যানের চিরসজীব- 'বুলের বার সুবাসে জাহান হবে সুবাসিত, যার সামনে দুনিয়ার ফুলেরা লক্ষার মুল বুকোবে পাতার আড়ালে।

فوقع الحق و بطل ما كانو يعملون সত্য প্রতিষ্ঠিত হলো এবং তাদের কারসাজি বাতিল হয়ে গেলো।

মাদরাসার অরক্ষয় ও অধোগতি

আমার কথা খোলা মনে গ্রহণ করুন, আমি তো আপনাদেরই একজন।
এটা সমালোচনা নয়, আঘসমালোচনা। আমি ফলতে চাই, মাদরাসা এখন সেই
'পূল্'-এর সুবাস থেকে প্রায় বঞ্চিত। আপের সেই দুরানিয়াত নেই। সেই
দুরানী মানুষ নেই, যাদের দেখে নিস্কেরও ঘবান সংযত হতো, যাদের
ছোহবতে মুরদা দিলও যিশা হতো। যে গুণ ও বৈশিটোর কথা বললাম,
মাদরাসার বাসিশাদের মাঝে দিন দিন তা অবনতির দিকেই চলেহে। যত তিজ্
হোক গীকার করতেই হবে যে, কবি যা বলেছেন সভ্য বলেছেন। তাই বুকে
পাধর রেখে আমাদের তা তনতে হবে এবং তা থেকে শিক্ষা নিতে হবে। কবি
বলেছেন-

াট্রা আ কালেছে ব বার্টারিক আরু হার্টারিক জেরার তরঙ্গ ও প্রেমের জোয়ার, নেই অর্বজ্ঞান ও অথানে আজ নেই জীবনের তরঙ্গ ও প্রেমের জোয়ার, নেই অর্বজ্ঞান ও অন্তর্গটি।

ফল এই যে, হাজারো মাদরাসায় এবন আছে লাখো তালিবান, কিছু সমাজের অঙ্গনে এবং জীবনের প্রাঙ্গনে তাদের কোন প্রভাব নেই, নিয়ন্ত্রকের ভূমিকা নেই। অথক আপে সংখ্যা ছিলো কম, ধার ও ভার ছিলো অনেক বেশী। এক সময় এ নেশেই থাজা মাঈনুষ্ধীন আজমীরী ভিংবা সৈয়দ আলী হামদানী কাশ্বীরী (রহঃ) এর মত সহায় সম্বলহীন এক ফকীর আত্মপ্রকাশ করতেন আর সারা দেশ হদরের তাপে ও উত্তাপে উত্তপ্ত হয়ে উঠতো এবং ঈমান ও ইয়াকীনের নুরে নুরানী হতো। হয়রত মুজাদিদে আলকে ছানী (রঃ) মোঘণ হকুমতে একা এক ইনকিলাব এনেছিলে। তাঁরই নিরব প্রচেষ্টার বরকতে আকবরের সিংহাসনে আমরা দেখি আওরঙ যেবের মত আলিম, ফাকীহ ও নীন্নার বাদ্যাগ্রস্থা

শাহ ওয়ালিউল্লাহ দেহলবী (রহঃ) বিশাল বিস্তৃত এই হিন্দুন্তানের গতিধারা বদলে দিয়েছিলেন এবং সমগ্র চিন্তা-ব্যবস্থা ও শিক্ষা-ব্যবস্থার উপর সুগভীর প্রভাব বিস্তার করেছিলেন।

মাওলানা মোহাত্মদ কাসিম নানুত্বী (রহঃ) এক সর্বগ্রাসী হতাশা ও নৈরাশ্যের মাঝে এবং 'পিছু হটা' এক নামুক সময়ে এত বড় ইসলামী দুর্গ তৈরী করেছেন এবং দ্বীন ও শরীয়তের কংকাল দেহে নতুন প্রাণ সঞ্চার করেছেন। আর এই কিছুদিন আগে হয়রত মাওলানা ইলায়ান (রহঃ) ঈমানের মেহনত এবং দ্বীনী দাওয়াতের যে জাযবা ও হিম্মত এবং উদ্যয় ও মনোবন মানুযের মাঝে সঞ্চার করেছেন তা এক কথায় বিস্থাতন। করিব ভাষায়-

> جهانے راد گر گوں کر دیك مر و خود آگا هے 'এक জोशन वमलि मिएल এक भद्राम (शोमा।'

এখন মাদবাসা থেকে বের হয়ে আসা আমাদের ওলামা-ফোযালা এই প্রাণ ও প্রেরণা থেকে, এই জাযবা ও চেতনা থেকে এবং এই রহু ও বহানিয়াত থেকে প্রায় শূনোর পর্বায়ে চলে এলেছে। সেই ২৮য়-সম্পদ থেকে আজ তার বিক্ষিত, সেই কলবী হারারাত' ও হ্বলয়োজা পরেক আজ তারা মাহরুম, যা বাওমকে নতুন চিন্তায় ও চেতনায় উদ্বন্ধ করতো এবং জীবনের পথ ও পত্থায় আমূল পরিবর্তন আনতে বাধ্য করতো। মূপ ও সময় বড় বান্তববাদী। এখানে ফাঁক ও ফাঁকির সুযোগ দেই। এখানে শক্তি উচ্চতর শক্তির কাছেই তথু আত্মসমর্পণ করে। মন্তিক উন্নততর মন্তিকের সামনেই তথু অবনত হয় এবং নিক্তাপ হময় উত্তর হলয়ের সংস্পেশিই তথু বিগলিত হয়।

তিক্ত সত্য এই যে, এখন মাদরাসা ও তার বাদিদাদের জ্ঞান ও বৃদ্ধিবৃত্তি যেমন স্থবির তেমনি তাদের ক্রদার্বৃত্তিও অবনতিশীল। চিন্তা-চেতদা। যেমন নিজীব, তেমনি আত্মিক শক্তিও নিজেজ। বজা ও বজ্তার এবং লেখক ও লেখার অভাব এখনো নেই। দর্শন ও দার্শনিকের এবং চিন্তা ও চিন্তাবিদের কমতি এখনো নেই, কিন্তু কবি জিগার মুরাদাবাদীর ভাষায়- টাইস্কৃত্য ক্রম ন্দ্রের ক্রিল ক্রমের ক্রিলিক ক্রোথায়? চেহারায় ঈমানের সে নুর চোথের তারায় প্রেমের ঝিলিক কোথায়? চেহারায় ঈমানের সে নুর কোথায়ঃ

মাদরাসা এক সময় ছিলো জীবন ও জীবনী-শক্তির কেন্দ্র, থীন ও ঈমানের রক্ষা-দুর্গ এবং বড় বড় ব্যক্তি ও ব্যক্তিত্বের লালনক্ষেত্র, সময়ের প্রয়োজনে যারা জনু দিতেন কল্যাগপ্রসু বিপ্তবের এবং সংস্কার আন্দোলনের। সেদিনের সেই সামদরাসা আজ হতাশা ও নিরাশায় বিপর্যন্ত, অযোগ্যতার অনুভূতি ও সীন্মনাতাবোধে বিপ্লব্ত ।

এখন মাদরাসার সংখ্যা বেড়েছে, ছাত্র ও ছাত্রাবাস অনেক হয়েছে, পাঠাবই ও পাঠাবার্ত্তা বেশ উন্নত হয়েছে, কুতুখবানার সমৃদ্ধি এবং সুযোগ-সুবিধার বৃদ্ধি দেবেই হয়েছে, কিন্তু অবকরেরও চূড়ান্ত হয়েছে। ক্রদেরর স্পন্ধন খেন খেমে গেছে, আত্মার খোরাক খেন কমে গেছে। নেহ আছে প্রাণ নেই, শব্দ আছে মুর্ট নেই, কথা আছে হাকীকত নেই, ছুরত আছে সীরাত নেই, মজলিস আছে ছোহবত নেই। এককথার সব আছে, কিন্তু কিছুই নেই। তাই কোন দরদী ও স্ববেদনশীল মানুষ ঘর্ষন 'পথ ভূলে' এখানে এই পরিবেশে এনে পড়ে তথন আর শ্বাস ক্রন্ধ হয়, দম আটকে যায় এবং নে পালিয়ে বাঁচতে চার। সাগরের এই নিন্তরণ গ্রহার দেবেই খেন বেদনভাজরাজ্যক কবি পরিয়ান করেছেন

خدا تجھے کسی طوفاں سے آشنا کر دیے که تیرے بحر کی موجوں میں اضظراب نہیں تجھے کتاب سے ممکن نہیں فراغ کہ تو کتاب خاں ہد مگر صاحب کتاب نہیں۔

'আল্লাহ করুন, ঝড়-ভূফানের সাথে হোক তোমার পরিচয়/ কেননা তোমার সমূদ্রে জলরাশি আছে, তরঙ্গবিক্ষোভ নেই/ কিতাবের পাতা থেকে অবসর নেই তোমার/তাই ভূমি গ্রন্থপাঠক, গ্রন্থকার নও।'

এখন তো মাদরাসায় বনে সৃষ্টিধর্মী ঝড়-তুফানের পরিচয় প্রার্থনা করতেও বৃক কেঁপে প্রঠো। কেননা সবখানে সব মাদরাসায় এখন দেখতে পাই ধ্বংসাত্মক ঝড়-তুফানের পূর্বভাস। এ হলো বাইরের ঝড় তুফানে, যা মাদরাসার ভিত কাঁপিয়ে নিতে চায়, এওলো হচ্ছে লক্ষাহীন, চিন্তাহীন ও পিকড্ছীন 'আওয়মী' আন্দোলন যার ধ্বংসাত্মক তেউ মাদরাসার চারদেওয়ালের গায়ে এসে আছড়ে পড়ছে। তাতেও আমানের ছাত্রদের ভূমিকা শুধু অনুন্তরপঞ্জিয় ভোতাপাথীর। এটা বড় দুঃখন্তনক ও মর্মান্তিক বান্তবতা যে, যে সমস্ত আলোড়ন ও আলোড়ন, যে সমস্ত পারিগোল ও নৈরান্তা এবং প্রতিমাদ ও বিক্লোভের যে সমস্ত রীতি-নীতি ও কর্মকাও আজ আধুনিক শিক্ষাপ্রতিষ্ঠান ও জাগতিক বিদ্যালয়গুলোতে অচল ও সেকেলে এবং নিন্ধন ও ক্ষতিকর রূপে পরিত্যক হয়ে চলেছে সেগুলোই এবন আমাদের দ্বীনী মাদরাসার তালিবানে ইলমেন কাছে কদর ও সমাদর লাভ করছে। যারা হবে সময়ের নিয়ন্ত্রক ও যামানার ইমাম, যারা হবে সূজনশীল চিন্তার ধারক, হতন্ত্র আদর্শের বাহক এবং হকীয় ব্যক্তিত্বের অধিকারী জামাত, তারাই হয়ে পড়েছে ধর্মহীন দিক্ষা ও শিক্ষাপ্রতিষ্ঠানের অদ্ধ অনুসারী, নীতিহীন ব্যক্তি ও ব্যক্তিত্ব্ব পূজারী। এটাই যেন তাদের গর্ব ও গৌরব । ভাই করি বড় দঙ্গরু করে বলেছেল-

کر سکتے تھے جو اپنے زمانہ کی امامت وہ کھنہ دماغ اپنے زمانہ کے ہیں پیرو

'অন্ধকারে আলো ছড়াবার এবং যুগের নেতৃত্ব দেবার যোগ্যতা ছিলো যাদের, দেখো হায়। তারাই এখন আঁধারে পথ হারায়, তারাই এখন মাধা দোলায় যুগের ইশারায়।'

আজ আমাদের দ্বীনী মাদরাসায় সবচে জয়ংকর কেতনা ও চিন্তানৈতিক ব্যাধি হলো সর্ববাগী এক হীনমন্যতাবোধ, যা ঘূণে ধরা কাঠের মত ভিতরে ভিতরে আমাদের গ্রাস করে চলেছে। আর বলাবাহুল্য যে, কর্মচঞ্চল ও সংগ্রামমূপর এই পৃথিবীতে ঘূণে ধরা কোন প্রতিষ্ঠানের পক্ষে বেঁচে থাকা ও টিকে থাকা কথানা সম্বব নহ।

#### কেন এ হীনমন্যতা, কোথায় আত্মমর্যাদা?

আমার প্রিয় তালিবানে ইলম!

যুগ ও সমাজের মোকাবেলায় কেন ও কী জন্য আপনাদের এই হীনমন্যতা? জনাদের হীনমন্যতা হলো মানসিক দুর্বলতা ও মনপ্তান্থিক ব্যাধি। কিছু আপনাদের হীনমন্যতাবেধের অর্থ হবে ধীন ও ঈমানের কমযোরি এবং চিন্তা ও বিশ্বাসের দুর্বলতা। এর অর্থ হবে গারী ওয়াদা ও প্রতিশ্রুতি এবং আসমানী নেমাম ও ব্যবস্থার প্রতি আস্থাহীনতা, যার পরিণাম-পরিণতি তুবই গুরুতর ও সুসূত্রপ্রসারী। নববী ইলমের ধারক ও বাহক যার। ওয়ারিছে নবী ও নায়েরে রাস্ল যারা তাদের মনে যদি বাসা বাঁধে ভুচ্ছতা ও হীনমন্যতার অনুভূতি তাহলে এর অর্থ হবে এই যে, নরুয়তের মাকাম ও মর্বাদা তাদের জানা নেই। আল্লাহর

যাত ও ছিফাতের পরিচয় তাদের কাছে নেই। অন্তরে ইয়াকীন ও বিশ্বাসের সম্পদ নেই।

ভাই, আপনারা তো এমন সব ব্যক্তি ও ব্যক্তিত্বের উত্তরসূরী যাদের সামনে এসে থেমে যেতো সময়ের পতি, খারা নির্ধারণ করে দিতেন জীবন ও সমাজের রীতি-নীতি, যাদের নূরানিয়াতের সামনে দান হয়ে যেতো সূর্যের দীঙি। আপনারা তাদের পদাংক অনুসারী, শেখ সাদীর ভাষায় যারা ছিলেন 'মুকুটহীন সম্রাট'।

যে মহামূল্যবান সম্পদসম্ভার রয়েছে আপনার কাছে পৃথিবীর সব রাজভাগার 
তা থেকে বঞ্চিত। আপনার সিনায় রয়েছে ইলমে নরুয়ত ও নূরে নরুয়ত। 
আপনার চিন্তায়, চেতনায় এবং বিশ্বাসে, ভাবনায় রয়েছে সেই সব মহাসতা ও 
চিররহস্য যা বহুদিন হলো মানবতার হাতছাড়া হয়ে গেছে। মানবজাতি আজ 
আক্কারে ভূবে আছে। বিভিন্ন গোলোযোগ-দুর্যোগ ও ফেতনা-ফাসাদে সবাই 
এখন দিশেহার।

কিছু তালিবানে ইলম। স্থুল দৃষ্টিতে তাদের পরিচয় হলো জীর্ণ দেহ, শীর্ণ বন্ধ ও রিক্ত হন্ত, কিন্তু অন্তর্চন্দু মেলে নিজের ভিতরে একবার উকি নিয়ে দেখুন। ইনয়-রাজ্য আপনার কত শত সম্পদে পরিপূর্ণ। যিন্দা কলব, যিনা রহ, সজীব ক্রন্ম, সজীব প্রাণ।

এত বড় সত্য আর কোন্ কবি কবে কোন্ কবিতায় এত সুন্দর ভাবে ফুটিয়ে তুলতে পেরেছে! তনুন–

برخود نظر کشا ز تهی دامنی مرنج درسینه تو ماه غامے نهاده اند 'শূন্য আঁচল দেখে কুণ্ন ২ও কেন ভূমিঃ নিজেকে দেখো একবার, বুকে তোমার লুকিয়ে আছে চাঁদ পূর্ণিমার।'

জেনে রাখুন, মনস্তত্ত্বের স্বীকৃত সত্য এই যে, ইজ্জত ও যিক্সতি এবং তৃক্ষতা ও মর্যাদার সম্পর্ক হলো মানুষের অন্তর্গাতের সঙ্গে। বাইরের জগতের সাথে তার সম্পর্ক বৃবই কম। হীনমন্যতা ও তৃক্ষতাবোধ একটি মনজাত্ত্বিক অবস্থার প্রকাশামাত্ত। নিজের অবস্থা ও অবস্থান সম্পর্কে মানুষের মনের বিধা-বন্দু, সংশার-সন্পেহ, দুর্বভাগ ও অনাস্থা এবং আত্মপরিচারের অভাব — এসবেরই অনিবার্ধ পরিপ্রতি হলো নিজের তৃক্ষতার অনুভৃতি ও হীনমন্যতাবোধ। মানুষ নিজেকে নিজে তৃক্ষ ভাবে, মুলাহীন মনে করে, তারপর সম্পেহে পড়ে যায় যে, সময় ও সমাজ বৃঝি তাকে তৃক্ষ ও মূল্যহীন মনে করেছে। অথচ প্রকৃত সত্য এই

যে, নিজের উপর নিজেই সে অবিচার করছে। নিজেই নিজের অবমূল্যায়ন করছে। মনে রাখবেন, নিজেকে যে তুষ্ক ভাবে, নিজের কাছে নিজের মূল্য যে হারিয়ে ফেলে পৃথিবীর কোন পদ ও সম্পদ তাকে মর্যাদা দিতে পারে না, মূল্যবান বানাতে পারে না। আপন ফলয়ে যার স্থান নেই, এ জগত সংসারে কোখাও তার স্থান নেই। আপন ফলয়ে অসার ও সংকোচনেই বাইরের জগত সম্প্রামারিত ও সংকোচিত হয়ে থাকে। সূত্রাং নিজের কদম্যকে নিজের কদ্য সম্প্রামারিত ও সংকাচিত ইয়ে থাকে। সূত্রাং নিজের কদ্যাকে রাগত জ্ঞানার ।

মানুষের কর্তব্য হলো আত্মজিজ্ঞাসা করা, নিজেকে নিজে প্রশু করা – নিজের সদ্মে নিজেকে সে কর্তা মর্যালার আসন দিয়েছে? নিজেকে যদি সে বিক্ত ও নিঃস্ব মনে করে, দুনিয়ার বাজারে নিজেকে মনি কুছ ও মূলায়ীন ভাবতে থাকে তাহলে নিজিক মাপে ওজন করে জভান্ত এই পৃথিবীর কাছে ইজ্জত ও মর্যাদা আশা করা তার উচিত নয়। জানে বিজ্ঞানে এবং আবিষ্কারে উদ্ভাবনে অতি জ্ঞাসর এই পৃথিবীতে বিশ শতকের শেষ প্রান্তে দাঁড়িয়েও যদি আপানি বুঝাতে না পারেন তাহলে আমার কিছু বলার নেই। আবর জাহেলিয়াতের দাতা হাতেম তাঈ কিছু এ পরম সত্য আমার আপানার শিক্ষার জন্য তার এক কবিতায় রেখে গোছেল-

و نفسك أكرمها فإنك إن تهن / عليك فلن تلقى من الناس مكرما

'বন্ধু! নিজেকে নিজে মর্যাদা দাও। কেননা তোমার চোখে তুমি তৃচ্ছ হলে মানুষের মাহফিলে কোন কদর পাবে না তুমি।

প্রিয় বন্ধুগণ! চাদ-সূর্যের অন্তিপ্রের মতই আমি বিশ্বাস করি যে, শত শতজাতির কোটি কোটি মানুষের এই পৃথিবীতে আমরা তুচ্ছ নই, নিঃস্ব নই, দুর্বল ও শক্তিহীন নই, অবহায় ও বে-সাহারা নই। কিন্তু সমস্যা এই যে, আমরা আমাদের আত্মপরিচয় ভূলে গেছি। এই আত্মবিশ্বতিরই পরিণতি হলো আমাদের হীনমন্যতাবোধ।

এ ব্যাধির একমাত্র চিকিৎসা এই যে, আমাদেরকে আত্মসচেতন হতে হবে।
নিজেনের অবস্থান ও মর্যাদা অনুধাবন করতে হবে। নিজেদের ভিতরে গক্ষিত্ত
সম্পাদের সঠিক খোঁজ নিতে হবে। দুনিয়ার পরিবর্তন আসালে আমাদের দৃষ্টির
পরিবর্তন। বাইরের দুনিয়ার সর্বকিছু আমাদের দৃষ্টির অনুণামী। যোদিক জীবন ও
জগত সম্পার্কে এবং নিজেদের সম্পার্কে আমাদের দৃষ্টিতে পরিবর্তন আসাবে
সেদিন জগত পংসারের সর্বকিছুতেই পরিবর্তন আসাবে। এবং আমরা অবাক
বিশ্বয়ে দেখতে পাবো যে, হীনমন্যতাবোধের যে ভয়ন্তর অপচ্ছায়া আমাদের

তাড়িয়ে ফিরছিলো তা কর্পুরের মত উবে গেছে। কবি সত্যই বলেছেন-

াছে । খন । দুর্ন দ্বাদ্ধ দ্বাদ আপন মর্যাদা সম্পর্কে তুমি সচেতন হও তাহলে দেখবে, জিন-ইনসান হবে তোমার সিপাহী, আর তুমি হবে আমীরে লশকর।

আমাদের বিগত ও সমসাময়িক ইতিহাসে দেখা যায়, যারা বিশ্বজগতে
নিজ্ঞেদের অবস্থান ও মর্থাদা উপলব্ধি করতে পেরেছেন এবং বুঝতে পেরেছেন
যে, কী মহামূল্যবান সম্পদ ও মর্থাদাপূর্ণ মাকাম আল্লাহ তাদের দান করেছেন,
সারা বিশ্বের সব কিছু তাদের কাছে মনে হয়েছে তুছ্ছ, অতি তুছছ । ফলে দুনিয়ার
কোন সালতানাত কথনো তাদের খরিদ করতে পারে ন। প্রতাপশালী সুলতান
ও আমীর-উমরাদের বড় বড় লোভনীয় প্রস্তাব মৃদু হেসে এই বলে তারা কিরিয়ে
দিয়েছেন যে "ইপাল তো নীড় বাঁধে সর্রোক বুদ্দের শীর্ষ ১ড়ায়।'

মানবজাতির ইতিহাস যদিও বারবার আত্মবিস্কৃত ও আত্মবিক্রিত মানুমের কলংকে কলংকিত হয়েছে, তবু তা এই মহামানবদের ব্যক্তিত্ব বিভায় উদ্ধাসিত এবং তাদের আল্লাহ-প্রেম ও আত্মসম্মানবাধের কাহিনীতে পৌরবান্থিত হয়েছে। মানবতার শির ভাদেরই কল্যানে চিরউনুত রয়েছে যারা কর্মে ও বিশ্বাসে নিজ্ঞানে শির উনত রোখছেন।

#### আত্মর্যাদাশীলদের দ্বারাই জীবনের গৌরব

আমার প্রিয় বন্ধূগণ: জীবনের স্থিতি ও ধারাবাহিকতার জন্য খাদ্য-বন্ধ্র ও জপায়-উপকরেবের যেমন প্রয়োজন, এবং মানুষ নিজেই সেগুলোর ব্যবস্থাপার দায়িত্ব প্রথণ করেছে, তেমনি মানবজীবনের উন্নতি ও অধ্যণতি এবং মানবতার মর্যাদা ও গৌরব কন্ধার জন্য জড়বাদ ও বন্ধূপ্তার এই পৃথিবীতে সময়ে সময়ে এমন কিছু মর্দে খোদা ও সাধক পুরুষদের উপস্থিতি অপরিহার্য, যারা নববী শান ও ওল্লারিছে নবীর আত্মসামান বজায় রাখতে পারেন এবং বন্ধুভান্তিক পৃথিবীর মাপ ও পরিমাপ অবজ্ঞাভরে অপ্রীকার করতে পারেন এবং বিভিন্ন জনপদের বিভিন্ন প্রায়ণ্ড প্রেরণ থবং বিভিন্ন জনপদের বিভিন্ন প্রায়ণ্ড প্রেরণ প্রবিশ্বর অত্যার্থাক বিভিন্ন প্রায়ণ এ আওয়ায়্য দিতে পারেন-

أتمدونن بمال فما آتاني الله خير بما آتاكم بل أنتم بهديتكم تفرحون

'আমাকে তোমরা সম্পদ দিয়ে সাহায্য করতে চাওঃ শোনো, আল্লাহ আমাকে যা দিয়েছেন তা ঐ সম্পদ থেকে উত্তম যা তিনি তোমাদের দিয়েছেন, তোমরা বরং তোমাদের সম্পদ নিয়ে মেতে থাকো।'

এ আওয়ায যেদিন বন্ধ হয়ে যাবে, সারা দুনিয়া সেদিন এমন এক

নিলামঘর-এ পরিপত হবে, যেখানে বিবেক ও বিশ্বাস এবং ইলম ও ঈমান কোন না কোন মূলো খরিদ করা সম্ভব, যেখানে মানুষ ও মানবতা গক্ত-ছাগলের মত সম্ভা দরে কিংবা চড়া দরে বিক্রি হয়। দূলিয়া সেদিন আনুষ্যা দ্বায়েব বামোপযোগী। থাকবে না এবং মানবতার ইচ্জত বলে কিছুই থাকবে না।

এখন মানবতার সদ্ধুম রক্ষা করা এবং দ্বীন ও পরীয়তের শান বজায় রাখার দায়িত্ব এককভাবে আপনাদেরই উপর অর্পিত। সময়ের উজান পাড়ি দিয়ে আপনাদেরই এপিয়ে আসকানদেরই এপিয়ে আসকানদেরই এপিয়ে আবি বির্বাহী ছাড়া জীরনের জন্য কোন কাছে ও উদ্দেশ্যের কথা কখনো দাখ়িই করেনি। এ আশা ও প্রত্যাশা তো তথু আপনাদেরই কাছে করা যেতে পারে, যাদের পূর্বপূক্ষদের কাতারে রয়েছেন ইমাম আবু হানীকা ও ইমাম আহমদ বিন হাছল (য়ঃ) এর মত ইয়্যত ও পায়রব্রতার অধিকারী ইমাম, যাদেরকে ভয়-ভীতি এবং লোভ ও প্রশোভনের কোন হলে।ই বরিদ করতে পায়ের কোন।ই বরিদ করতে পায়ের বিন স্ব্রাগরে প্রতাভিত্তি এবং লোভ ও প্রশোভনের কোন মুল্টোই বরিদ করতে পায়ের বিন স্থাপর প্রবল প্রতাপায়িত আরবাসী চক্ষত।

রয়েছেন ইমাম পায্যালী (রঃ) এর মত সাহসী ও বা-হিম্নত আলিম বিনি দরবারে খেলাফাতের ইঙ্গিত-অনুরোধ সত্ত্বেও বাগদাদের নিযামিয়া বিশ্ব-বিদ্যালয়ের এধান অধ্যাপকের পদ এহণ করতে রাজী হননি, যা খেলাফতের পব সর্বোচ্চ শ্বমি মর্ঘাদার বিষয় জিলা।

রয়েছেন হযরত মুজাদ্দিদে আলফেছানী (রঃ) এর মত প্রাক্ত ও প্রতিজ্ঞ এবং উচ্চ মনোবলের অধিকারী মানুষ যিনি বাদশাহ জাহাঙ্গীরের সামনে মাথা নত না করে কারাগারের নির্যাতনকে সাদরে বরণ করেছেন।

আপনাদের পূর্বপুরুষদের কা্ডারে রয়েছেন হযরত মিরযা মাযহার জানেজানা (রহঃ) এর মত ব্যক্তি ও ব্যক্তিত্ব, যার নামে দিল্লীর বাদশাহ পারগাম পাঠালেন- আল্লাহর দেয়া আমার বিশাল সাল্যভানাত থেকে আপনিও কিছু এহণ করুল।

আর তিনি জবাব পাঠালেন— আরাহ তো সারা দুনিয়াকে صناع الدنيا تليل বলেছেন। তা থেকে আপনার ডাগে পড়েছে সামান্য একটি অংশের রাজত্ব। সুতরাং তা এমন কী আর বেশী যে, আমার মত 'ফকীর' তাতে লোভের হাড বাড়াবে!'

একবার তিনি নওয়াব আছেফ জাহ-এর পেশকৃত বাইশ হাজার রুপিয়ার নযরানা ফেরত দিলে নওয়াব নিবেদন করলেন, আপনি গ্রহণ করে অভাবীদের মাঝে তাকসীম করে দিন।

কিছু তিনি বিনয়ের সাথে বললেন, 'দান বিতরণের আদব-কায়দা আমার জানা নেই। আপনি ফেরার পথে দান করে করে যান, দেখবেন ঘরে যাওয়ার আপে তা শেষ হয়ে গেছে। অন্তত ঘরে গিয়ে তো অবশ্যই শেষ হয়ে যাবে।'

আপনার পূর্বপুরুষদের মাঝে রয়েছেন হযরত শাহ গোলাম আলী দেহলতী-এর মত ব্যক্তিও যিনি নওয়াব মীর খান-এর পক্ষ হতে তাঁর খানকাহ-এর বার্ষিক খরচ নির্বাহের জন্য জায়গীর প্রদানের প্রস্তাব এই বলে প্রত্যাখ্যান করেছিলেন-

ما أبروئے فقر و قناعث غی بریم ما میرخاں بگوئے که روزی مقدر است 'ফকীরী ও অস্ত্রেভষ্টির ইচ্ছত আমি হারাতে পারি না/ মীর খানকে বলে

'ফকীরী ও অল্পেতৃষ্টির ইজ্জত আমি হারাতে পারি না/ মীর খানকে বলে দাও যে, রুফি তো নির্ধারিত তাকদীর।'

আরো আছেন মাওলানা আদুররহীম রায়পুরী (রহ) এর মত স্বনামধন্য মুদাররিস, যিনি বেরলী কলেজের আড়াইশ রুপিয়ার 'বেডন' ফেলে দশ রুপিয়ার 'অয়ীফা' বেছে নিয়েছিলেন এবং লিয়াইী তালীমকে অধ্যাপনার সন্মানের উপর অম্রাধিকার দিয়ে বলেছিলেন

'ইলমের থিদমত থেকে যদি বিমুখ হয়ে যাই তাহলে আগামীকাল আল্লাহর কাছে আমি কী জবাব দেবো?'

আপনার পূর্বপুরুষদের মাঝে রয়েছেন দাকল উলুম দেখবন্দের 'বানী' ও প্রতিষ্ঠাতা হয়রত মাওলানা কাসিম নানুভবী (রহ)-এর মত মহান ব্যক্তি যিনি দশ ক্রপিয়ার ভাতা থেকে দুই ক্রপিয়া এই বলে বাদ দিয়েছিলেন যে, দুই ক্রপিয়া আমি আমার খেলমতে ব্যয় করতাম। তাঁর ইন্তিকালের পর এটা আমার জন্য অতিরিক্ত, যার হিসাবের দায় থেকে কেয়ামতের দিন আমি বাঁচতে চাই।

আপনার নিকট অতীতের পূর্বপুরুষদের মাঝেও রয়েছেন এমন এমন নিবেদিতপ্রাণ মুদাররিস ধারা বড় বড় প্রতিষ্ঠানের লোভনীয় প্রস্তাবের মোকাবেলায় মাদরাসার সামান্য অধীফাকে এবং উদ্ভাদ ও শায়ধের ছোহ্বত ও সান্নিধ্যকে সানন্দ প্রবংশ করেছেন এবং অনটন ও কৃচ্ছতার মাঝেই জীবন কাটিয়েছেন। সূতরাং আরব কবি ফারাযদাকের এই 'আস্বাশৌরবী' কবিতা বলার অধিকার অবশাই আপনার আছে—

أولئك آبائي فجئني بمثلهم / إذا جمعتنا يا جرير المجامع

'এই স্বনামধন্যরা হলেন আমার পূর্বপুরুষ। হে জারীর! আমাদের জমজমাট মজলিসে তাদের একজনমাত্র তলনা পেশ করো দেখি!'

বন্ধুগণ! আমার কথায় এমন যেন মনে না করেন যে, সমাজ ও সময়ের পরিবর্তন, জীবনযাত্রার চাহিনা ও প্রয়োজন এবং হিম্মত ও মনোবলের দুর্বলতা ও সীমাবন্ধতার অনুভূতি আমার নেই, কিবো এ যুগে আমি আপনাদের কাছে দাবী করি না । তবে এ কথা অবশাই বলবো যে, যে পথ ও পস্থা এবং যে জীবন ও চিন্তা আপনারা গ্রহণ করেছেন, নিঃসন্দেহে তা মেহনত ও মোজাহাদা, তাগও ও আত্মত্তাগ এবং কৃষ্ণতা ও অপ্লেভুষ্টির দাবীদার । এ পথ উচ্চ মনোবল ও বুলমহিম্মতের পথ । জীবনের জনা যে পথ আপনারা গ্রহণ করেছেন, কিংবা তাকদীরে ইলাহী আপনাদের জন্য নির্বাচন করেছে তা পার্থিব উচ্চাভিলায় প্রবাদের এবং জাগতিক উন্নতি সাধনের পথ নয় । এ পথে তা আপনাকে তনতে হার সমাজের বটাক্ষ যে-

#### قد كنت فينا مرجوا قبل هذا

'এর আপে আমাদের নথরে তুমি তো ছিলে ভবিষ্যাতের আশা-ভরসা। কিছু যে পথ ধরেছে। তাতে তো অভাবই নিতাসন্ধী তোমার, আর ভবিষ্যত হলো অন্ধকার। অথচ দেখো, অমুকের পুত্র– তোমারই সমবয়সী– কোথায় চলে গোছে আর তমি কেখায় পড়ে আছো!'

এধরনের আরো বহু কথা ও কটাক্ষ আপনাকে শুনতে হবে। এ পথে আপনাকে প্রথম যে পাঠ ও শিক্ষা গ্রহণ করতে হবে তা হলো–

و لا تمدن عينيك إلى ما متعنا به أزواجا منهم زهرة الحياة الدنيا لنفتنهم فيه ،

ورزق ربك خير و أبقى

'তাদেরকে দূনিয়ার যে চাকচিক্য ভোগ করতে দিয়েছি পরীক্ষার উদ্দেশ্যে, সেদিকে চোখ তুলে তাকিও না। কেননা তোমার প্রতিপালকের দেয়া রিষিকই উত্তম ও অধিক স্থায়ী।'

কিন্তু এর ফল ও প্রতিফল কী? তাও তনুন-

و جعلناهم أئمة يهدون بأمرنا لما صبروا و كانوا باياتنا يوقنون

'তারা যে ছবর করেছে আর আমার আয়াতকে বিশ্বাস করেছে তাই তাদেরকে আমি পথপ্রদর্শনকারী ইমাম বানিয়েছি।' এই ঈর্ষণীয় আধ্যাত্মিক স্তর সম্পর্কেই মাওলানা রুমী (রহঃ) বলেছেন-

معده را بگزار سوئے دل خرام تاکه بے برده زحق آبد سلام

'উদর চিন্তা ত্যাগ করো, হৃদয়ের পথে যাত্রা করো, পর্দার আড়াল ছেড়ে তোমার কাছে নেমে আসবে আসমানী সালাম।'

# বুঝতে শিখুন যামানার নিস্বতা

বন্ধুগণ। জীবন সংগ্রামের পথে হীনমন্যতার যে অনুভূতি আজ আপনাদের যন্ত্রণান্ধ করছে তার একটা কারণ তো এই যে, নিজেদের প্রকৃত অবস্থান ও মর্যাদা সম্পর্কে আপনারা অবগত নন। এ সম্পর্কে বিস্তারিত বক্তব্য আগেই বলেছি।

দ্বিতীয় কারণ এই যে, আজকের পৃথিবীর প্রকৃত অবস্থা সম্পর্কেও আপনাদের সঠিক ধারণা নেই। জীবনের গুরুভারে আমাদের সময় ও সমাজ কতটা বিপর্যন্ত ও অসহায় এবং হৃদয় ও আখার জগতে কেমন ক্ষুধার্ত ও তৃষ্কার্ত তা আপনাদের জানা নেই। অজ্ঞতার কারনে বাইরের চাকচিকো আপনাদের মনমন্তির এমনই প্রভাবিত যে, করুণার চোখে না দেখে পৃথিবীকে আপনার কামনার চোখে দেখেছেন, স্বর্কাপ দেখেন নি । কাছে থেকে নির্মোহ পৃষ্টিতে দেখলে পরিকার বুঝতে পারবেন, এই মুগ, এই সমাজ কতটা কেন্টিলিয়া ও হতাগাধান্ত।

সবচেরে বড় কথা, সময় ও সমাজ নিজেও তার দেউলিয়াত্ তীব্রভাবে অনুতব করছে। সওলাগরের সব মুদ্রা জাল প্রমাণিত হয়েছে, শিকারীর সব তীর লক্ষ্যপ্রত হয়েছে এবং দুর থেকে দেখা মকপথের জলতরঙ্গ মরীচিকা সাব্যক্ত হয়েছে। এককথায় সব দর্শন ও অতবাদ এবং জীবন ব্যবস্থা ও সমাজ কাঠামো ব্যর্থ প্রমাণিত হয়েছে। সব কর্ম্মু আজ দিবা-কর্ম্মে পরিগত হয়েছে।

আপনার কাছে নরুয়তে মুহাশ্রদীর যে জ্ঞানভাগার ও সত্য-সম্পদ রয়েছে নিজের অযোগ্যতা ও স্থূলদৃষ্টির কারণে সমাজের সামনে তা তুলে ধরতে আপনি সংকোচ বোধ করছেন। কারণ আপনার ধারণা, বিজ্ঞান ও প্রশ্নুক্তির এবং শিল্প ও অর্থনীতির এ বিপ্লবের যুগে উটের যুগের কথা কীতাবে বলা যায়। অধচ বান্তবতা এই যে, পৃথিবী ও তার মানক সমাজ নেতপোর জন্যই এখন ব্যাকুল ও সক্ষা। বিদ্যায়, বুদ্ধিতে ও শিক্তে, শক্তিতে উন্লত সব জাতি আৰু এমন ব্যক্তি ও ব্যক্তি প্রতীক্তার অতীক্ষায় আছে যাবা তাদেরকে জীবনের নতুন পথ দেখাবে, অক্ত্রু যাব্রার পাথের যোগাবে এবং মুহাম্মদে আরাবীর বাণী ও পায়গাম শোনাবে।

কবির ভাষায়–

# همه آهوان صحرا سر خود نهاده بر کف بامید آن که روزے بشکار خواهی آمد

'বিওরু মরুভূমির প্রতিটি তপ্ত বালুকণা তাকিয়ে আছে মেঘের দিকে, কখন নেমে আসবে বৃষ্টিধারা: শীতল হবে, তপ্ত হবে মরু সাহারা!'১

### আসলম সম্পদ ইলমে নববী

অন্তর্দৃষ্টির অভাবে দ্বীন ও শরীয়তের যে বাণী ও বক্তব্যকে আপনি সাধারণ ভাবছেন, আপনার কাছে যার গুরুত্ব নেই, বড় বড় রুলার ও বিদদ্ধ পর্ত্তিক্র আমি তা মন্ত্রমুদ্ধের মত শ্রবণ ও এহণ করতে দেখেছি। জীবনের বিভিন্ন ক্ষেত্রে সুপ্রতিষ্ঠিত ব্যক্তিদের সামনে যথনই নবুয়তের নিক্ষা ও দীক্ষার আলোচনা এদেছে পরিকার মনে হয়েছে, বহু উঁচু থেকে অনেক নীচের মানুষকে যেন সেয়েধন করা হচ্ছে এবং নতুন কিছুর সাথে নতুন পরিচয় যেন তারা লাভ করছে। এমন কিছু যা তাদের কান এত দিন তনে নি, কিছু শোনার জন্য উৎকর্প ছিলো। দুনিয়ার বাজারে দুনিয়ার পণ্যসন্ধার নিয়ে আপনি হাজির হতে চান, তারপর যদি খ্রুত্ব (আমানের ক্রান্তর্ভার করা তার ভাতির ক্রান্তর্ভার করা তার তার ক্রিয়ার গ্রহার নের তাহালে করা তার তার ক্রিয়ার বাজারে দুনিয়ার পণ্যসন্ধার ক্রান্তর্ভার আপনি যামানের শীতল আচারণা করাররের দেয় তাহলে কোন্ যুক্তির জ্যোরে আপনি যামানার শীতল

জীবনের যন্ত্রণায় দক্ষ পৃথিবী তো আশা করে যে, আপনি তাকে নরুয়তের বাণী ও পায়পাম এবং তত্ত্ব ও হাকীকত শোনাবেন, নরুয়তের পথ ও পত্ত্ব এবং আহকাম ও বিধান বোঝাবেন। পৃথিবী এখনো নবী ও নরুয়তের সামনে মাথা নত করতে প্রস্তুত। মানুষের মোধা ও প্রতিভা এবং চিন্তা ও চেতলা এখনো তা গ্রহণ করার জন্য স্বতঃকূর্ত, যেমন ছিলো গৃতীয় ষষ্ঠ শতকের পৃথিবীর সীমাবদ্ধ পরিবেশে। আপনার কাছে গ্রীকদের প্রকৃতি বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞানর যে ক'টি ছেঁড়া পাতা আছে, তার মোকাবেলায় ইউরোপের কাছে রাহেছে জ্ঞান-বিজ্ঞান, ওঙা ও প্রযুক্ত বরং পরীক্ষণ বিশ্বীক্ষার বিশাল জ্ঞার। স্কৃত্রাং এটা বান্তর সত্য যে, আজকের বিজ্ঞানগরী ইউরোপের গ্রীকদর্শনের তত্ত্ব জাটিশতা এবং বৃদ্ধিবৃত্তির সৃক্ষতা দিয়ে প্রভাবিত করা সম্ভব নয়। কেননা গ্রীক

১।কবিতাটির শান্দিক তরজমা এই-

মরুভূমির ক্ষুধার্ত প্রাণী বিষণ্ণ বদনে বসে আছে উন্মুখ হয়ে/ এ আশায় যে, আজ না হোক কাল কোন না কোন শিকার আসবে নিশ্চয়।

জ্ঞান-বিজ্ঞানের যুগ শেষ হয়ে গেছে এবং সে তার জীবন ও জীবনীশক্তি হারিয়ে ফেলেছে।

কিছু আধিয়া আলাইহিমুস-সালামের যে ইলম ও হাকীকত এবং রহানিয়াত ও নুরানিয়াত আপনার কাছে রয়েছে ইউরোপ-এদিয়া এখনো তা থেকে বঞ্জিত এবং সে জনা তৃষ্ণার্ত আপনার চিত্তা-গবেষণার এবং জানচর্চার কিছু না কিছু জবাব আছে তাদের কাছে, কিছু নর্মতের মুজিয়া ও অলৌকিকত্বের কোন জবাব নেই। আপনি আপনার আসল শক্তি ও সম্পদ নিয়ে আপো বাড়ুন এবং পূর্ণ আস্থা ও আত্মবিশ্বাসের সাথে যিন্দেপীর ময়দানে নেমে আসুন। এখানে আপনার কোন প্রতিপক্ষ ও প্রতিহন্দী নেই। আপনার কাছে মানবতার নামে যে দাওয়াত ও পায়ণাম আছে, আপনার কাছে ইলম ও হাকীকাতের এবং অন্তর্জান ও মা'রিফাতের যে খরবাধারা রয়েছে এবং যে মহান সতার সঙ্গে আপনার গোলামির সম্পর্ক-সৌভাগ্য রয়েছে তারপর তো আপনি অবশাই সপৌরবে বলতে পারেন-

عجب کیا گرمه و پرویں مرے نخچیر هو جائیں که ہر فتراك صاحب دولتے بستم سر خودار وہ دانائے سیل ختم الرسل مولائے كل جس نے غبار راہ كو بخشا فروغ وادى سینا

'আতর্য কী চাঁদ-তারা যদি হয় আমার অনুগত! আমি তো গোলাম তাঁর, যিনি সবার সেরা, যিনি নবীকুল শিরোমণি। পথের ধুলিকণাকে যিনি দান কলেছেন সিনাই মুক্তর বিশালক।

## জীবনের সঙ্গে ইসলামী ইলমের সংযোগ রক্ষায় পূর্ববর্তীদের প্রচেষ্টা

প্রিয় বন্ধুগণ! ওন্ধতেই আমি বলেছি, আপনাদের সম্পর্কের এক প্রাপ্ত নব্য়তে মুহাম্মদীর সঙ্গে যুক্ত। এই সংযুক্তির দায় ও দায়িত্ব কী কী? এতক্ষণ আমি সে বিষয়েই বিশাদ আলোচনা করেছি।

আমি আরো বলেছি যে, আপনাদের সম্পর্কের অপর প্রান্ত মানব-জীবনের সঙ্গে যুক্ত। এখন আমি আরয করতে চাই, জীবনের সঙ্গে এই সংযুক্তি আপনাদের উপর কী কী দার-দায়িত্ব অর্পণ করে এবং সে জন্য কী বী প্রস্তুতি প্রহাদের প্রয়োজন? এবং এ সম্পর্কের হক কী ভাবে আপনারা আদায় করতে পারেন?

বন্ধুগণ! নবুয়তে মুহামদী আমাদেরকে যে ইলম ও মহাজ্ঞান, যে হাকীকত

এবং যে বিধান ও মূলনীতি দান করেছে তাতে তো বিদুমাত্র পরিবর্তন করা সঞ্জব নয়, আর আপনাদের মহান পূর্বসূরীদের তাজদীদী অবদানও এটাই যে, তারা পরিবর্তন, পরিবর্ধন বা পরিমার্জনের কোন সুযোগ দেন নি, বরং পূর্ব অক্ষত অবস্থায় হবহু তা আমাদের হাতে পৌছে দিয়েছেন।

তবে সেই সাথে এ বাস্তব সত্যও মনে রাখতে হবে যে, আমাদের মহান পূর্বসূরীগণ প্রত্যেক মুগে নুবয়তের ইলমী আমানভকে জীবনের সর্বপ্তরে প্রয়োগ করার প্রটেষ্টাও পূর্ব অব্যাহত রেখেছিলেন। তাঁরা আল্লাহ-এদত মেধা ও প্রতিভা এবং শ্রম ও সাধনা ছারা নর্বয়তের ইলম ও হাকীকত এবং আংকাম ও বিধানের সমগ্র সম্পাদসম্ভাবকে সচল ও জীবর এবং কার্যকর ও সার্বজনীন জীবন-বিধান বলে প্রমাণ করেছেন এবং এগুলোর এমন পূর্ণাঙ্গ ও জীবনধর্মী বাখ্যা-পর্যালাচনা উপস্থাপন করেছেন যে, সমকালীন প্রজন্মের মন-মন্তিক ও চিত্তা-চেতনা সহজেই তা আত্মন্থ করতে পেরেছে। নিজের্দের সম্মান এবং জিতা ও স্থাজিবৃতিক প্ররেম মাঝে এবং ছীন ও পরীয়তের নিক্ষা-শীক্ষা এবং আহকাম ও বিধানের মাঝে কোন দূবত্ব ও পার্থক্য তারা অনুভব করে নি। ছীন ও শরীয়তের মৌল উদ্দেশ্য ও প্রভাক্ষ বিধানের ব্যাপারে আমাদের পূর্বপুক্তমনের মাঝে ছিলো পর্বতের আলৈতা এবং ইম্পাতের দৃঢ়তা, কিন্তু ব্যাখা-বিশ্লেষণ এবং প্রকাশ ও উপস্থানের ক্ষেত্রে ছিলো পুন্পের কমনীয়তা এবং মথমলের ক্ষেমলা । বন্ধুত সাইয়েল্না আলি রোঃ) এর এই প্রজ্ঞাপূর্ণ বাণী ও হেনায়াতের উপর তাঁবেন পূর্ব আমল ছিলো-

كلموا الناس على قدر عقولهم، أتريدون أن يكذب الله و رسوله؟

'মানুষের সঙ্গে তাদের চিন্তা ও বৃদ্ধির স্তর অনুযায়ী কথা বলো। তোমরা কি চাও যে, আল্লাহ ও তাঁর রাসুলকে মিথ্যা প্রতিপন্ন করা হোক!'

মোটকথা, যুগের চিন্তা ও বৃদ্ধিবৃত্তিক স্তর অনুযায়ী দ্বীন ও শরীয়তের ব্যাখ্যা উপস্থাপনের দায়িত্ব তারা পালন করেছেন এবং সময়ের প্রয়োজন ও প্রবণতার প্রতি পূর্ণ লক্ষ্য রেখেছেন।

তৃতীয় শতকে খলীকা আল-মামুন ও আল-মু'তাছিমের পৃষ্ঠপোষকতার ধ্রীক জ্ঞান-বিজ্ঞানের জোয়ার এলো এবং মু'তাযিলা মতবাল ও চিজ্ঞাধারায় সমকালীন চিজ্ঞা-চেতনা ও মান-মজিক আজ্ম হলো। মু'তাজিলাদেরই মনে করা হতো চিজ্ঞা ও বুন্ধিবৃত্তির একক প্রতিনিধি এবং ই'তিয়াল (মুতাঘিলাদের মত ও মতবাদ)ই ছিলো যুগের ফ্যান্সন ও মুক্তবুদ্ধির পরিচারক।

সেই কঠিন যুগ সন্ধিক্ষণে ইমাম আবুল হাসান আশ'আরী (রহঃ)

মু'ভাযিলাদের বৃদ্ধিবৃত্তিক ইজারাদারির বিরুদ্ধে বিদ্রোহ করেছিলেন এবং তাদের মোকাবেলায় তাদেরই তাষা ও পরিভাষায় এবং তাদেরই বীতি ও পদ্মায় ধীন ও শরীয় তের বক্তব্য, উপস্থাপন তরুক করেছিলেন। এব রীতি ও পদ্মায় ধীন ও অভিনবত্ব ও শৈলীগত বৈশিষ্টাই ছিলো মু'ভাযিলাদের বৃদ্ধিবৃত্তিক শ্রেছ্ত ও চিজ্ঞানৈতিক নেতৃত্বের বৃনিয়াদ সেহেতৃ খুব অল্প সময়ের মধ্যেই মুসলিম জাহানে তাদের বৃদ্ধিবৃত্তিক 'তেলেসমাতি' তেকে গোলো এবং ঘীন ও শরীয়তের পরিয়জলে যে সর্ব্ব্যাসী হীনমন্যতাবোধ ছড়িয়ে পড়ছিলো হঠাৎ তা ধেমে গোলো এবং হারানা আবু বকর ছায়রাকী (রহঃ) এব মন্তব্য হলো–

'মু'ভাযিলারা বেশ মাধাচাড়া দিয়ে উঠেছিলো, আন্তাহ ভা'আলা ভাদের মোকবেলায় শায়থ আবুল হাসান আশা'আরীকে পয়দা করলেন, আর তিনি তাঁর অননাসাধারণ মেধা ও যক্তিকশলতা দ্বারা ভাদের থামিয়ে দিলেন।'

এই যুগাঞ্চনায়ী অবদানের কারণেই আল্লামা আবু বকর ঈসমাঈলী-এর মত বিদম্ব গবেধক তাঁকে 'মুজানিদীনে উন্মতের' কাতারে শামিল করেছেন। ইমাম আবুল হাসান আপ'আরী (রহঃ) এর পর তাঁর চিন্তাধারার ব্যান্দারী রারবিক্তার কার্যান্দার করেছেন। এক পর তাঁর চিন্তাধারার ব্যান্দারী রারবিক্তার কার্যান্দার করে বাকিলানী ও আবু ইসহাক শীরাষী ও ইমামুল হারামাঈন-এর মত জগাররেণ্য কালামবিশারদ এবং আল্লামা আবু ইসহাক শীরাষী ও ইমামুল হারামাঈন-এর মত কান্মধন্য শিক্ষাগুরুত্ব আবির্তাব ঘটলো, যাদের যুগোপযোগী কীর্তি ও কর্মের কল্যাণে আহলে সুন্নাত ওয়াল জামাতের ইলমী শান ও চিন্তাগত শ্রেষ্ঠিত্ব বহাল হলো। কিন্তু ইতিমধ্যে থ্রীকদের জ্ঞানভাবার আরবীতে ভাষাব্যরিক হেমে গিয়েছিলা এবং বাকেনী স্প্রান্ধায় ও লাশিক সমাজ দর্শন শারের উপর এমন ঐশ্বরিক পবিক্রতা আরোণ করেছিলো যে, মুগলিন সমাজে সেটাই জ্ঞান ও বুন্ধিনুত্তির এবং হক ও সত্যের মাপকাঠি হয়ে গেলো।

এদিকে ইলমে কালামের মহল- থারা হবেন সবচেয়ে যুগসচেতন ও 
জাগ্রতমন্তিক – তারাই স্থবিরতা ও অনুকরণপ্রিয়তার দিকার হলেন। তাদের 
অনমনীয় দাবী ছিলো এই যে, আশ'আরী ও মাতুরীদী আকায়েদ দাছি-কমাসহ 
মানতে হবে। অপীং তাদের ভাষা ও পরিভাষা এবং যুক্তিপ্রয়োগ পদ্ধতিও চুবহু 
অনুসরণ করতে হবে। অপাচ যুগ ও সময়ের দাবী ছিলো নতুন প্রমাণ ও 
প্রমাণপদ্ধতির এবং নতুন ইজতিহাদ ও চিস্তাপান্তির।

ইমাম আবুল হাসান আশ'আরী (রহঃ) এর যুগ ছিলো দর্শনশাস্ত্রের শৈশব

মুণ, যখন মুসলিম জাহানে ভার সবেমাত্র পরিচয় গড়ে উঠছিলো। কিছু পঞ্চম পতক ছিলো দর্শনাগ্রের পূর্ব বৌবনকাল এবং জীবন ও সমাজের উপর তার নিয়ন্ত্রণ ছিলো নিবন্ধশ। তাই তখন প্রয়োজন ছিলো এক নতুন ইলমী বাজিছের, নতুন চিন্তা-চেতনার এবং নতুন ইজিছের, নতুন চিন্তা-চিতনার এবং নতুন ইজিছের করেছিলো। হজাতুল ইসলাম ইমাম গায্যালী (রহঃ) কে তৈয়ার করেছিলো। হজাতুল ইসলাম ইমাম গায্যালী (রহঃ) তার গবেষণা প্রস্থে ইসলামের আকীদা-বিশ্বাস এবং নীতি ও মূলনীতিতলো নতুন আগিকে ও নতুন পদ্ধতিতে আলোচনা করলেন এবং সেগুলোর প্রমাণকল্পে এমন যুক্তি ও ভিত্তি উপপ্রপান করলেন যা সে মুগের ধারা ও প্রবণতার বিচারে অধিকতর প্রভাবক ও মনম্বর্গাহী ছিলো। তার যুক্তি-অবতারণা ও প্রমাণ-পর্যালোচনার অভিনব রীতি ও শদ্ধতি নতুন প্রজন্মের অওবে বীন ও শরীয়তের মর্যাদা এবং আহলে সুম্নাত ওয়াল জামাতের ভাবমূর্তি পূনকজার করেছিলো এবং হাজারো অস্থির চিত্ত ও বিল্রোই মন্তিছকে শান্ত ও আগ্রন্থ করেছিলো এবং হাজারো অস্থির চিত্ত ও বিল্রোই। মন্তিছকে শান্ত ও আগ্রন্থ করেছিলো। এবং হাজারো অস্থির চিত্ত ও বিল্রোই। মন্তিছকে শান্ত ও আগ্রন্থ করেছিলো। এবং হাজারো অস্থির চিত্ত ও

কালামশান্ত্রীয় মহল যদিও তখন ইমাম গায্যালীর অবদানের যথাযোগ্য মূল্যায়ন করতে পারেনি, বরং ইলমুল কালামের সনাতন চিন্তা-রেখা থেকে সরে আসায় তার সমালোচনাই করেছে এবং ইমাম সাহেবত نيسطى النفرقة بين المام الإسلام الإسلام الإسلام الإسلام الرائزة الإسلام الإسلام

ইমাম গাহ্যালী (রহঃ) যখন দেখলেন যে, দর্গন ও দর্গন-পূজারীদের বক্তব্য খবনের জন্য সরাসবি মুল উৎস অধ্যয়নের মাধ্যমে দর্গন গান্তের সুগরীর জ্ঞান আর্জন করা এবং বৃদ্ধিবৃত্তিক সমালোচনার যোগ্যতা লাভ করা প্রয়োজন তখন নির্ধিধায় তিনি দর্গনচর্চায় আত্মনিয়োগ করলেন। (আলমুনকিয় মিনাদ-দালাল কিতাবে তাঁর বক্তব্য মতে) দীর্ঘ দু' বছর তিনি দার্শনিকদের জ্ঞান-গবেষণা এবং মত ও মতবাদ সম্পর্কে ব্যাপক পড়াশোনা করেছেন এবং বাতেনী সম্প্রদায়ের আকালেদ ও বিশ্বাস সম্পর্কে পূর্ব অবগতি অর্জন করেছেন। এভাবে পূর্ব প্রস্তুতি প্রহণের পর প্রথমে তিনি 'মাকাছিদুল ফালাছিফা' এবং দ্বিতীয় পর্যায়ে 'তাহাফাভল ফালাসিফা' গ্রন্থ রচনা করেছেন।

তাহাফাতুল ফালাসিফা কিতাবে তাঁর নতুন অবদান ছিলো এই যে, এতিনিন ইসলামের পক হতে ফালামশান্তীয় আলিমদের বক্তব্য ছিলো তথু আগ্রবন্ধামূলক, যা চিরকাল দুর্বল পত্না বলে বিবেচিত হয়ে এসেছে। ইমাম গায্যালী (রহু) প্রথম বারের মত দর্শনশান্ত্রের কাঁচমহলে আঘাত হেনেছিলে এবং পাণ্ডাত্যের দর্শনশাঞ্জীয় ইতিহাস লেখকদের মন্তব্য মতে একশ বছর পর্যন্ত দর্শনশাব্রের প্রাসাদ গাধ্যালীর হামলায় কম্পমান ছিলো। প্রায় মক্কই বছর পর দার্শনিক সমাজ ইবনে রুশদের 'তাহাফাতুত-তাহাফাহ' এর মাধ্যমে ইমাম গাধ্যালীর কিতাবের জবাব পেশ করেছে।

ইমাম গায্যগালীর পর প্রয়োজন ছিলো এমন এক ব্যক্তিত্বের বিনি দর্শনশান্তের ভিতিযুলে আরো সুপৃভাশ আখাত হানবেন এবং অকটোভাবে প্রমাণ করবেন যে, দর্শনশান্তের সময় ব্যবহুল ও কাঠাযো অনুমাননির্ভরতা ও 'মুক্তি-কল্পতা' হাড়া আর কিছু নর। এমন কটেন ও জাটিল দায়িত্ব পালনের জন্যু যেমন প্রয়োজন ছিলো দর্শনশান্ত্রের সুগভীর জ্ঞান ও ব্যাপক পড়াশোনার ডেমনি প্রয়োজন ছিলো কুশনী ও সমালোচক মন্তিক্তের এবং সাহসী ও শক্তিশালী কলমের। এ কাজের জন্যু শায়পুল ইললাম আরামা হাফেষ ইবংন কারমিরা আবো বাড়লেন। তুন্দু এটা নির্দ্ধে করিল। বিভার বাছে জোরালো যুক্তি-প্রমাণের মাধ্যমে তিনি দর্শনশান্ত ও তার পুরো চিভারটামোকে ভিত্তিইন প্রমাণ করে দিনেন। তার ইজতিহানী প্রস্থম্য এখনো যুগের চিভারকে নতুন ধ্যোরাক এবং মানুবের হদমকে নতুন আহা ও বিশ্বাস এবং ভাব ও ভাবনাকে নতুন উল্যুম ও সজীরতা লান করে।

এদিকে দর্শন ও ইলমুল কালাম— উভয়ের সম্বিলিত কর্মকাণ্ডে এক ধরনের স্থল বুদ্ধিরাদিতা ও যুক্তিপ্রধণতা বিস্তার লাভ করলো, যার ফলে ইসলামী জাহানে এ ছুল ধারণা শিকত গেড়ে কসলো যে, চিন্তাচর্চা ও যুক্তি প্রয়োগই হলো ঈমান ও বিশ্বাস এবং জ্ঞান ও সত্য লাতের একমাত্র পথ । এই আন্ত ধারবার বিরুদ্ধে মাওলানা জালালুদ্ধীন কমী কলম-জিহাদের সূচনা করলেন। প্রকৃতপক্ষে তার অমর গ্রন্থ মহনবী। ছিলো সহম শতাধীর চিন্তা ও বুদ্ধির আহাসানের বিরুদ্ধে হনম ও আধার এক অনুপম প্রতিবাদ। বন্ধুত মহনবী তধু ইলমুক্তলাদের একটি ইজতিহাদি কিতাবই নয়, বরং এক নতুন ইলমুক কালামের এবং হৃদয় ও ভাবধর্মী যুক্তিপ্রয়োগের নতুন বুনিয়াদ। ইসলামের আর্কাদা-বিশ্বাস এবং আহকাম ও বিধানের যৌজিকতা তুলে ধরার জন্য তিন নতুন বার্কি কর্মাণ এবং নতুন কুলহরণ পেল করবেল, যা যুগপৎ হৃদয় ও আখারে এবং চিন্তা ও মন্তিহ্নকে প্রভাবিত করে এবং উভয়ের প্রাপ্তি বুদয় বলা রর্দ্ধে বলা বিদ্যাপ্রবেশ করে। মছনবীর প্রভাব ও হৃদয়য়াহিতা এখনে বলা রয়েছে এবং দর্শনপ্রভাবিত মহলের জন্য এখনো তা মর্বার্থ আখাত বলা বরাহাছ গ্রাব্র ওবা বিশ্বেত হয়।

মাওলানা রুমী ও হাফেষ ইবনে তায়মিয়ার পর দর্শনশাস্ত্র এক নতন মোড নিলো। অর্থাৎ চরিত্র ও নৈতিকতা এবং তাছাউফ ও আধ্যাত্মিকতারও সীমানা ডিঙ্গাতে শুরু করলো এবং রাজনীতি ও সমাজনীতির ক্ষেত্রেও নাক গলাতে শুরু করলো। দর্শনের এই সীমা লন্তান ও অন্যায় হস্তক্ষেপ রোধ করার জন্য এখন শুধু ইলাহিয়াতের আলোচনা এবং ইলমূল কালামের চর্চা যথেষ্ট ছিলো না। দর্শনের এই সর্বমুখী আগ্রাসন রোধ করা এমন ব্যক্তির পক্ষেই ওধু সম্ভব ছিলো যিনি গ্রীকদের ইশ্বরতত্ত্বে পাশাপাশি তাদের নীতিবিজ্ঞান এবং মিসরের নবা প্রেটোবাদ এবং ভারতবর্ষের যোগবাদ এবং মধ্যযুগের রাজনৈতিক চিন্তাধারা সম্পর্কেও পূর্ণ জ্ঞান ও বিচারক দৃষ্টির অধিকারী হবেন। সেই সঙ্গে দর্শন ও আধ্যাত্মবাদ, নীতিশাস্ত্র ও রাজনীতিশাস্ত্র এবং ইসলামের অর্থনীতি ও সমাজনীতি সম্পর্কেও তার অধ্যয়ন ও জানা-শোনা ব্যাপক ও গভীর হবে। এ পর্যায়ে হয়রত শাহ ওয়ালিউল্লাহ দেহলবী (রহ)-এর মত ব্যক্তিত্বের আবির্ভাব হলো এবং তিনি যথাক্রমে عبد الله الالغناء ৩ مبد الله اللغناء على अالعند प्याकुरम বডত ও শ্রেষ্ঠতের ছাপ একে দিলেন এবং বৃদ্ধিবাদী মহলে ইসলামের ইল্মী শান ও জ্ঞান-প্রভাব এবং ইসলামী উল্মের চিরন্তনতা এবং আলিম সমাজের মর্যাদা ও ভাবমর্তি পুনঃপ্রতিষ্ঠিত করলেন।

অন্য দিকে ভারতের আর্য সমাজ উপনিবেশবাদী বৃটিশ সরকারের প্ররোচনায় ইসলামের ঈমান ও আকীদা-বিশ্বাসের বিরুদ্ধে প্রবল আক্রমণ ওরু করলো এবং বিশ্বজগতের আদিত্ব-অনাদিত্ব, আন্তাহর যাত ও ছিফাত, আন্তাহর কালাম, মৃত্যুপরবর্তী জীবন, কেবলা নির্ধারণ এবং হায়াভুনুবী-এর উপর যুক্তিগত প্রশ্ন উথাপন তরু করলো। তাদের প্রশ্নুখণ্ডনের জন্য কালাম শাব্রের সন্যাতন যুক্তি-প্রমাণ যেমন পূর্ণ কার্যকর ছিলো না, তেমনি প্রাচীন যুক্তি-উপান্ত ও উপাস্থাপন শৈলীও ফলদায়ক ছিলো না। বস্তুত এটা ছিলো এক নতুন বুদ্ধিনৃত্তিক সমস্যা, যার মোকাবেলার জন্য হয়বত মাওলান কাসিম নানুতরী (বহু) নতুন এক ইলমুল কালামের গোড়াপন্তন করলেন। তিনি সহজ-সরক ভাষায় দৈনন্দিন জীবনের সাধারণ সাধারণ উদাহরণ এবং সর্বসাধারণের বোধণায় যুক্তি-প্রমাণ দ্বারা কঠিন ও জটিল ইলমী ও বুদ্ধিগত বিষয়ের সম্বাধান উপস্থাপন করলেন। তাঁর রচিত 'ভাকরীরে দিল পায়ীর' 'হজ্জাতুল ইসলাম' 'আবেহায়াত' ও ' 'কিবলানোয়া কিভাবগুলো অসাধারণ মেধা, বিতদ্ধ বোধ ও সৃক্ষ জ্ঞানের পরিচায়ক।

অন্যদিকে উনিশ ও বিশ শতকের সন্ধিক্ষণে পাঞ্জাবে কাদিয়ানি ফিতনা মাথাচাড়া দিলো। এটা ছিলো ন্দুয়তে মুহাফদীর বিরুদ্ধে একটি সুপরিকল্পিত বিদ্যাহ এবং ইসলাথের সমগ্র আকীদা-বিশ্বাস ও চিন্তা কাঠামোকে 'ভিনামাইট' করে (আন্ত্রাহা না করুন) তার ধ্বংসাবেশেষের উপর নয়া নরুমত প্রতিষ্ঠার অপপ্রয়াস। এই ভয়ন্ধর কেতনার মোকাবেলার জন্য কতিপয় দূরদর্শী ও মুখলিছ আলিয়ে দ্বীন মহাদাবে এলেন। তাঁদের মাথে নাদওয়াত্বল উলামার প্রতিষ্ঠাতা হবরত মাওলানা শৈয়দ মুহাত্বদ আলী মুদ্বেরী এবং মাওলানা শৈয়দ আনওয়ার শাহ কাশ্বীরী (রহঃ) এর নাম ও কীতি ছিলো সবচেয়ে উচ্ছল।

#### জীবনকে সঙ্গ দান এবং যুগের চাহিদা পুরণ

প্রিয় বন্ধুগণ! এত বিশদ বিবরণ পেশ করার উদ্দেশ্য এই যে, আপনারা যেন
বৃষ্যতে পারেন যে, জান্যায়ে উন্মতের চিন্তা-চেতনা, মেধা-মন্ত্রিক এবং তাঁদের
বিদমতি জায়বা কথনো কোন নির্দিষ্ট গঙীতে স্থির থাকে নি এবং কথনো তাঁরা
চিন্তা-বন্ধাত্ত্বে শিকার হন্দি, বরং সব সময় তাঁরা ইল্যের চলমান কাফেলায়
আগুয়ান ছিলেন। সময় ও সমাজের স্পন্দিত শিরা থেকে তাঁদের হাত কথনো
সরে যায় নি, বরং বিজ্ঞ চিকিৎসকের মত তার স্পন্দন ও গতি-প্রকৃতি তাঁরা
অনুধাবন করেছেন। জীবনের স্কভাব পরিবর্তন এবং সময়ের আবর্তন-বিবর্তন
সম্প্রেক কথনো তাঁরা বে-খবর হন্দি, বরং তীক্ষ দৃষ্টিতে সবর্কিছ্ব পর্যক্রেক।
করেছেন। ইসলাম ও ইনুলামী উন্মাহর বিদমত ও রাহবারির জন্য সময়ের দাবী
হিসাবে যথন যে পথ ও শস্থাকে এবং যে কর্মপন্ধতিকে তাঁরা কার্করর ও
কল্যাণকর মনে করেছেন নিঃসংকোচে তা গ্রহণ করেছেন। তাঁরা প্রতিশ্রুতিক্র
ছিলেন ইসলাম ও ইনুলামী উন্মাহর প্রতি, বিশেষ কোন চিন্তা ও পদ্ধা এবং

নির্দিষ্ট কোন ব্যক্তি ও ব্যক্তিত্বের প্রতি তাঁদের কোন দায়বদ্ধতা ছিলো না।

মিসরে ও ভারতবর্ষে যখন সভ্যতা ও সংস্কৃতি এবং ইতিহাস ও সাহিত্যের পথে ইসলামের উপর হামলা তব্ধ হলো। বিছেমী পশ্চিমা লোখক ও প্রচারিদ্যা বিশারদদের পক্ষ হতে ইসলামী ইতিহাসের প্রামাণ্য যুগ ও যুগনারকদের সমালোচনা গুকু হলো এবং ইসলামের শিক্ষা ও আদর্শকে বিকৃত ও কালিমানিছ করার অপচেষ্টা তব্ধ হলো এবং ইসলামের শিক্ষা ও আদর্শকে বিকৃত ও কালিমানিছ করার অপচেষ্টা তব্ধ হলো এবং কাম মামারিক আদিন সমাজ থেকেই বানাধন্য লেখক-সাহিত্যিক ও কলম-মুজাহিদগণ মন্নদানে এসেছেন এবং তাদের বৃদ্ধিকৃত্তিক দস্যুতার দাঁততালা জবাব দিয়েছেন। সংশ্লিষ্ট বিষয়ে উম্মাহকে তারা এমন কাজজারী এই গুজার উপহার দিয়েছেন যা তথ্ ইসলামিয়াতের ক্ষেত্রেই নয়, ববং উর্দু সাহিত্যের ক্ষেত্রেও ছিলো অনন্য। আলিম সমাজ তাদের যুগোপযোগি চিন্তা-গাবেশবা ও সাহিত্য-সাধনা দ্বারা আধুনিক শিক্ষিত সমাজকে বৃদ্ধা ও তিন্তার জগতে এমনভাবে আর্থ্য করেছেন যে, ইসলাম ও ইসলামের ইতিহাস সম্পর্কে তাদের বিধা-ছন্ত্ব যেনন দূর হলো তেমনি ইসলামের প্রতি তাদের আনুপত্যও সৃদৃত্ব হলো। উনাহরব বন্ধ স মাঞ্জানা দিবলী নোমানী (রহ) এর আনুস্তাত্যও সৃদৃত্ব হলো। উনাহরব বন্ধ স মাঞ্জানা দিবলী নোমানী (রহ) এর আনুস্তাত্য স্থিত্যকর্ম। উনকামারিয়া ও আল-জিষয়া কিল ইসলাম ছিলো এ বিষয়ে সঞ্চল সাহিত্যকর্ম।

#### পাঠ্যব্যবস্থার ক্রমপরিবর্তন

স্বয়ং আপনাদের শিক্ষাব্যবস্থা ও নিছাবে তালীমও সাক্ষ্য দের যে, ওলামায়ে ইসলাম সমরের বৈধ প্রয়োজন মেনে নিতে এবং কল্যাপ্রপস্ কোন পথ ও পদ্মা এবণ করতে কখনো বিধা-সংকোচ করেননি। আমাদের আজকের এই নিছাবে তালীম যুগে যুগে বিভিন্ন পরিবর্তনের এবং বিভিন্ন ইলমী ও বৃদ্ধিবৃত্তিক জিন্তা-প্রবণতার প্রতিনিধিত্ব করছে। প্রত্যেক যুগে তাতে প্রয়োজনীয় পরিবর্তন ও পরিমার্জন হয়ে এদেছে। তথু এই শেষ একশ বছর হলো এমন একটা সময় যথন নিছাব-কাঠামোতে কম থেকে কম পরিবর্তন এদেছে। অধ্য রাজনৈতিক ও চিন্তানৈতিক বিভিন্ন মৌলিক পরিবর্তনের কারণে এ সময়কালই ছিলো প্রয়োজনীয় সংজারের বেশী হকদাব।

## দীনের প্রতিনিধিত্বের জন্য বহুমুখী যোগ্যতার প্রয়োজন

প্রিয় বন্ধুগণ! বিপ্লব ও প্রতি-বিপ্লবের এ মূগে দ্বীন ও শরীয়তের সার্থক প্রতিনিধিত্ব এবং ইসলামের শিক্ষা-দীক্ষার ব্যাখ্যা উপস্থাপন এবং সময় ও সমাজের সামনে তার শ্রেষ্ঠতু প্রমাণের জন্য ব্যাপক প্রস্তৃতি ও বহুমুখী যোগ্যতার প্রয়োজন। মনে রাখতে হবে যে, আপনারা হলেন ইসলামের সিপাই। এখানে আপনারা আপামী দিনের জীবন-মুদ্ধে বিজয়ী হওয়ার জন্য প্রস্তুতি গ্রহণ করছেন। কোন মৌজি প্রশিক্ষণ কেন্দ্রের জন্য সব চেয়ে ক্ষতিকর ও বিপক্ষনক বিষয় হক্ষে আধুনিক ও প্রাচীন অল কিংবা একেলে ও সেকেলে সমর কৌশল সম্পর্কে বিতর্কের অবতারণা। যোদ্ধা ও সিপাহীর কাছে কোন অন্তর্ই নতুন বা পুরাতন নয়। সে তথু জানাতে চায়, এখন রণাঙ্গনে কোন অন্ত্র এবং কোন্ সমর কৌশল অধিক কার্যাকর

কোন বিশেষ অন্ত্র বা সমর কৌশদের প্রতি পক্ষপাতিত্বের অবকাশ তার নেই। তাকে তো প্রয়োজনীয় সব অন্তই হাতে নিতে হবে এবং পরিবেশ ও পরিস্থিতির উপযোগী সব রগকৌশলই গ্রহণ করতে হবে। আরব কবি অনেক আগেই বলে প্রাচন-

کل امرئ إلى/ يوم الهياج بما استعدا 'যোদ্ধা তো যুদ্ধ-দিনের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণে সচেষ্ট হয়।'

প্রিয় বন্ধুগণ! তালেবানে ইলম এবং গুয়ারিছে নবী হিসাবে যামানার নতুন "
নতুন ফেডনা সম্পর্কে আপনাদের অবপাই অবগত থাকতে হবে। তবে মনে 
রাখতে হবে যে, অঞ্চতার চেয়ে অপরিপক্ষতা অনেক বেশী ক্ষতিকঃ। বর্তমানে 
আমাদের মাদারাসাগুলোতে নিছক ফ্যাশন হিসাবে কিছু কিছু আনোলন ও 
বাদ-মতবাদের আলোচনা হয়, কিছু সে সম্পর্কে গুরু-অবগতি খুবই সামানা, 
সুগভীর অধ্যয়ন ও বন্ধুনিষ্ঠ সমালোচনা তো অনেক পরের কথা। কোন বাতিল 
মতবাদ ও চিন্তাধারা সম্পর্কে এমনকি মৌলিক জ্ঞানও আমাদের নেই। অথচ 
সমরের দাবী হলো শাস্ত্রীয় বিশেষজ্ঞ ও বিদম্ব বাজিদের পূর্ব ভত্ত্বাবদানে ও 
কিনমির্নেশনায় প্রচলিত চিন্তাধারা ও বাদ-মতবাদ সম্পর্কে পূর্বাক্ষ জ্ঞান অর্জন 
করা এবং সেগুলোর মোকালেকায় ইসলামী বাবস্কার প্রান্ঠিত প্রমাণ করা। সম্দেহ 
নেই যে, এ কাজ অতি কঠিন, তবে অতি প্রয়োজনীয়। সূতরাং মাদরাসার 
প্রাতিষ্ঠানিক তত্ত্বাবদানে অত্যন্ত সূচিন্তিত ও সুপরিকক্ষিত ভাবে আমাদেরকে এ 
পথে অঞ্চন্নর হতে হবে। সমরের নাবীকে তো অগ্নীকার করা যাবে না, যায় না। 
তাই প্রান্ডিচানিক ভাবে না হলে বাজিপত উন্যোগেণ অপরিকল্পিত ভাবেই তা 
হতে থাকবে, যা কল্যাপ্রের চেয়ে অকল্যাপুর্ব বেশী বয়ে আনবে। যা আবে

আধুনিক অধ্যয়নের সমস্যা ও নাযুকতা

সম্প্রতি আমাদের মাদরাসা-মহলে আধুনিক গবেষণা ও অধ্যয়নের চেতনা বৃদ্ধি পেয়েছে বটে, কিছু আফসোসের সঙ্গেই আমাকে বলতে হচ্ছে যে, তাতে গভীরতা ও চিন্তামনকভার ছাপ নেই এবং লক্ষ্য ও উদ্দেশ্যের নির্দেশনা নেই। আমি আধুনিক চিন্তা-গবেষণা ও অধ্যয়নের উদার প্রবক্তা। কিছু আমি পরিক্ষাও আমি আধুনিক চিন্তা-গবেষণা ও অধ্যয়নের উদার প্রবক্তা। কিছু আমি পরিক্ষাও ভাষার বলতে চাই যে, এটা অত্যন্ত বুকিপুর্ণ কান্ধ। এচ্চেত্রে সাঠিক নির্বাচন, পর্যায়ক্রমা নির্ধারণ এবং যোগ্য মুরুব্বরী ও প্রথপ্রদর্শকের সার্বক্ষণিক সঙ্গ অপরিহার্থ। তারও আপে জরুবী হলো চিন্তা-চেতনা এবং বোধ ও বৃদ্ধির এই পরিমাণ পরিক্ষতা আর্জন করা থাতে গবেষণা ও অধ্যয়ন থেকে বৃদ্ধির দায়বা পরবাহণ এবং প্রাপ্ত তথা-উপান্তের সঠিক বিন্যাস ও নির্ভূপ ব্যবহার সম্বব হয়। আসাতাযা কোমের সঠিক শিক্ষাও নির্দ্ধি সান্নিধ্য ছারা চিন্তা-চেতনা এবং বোধ ও বৃদ্ধি পরিবাক হলেই তথু অধ্যয়নকৃত বিষয় থেকে সঠিক কান্ধ নেয়া এবং তথ্য-উপান্তের কাঁচামাল থেকে কার্যকর সাম্মী উৎপন্ন করা এবং ইতিহাস, সাহিত্য ও সাধারণ জ্ঞান ছারা উপকৃত হঙ্গা সম্বব হবে। এমনকি ধর্ম-সম্পর্কীন বিষয়েও ক্রিনী ও দাওয়াতী ক্রেক্রে অনেক সময় এমন তাৎপর্বপূর্ণ হয়ে প্রঠে যা নির্ভেজন ক্রিনী বিষয়েও করনা করা যায় না। তথন কেরজনের ভাষায়-

### من بين فرث و دم لبنا خالصا سائغا للشاربين

(গোবর ও রক্তেব মধ্য হতে পানকারীদের জন্য সুপেয় খাঁটি দুধ বের করে আনা)-এর বাস্তব প্রকাশ ঘটবে।

পক্ষান্তরে গভীরতা ও পরিপক্ষতার বিষয়টি যদি বিবেচনায় রাখা না হয়, চিন্তা-চেতনায় ও মন-মন্তিকে দ্বীন ও ঈমানের বুনিয়াদ যদি সুদৃঢ় না হয় বরং চিন্তা যদি হয় বক্ত এবং রুচি যদি হয় অসম্ভ তাহলে কবির ভাষায়–

'যা কিছু গ্রহণ করবে রোগ নিরাময়ের জন্য, তাই হবে নতুন রোগের কারণ' দেশের ভাষা ও সাহিত্যের সঙ্গে সম্পর্ক

এখানে আমি দু'টি বাস্তব সত্যের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রথম কথা এই যে, কোন দেশে, কোন সমাজে ন্ধীনের খেদমত ও দাওয়াতের দায়িত্ব পালনের জন্য এবং গণজীবনে পূর্ণ প্রভাগ প্রতিষ্ঠার জন্য সেনেশের ভাষা ও সাহিত্যে পূর্ণ পারদর্শী ও পরিষ্কন্ন রুলিক অধিকারী হওা। এবং জীবভ ভাষায় ও কদর্যধাহী বর্ণনায় বক্তব্য উপস্থাপনের যোগাতা অর্জন করা অপরিবার্য। মুখের ভাষা থদি হয় মর্মন্দাশী এবং কলমের গতি যদি হয় সার্বলীয়

তথন দ্বীনের দাওয়াত হয় অধিকতর কার্যকর ও ক্রিয়াশীল। এটা এমনই এক মনস্তান্থিক সত্য ও সাদা হার্কীকত যে, যুগে যুগে নবী-রাস্লকেও সর্বোহম ভাষা দান করা হয়েছে, যাতে হজাতিকে তিনি পূর্ব আছার সাথে সন্বোধন করতে পারেন এবং তাঁর বন্ধনা যেন জাতির মান-মন্তিকে ও হদয়ের গভারে প্রবেশ করতে পারে। তাই কোরআনুল কারীমে বলা হয়েছে—

# إنا أنزلناه قرآنا عربيا لعلكم تعقلون .

'এই কিতাবকে আমি আরবী ভাষার কোরআন রূপে নাযিল করেছি যাতে তোমরা অনুধাবন করতে পারো।'

কোথাও বা বলা হয়েছে– بلسان عربي مبين সুস্পষ্ট আরবী ভাষায় নাযিল করেছি ı' আবার ইরশাদ হয়েছে–

### و ما أرسلنا من رسول إلا بلسان قومه

'কোন রাসলকে আমি তার কাওমের ভাষা ছাড়া প্রেরণ করিনি।'

বিদগ্ধ ব্যক্তিগণ জানেন 'লিসানুল কাওম' বা 'কাওমের ভাষা' ছারা গুধু
এতটুকু উদ্দেশ্য নয় যে, তিনি তানের কথা বোঝেন এবং তারাও তাঁর কথা
বোঝে, ববং উদ্দেশ্য এই যে, তিনি তাঁর যুগের ভাষা ও সাহিত্যের সর্বেচ্চ মানে
ভীৱীণ হবেন, বরং সনাইকে ছাড়িয়ে যাবেন। এ বাযাখ্যার সমর্থন পাওয়া যায়
এখান থেকে যে, আলোচা আয়াতে এর পরই বলা হয়েছে
بين لـــر المناه আলোচা আয়াতে এর পরই বলা হয়েছে
ভিনি তাদের জন্য বয়ান করতে পারেন। আর রাস্লুরাহ ছায়ায়াছ আলাইহি
ওয়ায়ায়াম নিজের সম্পর্কে ইরশান করছেন لاستال আমি আরবের
সর্বাচ্য বিজ্জভাষী।

আপনারা জানেন, ইসলামী উমাহর তাজদীদ ও সংকারের ইতিহাসে এ 
পর্যন্ত যারা অবিদ্মরণীয়-কীর্তি ও কর্ম এবং বড় বড় বিদমত আঞ্জাম দিয়েছেন 
এবং মুসলিম সমাজের মন-মানস ও চিত্তা-চেতনায় গভীর প্রভাব সৃষ্টি করেছেন 
সাধারণত তাঁরা ভাষা ও সাহিত্যের এবং মুখ ও কলমের প্রবল শক্তির অধিকারী 
ছিলেন। তাঁদের কথায় ও লেখায় ছিলো উন্নত সাহিত্য-রুক্টি ও অলংকার 
সৌন্দর্বের অপুর্ব প্রকাশ।

হযরত শায়থ আবুল কাদের জীলানী (রহঃ) এর মাওয়ায়েয ও নীতি-বজ্তাগুলো আজও জানু-বাগ্যিতা ও আবেদনময়তার জীবত নমুনা রূপে স্বীকৃত। তদ্রূপ মুজাদ্দিদে আলফেছানী (রহঃ) এর মাকত্বাত সাহিত্যের গতি ও শক্তি এবং সাবলীলতা ও স্বতঃক্ষ্ততার বিচারে দৈ যুগের 'রাজসাহিত্যিক' আবুল ফখল ও ফায়বীর কলম-কুশলতা ও সাহিত্যমান থেকে বহু উচন্তরে সমাসীন। তদ্ধপ শাহ ওয়ালিউরাহ দেহলবী (রহঃ) এর অমর গ্রন্থ ছেজাতুল্লাহিল বালিগা হচ্ছে আরবী সাহিত্য ও বুদ্ধিবৃত্তিক ভাষার এমন অনন্য সুন্দর নিদর্শন যে, মুকান্ধামা ইবনে খালদুনের পরবর্তী শতানীগুলোতে তার চেয়ে উত্তম কিছু আমাদের নযরে পড়ে না। শাহ ছাহেবের ফারসী রচনায়ও যথেষ্ট সৌন্দর্য ও সাবলীলতা রয়েছে। ইয়ালাতুল থিফা কিতারের কোন কোন অংশ তো ফারসী সাহিত্যের উজ্জ্বল নমুনা রূপে পেশ করা হয়।

এটা তথনকার কথা যখন আরবী ও ফারসী ছিলো উপমহাদেশে মুসলিম-বুদ্ধিবৃত্তির খীকৃত ভাষা। পরবর্তীতে যখন উর্দু ভাষার প্রচলন হলো এবং তা সাধারণ মানুষের প্রধান ভাষার মর্যাদা লাভ করলো তথন বোদ দেহলবী-পরিবারের সভানপণই উর্দুকে 'কলমের ভাষা' রূপে প্রহণ করলেন। শাহ আত্মল কাদের (রহঃ)-এর কোহআন তরজমা দিল্লীর টাকশালী উর্দুর সুন্দরতম নমুনা রূপে খীকৃতি লাভ করেছে এবং প্রামাণ্যতা, সাহিত্যগুণ ও অলংকার সৌন্দর্যের কারণে উর্দু ভাষার ফ্লাসিক সাহিত্যে বিশেষ মর্যাদা লাভ করেছে। ত্রুদ্ধ মাওলানা নানুতবী (রহঃ)-এর উর্দু রুচনা এমন সরল, সাবলীল ও সত্তপ্ত্রুক্ত যে, জটিলতম ও সুক্ষতম ইলমী ও বুদ্ধিবৃত্তিক আলোচনা সাধারণ পাঠকের ক্রচিরোধেও ওক্ষভার মনে হয় ন।

পাক-ভারত উপমহাদেশের ভাষা ও সাহিতোর নেতৃত্ব সুদীর্থকাল আলম সমাজের হাতেই ছিলো এবং তাঁরাই এদেশের সাহিত্য-নির্দেশনর দায়িত্ব পালন করেছেন। খাজা আলতাফ হোসায়ন হালী, মৌলবী নখীর আহমদ দেহলবী এবং মাওলানা দিবলী নোমানীকে অতি সঙ্গত কারবেই উর্দু ভাষার নির্মাতানের কাতারে শামিল করা উচিত। উর্দু ভাষার উলামায়ে কেরাম তাদের সুক্ষরুক্চি, স্বভাব-বিশুদ্ধতা, রসবোধ ও রচনাকুশলতার এমন অনন্য সাধারণ নমুনা রেখে গেছেন যা উর্দু সাহিত্যের অমুল্য সম্পদ রূপে গণা হয়। মাওলানা হালীবুর রহমান খান শিরওয়ানীর রচনামগ্র এবং নামিন মানওয়াতুল উলামা মাওলানা সেয়দ আব্দুল হাই (রহঃ) বিরচিত ভাষকিরায়ে গুলে রাশা এবং ইয়ালে আইয়াম' হচ্ছে উর্দু গদ্যসাহিত্যের এমন অপূর্ব নমুনা যাতে ইতিহাসের গজীরতা, সাহিত্যের কুশলতা ও অলংকারের বর্গলিতার ইর্মধীয় সমাবেশ ছেটেছ। সর্বোপরি প্রাভক্ষরবীয় মাওলানা সৈয়দ সোদ্যায়মান নদরী (রহঃ) তো উর্দুপাহিত্যকে জ্ঞানগ্রেমাণ ও সাহিত্য রচনা ধারা চিরগুলী করে গেছেন। তার ব্যস্থাবিত্যকে জ্ঞানগ্রেমাণ ও সাহিত্যর রচনা ধারা চিরগুলী করে গেছেন। তার ব্যস্থাবলী

গবেষণার মানদণ্ড বলে গণ্য হবে। তদ্রূপ মাওলানা আবুল কালাম আয়াদের রচনাবলীও উর্দু-ভাষাকে নতুন শক্তি ও গতি এবং নতুন তদি ও শৈলী দান করেছে। তার সম্পাদিত আল-হেলাল-এর 'সিহরে হালাল' ও ভাষা-যানু তো সম্ম্য ভারতবর্ষকে বিমুদ্ধ করে রেখেছিলো। এমনকি সাহিত্য ও সংবাদপত্র জগতে এখনো তার নিজন্ত অবস্থান ও মর্যাদা রয়েছে।

আলেম সমাজের এই জাগ্রত চেতনা এবং সমায় ও সমাজমনকতার সুফল এই ছিলো যে, তাঁদের বিশ্বস্থে কথনো জাতিনির্মাণের মহান কর্মকাও থেকে বিচ্ছিন্নতার এবং সমাজের গতি ও প্রবণতা সম্পর্কে অজ্ঞতার অভিযোগ উথাপন করা সঞ্চর হর্মন। আলেমগণ বনেশে কথনো বিচ্ছিন্ন দ্বীপ হয়ে থাকার চেটা করেমনি এবং কোন কোন দেশের আলিমদের মত যামানার কাফেলা থেকে পিছিয়ে পড়েদনি। বীনের দাওয়াত, উমাহর খিদমত এবং সমাজকে সম্বোধনের ক্ষেত্রে সে ভাষাই তাঁরা ব্যবহার করেছেন যা তথনকার সমাজে সুপ্রচলিত ছিলো এবং সাহিত্যিক মহলে যার কদর ও সমাদর ছিলো।

ওলামায়ে কেরামের এ ঐতিহ্য আমাদেরও ধরে রাখতে হবে এবং এ মহান উত্তরাধিকার যে কোন মূল্যে সংরক্ষণ করতে হবে। আজকের যুগেও যদি আমরা দ্বীনের যথার্থ বিদমত আঞ্জাম দিতে চাই এবং বিশিষ্ট-সাধারণ সর্বমহঙ্গে আমাদের চিন্তা-বিশ্বাপ ও বক্তব্য পৌছাতে চাই তাহলে আমাদেরকে অবশাই যুগের ভাষার কথা বলতে হবে এই বুগের ভাষায় লিখতে হবে। এটা ভাবগান্ধীর্মের বিপরীত যেমন নয় তেমনি পূর্বসূরীদের রীতি-নীতিরও পরিপন্থী নয়, বরং এটাই দ্বীনী প্রজ্ঞার দাবী।

### আরবী ভাষার গুরুত্ব

ছিন্তীয় বিষয় এই যে, সব সময়ের মত এখনো আরবী ভাষা জীবন্ত ও গতিশীল ভাষা। আরব বিশ্বে আরবী ভাষা এখন তার পূর্ণ জোয়ার ও যৌবনকাল অতিক্রম করছে এবং চরমোধকর্ষ লাভ করেছে। বিশ্ব-সভায় আরবী ভাষা এখন আইন ও সংবিধান, জ্ঞান ও দর্শন, সাহিত্য ও সংবাদপত্র এবং রচনা ও গবেষণার ভাষা রূপে সর্বাচ্চন ম্যাসিন।

আমাদের মাদরাসা-মহলে এ ভূল ধারণা শিকড় গেড়ে বসেছে যে, প্রাচীন আরবী ভাষা এখন হানীছ, তাফসীর ও ফেকাহর পরিমত্তনেই সীমাবন্ধ, এর বাইরে ভার বিচরণ নেই। পক্ষান্তরে আর্থুনিক আরবী নামে নতুন এক ভাষা আগ্রপ্রকাশ করেছে যার সাথে দ্বীন ও ধর্মের কোন সম্পর্ক নেই। এই মারার্থক ভূল ধারণার শিকার হয়ে অলিম ও তালিবে ইলম সমাঞ্জ আরবী ভাষা চর্চার প্রতি নিরুৎসাহিত হয়ে পড়েছেন। কিছু আমার উপর যদি আপনারা আখ্বা রাখতে পারেন তাহলে আমি পূর্ণ দায়িত্ব সচেতনতার সাথে বলতে চাই দে, তথাকথিত আধুনিক আরবীর কোথাও কোন অন্তিত্ব নেই। আরব বিশ্বে লেখক সাহিত্যিকদের কলমে এবং জানী-গুণীদের মন্ত্রলিসে যে ভাষা রাবহৃত হয় তা কোরআন হাদীছ এবং জাহেলিয়াত ও ইসলামী যুগের ভাষার নিকট থেকে নিকটকর ভাষা। এমনকি আধুনিক যুগের দাবী ও প্রয়োজন পূরপের জন্যও তারা আরবী ভাষার প্রাচীন ভারার ও কোরআন-হাদীছ থেকেই শব্দ সপ্তাহ করেছেন। এ বিষয়ে ভারা যে জনন্য সাধারণ বিদমত আঞ্জাম দিয়েছেন তা যেমন বিশ্বয়কর তেমনি প্রশংসাযোগ্য। মিসরে লেখালিয়নের হামলার পর আরবী ভাষার উপর পচিমা ভাষার যে প্রবল আগ্রাসন তব্ধ হামেছিলো আলেম সমাজ তথ্ব যে তার সক্ষল মোকাবেলা করেছেন তাই নয়, বরং অনুপ্রবেশভারী সমন্ত্র শব্দরের বিদিত্ব করেছেন।

আরব বিশ্বে ভাষা ও সাহিত্যের মান এখন এত উন্নত এবং সংবাদপ্রত্র ও প্রকাশনা বিপ্লবের সুবাদে ভাষার সমৃদ্ধ ভাগ্গর এত সার্বজ্ঞনিন যে, আরবীতে কলম ধরার জন্য এখন বিরটি প্রস্তুতি ও চর্চা সাধনার প্রয়োজন। আমাদের মাদরাসা-মহলে আরবী ভাষা ও সাহিত্য শিক্ষার যে অবস্থা তাতে আরব দেশে আরবনের মাথে জীনী ও দাওয়াতী কাজ পরিচালনা করা এক কথায় অসম্বর। সূত্রাং যদি আরব জাহানে জীনের দাওয়াত ও তাবলীগের কাজ আজাম দিতে হয় এবং ভারতবর্ষের ইলমী বিদমত ও দাওয়াতী মিহনত আরবদের সামনে তুলে ধরতে হয়, সর্বোগরি যদি আরব বিশ্বের সাথে আমাদের জীনী রাবেতা ও ধর্মীয় রন্ধন জোরদার করতে হয় তাহলে আরবী ভাষা ও সাহিত্যের পরিপূর্ণ ও পর্মাপক জনে জায়ন হাড়া বিকল্প কেন পর নেই। আর সে জন্য ব্যাপক উদ্যোগ আয়োজনের প্রয়োজন।

বিশেষত বর্তমান যুগে পাক-ভারত উপমহাদেশ এবং এখানকার উলামা সমাজ প্রারব জাহান থেকে বিচ্ছিন্ন থাকতে পারে না। কেননা বিশ্ব রাজনীতিতে পারব জাহান ও মধ্যপ্রাচ্যের ভূমিকা এখন বেশ জোরদার এবং দিন দিন তা বৃদ্ধি পেতে থাকবে। তাছাড়া পিছনে যেমন, তেমনি এখন এবং তেমনি ভবিষয়তেও প্রারব বিশ্ব হবে ইম্পামী জাহানের এণ-ক্রেন্ন এবং আক জাতিই হবে মুসলিম উন্নাহর প্রত্যাশিত নবজাপরবের উৎস। সুভরাং পাক-ভারত উপমহাদেশের আলেম সমাজ যদি পারব জাহানের সঙ্গে দীনী, ইলমী ও করা সম্পর্ক জোরদার করার চেষ্টায় ব্রতী না হয় তবে তা তাদের ভবিষাতের জন্য

যেমন কর্ড হবে না, তেমনি এদেশ ও আরব দেশ কারো জন্য কল্যাণকর হবে না। অত্তরে এদিকেও আমাদের বিশেষ নজর দেয়া প্রয়োজন। ভাষা ও সাহিত্য হলো জীবন্ত ও গতিশীল বিষয়। কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কিছু সময়ের জন্যও যাদি তা থেকে বিচ্ছিন্ন থাকে এবং চলমান কাফেলা থেকে পিছিয়ে পড়ে তাহলে দীর্ঘদিন তার ক্ষতি ও মাতঞ্জ আদায় করতে হয়।

### ছহীহ আকীদার হেফাযত

প্রিয় ভাই ও বন্ধগণ! আমি আপনাদের প্রচুর সময় নিয়েছি। কিন্তু 'বহুদিন পরে পেয়েছি বন্ধর দেখা, আর খলে গেছে মনের দয়ার' তাই কথা দীর্ঘ হওয়াই স্বাভাবিক। এখন বিদায়ের আগে শেষ কথা বলতে চাই, যা শেষে বলা হলেও গুরুত্বে কোন অংশেই কম নয়। আমাদের মহান পূর্ববর্তীদের সবচেয়ে গৌরবময় কীর্তি ও অবদান এই যে, সর্বশক্তি দিয়ে তারা মুসলিম উন্মাহর দ্বীনী জাযবা ও গায়রাত এবং জাতীয় চেতনা ও স্বকীয়তার পূর্ণ হেফাযত ও সংরক্ষণ করেছেন। এ বিষয়ে কখনো তাঁরা সময়ের কোন ফেতনার সামনে আত্মসমর্পণ করেননি। সমাজের কোন বিদ'আত ও রসম-রেওয়াজের সাথে আপোশ করেননি এবং জাহেলিয়াতের মাথাচাড়া দিয়ে ওঠা কোন চিন্তাধারার প্রতি বিন্দুমাত্র শিথিলতা প্রদূর্শন করেননি। আপনাদের মহান পূর্বসূরীদের মাঝে বিগত হয়েছেন হয়রত মাওলানা শাহ মোহাম্মদ ইসমাঈল শহীদ ও মাওলানা রশীদ আহমদ গাঙ্গোহী (রহঃ)-এর মত 'পর্বত-অটল' ব্যক্তি ও ব্যক্তিত, যারা ছিলেন দ্বীন ও শরীয়তের অতন্দ্র প্রহরী। তাঁরা জীবনের সবকিছ ত্যাগ করেছেন, সবকিছ বরদাশত করেছেন, কিন্তু সমাজের শরীয়ত বিরোধী কোন আচরণ ও উচ্চারণ বরদাশত করেননি, বিদ'আত ও জাহেলিয়াত যে নামে এবং যে রূপেই মাথা তলেছে তার সাথে কোন আপোশ করেননি।

বৃটিশ সাম্রাজ্ঞাবাদের আগ্রাসনের পর এ দেশে যখন পশ্চিমা সভ্যতা ও 
সংস্কৃতি এবং লা-ছীনী মতবাদ ও চিন্তাধারার তুফান-সারলাব করু হলো তখন 
তারা পাহাড়ের মত নিজেদের অবস্থানে অটল ছিলেন এবং তার সামনে 'সদে 
সিকান্দারি'র মত প্রবন্ধ প্রতিরোধ গড়ে তুলেছিলেন। শরীরতের 'ছোট-বড়' 
প্রতিটি বিষয়ে তাঁরা এতই দূরদর্শী ও সংবেদনশীল ছিলেন যে, মুসলিম সমাজে 
শিকড় পেড়ে বসা কোন বিদ'আতী আচার আচরণ ও চিন্তা-বিশ্বাসকে শেষ 
মুহূর্ত পর্যন্ত বেকার সন্দা প্রদান করেননি, বরং দ্বীন ও শরীয়তের সালাগ্রায়ত 
গ্রহাই ও তত্ত্বাবধায়কের কঠিন দায়িত্ব আজাম দিয়েছেন। কেন বিদ'আত ও বিহুটিত তাঁদের সতর্ক সন্ধানী দৃষ্টিকে ফাঁকি দিয়ে এড়িয়ে যেতে পারেনি।

সমাজের নিন্দা-সমালোচনা, আওয়ামের গালি-গঞ্জনা এবং ধর্মব্যবসীয়দের কান্ধেক ফতোয়া সবহিছ তারা মুখ বুজে সহ্য করেছেন, কিন্তু নীতি ও অবস্থান ত্যাপ করেননি। ফলে সচেতন ও চিন্তাশীল প্রেণীর লক্ষ লক্ষ মুসলমান আজ 
য়াবতীয় বিদার্ভাত থেকে মুক্ত ও নিরাপদ রয়েছে এবং সাধারণ মুসলমানকা, 
জীবনে এখনো কোন বিদ'জাত স্থীকৃতি ও বৈধতা লাভ করতে পারে নি। দ্বীন ও 
শরীয়তের হেফাযাতকারী এই মর্দে মুমিনদের কবরকে আল্লাহ সুশীতল ও 
শান্তিময় করুন এবং উমতের পক্ষ হতে সর্বেচিম জায়া দান করুন। তাঁদেরই 
জনা তো তবি জানিয়েন্তেন এই মিনভি-

آسماں ان کی لحد پر شبنم افشانی کرے سیزہ نورستہ اس گھر کی نگھیانی کرے

'আকাশ যেন তাদের সমাধিতে শিশির বর্ষণ করে/ আর সবুজ গালিচা যেন এ ঘরকে স্বত্তে ছায়া দান করে।'

তাঁদের ঈমানী প্রজ্ঞা ও অন্তর্দিষ্টি এবং দ্বীনী সমঝ ও জ্ঞান-গভীরতার মূল্য এখন আমাদের বুঝে আলে যে, কত সূচারু রূপে তাঁরা তাঁদের দায়িত্ব পালন করে দুনিয়া থেকে বিদায় নিয়েছেন।

من المؤمنين رجال صدقوا ما عاهدوا الله عليه، فمنهم من قضي نحبه و منهم

من ينتظر و ما بدلوا تبديلا

মুমিনদের মাঝে এমন কিছু লোক রয়েছে যারা আল্লাহর সঙ্গে কৃত ওয়াদা সতা করে দেখিয়েছে, তাদের একদল তো (শাহাদাত বরণ করে) জীবনায়ু পূর্ব করেছে, আর এক দল (শাহাদাতের) অপেক্ষায় রেয়েছে। (পূর্ববর্তীদের শাহাদাতের কারণে) তারা (ভাদের আচরণে) কোন পরিবর্তন আনেনি।

তাই আপনাদের খিদমতে আমার আকুল আবেদন, মহান পূর্বপুরুষদের গচ্ছিত মহামূল্যবান আমানত আপনারা রক্ষা করুন। 'প্রাণ-প্রাচীর' সৃষ্টি করে এই 'খ্বীন-বাণিচা' তাঁরা রক্ষা করেছেন এবং খুন পসিনা দিয়ে তার সজীবতা ও বাহার অকুণ্ল রেখেছেন এবং মিন্দেগী ও জোয়ানি কোরবান করে আমাদের শিক্ষা দিয়ে পোছেন যে, খ্বীন-বাণিচার রক্ষা ও পরিচর্যা কীভাবে করতে হয়। কবির ভাষায়-

آغشته ایم هر سر خارے بخون دل قانون باغبانی صحرا نوشته ایم

'বুকের রক্ত সিঞ্চন করে বাগিচার প্রতিটি বৃক্ষ সজীব রেখেছি এবং মক্রভূমির মরুদ্যান রক্ষার উপায় লিখে দিয়েছি। আমাদের বিদার বেলা বন্ধু, এবার তোমাদের পালা।'

সূতরাং এই পাক আমানতকে আমাদের সিনার সঙ্গে লাগিয়ে রাখতে হবে এবং এই 'দ্বীন-সম্পদকে' জীবন-সম্পদের চেয়ে মল্যবান মনে করতে হবে। কিন্ত আপনাদের প্রতি আমার ব্যথিত হৃদয়ের অনুযোগ এই যে. দিন দিন আপনারা কিন্তু তা থেকে দূরে সরে যাচ্ছেন। আপনাদের মহান পূর্বপুরুষদের শ্রেষ্ঠ মেধা, প্রতিভা ও যোগ্যতা যে সম্পদের হেফাযাতে ব্যয় হয়েছে এবং যে কারণে সময় ও সমাজের কাছে তাঁরা – এবং সম্পর্কের সবাদে আপনারাও – অপ্রিয়পাত্র হয়েছেন সেই সম্পদ এখন আপনাদের হাতছাড়া হতে চলেছে। এমনকি ৰাস্তব অবস্থা তো এই যে, আপনাদের অনেকেই মহান পূর্ববর্তীদের কর্ম ও কীর্তি সম্পর্কেও অবগত নন। আপনাদের কয়জন আজ শাহ ইসমাঈল শহীদকে জানেন ও চেনেনং কিংবা তাঁর 'ছিরাতে মসতাকীম' ও 'তাকবিয়াতল ঈমান' পড়েছেনঃ আপনাদের কয়জন তাওহীদ ও সন্রতের ছহী হাকীকত জানেন ও বোঝেন, কিংবা বলতে পারেন যে, জাহেলী যুগের লোকদের ঈমান বিল্লাহ-এর হাকীকত কী ছিলো এবং কী কারণে কোরআন তাদেরকে মশরিক বলেছে? তাওহীদের স্তর কী কী? শিরকের প্রকাশক্ষেত্র কী কী? বিদ'আতের সনির্দিষ্ট সংজ্ঞা কীঃ এবং বিদ'আতের ক্ষতি ও খাতরা কী কীঃ এ সকল বিষয়ে আপনাদের পর্ণ ইলমী ও আমলী প্রস্তুতি দরকার। এ বিষয়ে আপনাদের জ্ঞান ও অর্স্কজ্ঞান সাধারণের স্তর থেকে অনেক বেশী বিশিষ্ট হওয়া দরকার। কিন্তু আমার আশংকা এই যে, আপনাদের অনেকেই এ সম্পর্কে ন্যুনতম ধারণা থেকেও বঞ্চিত।

#### নতুন যুগের নতুন ফিতনা

একই সঙ্গে আরেকটি বাস্তব সত্য এই যে, নতুন যুগ এখন নতুন ফেওনা
নিয়ে সামনে আসছে। আহেদিয়াত নতুন নতুন রূপে আজ্ঞবালা করছে। আগে
ছিলো বিদ আতের মু'আমালা, কিতু এখন ওক হয়েছে প্রকাশ্য মূর্তি পূজার
মোকাবেলা। আগে ছিলো সর্বেশ্বরবাদের রোগান, কিত্ত এখন ওক হয়েছে
একধর্মবাদের জিপির। ওক্ষ হয়েছে জাতীয়ভাবাদ ও সমাজবাদসহ বিভিন্ন
বাদ-মতবাদের কিপির। ওক্ষ হয়েছে জাতীয়ভাবাদ ও সমাজবাদসহ বিভিন্ন
বাদ-মতবাদের কিপান কুন নতুন ধর্ম। এগুলো এখন আমাদের ধর্মীয় চেতনা,
আমাদের দ্বীনী গায়রত এবং আমাদের তাওহীদী আকীদাকে চ্যালেক্স করছে।
এখন দেখার বিষয় এই যে, এক সময় যারা সামান্য বিশ্বাভ ও
রসম-রেওয়ায়নক ছাড় দিতে প্রস্তুত ছিলো না, তাদের উল্কাধিকারীর। এই সব
শিরক ও কুমুনীকে কীভাবে বরদাশত করে এবং এগুলোর মোকাবেলায় তাদের

নীতি ও অবস্থান কেমন হয়? আমরা তো আমাদের মহান পূর্ববর্তীদের দ্বীনী হিম্মত ও সাহদিকতা, দ্বীনী গায়রত ও চেতনার কথা মুক্ত কণ্ঠে স্বীকার করি এবং ছার্থহীন ভাষায় সাম্প্য দেই যে, বাতিদের সামনে তারা মাথা নত করেন নি, এখন দেখার বিষয় এই যে, আমাদের সম্পর্কে আমাদের পরবর্তীর কী সাম্প্য দেবত এবং ইতিহাসের পাতায় আমরা কী হাম্মর বেংখ যাঞ্চিঃ

\*\*

শ্রীয় বন্ধুগণ! আসমানী তাকদীরের ফায়সালা আমাদের জন্য যে যুগ ও সময় নির্বাচন করেছে তার দায়-দায়িত্ব বিগত সময়ের তুলনায় অনেক বেশী। তারে আল্লাহর দরবারে তার প্রতিদান ও সময়নও অনেক বেশী। ঝুঁকি ও ক্ষতির ভয়ে দায়িত্ব এতির দায়ের রাজির কাছে পরাজায় বিরাহর বা সংহারী পুরুষের কাজ নয়, কাপুরুষের কাজ। আপনাদেরকে অবশাই সাহসের পরিচয় দিতে হবে এবং এলিয়ে আসতে হবে আগায়ী দিনের দায়ত্ব গ্রহণের জন্য। আপনাদের হাতে এখনো যতটুকু সময় আছে সেটাকে প্রস্তুতির কাজে বায় করুল। সময়রে ওরুতরর কাজে বায় করুল। সময়রে ওরুতরর তা এবং দায়িত্বের ওরুত্ব উপলক্ষি করুল এবং নিজেকে মুলারান ও ফলবান রূপে তৈয়ার করুল, যাতে আগায়ী দিনে কর্মের ময়দানে উত্তবের সৌভাগ্য নির্মাণে পৌরবময় আবদান রাখা সম্ভব হয়। করির জাসান

غافل منشيں، نه وقت بازیست وقت هزاست و کارسازیست গাফেল হয়ো না, সময় কারো জন্য বসে থাকে না।

# আধুনিক যুগের চ্যালেঞ্জ ও তার জবাব

আলোচ্য প্রবন্ধ ১২ই আগক ১৯৭২ 
সালে দাকক উন্ন্য দেওবদের এক ছাত্র 
মজলিসে পঠিত হয়েছিলো। তাতে দ্বীনা 
মাদরাসার প্রকৃত পরিচয় ও মর্যাদা এবং 
মাদরাসার শিক্ষাবীদের দায়িত্ব ও 
কর্তব্য আলোচনা করা হয়েছে এবং এ 
মর্মে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে যে, 
তালিবানে ইলমের কাছে বর্তমান মুগের 
দাবী ও চাহিদা কী এবং দ্বীলের 
ভাবাত ও পেদমত আঞ্জাম দেয়ার 
ভাবা তালের কী কী প্রস্তুতির প্রয়োজন।

### الحمد للله و كفي و سلام على عباده الذين اصطفى، أما بعمد

### আমার প্রাণপ্রিয় তালিবানে ইলম!

আজ আমি আমার মনের কিছু চিন্তা ও ভাবনা আপনাদের সামনে পেশ করতে চাই। আমি জানি, দারুল উলুম দেওবন্দের তালিবানে ইলমের বিদমতে বক্তব্য পেশ করা মেমন বড় আনন্দ ও পৌরবের বিষয় তেমনি বিরাট দায় ও দায়িত্বেরও বিষয়। বিভিন্ন সময় বিভিন্ন আধুনিক বিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় থেকে তব্বু করে বিভিন্ন বীনী মানবাসা ও ইসলামী শিক্ষাকেন্দ্রের ছাত্রসমাবেশে বক্তব্য রাখার সুযোগ আমার হয়েছে, কিছু অমি নিঃসংকোচে গীকার করি যে, দারুল উলুম দেওবন্দের বিষয়টি আমার কাছে অন্য রকম। এখানে আপনাদের সামনে কিছু বলতে আমি অত্যন্ত গুরু দায়িত্বতার অনুভব করি। তবু আপনারা আমার প্রতি যে আহ্বা ও মর্যাদা প্রকাশ করেছেন আমি তার কদর করি এবং আল্লাহর নবরাবে শোক্তব আদায করি।

একসময় এ মহান শিক্ষাপ্রতিষ্ঠানে আমি এক আদনা তালিবে ইলম হিসাবে হাযির হতাম এবং নিজেকে বড় খোশানাদ্বীৰ ও সৌভাগাবান মনে করতাম, আর এখন সেই আমি এখানে আপনাদের সামনে দাঁড়িয়ে বক্তব্য পেশ করার সৌভাগা লাভ করাছি। ইলমের জনা নিয়েশিত এবং তালিবানের ইলমের প্রতি দরদী এই মহান বিদ্যাভূমি হয়ত আমার শৃতি এখনো ভূলে যায় নি। শায়পুল ইপলাম মাওলানা হোসায়ন আহমদ মদনী (রাহঃ) এর খিদমতে কৃতার্থ তালিবে ইলম রূপে হাঁটু গেড়ে বসার তাওফীক আল্লাহ আমাকে দান করেছিলে। নিজের জন্য এটাকে আমি বিরাট সৌভাগ্য মনে করি এবং এই ওছিলায় আল্লাহর কাছে বড় কিছু প্রাপ্তির আশা রাখি।

এ সৌভাগোর জন্য যথার্থই আমি অশেষ গৌরব অনুভব করতে পারি, তবে দারুল উনুম দেওবদের সঙ্গে আমার আঘিক সম্পর্কের ইতিহাস আরো দীর্ঘ ও প্রাচীন। করেক পুরুষ থেকেই এ মহান বিদ্যাভূমির সঙ্গে আমার সম্পর্কের ধারা চলে আসছে। হযরত সৈয়দ আহমদ শহীদ ও মাওলানা ইনমাঈল শহীদ (রাহঃ) এর যে জিহাদী কাফেলা এই পুণাভূমি অতিক্রম করেছে তাঁদের চোখের পানিতে এ মাটি অবশাই সিক্ত হয়েছিলো এবং তাঁদের দোয়া-যিকিরে এখানকার আকাশ-বাতাস অবশাই গুঞ্জরিত হয়েছিলো। আমার ধমনীতে সেই রক্তের প্রবাণ রয়েছে।

যাই হোক, পরম সৌভাগ্য ও গুরু দায়িত্ব উভয়েরই পূর্ণ অনুভূতি আমার রয়েছে। তবে নিজেকে আমি আপনাদের থেকে পূথক মনে করি না। কেননা আগে যেমন ছিলাম, তেমনি এখনো আমি ভালিবে ইলম আছি এবং ভালিবে ইলম হিসাবেই জীবনের শেষ নিঃশ্বাস আমি ভাগ করতে চাই। ইলম ও ভালিবানে ইলমের সার্থেই আমার জীবনকে জুড়ে দেয়া হয়েছে এবং আমার হৃদয় ও আভার একান্ত কামনা এই যে, এ সম্পর্ক যেন চিরঅটুট থাকে। নব্যাতের পাক যবানে মদীনার আনছারকের পাকে যে বাণী উভারিত হয়েছিলো ভা অনুকরণ করে আমি আপনাদের বলতে পারি–

### المحيا محياكم والممات مماتكم

আমার জীবন তোমাদের মাঝে, আমার মরণও তোমাদেরই মাঝে। আল্লাহ যেন আমার এ দু'আ ও তামানা পূর্ণ করেন। আমীন।

### দারুল উলুম দেওবন্দের মূল প্রেরণা – দ্বীনী আস্তচেতনা

আমার প্রিয়্ম তালিবানে ইলম! আপনারা দারুল উলুম দেওবন্দের সৌতাগারান শিক্ষার্থী আপনাদের কাছে আমি জানতে চাই, কোনু সে মহান উদ্দেশ্যে আপনাদের কাছে আমি জানতে চাই, কোনু সে মহান উদ্দেশ্য আপনাদের বা প্রিল্ম গুডি হয়েছিলা। কী এর মূল বিশিষ্ট্য আপনাদের কাছে এ প্রশ্নের বিভিন্ন যুক্তিসঙ্গত ও দলীলসম্মত জাবা অবশাই আছে। যদি বলেন, ইলমের প্রচার প্রসার হছে এর বুনিয়াদি উদ্দেশ্য, তাহলে কে তা অলীকার করতে পারে? যদি বলেন, ইংলায়ে বুনুত এর বিশ্বাত এবং এক নতুন ও স্বতন্ত্র পদ্ধতিতে হাদীছ ও উল্পে হাদীছের বিদমত ছিলো এব গন্ধ নতুন ও স্বতন্ত্র পদ্ধতিতে হাদীছ ও উল্পে হাদীছের বিদমত ছিলো এব গন্ধ নতুন ও স্বতন্ত্র পদ্ধতিতে হাদীছ ও উল্পে হাদীছের বিদমত ছিলো এব লক্ষ্য ও উদ্দেশ্য তাহলেও ভিন্নমত প্রকাশের অবকাশ নেই। এতলো সবই ভঙি ও শুদ্ধার সঙ্গে শহর করার এবং গর্ব ও গৌরবের সঙ্গে মঞ্জব করার বিষয়। কিছু কথা এই যে, এ সকল লক্ষ্য ও উদ্দেশ্য এবং ওব ও বিশিট্টোর ক্ষেত্রে পাক-ভারত উপন্যহাদেশের অন্যান্যা দ্বীনী মাদারাসা ও শিক্ষাক্রেন্ত্রও সমান সক্ষিবদার। অবদান ও মর্যাদার গার্থব্য অবব্য ওবং বাধ্ববাতারে এসকল লক্ষ্য ও উদ্দেশ্যর জনাই ধীনী মাদারাসাভোগের বুনিয়াদ রাখা হয়েছে। এওলোই হক্ষে দ্বীনী মাদারাসার বাক্ষাত হাকীকত ও

Page Missing



মিল্লাতের ভাগ্যকে হাজার বছরও পিছিয়ে দিতে পারতো, যার ক্ষতিপূরণ হয়ত আর কখনো সঙ্গব হতো না।

# মাওলানা নানুতবী (রাহঃ) এর আসল বৈশিষ্ট্য

হযরত মাওলানা মোহম্মদ কাসিম নানুভবী (রাহঃ) এবং তাঁর স্বনামধন্য সহকর্মী হযরত মাওলানা রশীদ আহমদ গাঙ্গোহী (রাহঃ) ও অন্যান্যদের মাঝে যে জায়বা ও চেতনা সক্রিয় ছিলো তা হলো ইসলামের প্রতি তাঁদের প্রবল গায়রত ও আত্মমাঝানবাধ। এই প্রবল ইসলামী জাযবা ও দ্বীনী গায়রতে উদ্বন্ধ হয়েই তাঁরা তখন সময়ের দাবী হিসাবে দারুল উল্পুম দেওবন্দের ভিত্তি স্থাপন করেছিলেন।

দ্বীনী উলুমের ক্ষেত্রে মাওলানা নানুতবী (রাহঃ) ইজতিহাদের সুউচ্চ মার্পে সমাসীন ছিলেন। ইলমে কালাম ও মারেফাত তত্ত্বে আন্তাহ তা'আলা তাঁকে যে অপরিসীম প্রজ্ঞা ও রহস্যজ্ঞান দান করেছিলেন ভারা জীবন্ত প্রমাণ আপনি দেবতে পাবেন 'আবেহারাত' 'ডাকরীরে দিলপায়ীর' ও 'ছজাতুল ইসলাম' গ্রেছ। কিছু আমি মনে করি, তাঁর ব্যক্তি ও ব্যক্তিত্ত্বে উজ্জ্বলতম বৈশিষ্ট্য এই যে, আল্লাহ তা'আলা তাঁকে বে-ইনতিহা দ্বীনী গায়রও ও সৃতীক্ষ্ণ মর্থাদাবোধ দান করেছিলেন। তাঁর মারে ছিলো এক ব্যাকুল আত্মা ও যন্ত্রণাদ্ধ হৃদম। তাই সময়ের পরিবর্তন দেবে অস্থির হয়ে ভিনি ভাবছিলেন, হিন্দুভানের যমীনে ইসলামের বিদমতে যুগো পুগে আমাদের আকাবিরীনের সর্বোত্তম মেধা ও প্রতিভা বায় হয়েছে। ইলমের ময়ানদে তাঁরা এমন অসংখ্য কর্ম ও কীর্ভি রেখে গেছেন যার নমুনা ইসলামী ভাহানের অস্য কোথাও পাওয়া যায় না। জানের চর্চা ও সাধনায় ওহু অংশগ্রহণই নয়, অবিশ্বরণীয় অবদানও তাঁরা রেখেছেল এবং 'ইসলামী গ্রন্থাগারে' এমন সর মহানুলাবান গ্রন্থ উপহার নিয়েকে। যার তুলনা ইসলামের জ্ঞান-সাধনা ও বুন্ধবিত্তর সুলীই ইতিহানে বুঁজে পাওয়া যায় না।

হিন্দুতানই ছিলো মুসলিম উন্মাহর মেধা ও প্রতিভা এবং ইজতিহাদি যোগ্যতা ও কর্মস্পহার প্রকাশ ও বিকাশের শ্রেষ্ঠ ক্ষেত্র।

গৌরবময় ইতিহাস ও ঐতিহ্যের ধারক এ বিশাল বিস্তৃত ভূমিকে এত সহজেই কি পশ্চিমা সভ্যতার লীলাভূমি হতে দেয়া যায়ঃ মুসলমানদের নতুন প্রজন্ম নাদের পূর্বপুক্ষদের কোরবানীর উছিলায় মানুম ইসলামের নোমাণত এবং ইলমের নিলত লাভ করেছে, শত ঝড়-মঞা ও তুফানের মুখেও ইসলামের বাতিকে যারা আগলে রোখছেল এবং বাতিলের মোকাবেলায় ধীনের দুর্গ রক্ষা করেছেন তাঁদেরই পবিত্র রক্তের উত্তরাধিকারীরা আজ দ্বীন ও শরীয়ত এবং ইসলামী তাহখীব-ভামান্দুন ত্যাগ করে চলে য়াবে পাণ্ডাত্যের বস্তুবাদী শিক্ষা ও সভ্যতার দখলে, যারা গুধু নামে ও জাতীয়তায় হবে মুসলমান, কিছু বিশ্বাসে ও চিন্তা-চেতনায় হবে পশ্চিমা সভ্যতার সন্তান?

এটা ছিলো এক জ্পন্ত প্রশ্ন যা মাওলানা কামেম নানুতবী (রাহঃ) এর সামনে জীবন-মরণ সমস্যা হয়ে দেখা দিয়েছিলো। এ তথু একটি মাদরাসা ও দিলাপ্রতিষ্ঠান স্থাপনের প্রশ্ন ছিলো ন। আমি মনে করি, কেউ যদি ভাবে যে, তথু কিতাব পড়া ও ইলম চর্চা করার মারকায় হিসাবে দাঙ্গল উদ্যুদ্ধ কেতাব পড়া ও ইলম চর্চা করার মারকায় হিসাবে দাঙ্গল উদ্যুদ্ধ কেতার পড়া ও ইলম চর্চা করার মারকায় হিসাবে লাঙ্গল উদ্যুদ্ধ দেওবন্দের 'পরিচয়সত্তার বিলুঙি সাধন'- এর অপরাধা। দাঙ্গল উল্মুদ্ধ দেওবন্দের 'প্রাণপুরুষ্ণ'দের সাথে এর চেয়ে বড় বছ বে-ইনছাফি আর কিছুই হতে পারে না। এধরনের স্থল তাবনা যারা তাবে তাদের উচিত ঐসকল বুর্গুনিনে বীনের রুহের সামনে শরমিন্দা হওয়া। শাস্ত্রপ্র কিছু হয়ে যেতেন, আর বলতেন, 'আমি দেওবন্দের প্রথম ছাত্র, আর দেওবন্দের পরিচয় ভোমরা আমার চেয়ে বেশী জালো। এ তো ইসলামের এক দুর্গ্, দাইস্কানে দীন ও মুজাহিদীনে ইসলামের প্রশিক্ষণকেন্দ্র। আরো পরিকার ভাষায়, দাইলা উন্মুদ্ধ দেওবন্দ হলো মোখল সালতানাতের নিতে যাওয়া প্রনীপের বিকল্প এবং সর্বেষিয় বিকল্প।

মোটকথা, মাওলানা কাসিম নানুতবী (রাহঃ) এর সামনে এটাই ছিলো আসল 'মাসআলা' যে, বিন্দুপ্তানের পুণাভূমিকে আমরা কি বিনা যুদ্ধে পশ্চিমা হানান্যমের হাতে ছেড়ে দেবাে অরের যুদ্ধে ভারিত হয়ে সভ্যভার যুদ্ধেও কি পরাজ্য বীকার করে নেবাে আমানের কলিজার টুকরোগুলান খানের আমরা কলিজার রক্ত দিয়ে লালন পালন করেছি, যাদের শিরায় প্রবাহিত হচ্ছে ওলামায়ে দ্বীন, আউলিয়ায়ে উক্ষত ও মুজাহিনীনে ইসলামের পবিত্র রক্তধারা ভারা শিক্ষা লাভ করবে ইংরেজনের শিক্ষাপ্রতিষ্ঠানে এবং গড়ে ওঠারে পশ্চিমা সভ্যভার দ্বিত পরিবেশে; ভারবি বেরির আসবে ইসলাম ও 'ইসলামিয়াতের' শক্র হয়ের প্রস্ক বছু ঘটরে আমানের চোখের সামনে, আর আমরা বনে থাকবো নিরব দর্শক হয়ে; না, ভা হতে পারে না।

মোটকথা, জোশ-জাষবা এবং চিন্তা-চেতনার দরিয়ায় মৌজের তোলপাড় হলো এবং এই মরদে মুজাহিদ ইংরেজ হানাদারদের ছুঁড়ে দেয়া চ্যালেঞ্জ গ্রহণ করলেন। তাঁর শিরায় বহমান 'ছিন্দীকী খুন' যেন আওয়ায তুলল–

# أينقص الدين و أنا حي الاعتمام الاعتمام عالم الاعتمام العالم ا

বকুত এই একটিমাত্র বাক্যই ছিলো মাওলানা নানুতবীর ঈমানী জোশ ও জাযবার প্রতিষ্কবি, য' আজ থেকে চৌদ্দশ বছর আগে হবকত ছিন্দীকে আকবারের পাক যবানে পৃথিবী একবার ওনেছিলো। এবং যা ইতিহাসের গতিধারা এবং সমরের মোড় পরিবর্তন করে দিয়েছিলো। এটা ওছু তিন শক্ষের বাক্য নয়, এ তো একটি যুগের শিরোনাম এবং একটি ইতিহাসের সারনির্বাস। আমি মনে করি, হযরত ছিন্দীকে আকবারের জীবন-চরিত নাও যদি কোখা হতো, এই একটি বাকাই হতে পারতো তাঁর পূর্বাঙ্গ জীবন-চরিত। এটা ছিলো এক ইলহামী বাক্য যা আল্লাহ তা'আলা হয়বত ছিন্দীকে আকবারের বাবান থেকে বের করেছিলো। আহত সিংহের কুদ্ধ ছঙ্গারে বনভূমি কেনে ওঠি, কিন্তু এই ছিন্দীকী হুঙ্গারে ছিলো তার চেয়ে বেশী শৌর্ব-বীর্ষ এবং তাপ ও প্রতাপ। আমি মনে করি, এই ইলহামী জাযবা ও গায়রাতই ছিলো আকবিরীনে দেওবান্দের চালিকাশকি যা আল্লাহ হয়বত ছিন্দীকে আকবারের কলবে এবং যুগে হুগে খামোনে করি, এই ইলহামী জাযবা ও গায়রাতই ছিলো আকবিরীনে দেওবান্দের চালিকাশকি যা আল্লাহ হয়বত ছিন্দীকে আকবারের কলবে এবং যুগে হুগে খামোনে ইসলামের ফিলে দান করেছেন।

তাঁদের উদ্দেশ্য কখনোই এটা ছিপো না যে, দারুল উলুম হবে আরবী ভাষা ও শাস্ত্রচর্চার একটি কেন্দ্র। এ জন্য তো মিসরের আল-আযহার, ভিউনিসিয়ার জামেয়া যায়ত্নিয়া, মরকোর জামেয়া কারাঈন এবং খোদ হিন্দুজানের বড় বড় মাদরাসা বেশ শানশওকাতের সঙ্গেই বিদ্যমান ছিলো। সুতরাং তথু পঠন-পাঠনের উদ্দেশ্যে এগুলোর সমতুল্য কোন মাদরাসা কায়েম করা— তাও এমন নিঃসখল ও লাচার অবস্থায় – নিক্য় কোন বিজ্ঞতাপ্রস্ত পদক্ষেপ রতোন।

#### সম্পর্ক রক্ষার চিরন্তন প্রতিশ্রুতি

মূলত এই দ্বীনী গায়রাত ও জাষণা এবং এই চেতনা ও মর্যানাবোধই মাওলানা কাদিম নানুতবী (রাহঃ) কে অস্থির ও বে-চয়ন করে রেখেছিলো। এবং একারণেই জাপতিক উপায়-উপকরণ ও সহায় সম্বলের মর্মাত্তিক দৈনা সত্ত্বেও তিনি দারুল উপুম দেওবন্দ নামে ছোয় একটি মাদরানা কায়েম করেছিলেন এবং এই গরীব মাদরাসা অত্যন্ত সীমিত পর্বায়ে এবং প্রায় অননুভূততাবে তার সুদৃরপ্রসারী কাজের সূচনা করেছিলো। সম্বতে সে মূপের বন্ধু কর্ দূরদার্শী লোকদেরও চিন্তা-অনুভব বিষয়াটি আঁচ করতে পারেনি। কিন্তু এর

লক্ষ্য ও উদ্দেশ্য ছিলো অনেক বিরাট। অর্থাৎ হিন্দুন্তানের 'বেদখল' ভূমিতে ইসলামী তাহযীব-ভামান্দুন, ইসলামী সমাজ ও জীবনযাত্রা এবং দ্বীন ও শরীয়তের ইলম ও আমল রক্ষার অপরাজের এক দুর্গ গড়ে তোলা এবং এর শিক্ষা ও মর্মবাণীকে বর্তমানের সীমানা অতিক্রম করে 'ভবিষ্যতপ্রসারী' করা-

# و جعلها كلمة باقِية في عقبه لعلهم يرجعون ( الزخرف)

নিজের ভবিষ্যত বংশধরদের জন্য তাকে এক চিরন্তন বাণী রূপে রেখে গেলেন যাতে তারা আল্লাহর পথে ফিরে আসতে পারে।

তাঁর সমস্ত চেষ্টা-সাধনার একমাত্র লক্ষ্য ও উদ্দেশ্য ছিলো এই যে, হিন্দুন্তান থ হিন্দুন্তানী মুসলমানদের রিশতা ও সম্পর্ক যেন মিল্লাতে ইবরাহীমী ও শরীয়তে মোহাম্মনির সঙ্গে চিরঅট্ট থাকে। জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত ভারা যেন আগেরি নবীর রেখে যাওয়া শরীয়ত ও জীবন-বিধানের প্রতি পূর্ব অনুশত থাকে এবং দুনিয়া থেকে বিদায় গ্রহণের সময় যেন মিল্লাতে ইবরাহীমী ও জীনে মোহাম্মনীর প্রতি ওয়াফাদার ও বিশ্বন্ত থেকে বিদায় নিতে পারে। এ যেন সেই ওছিয়ত ও প্রতিশ্রুতিরই বাস্তবায়ন, যার উল্লেখ কোরআন শরীক্ষে এভাবে এসেছে-

ووصى بها إبرهيم بنيه و يعقوب يا بني إن الله اصطفى لكم الدين فلا تموتن الا و أنتم مسلمون ( البقرة)

আর ইবরাহীম তার পুত্রদের এ কথারই অছিয়ত করেছিলেন এবং ইয়াকুবও (তার পুত্রদের একথাই বলেছিলেন) হে আমার পুত্রগণ! নিদম আল্লাহ ডোমাদের জন্য এই ম্বীনকেই পছন্দ করেছেন, সূতরাং তোমারা মুসলিম না হয়ে মৃত্যুবরণ করো না।

#### নয়া যামানা, নয়া ফেতনা

প্রিয় তালিবানে ইলম! আপনাদের এ মহান শিক্ষাঙ্গনের ভিত্তি ছিলো দ্বীনী গায়রাত ও মর্যানাবোধের উপর এবং মুগের চ্যালেঞ্জ ও যামানার ফেতনা মোকাবেলা করার উপর। তবে আপনাদের সামনে এবল নতুন মুগের নতুন চ্যালেঞ্জ এবং নক্সা যামানার নয়া ফেতনা মাথা তুলে দাঁড়িয়েছে, আর আপনারা তা উপেক্ষা করতে বা এড়িয়ে যেতে পারেন না। কমপক্ষে দারুল্ড উলুম দেওবন্দ এবং দারুল্ফ উলুম দানুওয়াতুল উলামার জন্য যুগের চ্যালেঞ্জ এবং যামানার ফোল বৈকে চোখ বুজে থাকার কোন বৈধতা নেই। কেননা মুগের চ্যালেঞ্জ এবং থামানার ফেতনা থেকে চোখ বুজে থাকার কোন বৈধতা নেই। কেননা মুগের চ্যালেঞ্জ এহণের বলিষ্ঠ প্রতিজ্ঞার উপরই এ দুই বিদ্যাপিঠের ভিত্তি রাখা হয়েছিলো। সে

যুগের ফিতনা ছিলো পশ্চিমা সভ্যতা ও সমাজব্যবস্থা এবং নীতি ও নৈতিকতাহীন ইংরেজী শিক্ষাব সর্বগ্রাসী আগ্রাসন।

কিন্তু ফিতনা ও ফাসাদ কখনো যুগের গণ্ডিতে আবদ্ধ থাকে না এবং একই ফিতনা একই ব্রপে বহাল থাকে না, বরং নতুন নতুন দ্বপ ধারণ করে এবং নতুন নতুন ফিতনা সামনে আসে এবং তা মুসনিম উন্নাহন সামনে নতুন নতুন বিপদ ও দুর্যোগ ডেকে আনে। অভীতের জাহেলিয়াত নতুন রূপে নতুন অন্তে বলীয়ান হয়ে মহাদানে আনে। আল্লামা ইকবাল ঠিকই বলেছেন-

اگر چه پیر هے مومن جواں هیں لات و منات 'মুমিন যদিও বুড়ো আজ, নওজোয়ান এখনো 'লাত-মানাত'

এটা বড় বিপজনক যে, জাহেলিয়াতের 'লাত-মানাত' তো নতুন তেজে তেজীয়ান, নতুন বলে বলীয়ান এবং আঝানী শক্তিত আওয়ান, অখচ 'বড়ারিছে নবী' পরিচয় থাদের তারা আজ নির্জীব ও হতোদাম। তাদের মানে ছড়িয়ে পড়েছে হতাশা, ইনমন্যতা ও পরাজয়ের মানিসিকতা। তাগুতি শক্তিকলো যেখানে নতুন উল্লাম, নতুন সাজে, নতুন বৌশালে এবং নতুন শ্লোগানে মার্ঠ তোলপাড় করছে দেখানে উমতের পাহারাদার যারা তারা গাফলতের মুমে বিভোৱ হয়ে আছে। কিংবা শক্তি-সাহস হারিয়ে যিন্দেগীর ময়দান ছেড়ে দিয়েছে। আত-মানাত' যেখানে লকে-মান্ত্রক্ত, হয়ারে-ঝয়ারে যুদ্ধের আহাল জ্বানাক্ত বেখান ব্যাক্তর আবা তারা নিরাপদ আশ্রয়ে দিন ভালাক্তে সেখানে উল্লাম নর্ব্রতের আমানতদার যারা তারা নিরাপদ আশ্রয়ে দিন গুজাবনের বুখা ভাবছে। এ কেমন দিন আমানের তুমি দেখালে হে আল্লাহ' তিমন বা ভারালের কথা ভাবছে। এ কেমন দিন আমানের তুমি দেখালে হে আল্লাহ'

#### নতুন যুগের সবচে' বড় ফিতনা

প্রিয় বন্ধূণণ! এ যুগের আসল ফিতনা ও চ্যালেঞ্জ কী? তা এই যে, ইসলামকে তার নিজস্ব তাহবীব-তামাদুন, নিজস্ব সমাজ-সংস্কৃতি, নিজস্ব লিক্ষা-বাবরা এবং নিজস্ব ভাষা, সাহিত্য ও কৃষ্টি থেকে — এক কথার ইসলামকে তার সমগ্র উর্বাবিধাকার সম্পান থেকে বিজিন্ন করার ভয়ন্তর হয়ত্বত করু হয়েছে, যাতে অন্যান্য ধর্ম ও ধর্মসম্প্রনায়ের মত ইসলাম ও মুসলিম জাতিও কতিপয় ইবাদত ও আচার-অনুষ্ঠানের গতিতেই সীমাবন্ধ হয়ে পড়ে। বিয়েশীলী ও দাফন-জানাযার ক্ষসুমাত নিয়েই তৃষ্ট থাকে। এভাবে ইসলাম যেন ভিক্ আচার-প্রথার ধর্মে পরিপত হয় এবং চিরদিনের জন্য মুসলমান যেন ভূলে যায় যে, ইসলাম একটি পূর্বাক্ষ জ্ঞাবনবিধান।

জানি না আগামীকাল কী হবে, তবে অনুমান করি যে, সম্ভবত এ পর্যায়

এবনো অনেক দূরে, যখন হিন্দুজানী মুসলমানকে বলা হবে যে, নামাজ-রোযা চলরে না, কিংবা এই এই আকীদা-বিদ্ধাস রাখা যাবে না। কিন্তু এ পর্যায় অবশাই এসে গেছৈ যে, ইসিতে ইশারায় — এবং কখনো কথনো পরিজার ভাষায় — বলা হচ্ছে যে, মুসলমানোরা মেন বেশ্ছায় তাদের কভর সংস্কৃতি পরিত্যাগ করে এবং ঐসব বিষয় এড়িয়ে চলে যা তাদের মান্মে বতছ জাতিসন্তার এবং পৃথক সভ্যতা ও সংস্কৃতির উত্তরাধিকারের অনুভূতি দৃষ্টি করে। তারা নিজরাই মেন ঘোষণা দেয় যে, বৃহত্তর ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির বাইরে তারা বতত্ত কোন শিকা ও সভ্যতার ধারক নয়। সর্বেগরি তারা নিজরাই মেন ঘোষণা পোরবারিক আইন সংশোধনের দাবী উত্থাপন করে এবং অল্লান বদনে সর্বভারতীয় অভিন্ন পারিবারিক আইন মেনে দেয় এবং 'জাতীয় প্রয়োজন' অন্ত্যাতে প্রতিঠিত মুসলিম শিকাকেন্দ্রভালাকে তারতীয় সরকারের ব্যবস্থাপনায় দিয়ে নিজেরা সেতেলার 'ভবিষাত-ভাবনা' থেকে সরে দাড়ার, থাতে সর শিকাপ্রতিষ্ঠানকে সর্বজাতীয় ও ধর্মনিরপেক্ষ ভারতের উপ্যোগী পর্তিন্ন ছিন্ হিন্তি কাজানো যায়।

আমি মনে করি, ভারত সরকার ইমলামের প্রতিপক্ষ নায় এবং মুসলমানদের বিতাড়নেও আগ্রহী নথ। ভারত সরকার তো -ববং রীতিমত গর্ব করে যে, ভারতভূমিতেই ইমলামী বিশ্বের সবচেয়ে বড় মুমলিম জনগোষ্ঠীর অধিবাস। ভারা আরামে আয়েশে এবং সুথে শান্তিতে এখানে বসবাস করুক এবং উত্তরোত্তর উন্নতি ও সমৃদ্ধি লাভ করুক, তাতে ভারত সরকারের কোন আপান্তি নেই। কেননা আভান্তবীপ রাজনীতি এবং আন্তর্জাতিক কূটনীতির পরিষ্কারকে 'ইমলাম ও মুসলিম' শব্দ'টি বিরাট সম্পদ। সুতরাং এটা ভারত সরকারের মাধাবাধার কারব নয়। আসন মাধাবাধার কারব নয়। আসন মাধাবাধার কারব নয়। আসন মাধাবাধার কারব করার হলো মুসলিম জনগোষ্ঠীর স্বতন্ত্র জাতিসন্তাবোধ। তাই আজ আকার-ইন্সিত হেড়ে সোজা 'হিন্দি ভাষায়' বলা হঙ্গেছ, হিন্দুতানে থাকতে হলো মুপলমননের সর্বভারতীয় অভিন প্রোতধারায় মিশে থেতে হবে, যার সরল অর্থ হলো, মুসলিম জাতি বিসাবে নিজনের সমস্তর পাতন্তা ও বলীয়তা বিসর্জান প্রসার। সম্বাদ্য মন্তর্জা ও বলীয়তা বিসর্জান প্রসার।

এখনকার দাবী এ নয় যে, ইসলাম ত্যাগ করে হিন্দু হয়ে যাও, বরং দাবী এই যে, সাংস্কৃতিক স্বাতন্ত্র ত্যাগ করো। মুসলমান থাকো, কেউ বাধা দেবে না, কিন্তু 'মুসলিম পরিচর' বরদাশত করা হবে না।

এই যে সময়ে জ্বলে ওঠা সাম্প্রদায়িক দাঙ্গা, এটা রোগের সাময়িক প্রকোপ ও হিস্ত্রিয়ামাত্র যা স্থায়ীভাবে থাকে না, থাকবে না। দেখতেই পাচ্ছেন, দিন দিন এর মাত্রা ও ভয়াবহতা কমে আসছে। আমার ভবিষ্যদ্বাণী এই যে, দিনে দিনে তা আরো কমে খাবে। সূত্রাং আমার মতে আসল সমস্যা এটা নয়। দারায় আমারের রক্তক্ষয় ও সন্ত্রমহানি যত বেদনাদায়কই হোক এবং প্রত্যক্ষর বিপদ হলো ভারতীয় মুসলমানদের বুদ্ধিবৃত্তিক ও সাংস্কৃতিক ধর্মজ্ঞাপ এবং জাতীয় স্বাতন্ত্র্য ও পরিচয় স্বকীয়তার বিলোপ। আর এই বিপদ ও খাতরা অনূতব করার জন্য পুব বেশী অপ্রপৃষ্টি ও দুর্নদর্শিতার প্রয়োজন নেই। এ তো আজাকের দেয়ালের লিখন, যা আল্লাহর দেয়া চোখ দিয়ে যে কেউ পড়তে পারে। সাধারণ বৃদ্ধি আছে এমন কারোই এখন আর বৃত্তাতে বাকি নেই যে, আজ আশ্লীশগুরু পারা এবেছে তো কাল আসতে পারে দারন্দর জন্য সময়ের অগ্লিশার্মক পালা এসেছে তো কাল আসতে পারে দারন্দর জন্য সময়ের অগ্লিপারীজা। আমানের ভবিষ্যতের আলো-অক্কার নির্ভ্তর করেছ এর উপর যে, আশ্লীগড়ের প্রমু আমারা কত্ত্বিক জীবনতা ও জাপ্তির পরিমার দিতে পারি এবং কতত্ত্বকু গারন্ত্রতে ও আত্মর্যানারোধের প্রমাণ পেশ করতে পারি।

#### বিদ'আত ঃ আমাদের দায়িত

আমার প্রিয় তালিবানে ইলম! আপনাদের পূর্বপূক্ষ তো ছিলেন তাঁরা, দারীয়কের কোন ক্ষেত্রে কোন প্রকার বিদ'আতের সাথে যারা সামান্যতম সমঝোতা বরদাণত করেননি। ধর্মের নামে কত রসম-রেওয়াজ ও প্রধা-সংকার আজ মুসলমানদের জীবনে অনুপ্রবেশ করেছে এবং দ্বীনের দি'আর ও বৈশিষ্টা রূপে শিকড় পেড়ে বসেছে, কিন্তু যে 'মাসলাক' ও মত-বিশ্বাস এবং যে 'মাকভাবে ফিকির' ও 'চিন্তা-পরিবারের' সাথে আপনাদের সম্পর্ক তার আলিম্মণণ সবসময় সেওলোর বিরোধিতা করেছেন এবং ভিত্তিহীন বিদ'আত করে প্রকারত চিক্রিক করেছেন।

দ্বীনের প্রপ্নে এই অনমনীয় ও নিরাপোশ অবস্থানের কারণে সমাজ জীবনে তাঁদেরকে অনেক চড়া মূল্য দিতে হয়েছে। তাঁদের সাথে সামাজিক সম্পর্ক ছিন্ন করা হয়েছে, মসজিল থেকে বের করে দেয়া হয়েছে। দূনিয়াদার আলিমবা তাঁদের কাফের পর্যন্ত বেলেছে। বহু জাগতিক ফায়দা ও সুযোগ-সূবিধা তাঁদের ত্যাগ করতে হয়েছে। কিন্তু বিদ'আতের প্রপ্নে তাঁমা সামান্যতম নমনীয়তা ও সমঝোতার পথ গ্রহণ করেন নি। আমারও সম্পর্ক সেই চিন্তাপিবিরের সঙ্গে, শিরক ও বিদ'আতের বিকল্পে যারা আপোশহীন লড়াই জারি রেকেছেন। আমি তো বরং সেই ঐতিহ্যবাহী খান্মনেরই এক নগণ্য সন্তান, বিদ'আতের বিকল্পে

লড়াইয়ে যাদের ছিলো অথপী ভূমিকা এবং এক্ষেত্রে যাদের অনুভূতি ছিলো অতি সংবেদনশীল। আমার নদবী, রহানী ও যিহনী সম্পর্ক হলো হ্বরত সৈচদ আহমদ শহীদ এবং হবরত মাওলানা শাহ ইসমাঈল শহীদ (রহ) এর সদে, যারা এই ভারতভূমিতে তাওহীদ ও সুনুতের পুনকজ্জীবন-আলোলনের পতাকা বহন করেছেন এবং এ পথেই জান কোরবান করেছেন। আমার স্পষ্টভাষণ যদি ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখা হয় তাহলে আমি বলতে চাই যে, শিরক ও বিদাআতবিরোধী এই চিজা-চেতনা সেই শহীদী কাফেলা থেকেই আপনাদের শিবিরে এসেছে। সুতরাং বিদাআতের বিরুদ্ধে লভাইরের এ সুনীর্থ ইতিহাস আমার প্রাথহীয় সম্পদ । এ সমার উত্তরাধির সম্পদ আমি আমার বুকে ধরণ করতে চাই এবং আমার চোখের মণিতে সংরক্ষণ করতে চাই। এ বিষয়ে আমার কোন বিধা-সংকোচ নেই, রবং এজনা আমি গর্বিত ও গৌরবাহিত। আমার কিন-রাতের কলম চালনা এবং আমার সারা জীবনের কর্ম-সাধনা এই মহান উর্রাধিকার সম্পদ্দর পুনকন্ধার, হিজাযত ও সংরক্ষণ এবং প্রচার-প্রসারের উদ্দেশ্যেই নির্বেশিত। কবির ভাষাত্র

میں که مری نوامیں ہے آتش رفته کا سراغ میری تمام سر گذشت کھرئے ہوؤں کی جستجو

'আমার আহাজারিতে পাবে তুমি সেই নিডে যাওয়া আগুনের ধোঁয়া, আমার গোটা জীবন-সম্বর কেটেছে সেই 'হারিয়ে যাওয়ার' সন্ধানে।

আমার কমযোর হাতের এই ক্ষুদ্র কলম এখনো সেই মহানপুরুষদের দাওয়াত ও কোরবানির দাপ্তান লিখে চলেছে এবং হাজার হাজার পাতা কালির কালো হরফে সাজিয়ে চলেছে। সূতরাং দাওয়াতি কলমের আদনা থাদিম হিসাবেও আমার দ্বীনী দায়িত্ব হলো আপনাদের চিন্তা ও কর্মের 'ইহতিসাব' ও লোগানি এবং তদন্ত ও পর্যবেক্ষণ করা।

আপনারা সেই মহান পূর্বপুরুষদের উত্তরসূরী যারা দ্বীন ও শরীয়তের সামান্তম অসহাদি এবং মুসলমানদের বিশ্বমাত্র বিচ্ছাতি কথনো বর্বদাশত করেননি। অথচ আমাদের সামনে আজ প্রশ্ন ডব্ব বিদ'আতের নয় এবং তব্ধু 'ইংরেজী শিক্ষা' ও তার ফলাফলের নয়, ববং একদিকে আজ প্রশ্ন হলো মূর্তিপূজা ও প্রতিমাবাদী চিন্তার মত প্রকাশ্য শিরকের এবং হিন্দু সভাজা ও সংস্কৃতির মোকাবেলা করার, অন্যদিকে প্রশ্ন হলো ধর্মহীনতা ও নাজিকতার সক্রমাসী সায়লাব রোধ করার। আমাদের কাছে আজ সময়ের দাবী হলো এমন এক কাওম হিলাবে নিজেদের অভিন্ত টিকিয়ে রাখা যাদের হেমা ও সম্পর্ক এবং

ভালোবাসা ও বিশ্বপ্ততা নির্বেদিত হবে এই 'ভারতভূমির' সাথে যার মাটিতে তৈরী হয়েছে এবং যার আলো-বাতাসে পরিপুট হয়েছে আমাদের দেহসতা। দ্বীন ও পরীয়তের 'শাবিস্তান' রূপে এই ভারতভূমিকে রক্ষার জনাই আমাদের বাঁচতে হবে এবং মরতে হবে। আজকের চ্যানেজ্ঞ ও বিপদ-ঝুঁকি অতীতের যে কোন সময়ের চেয়ে আমি মনে করি জানের কেনী সঙ্গীন ও গুরুত্তর এবং এবং এ বিপদ-ঝুঁকির সামনে বুক পেতে দাঁড়ানেরে জন্য অবন্ধ বেশী হিশ্বত ও সাহসিকতা। ক্রমান ও অবিচলতা এবং তাগে ও কোরবানির প্রয়োজন।

#### আজকের বিপ্রব ও তার গতি

বিগত মূগে বিপ্লব আসতো বড় ধীর গতিতে। সময় ছিলো যেমন ধীরগামী বিপ্লবেরও ছিলো তেমনি অলস গতি। তখন ছিলো গরুর গাড়ী, ঘোড়ার গাড়ীর মূগ, তাই বিপ্লবেরও ছিলো শযুকগতি। তারপর শুক হলো রেলগাড়ী ও থাওয়াই জাহাজের মূগ, তখন মূগের বিপ্লবও লাভ করলো নতুন গতি। এ মূগের বিপ্লব প্রাক্তর করে করে তাল করেলা নতুন গতি। এ মূগের বিপ্লব প্রাক্তর ছিলাগাড়া ও বাবের পলকে প্রাক্তর মাধ্যমা ব্যবহার করে ধেয়ে আসছে বিদ্যুৎ গতিতে। চোখের পলকে পৌছে যাছে ঘরে ঘরে, মানুষের অভরের অলিতে গদিতে।

এখন সরকার ও গণতান্ত্রের ব্যাপক ক্ষমতার যুগ। আমাদের উপর চলছে পার্লামেন্টের শাসন এবং পার্লামেন্টের রয়েছে আইন প্রধায়নের নিরন্থশ ক্ষমতা। তদুপরি সরকারের এখতিয়ার ও কর্মপরিধি এখন প্রতিরক্ষা, শান্তিরক্ষা ও রাজহ সংগ্রহের মাঝে সীমাবক নয়। সরকারের নিয়ন্ত্রপ এখন জীবনের সর্বক্ষেত্রে এংং শিক্ষা-দীক্ষার সকল পর্যায়ে। ঘরের ও বাইরের এবং দেরের ও মনের কেন কিছু এখন সরকারের নিয়্তরপাঞ্জ নয়। সকালে পার্লামেন্টে আইন তৈরী হগো, বিকেলে সারা দেশে তা কার্যকর হয়ে গোলো। এই যে এখন আমরা এখানে বসে আছি, হতে পারে যে, এখন পার্লামেন্টের অধিবেশন চলছে এবং এমন কোম আইন তৈরী হছে যা ওক্ষতর কোন পরিবর্তন নিয়ে আসবে আমাদের জীবন।

আপনারা জানেন, অতীত মুগের সরকারগুলো মানুষের ব্যক্তিজীবনের কোন বিষয়ে হস্তক্ষেপ করতো না। পারিবারিক আইন ও ধর্মশান্ত্র সম্পর্কে তার কোন আগ্রহ ছিলো না। রাধীন শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর ব্যাপারে তার কোন মাথাবাথা ছিলো না। শিক্ষা-শীক্ষার ক্ষেত্রে বিশ্বেক কোন চিন্তাধারা ও মতবিশ্বাসের প্রতি তার কোন আনুগত্য ও প্রতিশ্রুতিবদ্ধতা ছিলো না। কিন্তু পৃথিবীর দিন-রাত এবন কদলে গোছে। আপনাদের বুঝতে হবে যে, কিসের উপর এখন আপনারা বসে আছেন, পারের তদার মাটি কতটা শক্ত, কডটা নরমঃ যুগের ঝড়ো বিপ্লব আজ আপনাদের কোন পরিস্থিতির সামনে এনে ফেলেছেঃ

মাদরাসার এই সীমাবদ্ধ পরিবেশে আপনারা বেশ নিশ্চিন্ত আছেন। কেননা চারদিকে ওধু নুরানী চেহারা দেখতে লাল্ডাহে, লা-লার-রাস্পুলর রহ হাঁরা করা আওয়ায। কাকে মাসজিকের রহানী পরিবেশ, ওদিকে কুতুবখানার ইলমী সুরাস। কিন্তু আগামীকাল যখন আগামি এখান থেকে বের হবেন এবং আগামীকাল মানে শিক্ষাসমান্তির আগামীকাল নয়, বরং ছুটির আগামীকাল। ছুটিতে যখন আপনি মাদরাসা ছেড়ে বাড়ীতে যাবেন এবং সমাজের পরিবেশ পারাখাকেন তখন দুনিয়ার অনেক বদলে যাওয়া রপ দেখতে পাবেন। মনে হবে আশা ও প্রত্যাশার অনেক আলো নিতে গেছে এবং হতাশা ও নৈরাশ্যের অন্ধকার আরো বাণান্ত ও গভীর হয়েছে।

আমি জানি না আপনাদের আগামী ছুটি পর্যন্ত এ দেশে এই সমাজে কী কী পরিবর্তন এমে খাবে এবং কোন্ কোন্ পরিস্থিতি সামনে এসে দাঁড়াবে। আপনারা যদি সমাজের গতিরিধির উপর কড়া দৃষ্টি না রাখেন, চারপাশের দুনিয়া সম্পর্কে সচেতন না থাকেন তাহলে নিজেরাই সমাজ থেকে বিচ্ছিন্ন এবং দেশ ও দনিয়া থেকে বেগানা হয়ে যাবেন।

#### ভিতবের বিপদ

এতকণ তো আমি বাইরের বিপদ ও আশংকার কথা আলোচনা করলাম, কিন্তু আরো বড় বিপদ ও বাতরার কথা এই যে, খোদা মুসলমানদের মধ্যে এমন একটি সুবিধাভোগী দল মাথাচাড়া দিয়ে উঠেছে বারা অবুসলিম সম্প্রদায়ের চেয়েও এককাঠি আগে বেড়ে আছে। অনেকটা যেন 'বানী ঠাগা সাক্ষী পরম' অবস্থা। ওরা যদি কোন কথা বলে আকারে ইঙ্গিতে, চাপা আওয়ায়ে, এরা তা বলে বেড়ায় জোরগলায়, চড়া আওয়ায়ে। মুসলমানদেরই একদল এখন এই দাবীতে সোচার যে, আমাদের আজ ভারতীয় সভাতা ও সংস্কৃতির মূল স্রোভধায়ায় মিশে যেতে হবে। সকল স্বাতক্স ও বৈশিষ্ট্য পরিহার করতে হবে। এমনকি চীনের মুসলমানদের মত আরবী ও ইসলামী নামের পরিচায়ও ভাগা করতে হবে।

এককথার হিন্দুজানে যদি আমাদের থাকতে হয় তাহলে জাতীয় স্বাতস্ত্র্য প্রকাশক সবকিছু আমাদের বিসর্জন দিতে হবে। মসজিদ-মন্দিরের পার্থকা মুছে ফেলতে হবে। যে ধ্যান-ধারণা ও চিন্তা-চেতনা এখন হিন্দুজানের নেতৃত্বে বিরাজমান তা এমন সবকিছুতেই ভীষণ গারদাহ বোধ করে যা ইসলামী বৈশিষ্ট্য ও স্বকীয়তা জাগ্রত করে।

#### ইসলামের বৈশিষ্ট্য, সুনির্দিষ্টতা

কিছু আমাদের দ্বীন হলো ইসলাম, যার প্রতিটি সীমা-রেখা সুম্পট এবং
যাবতীয় আকীদা-বিশ্বাস ও আমল-ইবাদাত অত্যন্ত সুনির্দিষ্ট। 'সর্বজাতিআসী রূপে পরিচিত এই ভারতভূমিতে ইসালাম যে আজো পর্যন্ত তার বকীয় সভায় বহাল রয়েছে তার রহস্য এখানেই নিহিত যে, আর্য ধর্মগুলের মত তা সর্বানুগামী ও সুনির্দিষ্টভাবিমুখ নয়। এবং ভাতে সেই কোমলতা ও নমনীয়তা নেই যা সর্বেশ্বরাদ ও একধর্মবাদ-এর দর্দান প্রস্ব করেছে। আমাদের এখানে ইমান ও কুফুর, শিরক ও ভাওহীদ, হেদায়াত ও গোমরাহি এবং হালাদ ও হারামের মান্যে সুম্পই সীমারেখা রয়েছে।

ছিল। এই পাৰ্টাৰ চুল্ল কৰিছে। এই পাৰ্টাৰ চুল্ল কৰিছে। এই পাৰ্টাৰ চুল্ল কৰিছে। এই পাৰ্টাৰ কৰে প্ৰায়হৰ প্ৰতি ইমান আনবে সে তো এমন এক ময়বুত বজ্জু আৰুড়ে ধৰলো যা কৰনো ছিন্ন হতে পাৱে না

#### ধর্মের একত নয়, সত্যের একত

ইসলাম সকল ধর্মের একতে বিশ্বাস করে না, বরং সভ্যের একতে বিশ্বাস করে। অর্থাৎ সকল ধর্ম এক ও অভিন্ন নয়, বরং সভ্য এক ও অভিন্ন। সুভরাং যে কোন একটি ধর্ম সভ্যা, অন্য সব ধর্ম মিধ্যা। আলকোরআনের পরিকার ঘোষণা এই যে-

'সভা প্রকাশিত হওয়ার পর গোমরাহি ছাড়া আর থাকে কীঃ সূতরাং তোমরা কোথায় ঘুরে মরছোঃ'

ইসলামের রয়েছে একটি সুস্পন্ট ও সুনির্দিষ্ট 'নেযামে আকীদা' ও বিশ্বাস-ব্যবস্থা। রয়েছে বতন্ত্র সভ্যতা এবং পূর্ণান্দ বিধান ও সমাজব্যবস্থা। এ প্রসঙ্গে ইসলামের ধর্মগ্রন্থের পরিষার ঘোষণা এই যে–

'আজ আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে সম্পূর্ণ করে দিয়েছি এবং তোমাদের উপর আমার নেয়ামতকে পরিপূর্ণ করে দিয়েছি এবং তোমাদের জন্য ইসলামকেই দ্বীনরূপে মনোনীত করেছি।

এখানে কেউ না নিজেকে প্রতারণা করতে পারে, না অন্যকে। এখানে

সবকিছু দিনের আলোতে সমুজ্জ্প। ليلها كنهارها এখানে রাত দিনের মতই তন্ত্র সুন্দর।

### দু'জন অন্তৰ্দশী মহান পুরুষ

আমার প্রিয়্ম তালিবানে ইলম! দারুল উল্ম দেওবন্দের প্রতিষ্ঠাতা মাওলানা কাসিম নালুকরী (রহ) এবং নদওয়াতুল উলামার প্রতিষ্ঠাতা মাওলানা মুরাখদ আলী মুদেরী (রহ) কী বেদনায় ইটফট করছিলেনং একজন এখানে, অন্যজন ওখানে কিমের অস্থিরতায় বিনিদ্র রজনী যাপন করছিলেনং তাঁদের উভয়ের চিন্তা-চেতনায় এবং হলয়ের নর্বর-র্থায় আমি তো কোন পার্থকা দেবতে পার্থ না। উভয়ের মাঝে একই ইমানী 'ফিরাসাত' ও অন্তর্গৃষ্টি কাজ করছিলো। তাঁরা উভয়েরই ছিলেন আমি, আইন মুর্বার ন্র্রান্ধান্তিক ভাল করে, কেননা মুমিন আল্লাহর নূর দ্বারা অবলোকন করেন)—রহ নর্বী বাগীর বাস্তর নমুনা।

একই লক্ষ্যে ও উদ্দেশ্যে এবং অভিন্ন আবেগ ও জাযবায় তাঁদের উভয়ের জীবন নিবেদিত ছিলো। উভয় শিক্ষা প্রতিষ্ঠানের নিছাব ও শিক্ষা পদ্ধতি অবশাই ভিন্ন ছিলো, কিন্তু লক্ষ্য ও উদ্দেশ্য ছিলো অভিন্ন। নিছাব তাদের লক্ষ্য ছিলো না, উপলক্ষ ছিলো। নিছাবের ইপ্তিলাফ ও ভিন্নতা মৌলিক বিষয় ছিলো না, গৌণ বিষয় ছিলো।

মাওলানা মুহাম্মন আলী মুঙ্গেরী (রহ) এবং তাঁর সহকর্মীদের রচনাসজ্ঞার পড়ে দেবুন, তাঁদের দূরদৃষ্টি এসব খুঁটিনাটি মতপার্থক্য থেকে অনেক উর্জে ছিলো। কেউ যদি মনে করে যে, তাঁরা তথু আরবী সাহিত্যকে প্রাধান্য নেয়ার জন্য, কিংবা নিছক আধূদিক জ্ঞান-বিজ্ঞানকে অত্তত্ন করার জন্য ভিনুভাবে নাদওয়াডুল উলামার আন্দোলন তক্ষ করেছিলেন তাহলে তাঁদের মহান বাজিত্রের সঙ্গে এর চেয়ে বত্ত বে-ইনছাম্বী আর কিছই হতে পারে না।

আসলে উভয়ের উদ্দেশ্য ছিলো সমকালের ফেওনা ও ভার সায়লাবের মোকাবেলা করা। সে জনা একজন এখানে দ্বীনের একটি মর্বৃত দুর্গ গড়ে ভূলেছেন, অন্যজন সেবানে অন্য একটি দুর্গ গড়ে ভূলেছেন। উভয়েই নিজ নিজ মূগের চ্যালেঞ্জ এহণ করেছিলেন এবং পরিবর্তিত সময়ের আলোকে দ্বীনের মুহাফিয় ও রক্ষক, দাওয়াতে হকের মূজাহিন ও 'জানেছার' এবং শরীয়তের 'ভারজ্ঞানা' ও ভাষাকার হওয়ার প্রচেষ্টায় আছানিয়োগ করেছিলেন। আল্লাহ ভা'আলা তাঁদের উভয়্য়েক উচ্চ প্লেক উচ্চ মর্যালয় অভিষিক্ত করুম এবং ভাদের সকল সঙ্গী ও সহকর্মীদের উত্তম বিনিময় দান করুম এবং আমানেরকে তাঁলের লক্ষ্য ও উদ্দেশ্য বোঝার এবং তাঁদের পদান্ধ অনুসরণ করার তাওফীক দান করুন। আমীন।

### সংস্কার আন্দোলনের ইতিহাসে ব্যক্তির ভূমিকা

আমার প্রিয় তালিবানে ইলম! ইসলামের ইতিহাসে তাজদীদ ও সংস্কার আন্দোলনের যে গৌরবময় সুদীর্ঘ অতীত রয়েছে তা আগাগোড়া ব্যক্তি ও ব্যক্তিত্বের হিম্মত ও মনোবল এবং ত্যাগ ও কোরবানির সোনালী ফসল ছাড়া আর কিছু নয়। সাধারণভাবে এটাকে জাতি ও মিল্লাতের ইতিহাস বলা হয় এবং তা অসত্যও নয়। কিছু কার্যত শুক্ত থেকে শেষ পর্যন্ত এটা হলো ব্যক্তি ও ব্যক্তিত্বের যোগ্যতা ও প্রতিভা, মেহনত ও মোজাহাদা এবং ত্যাগ ও কোরবানির্যুষ্ট ফসল।

যখনই ইসলাম ও মুসলিম উষাহর জীবন-মরণের এবং অপ্তিত্বের টানাপড়েনের পরিস্থিতি সৃষ্টি হয়েছে, যখনই কোন দিক থেকে বাতিলের কোন হস্কার এসেছে ওখনই কোন না কোন মরণে মুজাহিদ সামনে এসে দাঁড়িয়েছেন। এধরনের নাযুক সংকটকালে কখনো কোন সভা ও সমেদান আহনো কার হয়েন। মশগুরারা-মজলিস ডাকা হয় নি। বরং ঈমান ও ইয়াকীনের বলে বলীয়ান কোন কর্মবীর কর্মের মন্ধ্যানে কাঁপিয়ে পড়তেন এবং গোটা পরিস্থিতিকে সম্পূর্ণ বদলে দিতেন। হযরত উমর বিন আবুল আয়ীয় এবং হযরত হাসান বছরী (রহ) থেকে গুরু বিরু হিন্দুপ্তানের শাহ ওয়ালিউল্লাহ- পরিবার পর্যন্ত সমগ্র ইতিহাস এবং শ্রীন, ইলমী ও দাওয়াজী মারকামের প্রাপ্রক্রমদের জীবন-চরিত একই সভা প্রমাণ করে। ইলমী ও দাওয়াজী মারকামের প্রাপ্রক্রমদের জীবন-চরিত একই সভা

### আলফেছানী ও শাহ দেহলবীর অবদান

হ্যরত মুজাদিদে আলফেছানী (রহ) এবং ব্যক্তিত্বের বিশালতা ও গভীরতা অনুভব করার যোগ্যতা আমাদের সবার নেই। দার্শনিক কবি আল্লামা ইকবাল কিছু বুঝতে পেরেছিলেন বলেই তাঁর সম্পর্কে বলেছেন—

كارزلف تست مشك افشاني اما عاشقان

مصلحت را تهمتے برآھوئے چیں بسته اند

'হিন্দুস্তানে তিনি ছিলেন কাওম ও মিল্লাতের অতন্ত্র প্রহরী। যথাসময়ে আল্লাহ যাকে করেছিলেন ইশিয়ার।'

বস্তুত মুজাদ্দিদে আলফেছানী (রহ) এর মেহনত ও মোজাহাদা এবং ত্যাগ

ও কোরবানিরই ফলে শেষ পর্যন্ত দ্বীনে হিজায়ী ও মুহাখদে আরবীর সঙ্গে হিন্দুজ্যনের বন্ধন ছিন্ন হতে পারেনি, বরং আকীদা ও বিশ্বাস এবং ভাহথীব ও সংস্কৃতির দিক থেকে হিন্দুত্বের গ্রাস থেকে রক্ষা পেরে দরীয়তে মোহাম্মদীর আমানত দরীয়তে মুহাখানীরই হাতে মাহেম্বুয ও নিরাপন হরেছিলো। তারই নিরব আন্দোলন এবং নির্ভ্তন রাত্তের অশুশ্পাত আকররের দ্বীনে ইলাহীর কেতনা দাফন করেছিলো এবং তার সিংহাসনে বালশাহ আওরাঙ্গ থেবের মত দ্বীনী গায়রত ও প্রবল আত্মর্মানাবোধ সম্পন্ন এক যিনা পীরকে বসিয়েছিলো।

পরবর্তীতে হিশুপ্তানে হীনের তাজদীদ ও পুনক্ষজীবনের যা কিছু কাজ হয়েছে তা হয়তে শাহ ওয়ালিউল্লাহ (রহ) এবং ওঁর খাদদানের কীতি ও অবদান ছাড়া আর কিছু নয়। দেওবন্দ বলুন কিংবা সাহারানপুর, দিল্লী বলুন কিংবা কৌবনো, আরা সকলে ওয়ালিউল্লাহ-খাদ্যানেরই দক্তরখানের নেয়ামত ভোগী। দারুল উলুম নেওবন্দ, মাঘারেরুল উল্ম সাহারানপুর, নাদওয়াডুল উলামা লৌখনো এবং কোরমান ও সুনাহর যত শিক্ষাক্ষন হিশুপ্তানে রয়েছে সব একই চেরাগ থেকে বওশন হয়েছে, একই প্রশীপ থেকে প্রভৃশিত হয়েছে। সবগুলোর বংশলভিকা শাহ দেহলবী এবং তাঁর সুযোগ্য সন্তান ও ভাবসন্তানদের পর্যন্ত পিরেই শেষ হয়েছে, কবির ভাষায়—

یك چراغیست درین خاند که ازپر توآن هر کجامی نگری انجمنے ساخته اند

'একটি মাত্র প্রদীপ ছিলো এ ঘরে, তার মিশ্ব আলো গিয়েছে যেখানে যেখানে, গড়ে উঠেছে আলোকিত মাহফিল।'

#### আপনাদের গুরুদায়িত্ব

আমার প্রিয় তালিবানে ইলম! এ মহান ঐতিহ্যবাহী মাদরাসায় আপনারা শিক্ষা লাভ করছেন। এ মদরাসার 'মাতৃফেরের' ছায়া আপনারা বড় হয়ে চলেছেন। আপনানের কাছে এ মাদরাসার প্রাণের ধারী এই যে, যুগের নয়া ফেতনা ও নতুন চ্যালেপ্তের মোকাবেলায় আপনাদের দাঁড়াতে হবে। এখানে বেড়াতে আসা পর্যটকের সাধারণ চোখে কোন চাঞ্চল্য ও তরঙ্গ দোলা ধরা পড়বে না। কিছু এখানে এই শান্তসমূদ্রের তলদেশে সুপ্ত রয়েছে ঝড় ও জনোছাসের সভ্যবনা। তুফর ও ইলহাদ এবং বাতিল ও বদরীনীর কেল্লা মিসমার করে দেয়ার মত কোন মউজ এখনো যদি ওঠে তাহলে এই মহাসমূদ্র থেকেই উঠাতে পারে তা।

### নাযুকতম সময়

আমি ইভিহাসের ছাত্র। ইভিহাস আমার প্রিয় বিষয়। হিন্দুপ্তানের ইভিহাস
আমি যতটুকু পড়েছি তার আলোকে পূর্ব আস্থার সাথে আমি বলতে পারি যে,
হিন্দুপ্তানের হাজার বছরের ইভিহাস এমন নাযুক ও কঠিন সময়কাল আর
কবনো আমেনি। কেননা পরিবেশ ও পরিস্থিতিকে ভছনছ করে দেয়ার,
মন-মন্তিষ্ককে আচ্ছন্র করে ফেলার, হিশ্বত ও মনোবলকে উভিয়ে দেয়ার, আবেগ
ও জাযাবাকে নিজেজ করে দেয়ার এবং মূল্যবোধ ও চিন্তাধারাকে ওলটপালট
করে দেয়ার এত উপায়-উপকরণ এবং উদ্যোগ-আঘোজন পিছনের আর কোন
যুগে ছিলো না। অতীতের মানুবের হাতে কি এমন হাতিয়ার হিলোগ রাজনীতির
এত মিষ্টি কথা, এত কৃটচাল কি তখন ছিলোগ গণতন্ত্র ও সামাবাদের এমন
চটকদার গ্রোগান কি তখন ছিলোগ প্রকাশনা ও সবোদপত্র জগত ছিলোগ
বিদ্যাতিন ও আকাশ সংস্কৃতির এ আগ্রাসন ছিলোগ নর্বোপত্রি এত বড় বড়
একাডেমি ও বিশ্ববিন্যালয় কি ছিলোগ কিছুই ছিলো। না

#### যুগের আবুল ফ্যল ও ফায়্যী

বাদশা আকবরের দ্বীনে ইলাহীকে অতীত হিন্দস্তানের সবচেয়ে ভয়ন্তর ফেতনা মনে করা হয়। কিন্তু আমি জানতে চাই, তখন কি শীর্ষ ক্ষমতাসীন ব্যক্তির হাতে এ সমস্ত একাডেমি ও শিক্ষাকেন্দ্র ছিলো? লক্ষ লক্ষ প্রচারসংখ্যার সংবাদপত্র ছিলো? আধনিকতম এসব উপকরণ ও প্রযক্তি ছিলো যা পর্বের এ প্রান্তের কথা মহর্তে পশ্চিমের ঐ প্রান্তে পৌঁছে দেয়ং বাদশাহ আকবরের কাছে ফায়্যী ও আবুল ফায়াল-এর মত বিরল প্রতিভা ও জ্ঞান-জ্যোতিষ্ক অবশাই ছিলো। এ দু'জনের মেধা ও প্রতিভা আমি তথু স্বীকারই করি না, সমীহও করি। কিন্তু ভেবে দেখন এমন কত আবল ফাযাল ও ফায়্যী আজ বিভিন্ন স্থানে পূর্ণ প্রতাপের সাথে বসে আছে। তখন তারা মাত্র দু'জন ছিলেন, আর আঞ তাদের কর্মের জন্য রয়েছে বড বড গবেষণাকেন্দ্র, তাছাড়া সে যগের আবল ফাযাল ও ফায়্যীর অন্তরে কখনো কখনো ধর্মীয় জায়বাও হয়ত বা আভ্যমোডা দিয়ে উঠতো। তাই তো দেখি, ফায়্যীর কলম থেকে বের হয়েছে 'সাওয়াতেউল ইলহাম'-এর মত মহাবিশ্বয়কর তাফসীর গ্রস্থ, আরবী ভাষা অলংকারের জগতে যার কোন তুলনা নেই। কিন্তু আজকের আবুল ফাযাল ও ফায়যীদের মনে ভূলেও কখনো ধর্মের প্রতি দুর্বলতা জাগে না। সে যুগের প্রগতিবাদী ও মুকুবুদ্ধির পূজারীদের অন্তরেও ইসলামের প্রতি যে 'কোমল প্রান্ত' ছিলো এ যগের আবল কাষাল ও ফায়যীদের অন্তরে তার ছিটেফোঁটাও নেই।

### নান্তিক্যবাদ ও সংশয়বাদের নতুন দরজা

আমার প্রিয় তালিবানে ইলম! ফালসাফা ও কালামশাস্ত্র আজ তার প্রায় সব আবেদন ও আকর্ষণ হারিয়ে ফেলেছে। জ্ঞানী-গুণী ও শিক্ষিত সমাজক নান্তিকতা ও সংশয়বাদের দিকে টেনে নেয়ার সেই ক্ষমতা এখন বিজ্ঞানেরও নেই যা উনিশ শতকের শেষে এবং বিশ শতকের সূচনাকালে ছিলো। এমনকি এসব বিষয়ে বিজ্ঞান ও বিজ্ঞানীদের এখন তেমন কোন আকর্ষণও নেই। বরং পথিকত বিজ্ঞানীদের পরিবর্তিত চিন্তা-চেতনার কারণে খোদ বিজ্ঞান এখন সন্তা ও অদৃশাজগত এবং দ্বীনী হাকীকত ও তত্ত্বে পক্ষে নতুন নতুন তথ্য-প্রমাণ উপস্থাপন করে চলেছে। সতরাং যে দর্শন ও বিজ্ঞান উনিশ শতকের ওলামায়ে উমতকে অস্থির ও পেরেশান করে তুলেছিলো তা এখন নান্তিকতা ও সংশয়বাদের বাহনরূপে তেমন একটা কাজ করছে না। আজ নান্তিকতা ও সংশয়বাদের বাহন হচ্ছে রাজনীতিবিজ্ঞান, অর্থবিজ্ঞান সমাজবিজ্ঞান এবং ইতিহাস ও শিল্পসাহিতা। (স্থানীয় ভাষা ও সাহিত্যের পাশাপাশি) বিশ্ব-সাহিত্য হিসাবে ইংরেজী সাহিত্যের মাধ্যমে এখন ধর্ম-বিদ্বেষ, নৈতিক অবক্ষয় ও চিন্তার নৈরাজ্য ছডিয়ে দেয়া হচ্ছে। আপনাদের জন্য হয়ত এটা এক চমকপ্রদ তথ্য হবে যে. এখনকার বহু বিশ্ববিদ্যালয়ের আরবী ও উর্দু বিভাগ নাস্তিকতা ও সংশয়বাদের আখডায় পরিণত হয়েছে। এবং সম্ভবত কোন কোন বিশ্ববিদ্যালয়ের আরবী ও ইসলামিক স্টাডিজ বিভাগই সবচেয়ে দুর্বল ও অবহেলিত বিভাগরূপে বিবেচিত হয়ে আসছে।

### বাস্তবোচিত ব্যাপক প্রস্তৃতি

আমাদেরকে আজ উদার দৃষ্টিতে, নিবিষ্টটিতে ও পূর্ণ বাস্তববাদিতার সাথে বর্তমান পরিস্থিতি ও সুরতেহাল সম্পর্কে পর্যালোচনা করতে হবে এবং ডেবে দেখতে হবে যে, জীবনের কর্মক্ষেত্রে অবতীর্ণ হওয়ার আগে আমাদের কী কী পূর্বপ্রস্থাত এ হেন্সাযতের যিমাদারি কার্যে নারা আগে আমাদের কী কী পূর্বপ্রস্থাত গ্রহণ করতে হবেং কী কী নতুন আব্র সঞ্জিত হতে হবেং এবং কোন্ কোনা আধুনিক বণকৌশলে আমাদের কুশলী হতে হবেং

আপনাদের জীবন ও কর্মের জন্য তাকদীরে ইলাহী এই সময় ও সমাজকেই নির্বাচন করেছে। সর্বপ্রথম আপনাদেরকে পূর্ব উপলচ্চিত্র সাথে জানতে হবে যে, কোন্ যুগের জন্য আপনাদেরকে সৃষ্টি করা হয়েছে; এটা যেমন চিন্তা ও দৃশ্চিন্তার বিষয় তেমনি সন্তোষ ও সন্তুষ্টিরও বিষয়। কেননা আল্লাহ ভা'আলা আপনাদেরকে এ কঠিন যুগের যোগ্য সাবান্ত করেছেন এবং এত গুরুত্বপূর্ণ সেবা-দায়িত্ব আপনাদের কাঁধে অর্পণ করেছেন। যামানার সঙ্গিন খাতরা এবং 
সময় ও সমাজের নাযুকতা অনুধাবনের চেষ্টা করুল এবং পূর্ব রোগায়তা ও 
সাম্বাসকতার সঙ্গে এ গুরু দায়িত্ব গ্রহণ করুল এবং আল্লারের কাছে দু'আ করুল 
নেন আল্লাহ আপনাদের তাঙকীক দান করেন। আপনাদের মহান পূর্বপুরুষণ 
যেমন সময় ও সমাজের বিদ'আত ও বিচ্নুতি এবং গোমরাহি ও আত্তির সাথে 
আপোশ করেননি। যামানার ফেতনা ও জাহোলিয়াতের বিনা চ্যালেঞ্জে ছেড়ে 
নেননি, এ যুগের ফেতনা ও ফাসাদ এবং জাহালাত ও জাহিলিয়াতের বিকন্ধে 
আপানাল্লাও তেমদি গৌরবময় ভূমিকা পালন করতে পারেন।

#### পাক্ষাক্ষেরে ধর্মচিন্তা ও ডার ফিডনা

খীন ও ধর্মকে জীবন ও কর্ম থেকে বিচ্ছিন্ন করার এবং সমাজ ও সংস্কৃতিকে ধর্মের নিয়ন্ত্রণ থেকে বঞ্চিত করার যে ইবলিসি আওয়ায ইউরোপ থেকে এসেছে আপনাদেরকে পূর্ব আছা ও দ্বিতির সাথে তার মোকাকেলা করতে হবে। ধর্মবিমুখ ইউরোপের কর্বস্বীকৃত মূলনীতি ও বিশ্বাস এই যে, ধর্ম মানুবের বাঙিলাত জীবনের বিষয়। এ জীবনবিধ্বংগী শ্রোগান মেনে নেয়ার অর্থ হলা, হিন্দুপ্তানে মূসলিম মিল্লাডের স্বতম্ত্র শিক্ষাকেক্স ও শিক্ষাব্যবস্থার কোন প্রয়োজন নেই এবং সর্বভারতীয় অভিন্ন তাহয়ীব ও গংক্তি গ্রহণ ছাড়া কোন উপায় নেই। বলাবাহলা যে, এরগর হিন্দুপ্তানের হবে সেই পরিগতি যার সতর্কবাণী আল্লামা ইকরাল আজৰ ব্যাৱে কথার কথার প্রত্যাল

হিন্দ-ভূমিতে সিজদার অনুমতি পেয়ে ডেবেছে নাদান মোল্লা/ হয়ে গেছে ইসলাম আযাদ, ফাতেহ লাল কেল্লা।

#### দেওবন্দের সম্ভানদের সফলতার সম্ভাবনা

তথু দারুল উদ্ম দেওবদ্দের আলিম-ফাঘিলগণ যদি দৃঢ় প্রতিজ্ঞা করেন, আর আল্লাহর তাওফীক যদি তাদের হাত ধরে পথ দেখান্ত তাহলে তারা এ পরিস্থিতির যথেষ্ট পরিবর্তন করতে পারেন। আম মুসলমানের সঙ্গে তাদের যে গভীর ও নিবিড় সম্পর্ক তা অন্য কোন দ্বীনী জামাতের নেই। সারা হিন্দুতানে কাওমী মাদরাসার জাল ছড়িয়ে আছে। এ সকল মাদরাসার শিক্ষক ও শিক্ষার্থী সকলে সাধারণ মুসলমানদের শ্রন্ধার আর। এলাকায়, মসজিদে মহল্লায় সর্বত্র রয়েছে তাদের দ্বীনী প্রভাব। এখন তথু প্রয়োজন সত্য-সাধকের নাহিসিকতার এবং আল্লাহ-প্রমিকের বিশ্বাস-গভীরতার, যার সম্পর্কে তরদর্শী কবি বলেছেন—

# ھوا ھے گو تندو تیز لیکن چراغ اپنا جلا رھا ھے وہ مرد درویش جس کو حق نے دئے ھیں انداز خسروانه

ক্ষণে ক্ষণে যদিও আছে ঝড়ের ঝাপটা, তবু/ মরদে মুমিন জ্বালান দ্বীনের বাতি/ আল্লাহ যাকে নিয়েছেন হিম্মত বুলন্দ/ কলবে আছে যার ঈমানের জ্যোতি। চিক্ষা ও চবিত্রের গঠন

সময় ও সমাজের এ নতুন দায় ও দায়িত্ব সফলতাবে পালন করার জন্য আপনাদেরকে আজ চিজা-চেতনা ও জানসাধনার দিকে থেকে যেমন প্রস্কৃত হতে হবে। এক দিকে আপনাকে আধুনিক যুগের নতুন নতুন চিজা ও দর্শন এবং ফিতনার নিতানতুন কপোরবর্তন সম্পর্কি বুগের নতুন নতুন চিজা ও দর্শন এবং ফিতনার নিতানতুন কপোরবর্তন সম্পর্কে পূর্ব জ্ঞান অর্জন করতে হবে এবং প্রতিটি ফিতনার প্রেকাপট, কার্যকারণ এবং তার ক্রম বিবর্তনের ইতিহাস গভীরভাবে অধ্যয়ন করতে হবে। কেননা প্রতিগক্ষের পরিচয়্ন এবং তার শক্তি, কৌশল ও উদ্দেশ্য সম্পর্কি পূর্ণ অবগত হওয়া, যোগ্য প্রতিছন্দ্বিতা ও সফল মোকাবেলা গতে তোলার পর্বপর্ত।

অন্যাদিকে আপনাদেরকে অর্জন করতে হবে এমন দৃঢ়ভা, অনমনীয়তা, আত্মমর্থান, আত্মোপলন্ধি ও রহানী শক্তি যাতে পৃথিবীর কোন শক্তি আপনাদের বিবেক ও চিন্তার, নীতি ও শৈতিকভার এবং আকীদা ও বিশ্বাসের সওদা করার কথা কল্পনাও করতে না পারে।

এ বুগের ধর্মহীন শিক্ষাব্যবস্থা মানুষকে তুচ্ছ মূল্যে বিবেক-বৃদ্ধির সঙলবাজি শিক্ষা দেয় এবং নিলামের বাজারে মেধা ও যোগাভার বেচা-কেনার তালিম দেয়। পক্ষাভারে আমানের দ্বীন ও শরীয়তের শিক্ষাব্যবস্থার উদাভ আহ্বান তো হলো–

আমায়।'

#### বিবেকের সওদাবাঞ্জির যুগ

আজকের মুগ হলো বিবেক-বৃদ্ধির ও দ্বীন-ঈমানের সওদাবাজির মুগ। বড় বড় বিদম্ব পণ্ডিৎ ও লেখক-সাহিত্যিক; মাদের মেধা, প্রতিভা ও জ্ঞান গতীরতার কোন তুলনা নেই, কিছু বিবেক নামের কোন পদার্থ তাদের মাঝে নেই। মাথায় মন্তিক আছে, বুকে নেই রুগয় নামের কিছু। বংং বলা যায়, তানের বুকে স্পন্দিত হৃদরের পরিবর্তে রয়েছে এক. চঞ্চল কলম, যা সভ্য-মিখ্যার সীমা-রেখা মুছে ক্ষেলতে পারে এবং আলো-অন্ধকার একাকার করে ক্ষেলতে পারে। আখেরাতের চিন্তা, ঈমানের শাসন ও বিবেকের দংশন তানের নেই। মুগের পালা বদলের সাথে ক্লপ বদলের এবং সময়ের গতি বুঝে 'মতি' পরিবর্তনের আন্চর্য 'প্রতিভা' তাদের।

### নতুন নেতৃত্বের প্রয়োজন

আমার প্রিয় তালিবানে ইলম! দারুল উপুম দেওবন্দের শিক্ষাঙ্গন থেকে আপনারা শিক্ষক হয়ে বের হোন, শাস্ত্রীয় গ্রন্থের টীকাকার ও ভাষ্যকার হয়ে বের হোন আমার আপত্তি নেই। ইমাম ও খতীব এবং দাঙ্গ ও দুরাপ্তিগ হয়ে বের হোন আমার আপত্তি নেই। নামী-দামী লেখক-সাহিত্যিক হয়ে হোন ভাষ্যের আপত্তি কেই। নামী-দামী লেখক-সাহিত্যিক হয়ে হোন ভাততেও আপত্তি কেই, আমি নিজেও বহুদিনের কলম-কাণজের 'পোনাহগার'। কিন্তু দুরুপের কথা বলবো কালে, যুগ ও সমাজের এখন অন্য কিছুর প্রয়োজন। প্রয়োজন এমন মরদে ময়দানের, নয়া যামানাকে যারা দিতে পারে নতুন ভিত্তা-লেতৃত্ব, নতুন দ্বীমী আছা ও আত্বাবিদ্বাস এবং নতুন নৈতিক ও আধ্যাত্মিক পান্তি। অনুভাগতি না বানুকার হিন্দুজানী মুসলমাননের তবিষ্যাত অক্ষকার। এখন আমাদের পারের তলার মাটি সরে যাকে, আমারেদ চারপারেশর কেইন সংকীর্য হয়ে আসছে। যেন হবহু সেই কঠিকম পরিস্থিতি, আলকোরআন তার ইজারপূর্ব ভাষায় যার চিত্র একৈছে এজনে

أ و لم يروا أنا نأتي الأرض ننقصها من أطرافها (الرعد ٤١)

'তারা কি দেখেনি যে, আমরা যমীনকে তার চারপাশ থেকে সংকোচিত করে আনি ।' (সূরা রাআদ)

و ضاقت عليهم الأرض بما رحبت و ضاقت عليهم أنفسهم 'আর যমীন তার সূপ্রশস্ততা সন্ত্রেও তাদের জন্য সংকীর্ণ হয়ে গোলো এবং। জীবন তাদের জন্য অসহনীয় হয়ে গোলো।' (সূরা তাওবা)

বন্ধুপণ! সুদীর্ঘ জীবনের বিচিত্র অভিজ্ঞতা যাকে সময়ের স্পদ্মন বুঝতে
শিবিয়েছে তার কথা শোনো। যে মমীনের উপর আজ আমরা দাঁড়িয়ে আছি
এবং দ্বীনের ও ইলমের বিভিন্ন দুর্গ তৈরী করছি তা কোন কঠিন প্রস্তবভূমি নয়,
বরং বালুর টিলা, মককড় অনবরত যার কণা উড়িয়ে নিয়ে চলেছে এবং
আমানের নীচে থেকে ধীরে ধীরে সরে যাছে। এ যেন সেই মমীন কোরআন
যাকে বলেছে –কাছীবাম-মাইলা

#### আত্মবোধ ও বাস্তববোধ

বন্ধুগণ! সময়ের হাতে শিক্ষা লাভ করার আগে নিজেই শিক্ষা গ্রহণ করো।
যামানার বে-রহম হাকীকত ও নির্দয় সত্য ভোমার চোখ খুলে দেয়ার আগে
নিজেই চোখ মেলে আলোর ইশারা দেখার এবং চারপাশের পৃথিবীর অবস্থা
বোঝার চেটা করো। দেখা, যামানার ইনকিলাব হঠাৎ ভোমাকে কোথায় এনে
দাঁড় করিয়েছে? কোথায় মাওলানা নানুতবী, মাওলানা মুহখ্ম আলী মুক্ষেরী এবং
মাওলানা শিবলী নোমানী (রহ) এর যুগ, আর কোথায় প্রযুক্তির চমকে ধাঁধিয়ে
দেয়া নয়া জাহেলিয়াতের যগ!

আপনাদের এখনো সময় ও সুযোগ আছে, হিন্দত ও মনোবলের সাথে
নিজেদের চিন্তার বিনির্মাণে এবং আখলাক ও চরিত্র গঠনে আত্মনিয়োগ করুন
এবং আসাতেযায়ে কেরামের হেদায়াত ও পথনির্দেশনা গ্রহণ করুন, যাতে
মাদরাসার সীমাবদ্ধ লগতে থেকে যথাক জীবন ও কর্মের বিস্তৃত অঙ্গনে প্রবেশ
করেবন তখন নির্ভয়ে বান্তব সত্যের মুখোমুখি হতে পারেন এবং চরম প্রতিকূল
পরিষ্ঠিতরও মোজারেলা করতে পারেন।

আপনাদের জামাতে, এই জীর্ণ বস্ত্র ও শীর্ণ দেহের মাঝে ঘুমিয়ে আছে এক জীবন্ত দিংহ। আপনাদেরই মাঝে লুকিয়ে আছে এমন ব্যক্তি ও ব্যক্তিত্ব, এমন নিরেদিগুলা থাদিমে মিল্লাত ও রাহবারে উত্মত যাদের খবর আপনি জানেন না, আপনার শিক্ষক-সঙ্গীরাও জানে না। সেই সুপ্ত প্রতিভা ও সন্তাবনাকে আমি আমার এই কমযোর আওয়ামে ভাক দিয়ে গোলাম। হান্ন, যদি তা আপনাদের কদেয়ের গভীরে তরঙ্গ সৃষ্টি করতে পারতো! ঈদের নও হেলাকে সম্বোধন করে ইকলাত বালাছেন আমি আপনাদের সম্বোধন করে বলি-

দু বুলি নার্নি ক্রিয়ের নার্নি ক্রিয়ের দুর্বার্নি করে। বিজ্ঞান বিজের পূন্য হাত দেখে কেন ক্ষুণ্ণ ডুমি! , তোমার বুকে তো লুকিয়ে আছে
পূর্ব চান।

# যামানা বোঝে শুধু যোগ্যতা ও অধিকারের ভাষা

২৭শে মুহররম ৯৩ হিঃ মোতাবিক ২রা মার্চ ৭৩ বুঃ জামিয়া রাহমানিয়া খানকায়ে মুঙ্গের-এর দারুল হাদীছে তালিবানে ইলমের উদ্দেশ্যে এ মল্যবান ভাষণ প্রদত্ত হয়েছিলো। আমীরে শরীয়ত হযরত মাওলানা মিরাতলাহ রাহমানী ছাহেব মজলিসের ছদর ছিলেন। জামিয়া রাহ্মানিয়ায় হ্যরত আলি মিয়াঁ (রহ) এর ভভাগমন উপলক্ষে যে মানপত্র পঠিত হয় ভারই জবাবে তিনি এ বক্তব্য রেখেছিলেন। তাঁর বক্তব্যের মূল কথা ছিলো এই যে, দয়া ও করুণা প্রার্থনা করে পৃথিবীর বুকে টিকে থাকা সম্ভব নয়, সে জন্য আমাদেরকে পূর্ণ যোগ্যতা অর্জন করতে হবে। কেননা পৃথিবী ভধু যোগ্য মানুষকেই কদর করে।

# نحمد اللم العظيم و نصلي على رسولمه الكريم، أمما بعد

হযরত আমীরে শরীয়ত, আসাতেযা কেরাম এবং আমার প্রিয় তালিবানে ইলমং। এখানে এই পুণা-ভূমিতে আপনাদের মাঝে হাজির হওয়া ছিলো আমার বহুদিনের তামান্না, যা আজ পূর্ণ হলো। জানি না, আমার আজকের হাজিরি আপনাদের জন্য কোন সুচল বয়ে আনবে কি না এবং এই 'আভরিক' মানপত্রে যে আপা ও প্রত্যাণা প্রকাশ করা হয়েছে আমার হারা তা পূর্ণ হবে কি না। আপনাদের কোন দ্বীনী ও ইলমী থিদমত আমি আঞ্জাম দিতে পারবো কি না তাতে সন্দেহের যথেষ্ট অবকাশ রয়েছে। তবে এ উপস্থিতি আমার জন্য যে বিরাট সৌভাগ্যের তাতে কোন সন্দেহ নেই। আমি এখানে এসেছি একজন্ খাদিম হিসাবে, আপন ও হজন হিসাবে এবং একজন ভাই হিসাবে। তবে আমার বড় পরিচয়, আমি আপনাদের খাদিম ও সেবক। আমি মনে করি, আমার আবাজান (য়২)ও এখানে যখন হাজির হতেন, খুশী হতেন এবং এখানে যিনি ছিলেন তিনিও শান্তি পেতেন।

মানপত্রে যেমন বলা হয়েছে— এই দিলসিলার সঙ্গে এবং যাঁর নামে এ পুণাচ্চিবি পরিচয়, তাঁর সঙ্গে আমার সম্পর্ক সুপ্রাচীন ও সুগাভীর এবং এ জন্য আমি গর্বিত ও কৃতজ্ঞ। এ পরিক্র সম্পর্ক আরাহ যেন অট্ট রাধেন। এখানে এসে আমার বিপক্ত মনে হয় নি যে, আমি নতুন কোখাও এসেছি এবং অপরিচিতদের সম্বোধন করছি, ববং আমার হৃদয়ের অনুভূতি এই যে, আমি আদা খানানের মাঝে এসেছি এবং খানানেরই প্রিয় তরুণদের সম্বোধন করছি। আমি আশা করি, আমীরে পরীয়ত মাওলানা মিন্নাভূত্রাহ বাহমানী ছাহেবও আজি মু অনুভূতি পোষণ করছেন। আমাকে ডাকতে গিয়ে নিন্তঃ ভিনি ভাবেননি যে, বাইবের কাউকে দাওছাত দিচ্ছেন, ববং তিনি অবশাই তেবেছেন যে, বাগানের স্বজনকে বাগানের কুলকলিদের সাথে মিলিত হওয়ার সুযোগ দিয়েছেন। ইলমী বাগানের আমি এক আদনা খানেম এবং আপনারা আপামী দিনের ফুল। আপনানের সঙ্গে আমার সম্পর্ক একাছ্যার। তাই এখানে আমি প্রথাণত সৌজনা বা কৃতজ্ঞতা প্রকাশ করার প্রয়োজন বোধ করি না। তবে এতটুকু অবশাই বলবো যে, মানপত্র তো হয় তার জন্য থিনি কিছুটা হলেও দ্বের কিংবা যিনি সম্মানিত মেহমান। অথচ এ ঘর তো আমার ঘর এবং আমি

তো আপনাদেরই একজন, তবু আপনারা মানপত্রের তাকাল্লফ করেছেন। তবে এর তিত্তি যেহেতু মুহব্বত এবং মুহব্বত কদর করার বিষয়, আর মুহব্বত প্রকাশের সমাজ-প্রচলিত পত্যুকেই আপনারা পছন্দ করেছেন, তাই আমি বেশী অনুযোগ করবো না; তথু বলবো, প্রয়োজন ছিলো না। তবু যদি ইখলাছ ও আন্তরিকভার সাথে করে থাকেন তাহলে আমি আপনাদের মানপত্র কৃতজ্ঞচিত্তে গ্রহণ করতি।

আমার প্রিয় বন্ধুগণ! এ মুহুর্ভে আপনাদের সাথে বলার মত কথা অনেন । কিন্তু আমি একটি কথাই ওধু বলতে চাই। আমারা সবাই একই নৌকার মাত্রী, একই কিশভির মুসাফির, ববং আমি তো বলি, দুনিয়ার যোগানে যত দ্বীনা মাদরাসার আছে, সমস্ত মাদরাসার তালিবানে ইলম আমরা একই নৌকার মাত্রী, একই কিশভির মুসাফির। আর কিশতি এখন উপ্তাল সমৃদ্রু, কড়-ফুফানের কবলে এবং ভয়য়র এক খুর্ণবির্তে পড়ে দিশেহার। বড় বড় জাহাজ— যাদের রয়েছে আধুনিকতম সাজসরঞ্জাম এবং নিরাপত্তার পূর্ণ ইনতিযাম, তদুপরি রুড় ও প্রোতের অনুকূলেই তাদের গতি, তারপরও তারা রুড়-ভুফানের আপটার জাহাজভূরির আশংকায় দিশেহার। বিপদের ভ্যাবহৃতায় গ্রানের অপশান অহন্তু। আমাদের পরিস্থিতি তাহলে কেমন নাযুক ও সন্ধিন হতে পারে, যোনে আমরা চলেছি রুড়ের ও গ্রোতের প্রতিকূলে তথু ভাঙ্গা এক নৌকায় সভয়ার হয়ে। সুতরাং এই নাযুকতম সময়ে নিজেদের অবস্থা ও অবস্থান সম্পর্কে ধীর শান্তভাবে আমাদের চিন্তা ভাবনা করতে হবে এবং ভাঙ্গা কিশতি নিয়ে রুড়-ভুফান পাড়ি দিয়ে নিরাপদে ভীরে লেছার উপায় খুঁরে বের করতে হবে। অন্যথার ধড়ন্ত পায়দের পরিবার্ধ।

# দু'টি প্রান্তিক চিন্তা

প্রিয় বন্ধুগণ! দ্বীনী মাদারেস সম্পর্কে সমাজে এবন দৃ'টি পক্ষ রয়েছে।
একগক্ষ তো দ্বীনী মাদরাসা ও দ্বীনী শিক্ষার ভবিষয়ত সম্পর্কে রুয় হতাশ এবং
দ্বীনী মাদরাসার উপকারিতা ও উপযোগিতাই বুঝতে নারায়। আজকের যুগে
কেন, কী উদ্দেশ্যে মাদরাসার প্রয়োজনং সমাজের কী এমন কল্যাগে মাদরাসা
শিক্ষার আয়োজনং বিষয়টি তাদের মাথায় আসে না, মনেও আসে না। তাদের
বয়ং সোজাসাণ্টা প্রশ্ন, আমাদের আগামী জীবনে মাদরাসার নূনতম কোন
ভূমিকা আছে কি নাং পরিবর্তিত যুগ ও সমাজের জন্য মাদরাসা শিক্ষার কোন
বার্তা' আছে কি নাং সর্বোপরি সময়ের স্রোভধারার বিপরীতে টিকে থাকার
যোগ্যতা আছে কি নাং

এদিকে অন্য পক্ষ গাফলতের ঘোরে এমনই বেইল যে, সময়ের বাস্তবতা সম্পর্কে তানের কোন ধারণা নেই। তারা মনে করে, এখনো চারশ ছুম্প বছর আগের বাগদাত পাশাপুরের জামেয়া নেযামিয়ার যামানা বিরাজ করছে। কম-নে কম ফিরেঙ্গি মহলের দরসের নেয়মির যামানা তো অবশাই বহাল আছে। হাকীকত ও সতোর মুখোমুখি হতে তারা রাজী নয়। যামানার ইনকেলাব এবং সময়ের পরিবর্তন সম্পর্কে তারা ভাবতে প্রকৃত নয়। যামানার কঠিন বাস্তবতা থেকে দিজদের তারা এমনভাবে গুটিয়ে রেখেছে যেন উটপাখী। মর্কার ব্যবহার ভিতরে মুখ লুকির উটপাখী ভাবে, যেহেতু সে দেখছে না সেহেতু পৃথিবীতে কিছুই ঘটছে না। কিছু অন্ধ হলে কি প্রলয় বন্ধ হয়া চোখ বুজে কি ঝড় থেকে আম্বরক্ষা হয়া

বলাবাহল্য যে, চিন্তার জগতে উভয়পক দুই বিপরীত মেরুতে অবস্থান করছে। উভয়ের চিন্তা চরম প্রান্তিকভার শিকার, আমাদের মাদরাসার পরিভাষায় যাকে বলে, 'নাকীযের' দুই প্রান্তে ভাদের অবস্থান। কোন পক্ষই বান্তবভার পরিচয় দিতে পারেনি এবং কারো চিন্তাই সরল রেখা ও মধ্যবর্তী রান্তায় অগ্রসত হতে পারেনি।

#### সময়ের দ্রুত পরিবর্তন

বৰুগণ! আপনারা জ্ঞানেন না এমন নয় এবং এটা জ্ঞানার জন্য বড় কোন উদ্যাটন বা গবেষণার প্রয়োজন, তাও নয়। চোধ মেলে তাজালে যে কেউ বুকতে পারে যে, যামানা বড় সংবেদনশীল এবং সময় দ্রুলত পরিবর্তনশীল। ববং ইতিমধ্যেই সময়ের বাঙ্গিক পরিবর্তন বটি গেছে। তারপারও সময়ের গতি ধেমে নেই, পরিবর্তনের ধারা চলহে তো চলছেই। সৃতরাং তালিবানে ইলম হিসারে অন্তিত্বের স্বার্থেই আমানের আজ ঠারা মাথায় চিন্তা করতে হবে। উভয় প্রান্তিকতা পরিহার করে শান্ত মন্তিকে, পূর্ণ স্থিরতা ও স্থৈর্যের সাথে গভীরভাবে আজপর্যালোচনা করতে হবে যে, আমাদের ভবিষ্যত কীঃ আগামী দিনে আমাদের কালাবাকী। পরিবর্তিত সময়ে আমাদের করণীয় কীঃ সময়ের কাছে আমাদের আশা ও প্রত্যাশা কিঃ এবং আমাদের কাছে সময়ের দাবী ও চাহিদা কীঃ আর কাটে বল পরণ করা সম্ভবং

#### মাদরাসা তো প্রত্নতত্ত্ব-কেন্দ্র নয়

একটি কথা আমি খোলামেলা বলতে চাই। এ বিষয়ে বড় বড় ও ভালো ভালো বই এসে গেছে, হয়ত আপনারা পড়েছেন, নয়ত আগামীতে পড়বেন। চিন্তাশীল ও গবেষক সমাজ ভন্তুগত ও তথাগত দিক থেকে চিন্তা-গবেষণার পর এ সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে, পৃথিবীর কোন ব্যবস্থা তথু ঐতিহাগ্রীতির ভিন্তিতে, তথু অতীতের দোহাই দিয়ে টিকে থাকতে পারে না এবং জোর করে তার অন্তিত্ব ধরে রাখা যা না। যত তার স্বাহাই হোক, তথু মহান ঐতিহা ও পবিত্র উত্তরাধিকার হিসাবে বা মূল্যবান প্রত্নতান্ত্বিক স্কৃতি হিসাবে টিকে থাকা সম্ভব নয়, টিকরে রাখাও সম্ভব নয়।

পৃথিবীতে যাদুঘর ও প্রত্নতান্ত্রিক ভবনের অবকাশ অবশ্যই আছে। বড় বড় সব শহরেই আছে। জীবন্ত যাদুঘরও আছে, মত যাদুঘরও আছে। হয়ত আপনাদের প্রাদেশিক রাজধানী পাটনায়ও আছে। পৃথিবীর বিভিন্ন শহরে এধরনের যাদুঘর ও প্রত্নতাত্ত্বিক ভবন যতের সাথেই সংরক্ষণ করা হয়। সেজন্য পর্যাপ্ত ভূমি ও পর্যাপ্ত বাজেট বরান্দ করা হয়। এটা ঠিক আছে। কিন্তু ভেবে দেখন, চলমান জীবনে তার অবস্তান ও ভূমিকা কীঃ নিরীহ ও নিঃসম্পর্কিত, পরিদর্শন ও বিনোদনযোগ্য উপকরণ ছাড়া কিছুই নয়। কতিপয় প্রাচীন স্মৃতিচিহ্ন ছাডা কিছ নয়। এগুলোর সংরক্ষণ এ জনা নয় যে, জীবনের জন্য তা অপরিহার্য এবং সময়ের গতি এ ছাড়া অচল। কিংবা সমাজের প্রগতির ক্ষেত্রে এর কোন ভূমিকা রয়েছে। মোটেই নয়, বরং গুধু এই যে, মানুষের ব্যস্ত জীবনে সাময়িক বিনোদন ও মনোরঞ্জনের প্রয়োজনে এগুলোকে রাখা হয়েছে। আর রাখা হয়েছে. যেন মানুষ তাদের অতীত ইতিহাস নিয়ে গর্ব করার সুযোগ পায়। কেনন<sup>া</sup> এগুলো তাদের গৌরবের স্থতিচিহ্ন, দেশ ও জাতির অতীত সভ্যতার কোন একটি অধ্যায়ের প্রতিনিধি। এর বেশী কিছু নয়। এই স্থতিবস্তুগুলোর যদি অনুভূতি থাকতো, কিংবা এগুলো যাদের স্থৃতিচিহ্ন তাদের যদি জীবন থাকতে: তাহলে তামাশার বস্ত হিসাবে তারা মোটেই খশী হতো না. বরং এ অপমানজনক অবস্থার বিরুদ্ধে অবশাই তারা প্রতিবাদ করতো।

কোন জীবন্ত জাতি ও যিশা কাওম, যাদের কাছে মানব ও মানবৃতার জন্য রয়েছে নিজস্ব পায়গাম ও রিসালাত এবং বাণী ও বার্তা, রয়েছে বৃতন্ত জীবনদর্শন ও সমাজ-চিন্তা, যারা ন্যায় ও সত্যরুপে কিছু বিষয়কে স্বীকার করে এবং প্রচার করে, আবার অন্যায় ও অসত্যরুপে কিছু বিষয়কে অধীকার করে এবং প্রতিহার করে, জীবনের পথে চলার জন্য আল্লাহ যাদের দান করেছেন নূর ও নুরানিয়াত তারা সমম্ব ও সমাজের বৃকে এ অবস্থান কিছুতেই মেনে নিতে রাজী হবে না যে, দয়া করে কিছু স্থান বরান্দ করা হলো। এবং নিরীহ ও ক্ষতিহীন মনে করে সেখানে পড়ে থাকার সূথোও দেয়া হলো। যেমন প্রাচীন মিসরের ফেরআউনদের মিন্তৃত লাশ দর্শনীয় বস্তুরুপে রেখে দেয়া হয়েছে।

# দ্বীনী মাদরাসা কি প্রতান্ত্রিক নিদর্শন?

আমি তাদের বলেছি, হাঁ, সেখানে এমন লেখক-প্রতিভা জনালাভ করেছে যিনি তার রচিত সুবিশাল জীবনী প্রস্থের মাধ্যমে নিজেকে যেমন অমর করেছেন তেমনি হিন্দুন্তানের অসংখা আদিম ওলামা এবং লেখক ও জানসাধককেও অমরত্ব দান করেছেন এবং তাদের কলম ও কলম-কীর্তিক মুসনিম জাহানের সামনে তুলে ধরেছেন। ক্রেন্স ক্রিক্ত এবের পরিচয়কোষ) নামে তাঁর রচিত প্রস্থের পূচালংখা আমার জানা মতে বিশ হাজার। কে বিশ্বাস করবে যে, এটা ছিলো একা একজন মানুষের কীর্তি? আমি প্রায়ই বলে থাকি যে, ইউরোপের বড় বড় গবেষণা সংস্থা বিপুল উদ্যোগ আয়োজনের মাধ্যমে যে কাজ সম্পাদন করে আমাদের মুসনিম জাহানে এক সময় একক উদ্যোগে বি নিজস্ব চেটা- সাধনায় তার চেয়ে বড় কাজ হতো। মাহমুদ হাসান নামের একজনমাত্র মানুষ ইউরোপের পূর্ণাঙ্গ একটি একাডেমির কাজ আজাম দিয়েছেন। 'মুলামুল মূছান্নির্থীন' কিতাবের মাধ্যমে তিনি গুধু হিন্দুগুনের নয়, বরং গোটা ইসলামী জাহানের পেথক-গ্রন্থকারদের জীবন ও কর্ম সংরক্ষণ করে গেছেন; সময়ের আয়তনে যা প্রথম হিজরী শতক থেকে টৌদ্দশতক পর্যন্ত এবং ভৌগলিক আয়তনে যা হিজায় থেকে ইন্দোনেশিয়া, বাদাখশা, খাতান ও তাশকশ পর্যন্ত বিস্তৃত। দুরংখর বিষয়, এ সুবিশাল গ্রন্থের কয়েকটি মাত্র খণ্ড এ পর্যন্ত প্রকাশিত হতে পেরেছে। তারপরও এ গ্রন্থের কোন নয়ীর নেই। এখানে আমি সমগ্র রাজস্থানের কীর্তি ও কর্মের কথা বলছি না, বরং যে জয়পুরের মাটিতে আজ আমরা জামেয়াভুল হিদায়াতের ভিত্তি প্রস্তর স্থাপন কর্মন্থি তার থেকে কয়েক মাইল দূরের এক অখ্যাত শহরের একজনমাত্র ব্যক্তির কর্ম ও কীর্তির কথা বলচি।

যাই হোক আমি বলতে চেমেছিলাম যে, ইলম ও জ্ঞান সাধনার এবং রচনা ও পরেষণার সঙ্গে সাহারা ও মক্ষভূমির রয়েছে সুগভীর এক সম্পর্ক। আরবের জ্ঞানবীর মাধ্যমে সৃষ্ট এ সম্পর্ক আলো অটুট রয়েছে এবং চিরকাল অটুট ধাকরে ইনশাঝালাহ।

এমনকি আজো এ জঙ্গভূমে যে মঙ্গলদৃশ্য আপনারা দেবছেন এবং আজকের মজলিদে জগামায়ে কেরামের যত দুরানী ছুরত দেবছেন, এক্তপক্ষেদ্যাও সেই উম্মী নবীরই ফায়য ও বরকত ছাড়া আর কিছু নয়। পৃথিবীর শেষ দিন পর্যন্ত যোখানে যত জ্ঞানের দীঙি এবং ইলমের নূর প্রসারিত হবে তা হবে সেই উম্মী নবীরই দান ও অবদান এবং তাঁরই ফায়য ও ফায়যান। অক্কার আরবে আসমানী ইলমের যে প্রদীশ তিনি জ্বেলছিলেন সে আলোই ছড়িয়ে আছে সারা জাহানে দেশ-কালের সীমানা ছাড়িয়ে। এ নববী প্রদীপ থেকেই প্রজ্ঞাকত হয়েছে সর্বনাসের স্বর্থদেশ সকল জ্ঞান-প্রদীণ। তাই কবি বলেছেন

یك چراغیست درین نرم که ازیر تو آن هر کجامی نگری انحمنه ساخته اند

'মক্কী ও মাদানী মাহফিলের একটিমাত্র প্রদীপ, যেখানে পৌঁচেছে তার আলো. সেখানেই তৈরী হয়েছে আলোকিত মাহফিল।'

আজ এখানে জামেয়াতুল হেদায়াত নামে ইলম ও হিদায়াতের যে নতুন প্রদীপ প্রজ্বলিত হতে চলেছে, তা প্রকৃতপক্ষে সেই হাদীয়ে কামেল ও সিরাজে মুনীর-এর সমুজ্জ্বল আলোরই সামান্য প্রতিবিষ।

#### মাদরাসার কেন প্রয়োজনঃ

বন্ধুগণ! আমি জানতে চাই, কোন্ চিন্তা-ভিত্তির উপর আজ এখানে জামিয়াতুল হিদায়াত (মাদরাসা) প্রতিষ্ঠিত হতে চলেছে? কী এর প্রয়োজন? উন্মতের কোন্ অভাব ও শূন্যতা এ প্রতিষ্ঠান পূর্ব করবে? জাতি ও সমাজের জন্য সে কী বার্তা ও পায়গাম বহন করবে? যে কোন প্রতিষ্ঠনের অন্তিত্বের বৈধতার জন্য এ জিক্সাসার সম্ভোষজনক জবাব অবশৃত্র থাকতে হবে।

এ প্রসঙ্গে প্রথমে আমাদের বুঝতে হবে, মাদরাসা কাকে বলে? কী তার পরিচায়? কী তার প্রয়োজনং কী তার গুণ ও বৈশিষ্ট্যঃ এবং কোথায় তার প্রকৃত মূল্যঃ আপনাদের এ শহরে এবং সারা ভারত জুড়ে এত এত নামী-দামী কলেজ ও বিশ্ববিদ্যালয় থাকার পরও একটি জামিয়াতুল হিদায়াতের এবং একটি আরবী ও ম্বীনী মাদরাসার কী প্রয়োজনঃ

এ সম্পর্কে মাওলানা আন্দল হাই ছাহেব অতান্ত উপযোগী ও মনোজ্ঞ ভাষায় বক্তব্য রেখেছেন এবং আরবী ভাষার গুরুত ও প্রয়োজনীয়তা তলে ধরেছেন। এটা এখন সবাই স্বীকার করছেন। কিন্ত আজ থেকে প্রায় শতবছর পর্বে হিন্দুস্তানের বুকে নাদওয়াতুল ওলামা যখন এ আওয়ায তুলেছিলো যে, আরবী ভাষা এক জীবন্ত ভাষা, সূতরাং জীবন্ত ভাষারপেই তার শিক্ষণ ও প্রশিক্ষণ হওয়া উচিত এবং আরবীভাষার সঙ্গে মাতৃভাষার অন্তরঙ্গতা অর্জন করা উচিত। যখন এ আওয়ায বুলন্দ করা হয়েছিলো তখন মনে হয়েছিলো, নির্জন মরুভূমির এ নিঃসঙ্গ আওয়ায় শোনার ও বোঝার কেউ নেই। কিন্তু সময়ের বিবর্তন, বিশ্ব-রাজনীতির পরিবর্তন এবং দুনিয়ার উন্রতি ও অগ্রগতি আজ শত বছর পূর্বের সেই আওয়াঞ্জের সত্যতা ও বাস্তবতা প্রমাণ করে দিয়েছে। সে যুগের অন্তর্দর্শী আলিমগণ বিশেষত ইসলামী উন্মাহর সঙ্গে ঐক্য ও একতার সেতবন্ধন গড়ে তোলার জন্য আরবীভাষার যে প্রয়োজনীয়তা ও অপরিহার্যতা অনুভব করেছিলেন আজ সময় ও সমাজ তার বাস্তবতা স্বীকার করে নিয়েছে। ইলমী সাধনা ও দ্বীনী দাওয়াতের কথা বলুন, ইসলামী উন্মাহর ভ্রাত্-বন্ধন কিংবা জীবন সংগ্রামের কথা বলুন কোন ক্ষেত্রেই আরবী ভাষায় প্রয়োজনীয়তা অস্বীকার করার উপায় নেই।

মাদরাসার প্রয়োজনীয়তার স্বপক্ষে আরো অনেক কিছু বলা যায় এবং বলা হক্ষে। আমিও তা অধীকার করি না, কিন্তু আমি জানতে চাই, মাদরাসার মূল কক্ষা ও উদ্দেশ্য কী? মাদরাসার আসল বাণী ও পায়গাম কী? উমতের কোন্ বাধার উপন্য এবং কোন রোগের আরোগ্য এই মাদরাসা?

আজ এখানে জামেয়ভূল হিদায়াত নামে একটি দ্বীনী মাদরাসার যে নভুন চারা অঙ্কুরিত হতে যাঙ্গে আল্লাহ তাকে সবুজ সজীব মহাবৃক্ষে রূপান্তরিত করুন, যার শীতল ছায়ায় প্রজন্মের পর প্রজন্ম শান্তি ও বন্তি লাভ করতে পারে; সর্বোপরি ইলমের রোশনি ও হেদায়ান্তের নূর লাভ করতে পারে। অন্তরের অন্তর্যন্তল থেকে আমি এই দু'আ করি। কিন্তু আমার প্রশ্ন এই যে, উমতের কোন্ অভাব ও কী শূন্যভা প্রণের জন্য জামিয়াতুল হিদায়াত আজ ভার যাত্রা তরু করতে যাত্তে

এ সম্পর্কে আমার দৃষ্টিকোণ ঐ সকল শিক্ষিত বন্ধুদের থেকে অনেক ভিন্ন যারা মাদবাসার পরিচ্য জানেন বলে দাবী করেন এবং মাদবাসার সঙ্গে ডব্তরঙ্গ সম্পর্কের কথা বলেন। আমার দৃষ্টিতে মাদবাসার শুগু পঠন-পাঠনের কিংবা বিশ্বেষ শিক্ষিত কিছু মানুষ উৎপাদনের কেন্দ্র নয়। কোন মাদবাসার শুধু এইটুক্ত ভূমিকা ও পরিচয় মেনে নিতে এবং চিন্তার এত নিম্ন স্তরে নেমে আসতে আমি রাজী নই। দুনিয়ার অন্য সমস্ত স্কুল কলেন্ড ও ইউনিভার্সিটির মত মাদবাসার কিছক লখা-পড়ার হুনর শিক্ষা দানের কেন্দ্র না এধবনের চিন্তাকে আমি মাদবাসার পরিচয়-সভার বিপুত্তি সাধনের অপরাধ বলে মনে করি। অর্থাৎ আমি যদি মাদবাসার উকিল হতাম, কিংবা আমি নিজে যদি মাদবাসার উত্তাক ও তুলি স্থান বিকল্প তাদের বিকল্পে আমি নোজ বাদ মাদবাসার তি ও পুত্তি কু তাদের বিকল্পে আমি নোজ ব প্রতিষ্ঠান করেন্দ্র এবং সেজলোর বিভিন্ন মান ও স্তর রয়েহে তদ্ধ্রণ মাদরাসাও বিভিন্ন ফন ও বিষয় শিক্ষা দানের; আববী ভাষা, ফিকাহ, ভাফসীর, হাদীছ ও দ্বীনিয়াত শিক্ষা দানের একটি সতন্ত কেন্দ্র।

না, বরং আমার চিন্তা ও বিশ্বাস এই যে, মাদরাসা হ'লা খেলাফডে ইলাইয়ার মহান দায়িত্ব পালনকারী, মানবজাতিকে হেলারাতের পায়গাম দানকারী এবং মানবতাকে মুক্তির পথ প্রদর্শনকারী নায়েধীনে রাসুল তৈরীর কেন্দ্র। মাদবাসা হলো আদর্শ মানব তৈরীর আদর্শ করেখান।

দেশে বিভিন্ন শিল্প-কারখানা থাকে, অস্ত্র-কারখানা থাকে। আমরা অবশ্যই 
একলোর মুল্যায়ন করি। দেশের উন্নয়নেও নিরাপতা বিধানে একলোর প্রয়োজন 
ও গুরুত্ব প্রীকার করি। কিন্তু প্রভোক জিনিসের তার তারতম্য রয়েছে। মাদরাসা 
তথু বিভিন্ন বিষয়ে এবং বিভিন্ন বিদ্যায় – হেংক তা দ্বীনী বিদ্যা- কিছু দক্ষ লোক 
উৎপাদনের কারখানা নয়। মাদরাসা তো হলো এমন আদর্শ মানব তৈরীর কেন্দ্র 
যা আমি উপরে আলোচনা করে এরেছি। এটা অবশা ভিন্ন প্রসঙ্গ যে, 
মাদরাসাতলো এখন করি মহান দায়িত্ব পাদন করাছে কি নাং এবং প্রতিটি 
মাদরাসাত পালন করতে চায় কি নাং আমাদের মৌলিক ও ভাত্ত্বিক 
আলোচনার সঙ্গে উক্ত বিষয়ের কোন সম্পর্ক নেই।

মাদরাসার একজন খাদেম হিসাবে এবং বিভিন্ন মাদরাসার সঙ্গে অন্তরক সম্পর্কের সূত্রে এ তিক্ত বান্তবতা আমি ধীকার করি যে, লক্ষ্য ও উদ্দেশ্য থেকে আমরা অনেক পিছনে পড়ে গেছি। অতীতের মাদরাসা যে মহান দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করেছে, বক্তমানের মাদরাসা তা পালন করতে পারছে না। কেন পারছে না। এ বড় তিক্ত প্রশ্ন এবং এর জবাব আরো তিক্ত। তবু এ প্রশ্ন এবংনা সমান গুরুত্বপূর্ণ যে, মাদরাসার লক্ষ্য ও উদ্দেশ্য কী? আল্লাহর পক্ষ হতে মাদবাসার উপর অপতি মহান দায়িত কী?

#### মাদরাসার পরিচয়-উৎস

সর্বপ্রথম মাদরাসার বুনিয়াদ কোথায় রাখা হয়েছিলো? দুনিয়ার সর্বপ্রথম মাদরাসার বুনিয়াদ কর্ডোভা ও গ্রানাডায় নয়, কায়রো ও বাগদাদে নয়, দিল্লী ও লৌখনোতে নয় এবং দারুল উলুম নদওয়াতুল ওলামা বা দারুল উলুম দেওবন্দে নয়, বয়ং সর্বপ্রথম মাদরাসার বুনিয়াদ রাখা হয়েছে মসজিদে নবরীতে এবং তার নায় প্রছে লাছ কৃষ্ণা আমাকে মাফ করুল, আমি ওধু ঐ বিদ্যালয় এবং ঐ মাদরাসাকেই বিভক্ষ ও বৈধ বংশপরিচয়ের অধিকারী মনে করি যার শাজারা ও বংশগতিকা ছুফকায়ে নবরীতে দিয়ে শেষ হয়েছে।

আমি তথু ঐ মসজিদকেই বিজন্ধ বংশপরিচয়ের অধিকারী মনে করি যার শাজারা ও বংশপরিচ্য কারায়ে ইবরাহীমীতে এবং মসজিদে নববীতে গিরে শেষ হয়েছে। এর বিপরীত শব্দ আমার বলার প্রয়োজন কেনে করিব দেকেই তা বলে দিয়েছে। যে মসজিদ কারায়ে ইবরাহীম ও মসজিদে নববীর সঙ্গে সুক্ত বর আরু তা হলো মসজিদে বিয়ার- মুকুতির মসজিদ। ডক্রপ ঐ বিদ্যালয় বিদ্যালয় নর এবং ঐ মাদরাসা মাদরাসা নয় যার বংশপরিচয় ছুক্ফায়ে নববী এবং মসজিদে নববীর সঙ্গে মুক্ত নয়, আরু যর ও সালমান ফারসী (রাঃ) এবং আরু হোরায়রা ও যায়দ বিস ছবিতের সঙ্গে মুক্ত নয়, মাহু যর ও মালমান ফারসী (রাঃ) এবং আরু হোরায়রা ও বায়দ বিস ছবিতের সঙ্গে মুক্ত নয়, ছিন্দীকে আকবর ও আলী মুরতাজা এবং ইযরত আমোশা (রাঃ) এর সঙ্গে যুক্ত নয়।

ঐ মাদরাসা মাদরাসা নয়, বরং মানবতার জবাইখানা যার সম্পর্ক নবী ও তার ছাহাবাগণের সঙ্গে নয়, যারা বিশ্বকে হেদায়াতের পথ দেখিয়েছেন, কোরআনের পায়গাম ভনিয়েছেন। যারা নিজের য়ার্থ ত্যাগ করে অন্যের উপকার করার শিক্ষা দান করেছেন। মাদের জ্ञীবনাদর্শ ছিলো এই যে, তোমার ঘরে বরার শিক্ষা দান করেছেন। মাদের জ্ञীবনাদর্শ ছিলো এই যে, তোমার ঘরে বারি না জ্বলুক, অন্যের ঘরে বেন আলো থাকে; ভূমি পেটে পাথব বাঁধা, যেন পরবর্তীদের মুখে আহার জোটে (কেননা পাথব বাঁধার ইতিহাস তো গাখওয়াতৃল খাশ্বাকেই শেষ হয়ে গেছে।)

যারা এ পায়গাম দিয়ে গেছেন যে, মাদরাসার উদ্দেশ্য জীবিকার ক্ষেত্র সৃষ্টি করা নয় থারা কলমের বা যবানের জাদুতে মানুষকে মোহন্দ্র করতে পারে। মাদরাসার তো দায়িত্ব হলো মানবভাকে কোরআনের বাবী শোনানো, মানুহের মাঝে কোরআনের আবো ছড়ানো এবং সকল প্রতিকূলতার মাঝেও বিশ্রান্ত মানব-কাফেলাকে মুক্তির পথ দেখানো।

দুনিয়াতে যখন সকল সত্য ও হাকীকতকে অস্বীকার করা হয়, শক্তি ও ক্ষমতার পজাকে যখন একমাত্র সত্য মনে করা হয়, মাল ও দৌলতকে যখন একমাত্র হাকীকত মনে করা হয়, যখন জোর গলায় প্রচার করা হয় যে, পৃথিবীতে নীতি ও নৈতিকতার মৃত্যু ঘটেছে, ইজ্জত ও সম্ভ্রমের মৃত্যু ঘটেছে, শারাফাত ও ইনসানিয়াতের মৃত্যু ঘটেছে, সকল সত্যের মৃত্যু ঘটেছে, বেঁচে আছে একটিমাত্র সত্য, আর তা হলো যে কোন মূল্যে, যে কোন উপায়ে নিজের লাভ নিশ্চিত করা এবং আত্মস্বার্থ উদ্ধার করা। চারদিকে যখন শোর ওঠে যে. নীতি ও বিবেক বিসর্জন দিয়ে এবং শারাফত ও ইনসানিয়াতের সওদা করে যেভাবে পারো নিজেকে প্রতিষ্ঠিত করো এবং উদিত সূর্যের পূজা করো তখন মাদরাসা উঠে দাঁড়ায় এবং দৃগু কণ্ঠে ঘোষণা করে; না, শারাফাত ও ইনসানিয়াতের এখনো মৃত্যু হয় নি, নীতি ও নৈতিকতা এখনো বিলুপ্ত হয় নি। বিবেক ও আত্মর্যাদা এখনো বেঁচে আছে। মাদরাসা তখন এ পায়গাম পৌছে দেয় যে, দুনিয়ার ক্ষতিতে রয়েছে আখেরাতের লাভ, ক্ষুধা ও অনাহারে রয়েছে এমন স্বাদ, শাহী দন্তরখানেও যা পাবে না তুমি এবং কখনো কখনো যিল্লতি ও লাঞ্জনাতেও থাকে এমন ইজ্জত ও মর্যাদা, শাহী তখতে বসেও যার নাগাল পাবে না তুমি। মাদরাসা তখন জলদগম্ভীর স্বরে ঘোষণা করে যে, আল্লাহর শক্তিই বড শক্তি এবং হকের আওয়ায**ই শ্রেষ্ঠ** আওয়ায।

এ-ই হলো মাদরাসার পরিচয় ও বৈশিষ্ট্য, এ-ই হলো মাদরাসার দায়িত্ব ও কর্তব্য এবং এখানেই মাদরাসার মূল্য ও গুরুত্ব। এ দায়িত্ব ভুলে গিয়ে মাদরাসা মনি দুনিয়ার কন্যকিছুতে মগ্ন হয়ে পড়ে ভাহলে আর যাই হোক তা মাদরাসা নামের যোগা নয়।

আমি মনে করি, জামেয়াতুল হিদায়াত-এর আদল ভিত্তি-প্রস্তর আজ এই সুমহান আদর্শ ও চেতনারই উপর রাখা হচ্ছে এবং এ এই গান্দা ইনসানের গোনাহণার হাতে নয়, বরং নর্য়ত ও ছাহাবিয়াতের গায়েরানা হাতে ৷ এবং এ ভিত্ত-প্রস্তর স্থাপন আজকের নতুন কোন ঘটনা নয়, যুগে যুগে বারবার ঘটেছে এবং দুনিয়ার কোণে কোণে বহু শত জামেয়াতুল হিদায়াত বিদ্যামান রয়েছে। দ্বীন ও শরীয়াত যতদিন যিন্দা আছে, ইনসানিয়াত ও মানবতার খাস-প্রশ্বাস যতনিন অব্যাহত আছে ততদিন পৃথিবীর কোন ভ্রথত জামিয়াতুল হিদায়াত থেকে থালি থাকতে পারে না : আজকের নবপ্রতিষ্ঠিত এই জামিয়াতুল হিদায়াত প্রকৃতপক্ষে যুগে যুগে নেশে দেশে প্রতিষ্ঠিত জামিয়াতুল হিদায়াতেরই উত্তরসূরী। এটা নতুন কিছুর স্চনা ও উদ্বোধন নয়, বরহ ছুফফা থেকে উৎসারিত ইলমের ঝরপাধারারই অব্যাহত প্রবাহ। দুনিয়ার ভয়ন্তর থেকে ভয়ন্তর কোন চেন্দিজ, কোন কারাসার ও কিসরা এবং কোন তলায়ার বা অপ্রশক্তিই এ ধারাপ্রবাহকে বন্ধ করতে পারে নি, কথনো পারবেও না। মাদারাসার মানুষ কথনো কোন মনোই সওলাবান্তির প্ররে কেনেম আসতে পারে না।

দুনিয়ার এখন সবকিছুরই কম বা বেশী মূল্য নির্ধারিত আছে। উপযুক্ত মূল্যে সবাই সবকিছু বিকিয়ে দিতে প্রস্তুত। আজকের দুনিয়া বিরাট এক নিলাম ঘর ছাড়া কিছু নয়। সবাই এখানে নিলামের ভাকে উঠতে তৈয়ার। সবাই তার বিবেক-বৃদ্ধি, মেধা ও প্রতিভা এবং জ্ঞান ও যোগারে মূল্য-ভালিকা হাতে দাড়িয়ে আছে। সবাই বিক্রয়ের জান্য প্রস্তুত, শুধু উপযুক্ত মূল্যের অপেনাং হাইছে কাউকে খরিদ করতে কিছুটা সময় লাগে, তবে তা এ জন্য নয় যে, সে বিক্রি হতে প্রস্তুত কয়, বরং এ জনা যে, এখানা ভার চাহিদা মত মূল্য উঠেনি।

কিন্তু মাদরাসা এর ব্যতিক্রম। মাদরাসা সবকিছু মেনে নিতে রাজী নর। এ দূনিয়া নিলামহর, এখানে কোন না কোন মূল্যে সবারই নিলাম হতে পারে, মাদরাসা তা মানতে রাজী নর। আমরা থারা মাদরাসার বাসিন্দা, নিজেদের মূল্য হিসাবে আমরা তো দূনিয়ার সমস্ত সম্পদকেও তুচ্ছ মনে করি। আমাদেরকে তো আল্লাহ ছাডা কেউ তোন মূল্যে ধবিদ করতে পারে না।

মানবতার অধঃপতন যখন শুরু হলো, নীতি ও নৈতিকতায় যখন ধ্বস নামলো, মানুষ যখন ভাবতে লাগলো যে, হক ও বাতিল সম্পর্কে যা কিছু বলা হয়, আদর্শের যা কিছু বুলি কপচানো হয় তা গুধু মজলিনের শোভা বর্ধনের জানা, বাস্তবে তার কোন অন্তিত্ব নেই। হক ও বাতিল এবং হালাল ও হারাম বলে কিছু নেই। নাায় ও অন্যায় এবং নীতি ও নৈতিকতা বলে কিছু নেই। আসল হলো অর্থ ও বিত্ত, ক্ষমতা ও প্রতিপত্তি এবং পদ ও প্রতিষ্ঠা।

সময় ও সামাজ যখনই এমন অবক্ষয় ও অধঃপতনের স্বীকার হয়েছে তব্নই মাৃদরাসা সময়ের শ্রোতধারা এবং সমাজের চিত্তাধারার রিকক্ষে বিশ্রোহের আওয়াজ তুলেছে, মাবারাসা তবন এমন মানুষ পয়দা করেছে, যারা পাহাড়ের উচ্চতাকেও ছাড়িয়ে গেছে, পর্বতের অবিচলতাকেও হার মানিয়েছে। সমকালীন দুনিয়ার নামনে মাদরাসা এই চ্যালেঞ্চ ছুঁড়ে দিয়েছে যে, তোমাদের নিলামের বাঞ্জারে বিক্রি হওয়ার মত মাদুর এরা নয়। বিশ্বাস না হলে চেষ্টা করে দেখো, ধরিদ করতে পারো কি না। যদি পারো তাহলে খীকার করে নেবো যে, ঈমান ও আজীনা বলে কিছু নেই। আখলাক ও আদর্শ এবং নীতি ও নৈতিকতা বলে কিছু নেই। দুনিয়া থেকে এসব বিশুঙ হয়ে গেছে।

দূনিয়ার মানুষ চেটা করে দেখেছে, পারেনি। পৃথিবীর নিলামের বাজার তাদের পায়ের উপর ভেন্দে পড়েছে, কিছু তারা ছিলেন অবিচল-স্থির। মাদরাসা সব সময় এমন মানুষ পয়দা করে এসেছে।

কমথোর চারদেয়ালের এই মাদরাসাগুলো যুগে যুগে কেমন মানুষ পদ্মদা করেছে, তার কমেকটি নমুনা আমি তুলে ধরছি। এই সংশিগু সময়ে মাদরাসার পূর্বাঙ্গ ইতিহাস ও ইতিবৃদ্ধ তুলে ধরা তো সম্বন নয়। যদি আপনারা জানতে চান তা হলে একেকটি মাদরাসার উপর কয়েক খবের বিশাল বিশাল ইতিহাস গ্রন্থ রচিত হয়েছে তা গভুল। সরকার রাবাতে আমাকে কয়েক খবের একটি বিরটি কিতাব হাদিয়া দেয়া হয়েছিলো, তধু জামিয়াভুল কারাবিন-এর ইতিহাসের উপর। তা গড়ে দেখুন। শুক্রপ মিসরের জামেয়াভুল আমহার কিংবা হিশুল্পানের দারুল উপুম দেওবন্দ, নদওয়াভুল উলামা ও ফিরিঙ্গিম মহলের ইতিহাস পড়ে দেখন। আমি ওধ কয়েরটি নমনা তলে ধরবো-

#### এই হলো মাদরাসার শান

ইমাম মালিক (রহঃ) এর যামানা। সারা মুসলিম জাহানে তথন তধু ইলমেরই চর্চা ও সাধনা ছিলো। ইলমের জগতে ইমাম মালিকের এমনই অবঙ মর্বাদা ছিলো যে, 'হাদাছানা মালিকুন'– ইমাম মালিক আমাকে হাদীছ তনিয়েছেন– বলতে পারা সর্বোচ্চ গৌরবের বিষয় ছিলো। মুসলিম জাহানের কোন অঞ্চলে কেউ বদি বলতো, 'হাদাছানা মালিকুন' তাহলে সবার কান খাড়া হয়ে যেতো এবং সবাই মাথা তুলে তাকিয়ে দেখতো যে, কে এই ভাগাবান বার্চিক, ইমাম মালিকের শিষ্যত্ত্বের মর্বাদা যিনি লাভ করছেন!

যাই হোক, উমাইয়া ও আব্বাসী খেলাফতের সন্ধিক্ষণে মদীনার মসজিনে নববীতে ইমাম মালিকের হালকায়ে দরস কারেম ছিলো। বাগদাদের খলীফা হারুন রশীদের পক্ষ থেকে যথাযোগ্য আদবের সক্ষে প্রথাম গেলো যে, যদি মেহেরবানি করে দরবারে ভালব্রীফ আনে এবং শাহ্যাদা আমীন ও মামুনকে হাদীছের কিছু সবক শড়িয়ে দেন তাহলে কৃতক্ত হবো। হয়রত আব্বাস (রাঃ) এর বংশধর খলীফা হারুনকে ইমাম মালিক (রহ) বললেন-

'এই ইলম তো আপনাদের ঘর থেকেই এসেছে এবং ইলমকে ইয়যত করার শিক্ষা তো মানুৰ আপনাদের ঘর থেকেই পেরেছে। সুতরাং আপনারই হাতে তার অবমাননা শোভনীয় হতে পারে না। বে আমীরল মুমিনীন! ইলম কারো কাছে আসে না. ইলমের কাছেই আসতে হয়।'

সে যুগের খলীফা বুঝে গেলেন এবং মেনে নিলেন। শাহষাদা আমীন ও 
মামুনও ইমাম মালিকের দরসে হাযির হয়ে হাদীসের সবক নিলেন। কহিত
আছে যে, ইমাম মালিক এ শর্ডও আরোপ করেছিলেন যে, শাহযাদাদেরকে
মজলিসে সবার পিছনে বসতে হবে। সে যুগের খলীফা এ শর্ডও মেনে
নিয়েছিলেন।

এ-ই হলো মাদরাসার শান, এ-ই হলো মাদরাসাওয়ালাদের মান! বিতীয় নমনা দেখন-

হযরত আতা কিংবা হযরত তাউস (রহঃ) এর ঘটনা। ভরা দরবারে খলীফা আলমানস্থাকে তিনি উপদেশ দিলেন। মজলিদে উপস্থিত একজনের বর্ণনা এই বে, আমরা এই ভয়ে রাপড় ভটিয়ে নিচ্ছিলাম যে, এখনাই হয়ত জল্লাদের খড়গ নেমে আসবে। সুভরাং এ অন্যায় খুনের দাগ যেন আমানের রাপড়ে না লাগে।

এর মধ্যে মনছুর হয়রতকে বললেন, অনুগ্রহ করে আপনার পাশে রক্ষিত লোয়াত-কলম একট উঠিয়ে দিন। হয়রত বললেন, আমি পারবো না।

মনছুর অবাক হয়ে বললেন, কেনঃ হযরত বললেন– কারণ, আপনার লেখার বিষয়ে আমি আশ্বন্ত নই। যদি আল্লাহকে নারায করার মত কিছু লেখেন ভাতে আমি শরীক হতে চাই না।

বর্ণনাকারী বলেন, আমরা আবার কাপড় ন্তটাতে লাগলাম যে, এখন তো অবশ্যই জন্মাদের উপর ভুকুম হবে। কিন্তু হকের হায়বত ও তয়-মহিমা এমনই ছিলো যে, পরাক্রমশালী খলীফার মুখ থেকে কোন ভুকুম জারি হলো না।

এবার আপনাদের শোনাবো তৃতীয় ও শেষ ঘটনা, যাতে বৃঝতে পারেন যে, কেমন হয়ে থাকে ইলম ও আহলে ইলমের শান!

মাত্র একশ বছর আগের ঘটনা। শায়ঝ সাঈদ আল হালাবী দামেশকের মসজিদে নিজের হালকায় দরস দিচ্ছেন। এবং ওযরবশত পা ছড়িয়ে রেখেছেন। উত্তাদ সাধারণত কিবলার দিকে পিঠ দিয়ে এবং মসজিদের দরজার দিকে মুখ করে বসেন। তিনিও তাই বসেছেন।

সে সময় মিসরের খেদেবী সালতানাতের প্রতিষ্ঠাতা মোহাম্মন আলী পাশার পুত্র ইবরাহীম পাশা ছিলো দামেছের গভর্মর। মিসরের খেদেবী সালাতানাতের বিপুত্তি ঘটেছে রাজা ফারুদের আমালে, জামাল আব্দুননাসেরের সালাত। মাত্র পনের বিশ্ব বছর আগের কথা।

ইবরাহীম পাশার জন্মান স্বভাবের কথা ছিলো সবারই জান। সেদিন সে ভাবলো যে, পথেই যখন পড়ে, মসজিদে গিয়ে হ্যরতের যিয়ারত করি এবং দবস দেখে আসি।

দামেকের প্রবল পরাক্রমশালী গভর্মর ইবরাহীম পাশা মসজিদে প্রবেশ করলো। সবার ধারণা ছিলো যে, কট হলেও অন্তত কিছু সময়ের জন্য হয়বত পা গুটিয়ে নেবেন। কিছু তিনি না নড়লেন, না দরস বন্ধ করলেন। পা ছড়িয়ে যেমন দরস দিছিলেন, দিতেই থাকলেন। আর গভর্মর ইবরাহীম পাশা তাঁর পায়ের সামনে দাঁড়িয়ে থাকলো।

শায়ধের ছাত্রদের ভাষা এই থৈ, আমরা ভয়ে কাঁপছিলাম যে, হয়ত চোবের সামনেই আমানের রিয় শায়ধ শহীদ হয়ে যাবেন, কিংবা চরম লাঞ্জনার সন্মুখীন হবেন। হয়ত রক্ষীনলকে ভূকম দেয়া হবে যে, হাত বেঁধে নিয়ে চলো। কিন্তু কিছুই হলো না। গভর্নর শায়ধের পায়ের ধারে দাঁড়িয়ে থাকলো আর তিনি দবস দিতে থাকলেন। পাও ভালেন না ফিবেও ভাকালেন না।

আল্লাহ জানেন, মানুষের উপর এই ছেঁড়া ফাঁটা কাপড়ওয়ালা বান্দানের কী আছর পড়ে! দামেরের গভর্নর নিরবে এসেছিলো, নিরবেই চলে গেলো। এমনকি সে শারবের এমনই ভক্ত হলো যে, প্রাসাদে ফিরে গিয়ে বাদেমের হাতে আশরাকী ভর্তি থলে পাঠিয়ে দিলো যে, শারবকে আমার সালাম বলো, আর বলো যে, এই ভুচ্ছ হালিয়া খেন ভিনি করুল করেন।

শায়খের জবাব ছিলো বর্ণাক্ষরে লিখে রাখার মত বাক্য, যা ইলমের ইতিহাসে যুগ যুগ ধরে সমুজ্জ্ল হয়ে থাকবে। তিনি বললেন, তোমার বাদশাহকে সালাম বলবে, আর বলবে-

> إن الذي يمد رجله لا يمد يده 'যে পা ছডায় সে হাত ছডায় না।'

দুনিয়াতে দুই কাজ একসাথে হয় না। হয় তুমি দুনিয়ার দিকে পা ছড়াবে কিংবা হাত বাড়াবে। হয় লোভ দমন করবে, নয়ত যিল্পতি ভোগ করবে। ইতিহাসের পাতায় শায়খ সা'ঈদ আলহালাবীর মুখের শব্দ এভাবেই সংরক্ষণ করা হয়েছে— إن الذي يصد رجله لا يصد يد

## জামিয়াতুল হিদায়াতের পায়গাম

আমার ভাই ও বন্ধুগণ! আজ আমাদের এমন মাদরাসারই প্রয়োজন এবং আমি আশা করি যে, যে মাদরাসার নাম জামিরাতৃল হিদায়াত বাখা হয়েছে সে মাদরাসার তালেবান ও ফাবেলান উক্ত মাদারাসার পিকাজীবন থেকে এ পায়ণাম ও হিদায়াতই লাভ করবেন । তার অবন্যাই প্রবর্তী ওলামায়ে রারবামী ও হারামীদের গায়রত ও আআমর্যাদাবোধের শিক্ষা লাভ করবেন, যাদের গৌরবোজ্বল হাজারো ঘটনায় ইতিহাসের পাতা ভরপুর।

আজ আমাদের এমন মানুষের প্রয়োজন যারা দুনিয়ার সামনে পা ছড়াতে পারুন বা না পারুন, হাত ছড়ানোর নীচতায় কখনো নেমে আসবেন না।

আমি বলি না যে, আপনাকে পা ছড়াতেই হবে। কেননা আজকের যামানা এতটা বরদাশত করার যোগ্য নয় এবং আজকের তাহজীব ও সংস্কৃতিও তা সমর্থন করে না। তদুপরি ইসলামও বিনা প্রয়োজনে এমন করার শিক্ষা দেয় না। কিছু এ কথা আমি অবশাই বলবো যে, কারো সামনে হাত লখা করার হীনতা যেন আমরা বরদাশত না করি। আলিমে হক কারো সামনে হাত পাতে না এবং কেন মূল্যেই আত্মর্ম্মাদা বিসর্জন দেয় না, বরং সর্বস্থ ত্যাগ করেও ইলয়ের আবরু এবং হীনের ইয়াত বন্ধা করে।

মাদরাসার কাছে আজ সময়ের দাবী হলো এমন মানুষ এবং এমন আলিমে
বীন তৈরী করা, যে কোন মূল্যে যারা ইনসান ও ইনসানিয়াতের ইংযত রক্ষা
করবে। সময় ও সমাজের এবং মানুষ ও মানবতার আজ প্রয়োজন এমন
ভলামায়ে হকের যাদের হাত তথু আল্লাহর সামনেই দরাজ হবে, কোন মানুষের
সামনে নয়।

যে মহান বুজুর্গ ও আধ্যাত্মিক পুরুবের সঙ্গে এই নব প্রতিষ্ঠিত জানিয়ার পরিচয় সম্পৃত, তিনিও আমানের এ শিক্ষাই দিয়ে গোছন। মানুবের সামনে তার হাত কখনো দরাজ হয় নি, হয়েছে ওধু আরারর সামনে। সুতরাং তাঁর রুহ তথনই ধুনী হবে যখন এখান থেকে এমন মর্দে মুমিন ও আলিমে হক বের হবে যারা আরাহ হাড়া কারো সামনে হাত দরাজ করবে না।

আজ আমরা শুধু এ দৃশ্যই দেখি যে, সবাই কোন না কোন ছুরতে দুনিয়ার সামনে হাত পেতে রেখেছে। কারো হাত যদি প্রসারিত না হয়ে থাকে তবে তা এ জন্য যে, এখনো তার সুযোগ হয় নি, কিন্তু তা প্রসারিত হওয়ার জন্য ব্যাকুল। এমন হাত কোথায় আছে যা দরাজ হতে রাজী নয়। এমন দিল কোথায় আছে যা দনিয়ার প্রতি লালায়িত নয়।

বন্ধুগণ! দুনিয়া এখন মেধা ও প্রতিভার সন্ধানে ব্যতিব্যস্ত নয়। যামানা এখন জ্ঞানী ও দার্শনিকের তালাশে পেরেশান নয়। কবির ভাষায়–

> میرے دیکھے هوئے هیں مشرق و مغرب کے میخانے 'আমার দেখা আছে পূর্ব-পশ্চিমের পানশালা'

ইউরোপের সব দেশ আমি দেখেছি। প্রাচ্যের কোণে কোণে আমি গিয়েছি।
আজ বড় বড় জ্ঞানী-গুণী, লেখক-সাহিত্যিক, কবি-দার্শনিক এবং বাগ্মী বজা ও
ডিন্তাবিদের অভাব নেই। অভাব তথু আল্লাহর ঐ সকল বাদাার, ঐ সকল
পবিত্র-আত্মার, মানুষের সামনে যাবের হাত দরাজ হতে রাজি নয়। যারা
অনাহার বরণ করেন, কিল্প যিন্তাতি বরদাশত করেন না, যারা মৃত্যুকে আলিঙ্গন
করেন, কিল্প বিবেকের অপাস্থায় সহ্য করেন না।

দুনিয়াতে হাজারো বিপ্লব আগবে এবং যাবে, ক্ষমতা ও সরকারের হাতবদল হবে, বিভিন্ন হাওয়া বয়ে যাবে, আবার থেমে যাবে, অনেক কিছু হবে, হতে পারে, কিন্তু আহলে ইলমের হাত কারো সামনে লখা হতে পারে না। কোন মূলোই তাঁদের বিবেক ও বিশ্বাসের সওলা হতে পারে না। তাদের নীতি ও নৈতিকতা কথনো নিলামের পথা হতে পারে না।

আপনারা বিশ্বাস করুন, এই আসমান-যমীন ততদিনই সঠিক অবস্থায় বিদ্যামান থাকবে যতদিন কোন না কোন ছুরতে কোন না সংখ্যায় এধরনের মানুবের অন্তিত্ব থাকবে। সংখ্যায় তারা যত কমই হোক এবং তাদের খুঁজে বের করার জলা দুরবীক্ষণ বা অনুবীক্ষণ যঞ্জের প্রয়োজন হোক, তাদের অন্তিত্বই হলো অসমান-মনীনের স্থিতির যামানত। অল্লাহর শোকর, এখনো পৃথিবীতে এমন পোকর অন্তিত্ব রয়েছে। হ্যত দুর্লত, কিন্তু বিনুধ নয়। এখানে সেখানে একজন দু জন হলেও তারা আহেন থবং কেয়ামত পর্যন্ত তারা থাকবেন।

ভাই ও বন্ধুগণ! ব্যস, আমার কথা তবু এই যে, আজ মাদরাসার কাজ হলো এমন হান্ধানী রাব্বানী ওলামার জামাত তৈয়ার করা যারা তবু এই নয় যে, নিজেদের বিবেকের সওলা করবে না। এটা তো তাদের শান ও মর্যাদা থেকে অনেক দূরে। এটা তো তাদের সম্পর্কে করনা করাও সম্ভব নয়। তারা তো বরং ঐ লোকদেরকে শাসন করবে, সংযত করবে এবং হিদায়ান্ড করবে যারা বিবেকের সওলাবাজিতে লিপ্ত রয়েছে। তারা তো যামানার শোরগোলের মাঝেও জলদগঞ্জীর স্বরে সবাইকে বলবে, মানুষের বৃদ্ধি-বিবেক এত সপ্তা নয় যে, নিলামের বাজারে তার বেচা-কেনা চলবে। একটি পদ, একটি চেয়ার, একটি সস্থাষ্টি কিংবা একটি মুচকি হাসি আক্রে পবিদ করে নেবে।

বন্ধগণ! আপনাদের এই রাজাগুলোতেই এবং এ সকল কেন্দেই হয়ত এমন বহু ঘটনা ওনেছেন যে, আল্লাহর বান্দারা কঠিন থেকে কঠিন মুহর্তেও নিজেদের ইয়য়ত ও শারাফাতের উপর কোন দাগ ও ময়লা আসতে দেননি। বড থেকে বড ক্ষতি তারা হাসিমখে বরণ করে নিয়েছেন কিন্তু আত্মর্যাদা ত্যাগ করে যিল্পতির স্তরে নেমে আসা বরদাশত করেন নি। আমি তথ হিন্দস্তানের কথা বলছি না। আমার দৃষ্টি সারা বিশ্বের প্রতি প্রসারিত। সারা দৃনিয়াকে আমি আমার সামনে দেখতে পাচ্ছ। আর আপনাদের সামনে এখন যা বলছি তা আমি দনিয়ার স্বখানে বলে এসেছি। এমন নয় যে, আজই প্রথম বলছি। আমি আরবদের সামনেও বলেছি যে. দেখো: ইয়য়ত ও গায়রত আমরা তোমাদের কাছ থেকে শিখেছি, ঈমান ও বিশ্বাসের শিক্ষা আমরা তোমাদের কাছ থেকে পেয়েছি, দৃঢ়তা ও মযবুতির সবক আমরা তোমাদের কাছ থেকে লাভ করেছি, সতরাং আমাদের চোখের সামনে তোমরা আজ তা থেকে সরে যেতে পারো না। জামাল আন্দন-নাছেরের জাতীয়তাবাদী তফানের যগে যখন আরবদের বন্ধি ও সংযম নিয়ন্ত্রণে ছিলো না, যখন ভাববার এবং বোঝবার মত অবস্থায় তারা ছিলো না তখনো আমি তাদের 'গারীবান' ধরে ধরে বলেছি যে এসব কী হচ্ছে? আলাহব দ্বীন থেকে সবে ধ্বংসেব কোন গড়ডালিকায় ভেসে চলেছো তোমবাঃ

#### আলিম যেন দিকনির্ণয় যন্ত্র

মাদরাসার দায়িত্ব ও কর্তব্য হলো সুউচ্চ নীতি ও নৈতিকতা, সুদৃত্ব হিষত ও মনোবল এবং সুবংহত ঈমান ও বিশ্বাসের অধিকারী এমন আলিম পদ্মদা করা যারা বিবেক-বুদ্ধির এ সওলবাজির হুগে এবং নীতি ও নৈতিকতার এ অবন্ধরের যুগে স্থির আলোর মিনার হয়ে অবস্থান করবে। আলোর মিনার কথনো তার স্থান থাকে বিদ্যুত হয় না, বরং স্বস্থানে অবিচল থেকে সঠিক দিক নির্দেশ করে। দিকনির্ণয় যন্ত্র যেমন, আপনি যেখানেই থাকুন আপনাকে কিবলার দিক বলে দেবে। ইন্দুক্তানেও বলে দেবে, অন্য দেশেও বলে দেবে। গাহাড়ের চ্চুড়ায়ও বলে দেবে, সমুদ্রের মাঝেও বলে দেবে। আলিমে দ্বীন যে যুগে এবং যে দেশেই থাকুন, আলোর মিনার হয়ে থাকবেন এবং কম্পাসের কাঁটার মত সঠিক দিক নির্দেশ করে যাবেন।

আমার দৃঢ় বিশ্বাস, উপরে যে মহান- লক্ষ্য ও উদ্দেশ্যের কথা বলা হলো 
তারই উপর আজ জামিয়াতুল হিদায়াত-এর ভিত্তি রাখা হছে। আর হাকীকত 
এই যে, প্রতিটি দ্বীনী মাদবাসার এটাই হলো বুনিয়াদ। এওলোই মাদবাসার 
আসল পরিচয় ও বৈশিষ্টা এবং এ কারণেই মাদরাসার এত মূল্য ও ওক্তত্ত্ব। 
তবন ও সাজসজ্জা কোন মাদবাসার পরিচয় নয়। তদ্রূপ ভাঙ্গা ঘর-দুয়ার এবং 
শিক্ষক ও শিক্ষার্থীদের জীর্ণ পোশাকও কোন মাদবাসার জন্য লক্ষার বিষয় নয়। 
এক অন্তর্জারী সভাই বলেন্ডেন-

মাদরাসার বাসিন্দা যারা ভাদের লেবাস তো ফকীরানা, কিন্তু ভাদের মেযাজ হলো শাহানা। এটাই ছিলো আমাদের পূর্বসূরী ওলামায়ে উন্ধতের পরিচয় বৈশিষ্ট্য এবং আজ সময় ও সমাজের প্রয়োজন তাদেরই জীবন্ত নমুনার।

## মাদরাসা দেখে না বাতাসের গতি

আল্লাহর শোকর এই যে, মসজিদুন্নবীর ছোফফা থেকে মাদরাসার যে ধারা চলে এসেছে তা কোন যুগে কোন দেশে বাতাসের গতি এবং সময়ের প্রোত দেখে চলার নীতি গ্রহণ করে নি। কত ঝড়ঝাপটা এসেছে, কত ইনকিলার ও বিপ্রব আঘাত হেনেছে, কিছু মাদরাসা তার লক্ষ্য পথে অবিচল থেকেছে। সময়ের প্রোতের কাছে এবং বাতাসের গতিমুখের সামনে মাদরাসা কথনো আদ্বমসর্থণ করেনি। যিদি করতো তাহলে এখনো মাদরাসা ইলমের রোশনি ছড়াতে পারতো না, এখনো এই অন্ধনার যুগে মাদরাসা হিদায়াতের আলোর মিনার হয়ে থাকতো না। এই যে এখানে ওখানে টুটা-ফটা কিছু মাদরাসা এখনো তিকে আছে যামানার ঝড়ঝাপটা মোকাবেলা করে তা একথাই প্রমাণ করে যে, মাদরাসা করেনো বাতাসের গতি দেখে পথ চলে না। মাদরাসা যদি তার লক্ষ্য ও উদ্দেশ্যের উপর অবিচল থাকে তাহলে যামানার কোন ইনকিলাব মাদরাসার পতি তুর পতিত্ব পতিত্ব পতিত্ব পতি তুর বিচলা বাংকালার পতিত্ব পুতি হুলেতে পারে না।

ভাই ও বন্ধুগণ! এখানেই আমি আমার বক্তব্য শেষ করছি। আপনারা আমাকে যে সখান দিয়েছেন এবং আমার মত একজন হাকীর ভালিরে ইকারেক এমন পরিত্র ও বরকতপূর্ব এবং ক্রমণ্ডপূর্ব কার্টিয়পূর্ব কারের জন্য নির্বাচন করেছেন সে জন্যও আমি আপনারোর শোকর আদায় করি। আমার সম্পর্কে আপনারা যা কিছু বলেছেন, আব্লাহর কাছে দুন্তা করি, আপনারাও দুন্তা ককন, যেদিন সবার সব গোপন অবস্থা প্রকাশ করে দেয়া হবে সেদিন যেন আল্লাহ আমাকে পজ্জিত ইওয়া থেকে রক্ষা করেন। আমীন।

এই জামিয়াতুল হিদায়াতকে আল্লাহ চিরকাল আবাদ রাখুন এবং সত্যিকার অর্থে তাকে হিদায়াতের মারকায় বানিয়ে দিন। আমীন।

## তোমাদের বড় হতে হবে

২২ নভেষর ৬৫ খৃষ্টাব্দে নদওয়াতুল উলামার মাধ্যমিক বিদ্যালয়ের হেলেদের পুরস্কার বিভরণী জলসায় হযরত মাওলানা যে নছীহত করেছিলেন এখানে সংক্ষেপে তা পেশ করা হচ্ছে।

হ্যরত মাওলানার উপদেশের সারসংক্ষেপ এই যে, শৈশবকাল থেকেই বগ্গ দেখতে হবে বড় হওয়ার এবং তা দুনিয়ার বড় হওয়া নয়, আথেয়াতের বড় হওয়া। আমার মেংহর ছাত্ররা! তোমাদের দেখে আমার আজ বড় আনন্দ হছে, 
যেমন থান্দানের ছোট ছোট বাচ্চাদের দেখে থান্দানের বৃদ্ধ মুরুব্দীর আনন্দ 
হয়। তোমরা খুব মেহনত ও পরিশ্রম করেছো এবং এই প্রতিযোগিতায় 
নিজেনেরকে পুরস্কারের যোগ্য প্রমাণিত করেছো, তোমাদের উদ্ভাদগণ 
তোমাদেরকে পুরস্কারের যোগ্য মনে করেছেন এ জন্য আমি তোমাদেরক 
আন্তরিক মোবারকবাদ জানাই। তোমাদেরকে কিতাবপত্র এবং অন্যান্য যে 
পুরস্কার দেয়া হক্ষে হয়ত বাজারে সেওলোর অর্থমৃদ্যা তেমন বেন্দী নয়, কিছু 
এদিক থেকে এতলো খুবই মূল্যবান যে, তোমাদের মুরুব্দীগণ এতলো 
তোমাদের হাতে ভুলে দিক্ষেন এবং তোমাদের উদ্যান্তর উপস্থিতিতে এই বলে 
তোমাদের হাতে ভুলে দিক্ষেন এবং ছে, আমাদের বাল্ডারা বিভিন্ন প্রতিযোগিতায় 
বিভিন্ন বিষয়ে উল্লেখযোগ্য সক্ষণতা অর্জন করেছে।

আমিও যখন তোমাদের মত ছোট ছিলাম তখন আমাদের মুক্তব্বীদের কাছ থেকে বিভিন্ন পুরবার পেয়েছিলাম, কিন্তু শৈশাবের উদাসীনতায় সেওলো হারিয়ে গেছে। সে জন্য এখন আমার খুব আফসোস হয়। যদি বরকতের জিনিস হিনাবে সেগুলো এখন আমার কাছে থাকতো তাহলে খুব ভালো হতো। শৈশবের আনন্দের শ্বৃতিভলো এখন যদি আমার কাছে থাকতো তাহলে খুব খুশি লাগতো। কিছু শৈশবের অবহেলার কারণে সেগুলো হারিয়ে গেছে। এখন আমি ভোমাদেরকে নছীহত করছি, বরং অছিয়ত করছি বে, তোমারা এই পুরবারতলো খুব ফেল্যত করে রাখনে, যেন "হারিয়ে না যায়। যখন তোমরা আমার মত বুড়ো হবে তখন শেশবের এই শুকুভিহলো দেখে তোমানের মনে বড় আনল্দ হবে এবং তোমাদের মনে পড়বে বে, আমাদের উন্তাদগণ আমাদেরকে মুহব্বত করে এই পুরবার দিয়েছিলেন।

বিভিন্ন বিষয়ের উপর আজ আমি তোমাদের বজ্জা তনলাম। তোমাদের সবার বজ্জা রেকর্ড করা হয়েছে। আমি খুব খুশী হয়েছি। তোমাদের বয়স ও যোগাতা হিসাবে খুব ভালো হয়েছে। এতলো থেকে তোমাদের উজ্জ্বল তবিষ্যাতের শুভ ইঙ্গিত পাওয়া যায়। আমি আশা করি, একদিন তোমরা বড় বড় লেকক-সাহিত্যিক হবে এবং উচ্চতরের বজ্জা হবে, আর এই যোগ্যতাতলোকে তোমরা ভিনের বেদমতে ব্যবহার করবে। আমরা তো এই দুনিয়ায় থাকবো না,

আমাদের পরে তোমরা দ্বীনের এবং উন্মতের খেদমতের দায়িত্ব গ্রহণ করবে। ইনশাআল্লাহ।

তবে একটি কথা বলতে ইচ্ছে করে। তোমাদের বজ্তাগুলো যদি আরো সহজ সরল ও সারগীল হতো তাহলে ভালো হতো। সব সময় যেমন সহজ সরল ভাষা ব্যবহার করো তেমন সহজ ভাষায় হলে ভালো হতো। কেননা ভালো বজ্তা সেটাই যার ভাষা সহজ থেকে সহজ এবং যার উচ্চারগভিদ্ধি খুব স্বাভাবিক, যেমন সব সময় আমরা কথা বলে থাকি। অবশ্যই তোমাদের বজ্তাগুলো মোবারকবাদের যোগ্য এবং আমার মনে হছে যে, ভোমাদের উদ্ভালপথ যথেষ্ট পরিশ্রম করেছেন এবং ভাদের পরিশ্রম অনেক দূর সফল সয়েছে।

এখন আমি তোমাদেরকে কয়েকটি জন্মরী কথা বলতে চাই। যদি তোমরা শেগুলো মনে রাখো এবং পালন করতে চেষ্টা করে। তাহলে তোমাদের লাভ হবে এবং তোমাদের ভবিষ্যত জীবন সন্দর হবে।

প্রথম কথা এই যে, শৈশবের জীবন বড় পবিত্র জীবন। তোমাদের কোন গুনাহ নেই, তোমরা মাছুম। তাই শিত বয়সে মানুষ যা স্বপু দেবে এবং যা কামনা করে আল্লাহ তা'আলা কোন না কোন সময় সেগুলো পুরা করে দেন। সূতরাং এবন তোমরা ভবিষ্যত জীবন সম্পর্কে যা কিলাক্জা করবে এবং আল্লাহর কাছে যা কিছু চাইবে ধুব চিন্তা ভাবনা করে চাইবে।

এটা বড়দের বড় অভিজ্ঞতার কথা যে, শৈশবের স্বপ্ন ও কল্পনা ভবিষ্যতে বান্তব হয়ে সামনে এসে যায়। শৈশবের কল্পনাকে আল্লার প্রায় বান্তব করে দেন। সূত্রাং এখন থেকে নিজেদের ভবিষ্যত সম্পর্কে তোমরা বড় বড় বপু দেখো এবং আল্লাহক কাহে বড় কিছু চাও। এখন থেকে দৃঢ় প্রতিক্ষা করের যে, তোমরা ইসলামের সভিজ্ঞার খাদেম হবে, ইসলামের মুখলিছ দাস্টি হবে। দাস্টি মানে যে দাওয়াত দেয়। তো দুনিয়ার মানুষকে তোমরা ম্বীনের দাওয়াত দেবে, সত্তার পথে, সুন্দরের পথে ডাকবে। তোমরা ইসলামের নাম উজ্জ্বল করবে। ইসলামের জন্য ডোমরা জীবনের সবিছ কোরবান করবে। আল্লাহর ম্মীনে আল্লাহর মিনকে তোমরা বুলন্দ করবে। আমানের পূর্বপুরুষণ যেমন বড় আলিম ছিলেন, দাস্টি ছিলেন, দীনের টুলিক, মুজাইন মুজাইন ছিলেন, তামরা ও তাদের মৃত্রহেব।

বোকা ছেলেরা যেমন তুচ্ছ তুচ্ছ স্বপ্ন দেখে যে, ভবিষ্যতে আমি রেলগাড়ীর টিটি হবো এবং বিনা পয়সায় রেলে ভ্রমণ করবো, কিংবা থানার দারোগা হবো, আর সবাই আমাকে সালাম করবে। এধরনের সাধারণ সাধারণ স্বপ্ন ভারা দেখে। যদিও এগুলো খারাপ কিছু নয়, কিছু তোমাদের উচিত আরো বড় খপ্ন দেখা, আরো বড় হওয়ার প্রতিজ্ঞা করা। তবে এর অর্থ এই নয় যে, দারোগার পরিবর্তে এদ পি হওয়ার স্বপু দেখবে। বরং তোমরা উত্তম থেকে উত্তম দিয়ত করে এবং উত্তম থেকে উত্তম আকাঞ্চন করে। তোমরা এই আকাঞ্চন করে। যে, আরাহ তা'আলা তাঁর পেয়ারা নবী থেকে যে কাজ নিয়েছেল ছাহাবা কেরাম থেকে যে কাজ নিয়েছেন আমরা সারা জীবন সেই কাজ করবো। শৈশবের মাছুম অবস্থা আল্লাহর কাছে এতই প্রিয় যে, শিতরা যা কিছু আকাঞ্চন করে, যা কিছু চিন্তা করে আল্লাহ তা পূর্ণ করে দেন। তোমরা এই প্রতিজ্ঞা করো যে, আমরা আল্লাহর প্রিয় হবে। এবং আল্লাহর বান্দাদের বেশীর চেয়ে বেশী ফায়দা পৌছারো।

দেখা, মানুষের মাঝে আল্লাহ এই যোগ্যতা রেখেছেন যে, সে সবকিছু হতে পারে। ইচ্ছা করণে সে কিরেশতাত হতে পারে, বহং ফিরেশতার চেয়ে বড় হতে পারে। কেননা আল্লাহ মানুষের মাঝে এমন কিছু ওণ রেখেছেন যা চিরেশতাদের মাঝে নেই। সুতরাং মানুষ বখন এতো বড় হতে পারে তাহলে কেন তোমরা ছোট ছোট এবং ডুচ্ছ ডুচ্ছ আকক্ষা করবেণ তোমরা সবসময় এই আকাক্ষা করো যে, আল্লাহ যেন ভোমাদেরকে দ্বীনের বিরাট বিরাট থেদমত করার তাওকীক দান করেন এবং এ যুগের জন্য এই সমাজের জন্য যে কাজের প্রয়োজন আল্লাহ যেন ভোমাদের থেকে সেই কাজ নেন। তোমাদের সম্পর্কে আমাদেরও এই আকক্ষা এবং বপু। আল্লাহ যেন করুল করেন, আমীন।



# হিন্দুস্তানে মুসলমানদের অস্তিত্ব দ্বীনী তা'লীমের উপর নির্ভরশীল

জামেয়া আরাবিয়া হাতোরা, "বানদাহ-এর ছাত্রদের উদ্দেশ্য মাওলানা সৈয়াদ আবুল হাসান আলী নাদাবী (বহঃ)-এব ভাষণ, যার সারসংক্ষেপ এই বে, আমাদের মহান পূর্ববর্তীগণ ইলম হাছিল করে মুসলমানদের দ্বীনী তালিম ও তারবিয়াতের খিদমতে লেগে যেতেন। দূনিয়ার ধন-দৌলত ও শান-শুওকতের পর্বেয়া করতেন না। তাই এখনো হিন্দুভানে দ্বীন ও দ্বীনী তালিম টিকে আছে। আমাদেরকেও পূর্ববর্তীদের পথ অনুসরণ করতে হবে। তাহলেই হিন্দুভানের বুকে দ্বীন টিকে থাকবে। আর আমাদের দুনিয়ার জক্তরত আল্লাহর মদদে গারব থেকে পুরা হবে।

تحمده ونصلي على رسولمه الكريم، أما بعد، فقد قال الله في القران الكريم: قلر لا نفر من كل فرقة منهم طائفة لبتفقهوا في الدين و لينفروا قومهم إذا رجعوا إليهم لعلهم يحذرون

### আমার প্রিয় তালিবানে ইলম!

গতকালও একটি জলসা ছিলো এবং আজকের চেয়ে কয়েকওণ বড় জলসা ছিলো। কিছু আপনাদের সঙ্গে, মাদরাসার তালিবানে ইলমের সঙ্গে কাব বলতে আমি যে আনন্দ পাই, যে সাছন্দ্য বোধ করি এবং যে চিন্ত প্রসন্মতা অনুভব করি আমি যে আনন্দ পাই, যে সাছন্দ্য বোধ করি এবং যে চিন্ত প্রসন্মতা অনুভব করি বা। কেননা আমিও আপনাদেরই মত্ত মাদরাসার তালিবে ইলম। আমি মাদারেসের খেদমতকারী আলিম খাদানেরই একজন নগণ্য মানুষ। মাদরাসার পরিবেশেই আমি চোখ খুলেছি, প্রতিপালিত হয়েছি এবং মাদরাসার পরিবেশেই আমার জীবন কেটেছে। মাদনাসাই আমার হুপ্রের পৃথিবী। কোন সন্দেহ নেই যে, উভয় জলসাই ছিলো দ্বীনী জলসা। কিছু কালকের এবং আজকের জলসার মানে আমার কাছে এত পার্থক্য সনে হয় যেন কোন ব্যক্তি শহরের বিভিন্ন শ্রেণীর অসংখ্য মানুষের সমাবেশে বক্তব্য রাখলো, যাদের সঙ্গের প্রতি রাজিন সম্পর্ক ছাড়া আর কোন পরিচয় নেই। তারপার সোধ্যে আপন লোকদের সাথে, খানানের রক্ত সম্পর্কের লোকদের সাথে এবং তার আপন লোকদের সাথে, খানানের রক্ত সম্পর্কের লোকদের সাথে এবং তার আদরের হোট ছোট বাছাচের সাথে কথা বললো।

আপনাদের সামনে কথা বলতে দিয়ে আমার এমনই মনে হচ্ছে যে, আমি
আমার থানানের আপন লোকদের সঙ্গে এবং পরিবারের বাফাদের সঙ্গে কথা
বলছি। আপনারাও মনে করুন যে, আমি বাইরের অপরিচিত কোন মানুষ নই,
বরং আপনাদেরই পরিবারের একজন। খুব বেশী সন্মান যদি আমাকে দিতে চান
ভাহলে মনে করুন যে, আমি আর্পনাদের শিক্ষকদের কাতারেরই একজন
মানুষ।

যাক, আমি আপনাদের সামনে সূরা ভাওবার একটি আয়াত তিলাওয়াত করেছি। মাশাআল্লাহ আপনারা সবাই তালিবানে ইলম। সূতরাং আয়াতের তরজমা করার প্রয়োজন নেই। তবু তরজমা করছি, কেননা হয়ত এখানে প্রাথমিক শ্রেণীর ছোট ছোট তালিবে ইলমও আছে।

আয়াতের বিশদ তরজমা এই - 'যেহেডু এটা সম্ভব নয় এবং খুব সহজ নয়
যে, সমস্ত মুসলমান বাড়ী-খর হেড্ডে, কাজ-কর্ম ফেলে ইলম শিক্ষার কাজে
লোগে যাবে এবং পূর্ণ ইলম হাছিল করে আলিম হয়ে যাবে। অথহ ইলম হাছিল
করা অতীব জরুরী। ইলম ছাড়া মুসলমানেদ্ধু যিন্দেগী চলতে পারে না।
যিন্দেগীর কোন কাজ শরীয়তের পছন্দ মত হতে পারে না। তাহলে এমন কেন
করা হয় না যে, মুসলমাননের প্রত্যেক জামাত ফৈকে, প্রত্যেক এলাকা থেকে
এবং প্রত্যেক খান্দান থেকে কিছু লোক ইলম হাছিল করার জন্য বের হয়ে
পড়বে এবং কোমর ববৈধে লোগে যাবে। এমন তো হতে পারে। তাতে বাধা
কোখায়। সেই

আল্লাহ মানুষকে সৃষ্টি করেছেন। তিনি মানুষের দুর্বলতা ও সীমাবদ্ধতার কথা ভালোভাবেই জানেন। তিনি নিজেই মানুষের স্বভাবের মাঝে বিভিন্ন দুর্বলতা রেখেছেন। সুতরাং তিনি মানুষের প্রয়োজন ও চাহিদার কথা জানেন। مام يملم من خان و هو اللطيف الحبير ال शिन সৃষ্টি করেছেন তিনিই ক জানবেন না, অথচ তিনিই হলে সৃষ্কদর্শী এবং স্বিবিষয়ে অবণতঃ

সূতরাং মানুষকে তিনি এমন কোন আদেশ করেন না এবং মানুষের উপর এমন কোন দায়িত্ব আরোপ করেন না, যা মানুষের সাধ্যের বাইরে, যা মানুষের জন্য করঁলাথ। আল্লাহ এ আদেশ দেননি যে, দোকানদার দোকান ছেড়ে, কৃষক কেতখামার ছেড়ে, কৈনিক দেশরকার দায়িত্ব ছেড়ে এবং দুর্বল ও মায়ুর লোকেরা তাদের দুর্বলতা ও মায়ুর পায়ের ইলম শিক্ষার জন্য বের হয়ে পড়ক এবং মাদরাসার খাতার নাম লিখিয়ে দিক এবং নিজের এলাকার মাদরাসা না থাকলে খেখানে মাদরাসা আছে, ইলম শিক্ষার বাবস্থা আছে সে এলাকার উদ্দেশো হিজরত ককক এবং সেখানে গিয়ে ইলম হিলার বাবস্থা আছে সে এলাকার উদ্দেশো হিজরত ককক এবং সেখানে গিয়ে ইলম হিলার অ্যুবাল্লার স্কলানান্দেরকৈ এধরনের আদেশের বাধ্য বা মুকল্লাফ করেন নি। কেননা এটা পালন করা সম্ভব নম। মানুষ কোন ওযর পেশ করার এবং অপারণতা প্রকাশ করার আগে আল্লাহ স্কলানান্দেরকৈ এবং নের বিজেই বলে দিয়েছেন, সব কিছু হেড়ে সবার বের হয়ে পড়া তো সম্ভব নয়, কিছু এমন কেন হয় না যে, প্রত্যেক প্রেশী থেকে একদল লোক বের হয়ে পড়াব । মানুষের বিভিন্ন শ্রেণী আছে, বিভিন্ন বাবাল লোক সাছে, বিভিন্ন বাবাল লোক বাছে, বিভিন্ন বাবাল লোক বাছে, বিভিন্ন বাবাল লোক সাছে, বিভিন্ন বাবাল লগে কাছে, বিভিন্ন বাবাল ভাকে বার হয়ে পড়াব।

الينغهرا في الدين (বা সমন্ব) শব্দ তারা দ্বীনের 'সমন্ব' হাছিল করতে পারে । لينغهرا في الدين (সমন্ব) শব্দটি অত্যন্ত ব্যাপক অর্থবহ শব। দ্বীনের আহকাম ও মাগারেল, একলোর হিকমত ও রহস্য, একলোর বাবহার ও প্রয়োগক্ষেত্র, সম্বোধনের প্রকৃতি ইত্যাদি যাবতীয় বিষয় উপরোজ শব্দের অন্তর্ভুক্ত। এক্ষেত্রে আল্লাহ ভা'আলা এনল এক ব্যাপক শব্দ বাবহার করেছেন যার চেয়ে ব্যাপক কোন শব্দ হতেই পারে না। 'যেন তারা দ্বীনের তাফাকুহু ও সমন্ব হাছিল করে।'

অর্থাৎ এডটুকুতেই দায়িত্ব শেষ হয়ে যাবে না যে, নিজে ইলম হাছিল করে আলিম হয়ে গেলো, নিজে বীনের তাফাকুহ ও সমব হাছিল করে ফকীহ হয়ে গেলো। না, ববং ইলম হাছিল করার পর এবং বীনের সমঝ হাছিল করার পর তার দায়িত্ব ও কর্তব্য হবে নিজের কাওমের কাছে ফিরে এসে তাদেরকে বীনের সমঝ দান করা এবং তাদেরকে হালাল-হারাম ও আদেশ-নিষেধ সম্পর্কে সতর্ক করা।

কাওমের অর্থ এ নয় যে, মুসলমান এক কাওম, হিন্দু এক কাওম, হিন্দুস্তানী এক কাওম এবং আবব এক কাওম। এ অর্থে তো আববী ভাষায় এদ শব্দিট বাবহার করা হয়। কাওমের অর্থ হলো মানুবের একটি গোষ্ঠী, দল ও সমাত। সূত্রাং দিজের কাওম-এর অর্থ এ নয় যে, হিন্দুস্তানী হিন্দুস্তানীদেরকে দিয়ে বোঝাবে, আরবরা আরবদেরকে গিয়ে বোঝাবে, বাঙ্গালীরা বাঙ্গালীদেরকে বোঝাবে। না, বরং অর্থ এই যে, যে বোঝাবে, থাঙ্গালীরা বাঙ্গালীদেরকে বোঝাবে। না, বরং অর্থ এই যে, যে বোঝান থেকে এসেছে সে সেখানে দিয়ে নিজের খান্দান ও পরিবারকে, নিজের মহন্তা ও গ্রামবাসীকে এবং নিজের শবরে লোভদেরকে বোঝাবে।

মোটকথা, এই আয়াতে আল্লাহ তা'আলা মুসলমানদেরকে যে বিষয়ে উন্থন্ধ করেছেন এবং যে আনেশের বাধা ও 'মুকাল্লাফ' করেছেন ডা এই যে, প্রথমে সে নিজে ইকন হাছিল করবে, হানের সমঝ হাছিল করবে, তারপর নিজের কাওমের কছে ছিনর সিয়ে আদেরকে হানের সমঝ দান করবে, তানের অবস্থার সংশোধন করবে এবং হালাল-হারাম ও আনেশ-নিষেধ সম্পর্কে সতর্ক করবে। তথু নিজের সংশোধন এবং নিজের ইনামান্ত ও নাজাতের ব্যবস্থা করা ইলম হাছিলের একমাত্র উদ্দেশ্য নয়।

আয়াতের শেষে আল্লাহ বলেছেন لملهم بعدنرين বন তারা তর ও সতর্কতা গ্রহণ করে। আপনারা জানেন যে, কোরআন শরীফে আল্লাহর শানে শব্দটি ধিবা বা সঞ্জাবনার অর্থে ব্যবহৃত হয় না। কেননা সব বিষয়ে আল্লাহর ইলম নিশ্চিত। আল্লাহর শানে لمل শব্দটি হেতু ও কারণ অর্থে ব্যবহৃত হয়। অর্থাৎ যেন তারা ভয় ও সতর্কতার জীবন যাপন করে। হালাল-হারামের পার্থক্য অনুধাবন করে। কোন জিনিস বরবাদকারী এবং কোন জিনিস নাজাত দানকারী তা জানতে পারে এবং সে অনুযায়ী আমল করে। نعلهم يحذرون এই সমস্ত অর্থই আসে।

# পূর্ববর্তীগণ যা করেছেন

আমার প্রিয় তালিবানে ইলম! আমাদের পর্ববর্তীগণ যখন মাদরাসায় দ্বীনের ইলম ও সমঝ হাছিল করে আলিমে দ্বীন হতেন তখন তাঁদের একমাত্র কাজ এই হতো যে স্থানে স্থানে তাঁরা মাদরাসা কায়েম করতেন এবং আলাহর উপর ভরসা করে বসে যেতেন। তাঁদের পূর্ণ বিশ্বাস এই ছিলো যে. আল্লাহই একমাত্র রাযযাক। তিনিই সবাইকে রিযিক দান করেন। তাহলে যারা তাঁর দ্বীনের খেদমতে আজনিযোগ করবে তিনি কেন তাদের রায্যাক হবেন নাং কেন তিনি তাদের রিথিকের বাবস্থা করবেন নাঃ আপনি যদি মন্ধদর হিসাবে সারা দিন কারো কাজ করেন, সন্ধ্যার সে কি আপনাকে ভলে যেতে পারে? মজুরি ও প্রতিদান না দিয়ে বিদায় করতে পারেং সে তো অবশাই মঞ্জদরের মজরির ব্যবস্থা করবে। এ যদি হয় দুনিয়ার মঞ্জদুরের সাথে দুনিয়ার মনিবের আচরণ তাহলে আল্লাহর বান্দা হিসাবে দ্বীনের কাজে নিমগ্র আলিমের সঙ্গে আল্লাহর আচরণ কেমন হতে পারেং তাহলে আল্লাহর সম্পর্কে আপনার কী ধারণা, তিনি কি আপনাকে ভলে যাবেনং ভলে যেতে পারেনং না, তিনি তো তাঁর শান মোতাবেক আপনাকে শ্বরণ রাখবেন এবং আপন কদরতে আপনার যাবতীয় ইনতিযাম তিনি করবেন। অতীতে করেছেন, বর্তমানে করছেন। ইনশাআল্লাহ ভবিষয়েত্রও করবেন।

এই যে, আমাদের পাক-ভারত উপমহাদেশে বরং সারা পৃথিবীতে দীনের প্রচার অসুবার হায়েছে, সরকারের কোন রকম সহায়তা ও পৃষ্ঠপোদকতা ছাড়া, বরং কোন কোন ক্ষত্রের সরকারের বৈরী আচরণ ও নগ্ন বিরোধিতা সত্ত্বও এই যে দ্বীনের হেক্ষেয়ত হচ্ছে। কোন কোন সরকার তো দ্বীন ও পদীয়তকে নিচিক্ষ করার অপচেষ্টায় মেতে উঠেছিলো। বিশন আলোচনার প্রয়োজন নেই। ইতিহাস প্রছে আগনারা সেই সব মর্মান্তিক কাহিনী পড়তে পারেন। আর আল্লাহ যাদেরকে কিতাবের যাঙক ও পাঠমনকতা দান করেছেন তারা 'তারীধে লাওয়াত ও আধীমত' (ইসলামী রেনেসার প্রশ্রপতির) পড়ে দেখতে পারেন। চতুর্থ থতে হুমরত মুঞ্জাদিনে আলফোনি (রাহ) এর এবং পঞ্চম বতে শাহ ওয়ালিউল্লাহ দেহলবী (রাহ) এবং তার খাশং ব্যালিউল্লাহ দেহলবী (রাহ) এবং তার খাশং ব্যালিউল্লাহ

দেখন। হিন্দস্তানের ইতিহাসে এমনও সময় এসেছে যখন বাদশাহী হুকমত দ্বীন ও শরীয়তকে খতম করার জন্য উঠে পড়ে লেগেছিলো। দ্বীন ও শরীয়তের সঙ্গে সাধারণ মসলমান্দের যে ম্যবত সম্পর্ক ও বন্ধন ছিলো তা ছিন করার জন্য সর্বশক্তি ব্যয় করেছিলো। কিন্তু হিন্দুস্তানের বুকে আজও আল্লাহর দ্বীন টিকে আছে। সাধারণ মসলমানদের জীবনে দ্বীনের প্রভাব অব্যাহত রয়েছে। যা কিছ আপনারা এখন দেখছেন তা ঐ সকল আলাহওয়ালা ওলামায়ে কেরামে তাাগ ও কোরবানীরই ফল ও ফসল। দ্বীনের ইলম ও তাফারুহ হাছিল করার পর এটাকেই তারা তাঁদের জীবনের একমাত্র কাজ মনে করেছেন এবং নিজেদেবকে আলাহর পক্ষ হতে আদিষ্ট মনে করে দ্বীনের হিফাযতে পরা যিন্দেগী ওয়াকফ করে দিয়েছেন। হাজারো ঝড-ঝাপটার মখেও দ্বীনের বাতিকে তাঁরা নিভে যেতে দেন নি। ইসলামের সঙ্গে আওয়ামের যে গভীর সম্পর্ক ছিলো তা ছিন হতে দেন নি। দ্বীনের হিফাযতের এই কঠিন কাজ তাঁরা কয়েকভাবে করেছেন। প্রথমত বন্ত ওলামায়ে কেরাম বিভিন্ন স্থানে মাদরাসা ও মকতব কায়েম করেছেন। তাঁদের কাছে আসবাব ও সামান ছিলো না, উপায় উপকরণ ছিলো না। কিন্ত তাঁরা সে পরোয়া করেননি। আসমানের নীচে বসে গেছেন, গাছের ছায়ায় কিংবা ভাঙ্গা ঝপড়িতে বসে গেছেন।

ভাঁরা দালান-কোঠা ও ইমারাত বানানোর ফিকির করেন নি, যেমন বর্তমান মুগে দেখা যায়। এখন তো অবস্থা অনা রকম। হয়ত এর পিছনে বিভিন্ন কারণ রয়েছে, যার বিশন আলোচনার এখানে অবকাশ নেই। এখন তো সবার মাথে প্রবাভাবে এই প্রবণতা তক্ষ হয়েছে যে, শানারার মানরামাহত হবে, আলীশান ইমারত ও দালান-কোঠা হতে হবে। বিশাল বিশাল বাজেট হতে হবে। শিক্ষক ও শিক্ষার্থীনের খুব শান-শওকত হতে হবে এবং হকুমতের স্বীকৃতি অর্জন করতে হবে। মানরাসার সনদ নিয়ে বিদেশের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার সুযোগ পাকতে হবে। সকররী চাকুরি ও সুযোগ-সুবিধা থাকতে হবে। আরব দেশে তারা চাকুরি করবে, আর হিন্দুন্তানে তাদের পরিবার পরিত্বন আরম আয়েশে থাকবে। কাঁচা হরের স্থানে দালান ওঠবে। সর্বর্জ এই এক ধ্বংসাত্মক প্রবণতা তক হয়ে গেছে। লেখা-পড়া তো করে হিন্দুন্তানের মানরাসায়়, যেখানে গরীর মুগনমানদের নিনা-পদিনার কামাই থেকে চালা জমা করে তাদের ক্লটির ইনভিযাম করা হয়, অথচ ইলম শিক্ষা করে নিজেদের মোধা ও প্রতিভা নিয়ে তারা চাল গায় আরব দেশে, কিবা বিশ্বভাবের বড় তব্দ স্থাহে।

এর ফল কী দাঁড়ায়? সেখানে মানুষ তাদের ইলম দারা কতটা ফায়দা

ওঠাতে পারে দে তো আল্লাহই ভালো জানেন। সেখানে যাদের যাওয়ার সুযোগ হয় ভারাও নিজের চোখে কিছুটা দেখতে পান। ইলমের সাথে কোন সম্পর্ক নেই। উদ্দেশ্য তথু কামাই করা। দেশের বাড়ীতে দালান কোঠা তোলা। এটা তো ওলামায়ে কেরামের শান ছিলো না। এটা তো আমাদের আকাবিরে উত্মতের মেযাজ ছিলো না। আল্লাহর দ্বীন তো আল্লাহ নিজেই হিফাফে করবেন—

## إنا نحن نزلنا الذكر و إنا له لحافظون

এই দ্বীন তো কেয়ামত পর্যন্ত বাকী থাকার জন্য এসেছে। কিছু যাহেরী আসবাব হিসাবে বলা যায় যে, ওলামায়ে কেরাম যদি ত্যাপ ও কোরবানীর পথে না চলতেন তাহলে হিপ্রুপ্তানের মাটি থেকে-এই দ্বীন কবেই বিদায় দিরে চলে বেতো। কিবা অন্ত পক্ষে আওয়ামের দিল-দেমাগ থেকে, তাদের আমলী যিন্দোলী থেকে ইসলাম গায়েব হয়ে যেতো। কিন্তু এখনো হিপ্নুন্তানের যমিনে দ্বীন ও পরীয়তের যা কিছু শান-শওকত দেখছেন। এই যে ইলমের সিলসিলা বাকী রয়েছে, কোরআন-হাদীহের চর্চা অব্যাহত রয়েছে। তালীম ও তাবলীগের সিলসিলা জারি রয়েছে, এওলো হক্ষে ওলামায়ে কেরানের ত্যাপ ও কোরবানির স্কল।

ঘটনা এই যে, প্রথমে তাঁরা মাদরাসার খুব মেহনত করে দ্বীনের ইলম ও
তাফান্ধুহ হাছিল করেছেন। তারপর আল্লাহর নাম নিয়ে কোথাও দিয়ে জমে
বাসে পেছেন এবং পড়া ও পড়ানো ওক করেছেন। তামের কাছে মানুষ জমা
হত্যে, সোর তারা মসজিদে হালকা বানিয়ে দাওয়াতের কাজ করতেন।
শরীয়তের আহকাম বয়ন করতেন। ঈমান-আকীদা দুরস্ত করার জন্য বে-কারার
হয়ে চেট্টা করতেন। অমনকি দুরদারাজের প্রামে ও লোকালয়ে পদা সফর
করতেন। মানুষের দয়া ও দান এহণ না করে নিজেরাই নিজেদের ইনতিযাম
করে নিতেন। তাদের সেই সব সফরের কারক্যারি ও কোরবানির কাহিনী আজ
আমাদের বিশ্বাসও হতে চাইবে না যে, দ্বীমের জন্য এত কট্ট স্বীকার করা কি
কোন মানুষের পক্ষে সম্ভব। কিন্তু তাঁদের পক্ষে সম্ভব হয়েছিলো। কেননা তাঁদের
দিলে আন্তাহর কাছ থেকে আজর ও ছাওয়াব পারার ইয়াকীন ও বিশ্বাস
ছলো।

আল্লাচ্ আকৰার। কেমন হিশ্বতওয়ালা ইনসান ছিলেন তাঁরা। পেটে পাথব ব্বৈধে এবং গামছায় কয়েক মুটি চনা বেঁধে তাঁরা বের হতেন এবং প্রামে প্রামে মানুষেক মুনারে মুরারে যুরতেন। তাঁদের এই মেহনত ও কোরবানির গছিলায় কত প্রামের পর প্রাম এবং এলাকার পর এলাকা মুসলমান হয়েছে। মানুষের ঈমান-আকীদা দুরস্ত হয়েছে।

মাওলানা কারামাত আলী জৌনপুরী ছিলেন একা একজন মানুষ। তিনি হয়রত সৈয়দ আহমদ শহীদ (রাহ) এর বহু উচা দরজার খলীফা ছিলেন। তাঁর জিহাদের বড় শওক ছিলো। আরাহের রান্তায় জিহাদ করার জনা তলোয়ার চালানো, বকুক চালানো এবং যুদ্ধের বিভিন্ন কলাকৌশল শিক্ষা করেছিলেন। অল্লাহর রান্তায় জিহাদ করে শহীদ হওয়ার শাহাদাতের মাকাম হাছিল করার বছ ভামানা ও আকাছকা ছিলো তাঁর দিলে।

কিছু সৈয়দ শহীদ (রাহ) তাঁকে যুদ্ধের ময়দান থেকে এই বলে পাঠিয়ে দিলেন যে, না, তোমার কান্ধ এখানে সর। তুমি তোমার এলাকায় ফিরে যাও এবং জাহিল মুসন্ধানদেরকে বীনের তালীম দান করো, তানের ঈমান-আকীদা দকক করো তাদেরকে খাটি মসলমান বানাও।

শারবের আদেশে তিনি ফিরে এলেন। এর ফল কী হলো? একটি
নর্ভরযোগ্য বর্ণনা মতে তাঁর হাতে দুই কোটি মানুষ হিদায়াত লাভ করেছে।
এই কিছু দিন আগে আমি বাংলাদেশ গিয়েছিলাম। সেধানে আমি স্বচক্ষে
মাওলানা কারামাত আলী জৌনপুরী (রাহ) এর মেহনত ও কোরবানির ফল
দেখে এলেছি যে, এখনও বাংলাদেশের মুসলমানদের মাঝে অন্যান্য মুসলিম
আলাকার তুলনার শিরক ও বিদ'আতের পরিমাণ খুব কম। তাদের সহজ্ঞ সরল
জীবনে উমলাযার প্রসার অক্লের বেলী।

আমি আপনাদের সামনে আল্লাহর একজনমাত্র বান্দার নমুনা তুলে ধরলাম। ইতিহানের পাতায় এরকম নমুনা একটি দু'টি নয় অসংখ্য পাওয়া যাবে। কারো কারো নাম ও কর্ম ইতিহাস সংরক্ষণ করেছে, আর যাদের নাম ইতিহাসের পাতায় নেই, আহে তথু আফলামায় তাদের সংখ্যা যে কত তা তথু আল্লাহই জানেন। আল্লাহর এই বান্দারা কখনো চিন্তা করেন নি যে, বড় বড় দালান কোঠা হতে হবে, বেশী বেশী ছাত্র হতে হবে। যে কোন জায়ণায় তাঁয়া বসে যেতেন সেখানেই ইলমের তা'লীম তক্ষ হয়ে যেতে। মুক্তা দ্বীন ও পারীয়তেরও হিফাবত হতো এবং তালীম ও ভারবিয়াতের সিক্সিলাও অব্যাহত থাকতে।

### প্রয়োজন আকাবিরে উন্মতের অনুসরণ

আকাবিরীনে উমতের সেই তরীকা এখন আবার যিলা করার প্রয়োজন রয়েছে। আপনারা এখন দ্বীনের ইলম ও তাফারুহ হাছিল করছেন। এখন থেকেই নিয়ত করে নিন যে, এখান থেকে ফারিগ হয়ে আপনারা যেখানে প্রয়োজন সেখানে মাদরাসা কায়েম করবেন, মকতব কায়েম করবেন, আর যেখানে আগে থেকেই আছে সেখানে মাদরাসা-মকতবে দ্বীনের তালীম দিবেন। দাওয়াত ও তারবিয়াতের কাজে আখনিয়োগ করবেন।

## হিন্দুস্তানের নাযুকতম সময়

আপনাদেরকে সম্বোধন করে আজ আমি অতি গুরুত্বপূর্ণ একটি কথা বলতে চাই। হিন্দুন্তানের মুগলমানপথ এখন এমন একটি নায়ুক মোড়ে এসে উপনীত হয়েছে যা বহু শতালী পর পর এসে থাকে। ইতিহাসে বহু শতালী পরে এমন নায়ুক সময় এমে থাকে। আর তা বড় নায়ুক সময় হয়ে থাকে, জীবন-মৃত্যুর সময় হয়ে থাকে। এখন হিন্দুতানে যে শিক্ষা বাবস্থা চলছে বড় বড় মেধারী, বিচক্ষণ, অভিজ্ঞ ও রাজনীতি বিশারদরা অনেক চিন্তা ও পরিকল্পনা করে এর রূপরেখা তৈরী করেছে। এই শিক্ষাবারস্থা মুগলমানদের জন্য জাতিগত। নির্মূলীকরবের সমার্থক। শৈহিকভাবে নির্মূলীকরবে নয়, বরং আছিক নির্মূলীকরবে। অথাৎ খ্রীন ও স্থানী শিক্ষা এবং খ্রীনী ভাষা ও হস্তলিপি থেকে তাদেরকে দুরে সরিয়ে দেয়া, যাতে খ্রীন ও পরীয়তের সমে ওাকে আর কোন সম্পর্কেই বিদ্যমান না থাকে। ফুল কলেজের ধর্মহীন শিক্ষা হারা যদি মুগলিম শিত-কিশোর ও তক্তপদেরকে দ্বীন থেকে দুরে সরিয়ে দেয়া যায় তাহলে নিজেই উদ্দেশ্য সিদ্ধি হয়ে যাবে। মুগলমানদের আগামী প্রজন্মের অন্তিত্ব বিল্পন্ত হয়ে যাবে। ব্যাপক গণহত্যার কলঙ্ক এবং কোন শোরগোল ছাড়াই কাজ হাছিল হয়ে যাবে। ব্যাপক গণহত্যার কলঙ্ক এবং কোন শোরগোল ছাড়াই কাজ হাছিল হয়ে যাবে। ব্যাপক গণহত্যার কলঙ্ক এবং কোন শোরগোল ছাড়াই কাজ হাছিল হয়ে যাবে। ব্যাপক গণহত্যার কলঙ্ক এবং কোন শোরগোল ছাড়াই কাজ হাছিল হয়ে যাবে। ব্যাপক গণহত্যার কলঙ্ক এবং কোন শোরগোল ছাড়াই কাজ হাছিল হয়ে যাবে। ব্যাপক গণহত্যার কলঙ্ক এবং কোন শোরগোল ছাড়াই কাজ হাছিল হয়ে যাবে।

